
# বংশ-পরিচয়



## শ্রীজ্ঞানেন্দ্রনাথ কুমার-সঙ্কলিত।

<u> বৈশাপ, ১৩৩৫</u>

কালকাতা, ২০৯ নং কর্ণভয়ালস্থ্রীট চইতে

শ্রীজ্ঞানেজনাথ কুমার কর্তৃক প্রকাশিত :

২সাএ মহেন্দ্র সোস্বামীর লেন, কলিকাতা ভিক্টোরিয়া প্রেসে শ্রীভৃতনাথ সরকার দারা সুদ্রিত।

### ধাত্যকুড়িয়ার দানশোও জুনহিতরত

ভূম্যধিকারী

বঙ্গের প্রতিষ্ঠাপন্ন ব্যবসায়ী

কলিকাতা কর্পোরেশনের কৌন্সিলর

পরম বৈষ্ণব ধন্মপ্রাণ শাস্ত্রানুরাগী

বিছোৎসাহী

## রায় শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ বল্লভ বাহাত্বরের

শ্রীকরকমলে

মৎ-সঙ্গলিত সপ্তম খণ্ড 'বংশ-পরিচয়'

উৎসগী কৃত হইল।

--- %(c):---



রায় <u>ভী</u>যুক্ত দেবেকুনাথ বল্লভ বাহায়ুর।



রায় শ্রীযুক্ত দেবেকুনাথ বল্লভ বাহাড়র।

# সূচাপত।

	বিষয়		<b>नुष्ठे</b> ।
51	শ্ৰীয়ৎ অকৈতাচাৰ্য	•••	3-72
<b>?</b>	শ্রীগৌ <b>রাঙ্গ</b>	•••	25-83
0 ;	বিভাগিন	•••	8649
8 (	রূপ-সন্তিন	•••	90-20
4 1	<b>হরিদা</b> স		37-728
إوا	রামানন রায়	•••	>><>>>
11	রায় প্রতাপচন্দ্র ক্রন্ত রায়	•••	328324
<del>or</del>	শ্রীশ্রীঈশ্বর পুরা	***	>>> +>>٩
2	লোকনাথ গোস্বামী		\$35 <del></del> \$8€
> 1	শীপ্রকাশানন্দ সর্বতী	***	>83>68
>>1	চাপাল গোপাল		300-309
156	রামচক্র থাঁ	•••	>64->40
501	স্থরূপ দামোদর	•••	>#>>#8
:8 !	পরমানন পুরী	••.	36e-369
>6 1	গোবিন্দ	•••	2 <b>€</b> ₽ 3 € 5
361	বাস্থদেব সাক্ষভৌম	••	3939¢
<b>&gt;</b> 91	জয়দেব গোস্বামী	***	39 <del>6-</del> 345
701	জানদাস	•••	740-749
ו כנ	প্ৰভূপাদ পণ্ডিত শ্ৰীযুক্ত		
	সত্যান <del>ৰ</del> পোৰামী সিদ্ধান্তর্ভ	•••	305-505
ર•	ব্রস্থানন্দ ভারতী	•••	2.0-2.6

351	্কুঞ্লাস কবিরাজ গোস্বামী	• > •	२०१२∶•
<b>ર</b> ર 1	শ্ৰীশ্ৰীউদাৰণ ঠাকুৰ	•••	२ <b>&gt;</b> >— <b>२</b> > <b>१</b>
106	রঘুনাথ দাস	•••	२ - ৮ २२ <b>८</b>
28	শ্ৰীজীৰ গোখামী	• • •	२२६—२२३
261	শ্ৰীনিবাস আচাৰ্য	•••	28285
201	নরোক্তম দাস	•••	२8२ २∉२
271	গোপাৰ ভট্ট		210
26-1	স্বগীয় দীননাথ মণ্ডল	•••	२ <b>११—</b> २७७
२२ ।	প্রোদার জমিদার-বংশ	•••	₹\$ <del></del> ₹\$
9. 1	মহামহোপাধ্যায় প্রমথনাথ তকভূষণ	•••	२२२०∙१
951	৺বিহারীলাল পাইন	•••	0.b-r52
७२ ।	শ্ৰীনং রসিকনোহন বিভাভৃষণ		७२२—७8•
90 1	ৰাগৰাজারের মিজবংশ		ن8>—دوء

# বংশ-পরিচয়

## সপ্তম

## শ্ৰীমৎ অধৈতাচাৰ্য্য

মহাপ্রভু শ্রীগোরাক লীলাকাহিনী উপল্লি করিতে হইলে তৎপুর্বের শ্রীমং অবৈত মহাপ্রভুব জাবনকাহিনী জ্ঞাত হইতে হয়। কারণ শ্রীমং অবৈত মহাপ্রভুই প্রথমে নবদ্বীপধামে অবতার্ণ হইয়া কলির কলম দ্ব করিবার জন্ম শ্রীকৃষ্ণকে আবার দেহ পরিগ্রহ করিয়া অবতার্ণ হইতে অহনিশ প্রার্থনা করিয়াছিলেন।

সে আন্ধ চারিশত বৎসরের কথা। কুবের তর্কপঞ্চানন নামক এক ব্যক্তি শ্রীহট্ট জেলার লভিড় পরগণার অন্তর্গত নবগ্রাম পল্লীতে বাস করিতেন। কুবের ধনবান, ধর্মপরায়ণ এবং সমগ্র শাস্ত্রে বৃৎপত্তি-শালী ছিলেন। তাঁহার সহধর্মিণীর নাম ছিল লাভা। লাভা বেমন রূপবতী তেমনি গুণবতীও ছিলেন; সংসারে কুবের তর্কপঞ্চাননের ধনরত্ব ঐপর্য্যাদির কোনই অভাব ছিল না; কিছু একটি ছংখে তিনি বড়ই মনভাপে কাল কাটাইতেছিলেন। তাঁহাদের পর পর ক্ষেক্টী সন্তান হয় বটে, কিছু ক্ষেকটিই অকালে কালগ্রাসে পতিত হয়। ইহাতে

কুবের তর্কপঞ্চানন উদ্রাসন পরিত্যাগ করিয়া শান্তিপুরে আদিয়া বদবাদ করিতে সঙ্কল্ল করেন এবং সঙ্কলামুধায়ী কার্য্যন্ত করেন। শান্তিপুরে পৃতদলিলা স্বরধুনীর তটে বাসগৃহ নির্মাণ করিয়া দেই ধার্মিক দম্পতী ভথায় বাদ করিতে থাকেন। এখানে আদিয়া লাভা দেবী আবার অন্তঃসন্থা হন। লাভা দেবী গর্ভাবস্থায় একদিন স্থপ্ন দেখিলেন ঘেন এক অপূর্বে লাবণ্যময় হরিহরমূর্ত্তি তাঁহার ক্রোড় আলোকিত করিয়া রহিয়াছে, তাহার লাবণ্যচ্ছটায় দিল্লগুল উদ্ভাদিত ইইয়াছে। তংপরে শুভদিনে শুভক্ষণে লাভা এক পুত্ররত্ব প্রস্থাব করিলেন।

লাভা দেবী যথন অন্তঃসন্থা তথন লাউড়ের রাজা দিব্য সিংহ কুবেরকে ডাকিয়া পাঠান; কেন না, কুবের লাউড় অবস্থানকালে তাঁহার সভাপণ্ডিত ছিলেন। কুবের রাজার ইচ্ছান্থ্যারে গর্ভবতী পত্মাসহ লাউর গ্রামে গিয়াছিলেন এবং সেইখানেই লাভা দেবী এই পুররত্ব প্রস্ব করেন। যেন একটি উজ্জ্ব নক্ত্র অথবা আকাশের পূর্ণিমার চাঁদ হঠাৎ ভূতলে পণ্ডিত হইল। ভূমিষ্ঠ শিশুকে যে দেখিতে লাগিল, সেই ভাবিতে লাগিল এ শিশু নিতান্ত সামান্ত শিশু নহে—এ শিশু নিচ্মই কোন দেবতার প্রভাব লইয়া জ্মগ্রহণ করিয়াছে।

কুবের অসামান্ত রূপলাবণাসম্পন্ন পুত্রমুখ নিরীক্ষণ করিয়া তাহার নাম রাখিলেন—কমলাক্ষ। কমলাক্ষ পাঁচ বৎসরে উপনীত হইলে কুবের তাঁহার "হাতে খড়ি" দিলেন। কমলাক্ষ একমাদের মধ্যে সংযুক্ত অক্ষরাদি চিনিয়া কেলিলেন। তারপর তৎকালিক প্রথাসুসারে কুবের সন্তানকে একজন সংস্কৃতজ্ঞ পণ্ডিতের নিকট বিভাশিক্ষার্থ প্রেরণ করিলেন। কমলাক্ষ তিন বৎসরের মধ্যেই সমগ্র কলাপ ব্যাকরণ পাঠ করিলেন। যথাসময়ে কমলাক্ষের উপনয়ন সংস্কার হইল, কমলাক্ষ এবার সাহিত্যা, অলক্ষার, জ্যোতিষাদি শাস্ত্রে গারদর্শী হইয়া উঠি লেন

কমলাক্ষ বাল্যাবস্থায় উপনীত হইয়া একদিন কালীদেবীর পূজা দেখিতে গেলেন। কালীদেবীর পূজোপলক্ষে তথায় বছলোকের সমাবেশ হইয়া থাকে। কমলাক্ষ তথায় গিয়া কালীদেবীকে প্রণাম না করিয়াই সভামধ্যে বসিয়া পড়িলেন। কমলাক্ষের এইরপ অভক্তিজ্ঞাপক আচরণ দেবিয়া রাজা দিব্য সিংচ তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, "আভা দেবীকে প্রণাম করিলেন না কেন ?" উত্তরে কমলাক্ষ বলিলেন, "ভগবান এক, সেই একেরই পূজা করা উচিত। মানুষ যে নানা দেবদেবীর পূজা করিয়া থাকে, ইহা তাহাদের ভুল।"

পুত্রের কথায় কমলাক্ষের পিতাও প্রতিবাদ করিলেন। কমলাক্ষ কিন্তু অচল-অটল। তিনি বলিলেন, "তে দেবীর পূজায় জীববলি হয়, নেদ দেবীর পূজা করা কথনও উচিত নহে।"

> "প্রাণীহিংসা যজে যেই হয় উল্লাসিত। সে দেবীর উপাসনা না হয় উচিত॥"

রাঞ্জা দিব্য সিংহ ও কমলাক্ষের পিতা যাহাই বলুন না কেন, সভাস্থ সকলেই কিন্তু কমলাক্ষের উক্তিরই সমর্থন করিলেন।

### শান্তিপুরে অদ্বৈত

অবৈত যধন বার বংসরের বালকমাত্র, তথন তিনি একদিন মাতাপিতার অজ্ঞাতসারে শাস্তিপুরে আগমন করেন। লাভা দেবী ও কুবের
পুত্রের অকস্মাৎ অন্তর্ধানে একেবারে চিন্তায় আকৃল হইলেন। তাঁহারা
আহার-নিজা পরিত্যাগ করিয়া পুত্রের বিষয় ভাবিতে লাগিলেন।
কয়েকদিন পরে অবৈতের সংবাদ পাইয়া তাঁহারা নিশ্চিন্ত হইলেন।
অবৈত লোক দারা তাঁহার শাস্তিপুর-আগমনের বার্তা মাতাপিতাকে জানাইয়াছিলেন।

যে সংসারে পুত্র নাই, সে সংসারে কি আর বাস করিতে কাহার ও অভিলাষ হয় ? অবৈত-হার। হইয়া কুবের লাউড় গ্রাম অন্ধকারমর দেখিতে লাগিলেন। তাহারা অচিরাৎ লাউড় ছাড়িয়া শান্তিপুরে আদিলেন।

এদিকে অবৈত শান্তিপুরে আদিয়া নিশ্চিন্ত রহিলেন না। তিনি
বড়দর্শনপাঠে প্রবৃত্ত ইইলেন। যিনি আজন্ম শুতিধর ও প্রতিভাবান,
তাঁহার পক্ষে বড়দর্শন পড়িতে আর ক'দিন লাগে ? তিনি অল্প কালের:
মধ্যে বড়দর্শনের পাঠ সমাপন করিয়া বেদপাঠে প্রবৃত্ত ইইলেন।
শান্তিপুরের নিকট পূর্ণবাটী নামে একথানি গ্রাম ছিল। সেই গ্রামে
বেদান্তবাগীশ উপাধিধারী এক মহাপণ্ডিত বাস করিতেন। অবৈততাঁহার নিকট গিয়া বেদ পড়িবার ইচ্ছা জ্ঞাপন করিলে বেদান্তবাগীশ
অত্যন্ত সন্তই ইইয়া তাঁহাকে বেদ পড়াইতে শ্বীকৃত ইইলেন। অবৈতের
প্রগাঢ় শান্তজ্ঞান দেখিয়া বেদান্তবাগীশ পরম আনন্দিত ইইলেন এবং এই
বালক যে একদিন অবিতীয় পণ্ডিত ইইবে, এই ভবিল্লবাণীও করিলেন।

এদিকে কুবের আচার্যাের বয়স নকাই বৎসর পরিপূর্ণ হওয়ায় তিনিদেহতাাগ করিলেন। অবৈত পিতার অন্তিম ইচ্ছাক্রমে গয়াধামে গিয়াপিতার পিও দিয়া আসিলেন এবং গয়া হইতে ফিরিবার পথে রেণু মা, সেতুবন্ধ, শিবকাঞ্চা, মগুবা, ধহুতীর্থ প্রভৃতি তীর্থয়ানসমূহ পরিভ্রমণ করিয়া শ্রীমৎ মঞ্বাচার্যের আশ্রমে উপস্থিত হইলেন। আশ্রমস্থ সকলে অবৈতের ভক্তিভাব দেথিয়া পরম পুলকিত হইলেন। অবৈত ভাবাবেশে একেবারে নৃত্য করিতে লাগিলেন্য। তদ্দনি আশ্রমস্থ সকলে বলিতে লাগিলেন, এই বালকই ভবিষ্যতে ভক্তিপথের প্রদর্শক হইবে। শ্রীমৎ মঞ্বাচার্য্য অবৈতের নিকট যতই ভাগবত পাঠ করিয়া তাহার ব্যাখ্যা করিতে লাগিলেন,ওতই তাহার প্রাণ ভক্তিরসে উথলিয়া উঠিতে লাগিল।

একদা মাধবেক্ত পুরীর সহিত কথাপ্রসঙ্গে অবৈত বলিলেন, "দেখ দেশ ত যায়, ধর্মের স্থানে অধর্ম, আচারের স্থলে অনাচার, ভক্তির স্থলে চুক্তি আসিয়া ধর্মের স্থান অধিকার করিয়াছে। শীকরপে এই যথেচ্ছাচারের হাত হইতে দেশকে রক্ষা করিতে পারা যায়, বলিতে পার ঠাকুর ?" মাধবেক্ত পুরী তাঁহাকে বলিলেন, "দেখ ভগবানের দয়া না হইলে দেশের পবিজ্ঞতা আসিতে পারে না। যথনই দেশে অধ্যা আসিয়া আধিপত্য স্থাপন করে, ভগবান তথনই আবিভ্তি হইয়া থাকেন। যুগে যুগে ইহা দেখা গিয়াছে, এ যুগেও ভগবান আসিবেন—নিশ্চয়ই আসিবেন। অনস্তমংহিতা লিবিয়াছেন, এ যুগেও তিনি জাবের উদ্ধার-সাধনের জন্ম আবিভ্তি হইবেন।"

মাধবেক্স পুরীর কথা শুনিয়া অবৈত "অনন্তদংহিতা" পুন্তকধানি পাঠ করিলেন। তাঁহার মনে আর সন্দেহ থাকিল না যে, ভগবান আসিবেন। আভ:পর তিনি তথা হইতে দণ্ডকারণা, প্রভাস, বদরিকাশ্রম প্রস্তৃতি দর্শন করিয়া মথুরা ও বুলাবনে গমন করেন। তথায় শ্রীয়ম্বলীলা-সমূহের নিদর্শন দেখিয়া তাঁহার প্রাণ ভিজিরসে আপুত হইয়া উঠিল। প্রকাশ, বুলাবনে অবস্থানকালে একদা তিনি স্বপ্রবােগে দেখিলেন যেন হুয়া ভগবান শ্রীয়ম্বলার করিছেন। ভগবানের এই অন্তর্পরের জন্ম তাঁহাকে প্রণােদিত করিতেছেন। ভগবানের এই অন্তর্পরেরণা পাইয়া অবৈত শান্তিপরে প্রত্যাবর্ত্তন করিলেন। কিছুদিন পরে ভক্ত মাধবেক্স পুরা আগিয়াও তাঁহার শান্তিপুরের বাটাতে উপস্থিত হুইলেন। তুই বন্ধুর পরম্পার মিলন ইইল। মাধবেক্স তাঁহাকে বিবাহ ক্রিতে জন্মরাধ করিলেন।

এদিকে চারিদিকে অধৈতের বিভাবতা ও পাণ্ডিতা-প্রকাশের স্থয়েগ বটিল। তর্কপঞ্চানন নামে এক দিয়িজয়ী পণ্ডিত আসিয়া অধৈতের সঙ্গে তর্ক করিতে প্রবৃত্ত ইইলেন, অধৈত তাঁহাকে তর্কে পরাজিত করিলেন। ইহাতে চারিদিকে তাঁহার স্বয়শঃ বিস্তৃত হইয়া পড়িল। লাউড়ের রাজা দিব্য সিংহ ধর্মতে শৈব ইইলেও শান্তিপুরে আসিয়া অধৈতের নিকট বিফুধর্মে দীক্ষা লইলেন এবং স্বদেশে বাইয়া দশবৎসরকাল শুধু ভক্তিশাস্ত্র অধ্যয়ন করিতে লাগিলেন। তার পর এক নির্জ্জন স্থানে গিয়া জীবনের শেষদিনগুলি নিরস্তর ইরিনাম-কীর্ত্তনে কাটাইয়া ছলেন। লাউড়াধিপতি অবৈতের বাল্যজীবনী সংস্কৃত ভাষায়লিপিবস্কৃত করিয়াছিলেন।

এই সময়ে হরিদাস নামে এক যবন বালক অবৈতের নিকট দর্শনশাস্ত্র পাঠ করিতে আইদেন। অবৈত তাঁহাকে অতি স্নেহের সহিত
পড়াইতেন এবং তাঁহাকে আহারাদিও দিতেন। অবশ্য হরিদাস
অবৈতেরই বাড়ীর নিকট অন্ত গৃহে অবস্থান করিতেন। এজন্ত
স্থানাজে তাঁহাকে বিশেষ লাজ্বনা ভোগ করিতে হইয়াছিল; কিছু
অবৈত সমাজের ক্রকুটীতে ভীত হইবার লোক ছিলেন না। তিনি
সমাজস্থ লোকদিগকে স্পষ্টই বলিলেন, "লক্ষ লক্ষ ব্রাহ্মণ ভোজন
করাইলে যে ফললাভ হয়, একমাত্র হ্রিদাসকে ভোজন করাইলে তাহার
দ্বিগুণ ফল লাভ হইয়া থাকে।"

একদিন অবৈত গকামানে গিয়াছেন, দেই সমন্ত নারায়ণপুরের নৃসিংহ ভাছড়ী নামক এক বাহ্মণ ভাষ্যে ছইটি পরমা স্থান্তী কলা লইয়া গকাতীরে উপস্থিত হইলেন। অবৈতের অসামাল রূপলাবণ্য দেখিয়া কলাদ্য তাঁহাকে বিবাহ করিবার ইচ্ছা প্রকাশ করিলেন, অবৈত্ত বালিকাদ্যের রূপে গুণে বিমুগ্ধ হইয়া ভাহাতে সম্মতি জানাইলেন। শুভদিনে শুভক্ষণে সেই তুই কলারই সহিত অবৈতের বিবাহ হইল। স্বীত তাবান, গুণবান, তেমনি ধনবানও ছিলেন।

বিবাহ করিলেন বটে, কিন্তু কামিনীর কমনীয় কান্তি তাঁহাকে ভক্তিমার্গ হইতে স্থালিতপদ করিতে পারিল না। কিরপে বলদেশে আবার স্থমধুর রুক্ষনাম প্রচারিত হইবে—কিরপে লোকসকল ভক্তিমান হইয়া উঠিবে—কিরপেই বা ম্সলমানদের অমান্ত্রিক অভ্যাচারের হাত হইতে হিন্দুদের দেব-দেবীর বিগ্রহ ও ভাগবতাদি শাস্ত্র রক্ষা পাইবে, অবৈত সেই কথা নিরস্তর ভাবিতে লাগিলেন। অবৈত যবন হরিদাসের মুধে শুনিতে পাইলেন, মুসলমানেরা দেবম নিরাদি অপবিত্র করিতেছে, ভাগবতাদি ধর্মগ্রস্থসকল কাড়িয়া লইয়া তাহা অগ্রিতে পোড়াইয়া ভন্মীভূত করিতেছে, গাধুদিগের প্রতি অতি মন্দ আচরণ করিতেছে। হরিদাসের মুধে এই সমস্ত কথা শুনিয়া অবৈতাচার্য্য বলিলেন, "হরিদাস, তুমি কাতর হইও না, সর্বাশক্তিমান্ ভগবান আবার আসিবেন, আসিয়া এ সমস্তের প্রতিকার করিবেন। ভগবান ত্নীতি-সংহারক; তিনি কি এত ত্নীতির প্রশ্রেষ্ট্র প্রশ্রেষ্ট্র প্রশ্রেষ্ট্র প্রশ্রেষ্ট্র প্রশ্রেষ্ট্র প্রশ্রেষ্ট্র প্রশ্রেষ্ট্র প্রশ্রেষ্ট্র প্রশ্রেষ্ট্র দিবেন ?"

অধৈতের দৃঢ়বিশ্বাস জনিয়াছিল যে, ভগবান শ্রীকৃষ্ণ নবদীপে নরদেহ ধারণ করিয়া অবতীর্ণ হইবেন, হইয়া ভক্তির প্লাবনে বন্ধভূমিকে প্লাবিত করিবেন। এই বিশ্বাসের বশবর্তী হইয়া তিনি শান্তিপুর হইতে নবদীপে আসিয়া বসবাস করিতে লাগিলেন এবং তথায় টোল চতুম্পাঠী প্রতিষ্ঠা করিয়া ছাত্রদিগকে পড়াইতে লাগিলেন। সারাদিন অধৈত টোলে ছাত্রদিগকে দর্শনাদি শান্ত অধ্যাপনা করেন, রাত্রিকালে হরিদাসকে লইয়া সন্ধীর্ত্তনে মাতোয়ারা হন। ক্রমে অধ্যতের অকপট ভক্তি ও তৎসহ অগাধ পাত্তিতা সকলের চিত্ত আকর্ষণ করিল। শত শত ছাত্রের কল-কলনাদে তাঁহার টোল মুধ্রিত হইল।

#### শ্রীচৈতন্মের আবিভাব

নবন্ধীপে তথন জগন্ধাথ মিশ্র নামে এক স্থাণ্ডিত ব্রাহ্মণ ও তাঁহার পদ্মী শচীদেবী বাদ করিতেন। তাঁহারা অর্থদম্পদে স্থা ইইদেও, কোন সন্থানাদি না হওয়ান পরম তৃংধে কালাতিপাত করিতেছিলেন। একদিন দেই ব্রাহ্মণ-দম্পতী অহৈত ঠাকুরের নিকট আসিয়া বলিলেন, "ঠাকুর! আমাদের দিন কি এমনই বিষাদে কাটিবে?" অহৈত বলিলেন, "আচ্ছা আপনাদের বাটাতে যাইয়া আমি এ কথার জ্বাব দিব।" পরদিন অহৈত জগন্নাথ মিশ্রের বাটাতে গেলেন। প্রকার সহধর্মিণী আচার্যাের চরণে প্রণিপাত করিলে তিনি আশীর্ষাদ করিলেন, "মা তুমি পুরুবতী হও।" হথাসময়ে শচীদেবী এক পুরু-সন্থান প্রস্ব করিলেন, সকলে বালকের নাম রাখিল "বিশ্বরূপ।" বিশ্বরূপ বালাে অহৈতের চতুস্পাঠীতে অধ্যয়ন করিতেন; কিন্তু তিনি অল্লকালের মধ্যে সন্থ্যাসী হন। আর একদিন শচীদেবী গঙ্গায় আনার্থ গমন করিলে অইন্তেচার্য্যের সহিত তাঁহার সাক্ষাৎ হয়। অইন্তেচার্য্য তাঁহাকে গভবতা দেখিয়া আশীর্ষাদ করিয়া বলিলেন, "মা, এই গর্ভে

শচীদেবী আনন্দে আত্মহারা হইয়া গৃহে প্রত্যাগমন করিলেন এবং স্থামীর নিকট অহৈতের আশীর্কাদ-কাহিনী নিবেদন করিলেন।

বৃদ্ধের আশীর্কাদ নিফল হইল না। ১৪০৭ শকে ফাল্পনা পূর্ণিমা তিথিতে গৌরচন্দ্র জন্মগ্রহণ করিলেন। সে সংবাদ শুনিয়া অবৈতের যে কি পরিমাণ আনন্দ হইল তাহা ভাষায় ব্যক্ত করা যায় না। তিনি আনন্দে অধীর হইয়া, হরিদাসকে সঙ্গে লইয়া, ভাবে বিভোর হইয়া নৃত্য করিতে লাগিলেন। তার পর আর কি? গঙ্গার তীরে যাইয়া অবৈত বান্ধাণিদগকে নানাবিধ প্রব্যামগ্রী দান করিতে লাগিলেন।

#### প্রথম সন্দর্শন

গৌরচন্দ্র যথন জন্মগ্রহণ করেন, তথন ক্লিখরপের বয়স মাত্র বার বংসর। পূর্ব্বেই বিলিয়াছি, বিশ্বরূপ অবৈতের চতুম্পাঠীতে অধ্যয়ন করিতেন। গৌরচন্দ্রের বয়স যথন মাত্র ছয় বংসর, তথন একদিন বিশ্বরূপকে চতুম্পাঠী হইতে ফিরিতে বিসম্ব দেখিয়া শচীদেবী শ্রীগৌরাঙ্গকে অবৈতের চতুম্পাঠীতে অগ্রজকে ডাকিয়া আনিবার জন্ম প্রেরণ করেন। ছয় বংসরের শিশু নিমাই ধীরে ধীরে মন্থরগমনে অবৈতের চতুম্পাঠীতে যাইয়া যথন মধুর স্বরে বলিলেন, "দাদা! এস, মা ডাক্ছেন", তথন সকলেরই দৃষ্টি এই নধরকান্তি স্থানারকায় শিশুটির উপর পড়িল। অবৈত্তও একদৃষ্টে শিশুটির দিকে তাকাইয়া রহিলেন। আহা মরি! মরি! কি অপরূপ রূপ! শিশুর প্রতি অঞ্চদিয়া যেন সৌন্দর্য্য ফুটিয়া বাহির হইতেছে। তিনি আর চোধ ফিরাইতে পারিলেন না।

ক্রমে গৌর নবদীপে শিক্ষা লাভ করিয়া নবদ্বীপেই অধ্যাপনা আরম্ভ করিলেন। কিন্তু তিনি কিছুদিন পরে গরিনাম-সন্ধর্তিনেই মনংপ্রাণ ঢালিয়া দিলেন। যথন গৌরাঙ্গের যশং চারিদিকে বিন্তৃত হইয়া পড়িল—যথন অবৈতের আনন্দের আর সীমা রহিল না। তিনি ব্ঝিলেন, এই গৌরাঙ্গের দারাই দেশের তুক্তৃতি বিনষ্ট ইইবে। একদিন অবৈত ভাগবতের কোন গ্লোকের ব্যাখ্যা করিতে না পারিয়া না খাইয়া শয়ায় শয়ন করিয়া রহিলেন। স্বপ্রযোগে দেখিলেন, কে একজন যুবক ফেন তাঁহাকে বলিতেছেন, "তুমি বাঁহাকে চাহিয়াছিলে তিনি আদিয়াছেন, তুমি আশস্ত হও আর এই শুন, তুমি ভাগবতের যে শ্লোকের ব্যাখ্যা করিতে পারিতেছ না, তাহার ব্যখ্যা এইরণ—।"

অবৈতের স্বপ্রঘার কাটিয়া গেল। তিনি নিজেখিত হইয়া প্রোকের অর্থ পরিক্ষার করিয়া ব্রিতে পারিলেন। আর দেখিতে পাইলেন, স্বপ্রযোগে যে যুর্বক তাঁহার সম্মুথে আবিভূতি হইয়াছিলেন, সেই যুবকের আক্বতির সহিত শ্রীগোরাঙ্গের আক্বতির পূর্ণ গৌসাদৃশ্য আছে। এ সময়ে অবৈত শান্তিপুরে অবস্থান করিতেছিলেন। তিনি স্বপ্র দেখিবার পরই পত্না সীতাদেবীকে সঙ্গে লইয়া নবখীপে গেলেন এবং গৌরাঙ্গের ভক্তমণ্ডলীর সহিত নিলিত হইলেন। গৌরাঞ্গ তাঁহার মনস্থামনা পূর্ণ করিলেন।

তার পর হইতে অবৈত শ্রীগোরাঞ্চের ভুবতারত্ব সম্বন্ধে একেবারে নিঃসন্দেহ হন। তিনি শান্তিপুরে থাকিতেন, গোরাঞ্চাদি সন্নাস-গ্রহণের পর নিত্যানন্দকে সঙ্গে লইয়া তাঁহার বাটাতে তাঁহাকে দর্শন দান করিতে আসিতেন। ভক্তের সহিত ভগবানের এই অপুর্ব সম্মেলন বস্তুতই প্রীভিকর।

শ্রীগোরাক যথন নীলাচলে অবস্থান করিতেন, অবৈত তথন প্রতি বংসরই রথযাত্তার সময় নীলাচলে যাইয়া মহাপ্রভুর সহিত কীর্ত্তনাদি করিয়া মহাস্থ্যে দিনাভিপাত করিয়া আসিতেন।

একবার অবৈত মহাপ্রভুর হাতে কিল খাইয়াছিলেন। একদিন মহাপ্রভু অবৈতের বাটাতে শিল্লাদি সহ গমন কবেন। তখন অবৈত ছাত্রদিগকে পড়াইতেছিলেন। অবৈতকে মহাপ্রভু জিজ্ঞাদা করেন, "আছো বল ত, জ্ঞান বড় কি ভক্তি বড়?" অবৈত বলেন, "জ্ঞানই বড়।" ইহা শুনিয়া মহাপ্রভু অবৈতের পৃষ্ঠে সঙ্গোরে এক কিল মারেন। ইহাতে অবৈত অসম্ভট্টনা হইলেও স্যাতাদেবী কিন্তু মহাপ্রভুর উপর বিশেষ কুপিত হন এবং বলেন, "কর্লে কি ঠাকুর! বুড়া মামুষকে শেষে কি কিল দিয়া মেরে ফেল্বে।" অভৈত বলিলেন, "ও কিল নয় গো, ও কিল নয় ও ভক্তের ভক্তিপরীকা।"

অবৈতাচাধ্য আমরণ গৌরাঙ্গের সংবাদ লই তেন। তিনি শান্তিপুরে বাস করিতেন বটে, কিন্তু তাঁহার প্রাণ পড়িয়া থাকিত নীলাচলে। গৌরাঙ্গের দেহত্যাগের পর অল্পনিমাত্র তিনি দেহ ধারণ করিয়াছিলেন, তার পর গৌরাঙ্গ-বিচ্ছেদজালা অসহনীয় হওয়ায় তিনি নরদেহ পরিত্যাগ করেন।

## बी रगो तां क

১৪০৭ শকে ফাল্কনী পূর্ণিমা তিথিতে নবদীপে জগন্নাথ মিশ্রের ওরদে ও শচীদেবীর গর্ভে ভগবান শ্রীগৌরাক জন্মগ্রহণ তাঁহার আবিভাবের সময়ে এবং পূর্বে দেশের অবস্থা কিরূপ ছিল, দে দম্বন্ধে কিছু না বলিলে তাঁহার আগমনের কারণ কেহ উপলব্ধি করিতে পারিবেন না। তথন কেহ ভূলিয়াও কৃষ্ণনাম করিত না, পণ্ডিতেরা শাস্ত্র পড়াইতেন বটে, কিন্তু ভাহাতে ভক্তির লেশমাত্র ছিল না, বাঁহারা গীতা ভাগবত পাঠ করিতেন তাঁহাদের রসনাতেও ভব্তির ব্যাখ্যা উচ্চারিত হইত না: দেশের এই ছদ্দিনে ভগবান জীক্বফ নররূপ ধারণ করিয়া জন্ম পরিগ্রহ করেন। ভগবান শ্রীগৌরাঙ্গ যে সময়ে জ্বরগ্রহণ করেন, সে সময়ে গ্রহণ। গ্রহণোপলকে তথন নবদ্বীপের আবালবুদ্ধবনিতা হরি সংকীর্ত্তন করিতে করিতে গঙ্গাম্বানে যাইতেছিলেন। শিশু ভূমিষ্ঠ হুইবামাত শুচীদেবীর পিতা নীলাম্বর চক্রবর্ত্তী বলিলেন, "দেখ এই ণিশু ভবিষাতে বৃহস্পতির সমান বিদ্বান হইবে, ইহার দারা দেশে স্ববধ্নের ভাপন হইবে।" নীলামর নিজে মহাজ্যোতিষী ছিলেন, তিনি শিশুর কোটা গণনা করিয়া তাঁহার নাম রাখিলেন-বিশ্বস্তর এবং বলিলেম লোকে इंटाक "नवधीপहला" विनया शुका कतिरव। কোষ্টা গণনা করিয়া সকল কথাই বলিলেন, কেবল প্রভুর সন্মাসব্রভ গ্রহণের কথা বলিলেন না : কি জানি যদি তাহাতে জগন্নাথ ও শচীদেবীর প্ৰাণে ৰাথা লাগে।

দিন দিন বিশ্বস্তর মায়ের ক্রোড়ে পৌর্ণমাসীর শশিকলার স্থায় বাড়িতে লাগিলেন। অক্সান্থ শিশুর ক্যায় এ শিশুও হাসেন, কাঁদেন কিন্ত 'হারনাম' শুনিলেই তিনি চুপ করেন। ইহা দেখিয়া প্রতি-বেশিগণ সকলেই বুঝিতে পারিলেন যে, বিশ্বস্তরকে চুপ করাইবার একমাত্র উপায় হারনাম। তথন হইতে শিশু কাঁদিলেই উল্লেহ

"তাবত কান্দেন প্রাভূ কমললোচন হরিনাম শুনিলে রহে ততক্ষণ। পরম সক্ষেত এই সবে বৃঝিলেন। কান্দিলেই হরিনাম সবেই লয়েন॥"

— শ্রীশ্রীচৈতন্তভাগবত।

ক্রমে একমাস—উত্তীর্ণ হইল, শচীদেবী শিশু লইয়া স্থিতকাগৃহ হইতে বাহ্র হইয়া গঙ্গাঞ্জান করিয়া আসিলেন। বিশ্বস্তরও ক্রমে ক্রমে চারিমাসে উপনীত হইলেন। 'সঙ্গে সঙ্গে তাহার ছুরস্তুপনাও শতিমাজায় বাড়িয়া উঠিল। শচীদেবী এক নিমেষের জন্ম ঘর ছাড়িলে তিনি সমস্ত ঘরে তেল, ছুধ, ঘোল, ঘি ঢালিয়া একাকার করিতেন: ভার পর মাকে আসিতে দেখিয়া প্রভূ যেন কিছুই জানেন না এইভাবে ভাইয়া কাঁদিতে থাকিতেন। শচীদেবী আসিয়া চারিদিক তাকাইয়া দেখিতেন, ধান, চাউল, দাইলের ভাও সমস্ত ঘরের মেজেতে পাড়িয়া রহিয়াছে আর শিশু নিমাই শুইয়া নিদ্রা বাইতেছে। জগন্ধাথ মিশ্র কথা শুনিয়া ভাবিলেন, নিশ্চয় কোন দানব আসিয়াছিল, শিশুটাকে দেখিতেছি রক্ষা করা দায় হইল।

বেই শচীদবৌ এ ঘর হইতে অক্ত ঘরে যান, নিমাইও উঠিয়া অমনি চাউল, দাউল সমস্ত এধার ওধার কেলিয়া দধি-সুগ্ধের ভাও ভালিয়া চ্রিয়া একাকার করেন। কে যে এ কাজ করে শচীদেবী তাহা ব্ঝিয়াই উঠিতে পারেন না। চারি মাসের শিশু নিমাই, সে কি এ কাজ করিতে পারেঁ!

'বে সময়ে যথন না থাকে কেহ ঘরে। যে কিছু থাকয়ে ঘরে সকল বিচারে॥ বিচারিয়া সকল ফেলায় চারিভিতে, স্কায়র ভরে ভৈল হগ্ধ ঘোল য়তে॥

— এীথ্রী চৈত্যভাগবত

অতঃপর গৌরাঙ্গের নামকরণের দিন সমাগত হইল; গ্রামের প্রনারীগণ সকলে আসিয়া তাঁহার নাম রাখিলেন "নিমাই", আর নীলাম্বর চক্রবন্তী প্রভৃতি বিধানগণ নাম রাখিলেন "বিশ্বস্তর"। অতঃপর জগলাথ শিশুর সম্পুথে ধান্ত, পুঁথি, খড়ি, স্বর্ণ, রজতাদি উপন্থিত করিলেন। আশ্চর্য্যের বিষয়, নিমাই সে সমস্ত কিছু স্পর্শ না করিয়া ভাগবত ধরিলেন। তদ্দর্শনে সকলে বলিতে লাগিলেন, "বাঁচিয়া থাকিলে নিমাই বড় পণ্ডিত হইবে।" গ্রামের মেয়েরা সকলে নিমাইকে কোলে করেন, নিমাই কোলে উঠিয়াই কাঁদিতে আরম্ভ করেন। শেষে অনক্রগতি হইয়া মেয়েরা হরিনাম করিলে নিমাই চুপ করেন এবং কোলের উপরই নাচিতে থাকেন। এইভাবে শিশুকাল হইতে নিমাই লোককে হরিনাম-স্কীর্ত্তনে কৌশলে প্রয়ত্ত করাইতে লাগিলেন। লীলাময়ের ছলনা বুরা ভার!

নিমাই বড় গ্রষ্ট—বড় নির্ভীক। দিন দিন নিমাই ষত বাড়িতে লাগিলেন ততই তাঁহার দৌরাত্ম্য বাড়িতে লাগিল। আগে তিনি ঘরের হাড়ি-কুড়ী ফেলিয়া সর্বানাশ করিতেন, এখন বাড়ীতে সাপ ব্যাঙ যা আগে তাই ধরিতে যান। এবাড়ী ওবাড়ী বাইয়া কাহারও ঘর হইতে

নিমাই তথ্য চরি করিয়া খান, যাহার ঘরে কিছুই পান ন। ভাহার ঘরে স্থাড়ী-কুডি ভাঙ্গিয়া দফারফ। করেন। কোন বাড়ীতে ঘাইয়া যদি কোন শিশুকে ঘুমাইতে দেখেন নিমাই অমন তাহাকে জাগান এবং कानान, (यह (कह दन्धिएक भाष अधनि निमार दनी छित्रा भनान, आत যদি কখন ধরা পড়েন তবে "আর করিব না" বলিয়া হাতে পায়ে ধরিয়া দেদিনকার মত অব্যাহতি লাভ করেন। শিশুর ভাবগতিক দেখিয়া সকলেই অবাক হয়। নিমাই চুণ করিয়া বসিয়া থাকিবার পাত্র নছেন। একস্থানে বসিয়া থাকিতে নিমাই কোন মতেই পারেন না। সর্বাদাই টো টো করিয়া বাড়ীর বাহিরে বেড়ান। একদিন গুই চোর নিমাইয়ের অঙ্গে নানাবিধ অল্ভার দেখিয়া প্রস্পরে প্রামর্শ করিল যে, এই শিশুটিকে চুরি করিতে হইবে। এই ভাবিষা এক চোর নিমাইয়ের নিকট গিয়া বলিল, "এতক্ষণ তুমি কোণায় ছিলে বাব। !" এই ভাবিয়া চোর নিমাইকে কোলে লইল। নিমাই হাসিতে হাসিতে তাহাদের কোলে উঠিলেন। নিমাইকে বাজারের বড কেছ চিনিলনা, সকলে ভাবিল যাহার ছেলে সেই বুঝি শিশুকে লইয়া যাইতেছে। এদিকে চোর তুইটা মনে করিল এইবার কোন নিজ্জন স্থানে শিশুটিকে লইয়া তাতার অঙ্গের গহনাপত্র সমস্ত কাড়িয়া नहेव।

এ দিকে ক্রমে সন্ধ্যা সমাগত অথচ নিমাই ফিরিলেন না দেখিয়া জগরাথ মিশ্র ও শচীদেবী সকলেই একেবারে ভাবিঘা আকুল। কি হইল, কোথায় থেল, কতদিন ত নিমাই মাঠে ঘাটে, হাটে, বাজারে যায়, এমনিধারা বিলম্ব ত কোন দিন হয় না!— ভাবিতে ভাবিতে সকলেই আকুল। এদিকে নিমাইকে কাঁধে করিয়া চোর তুইজন জগরাথ মিশ্রেই বাড়ীতে আদিয়া উপস্থিত। চোরের। মায়ার প্রভাবে নিজ

বাড়ী মনে করিয়া জগন্ধাথেরই বাড়ীতে আসিয়া নিমাইকে নামিতে বিলিল। নিমাই নামিয়াই পিতার অঙ্কে গিয়া উঠিয়া বসিয়া ধল্ ধল্ করিয়া হাসিতে লাগিলেন। চোর ছইটা দেখিয়াই ত অবাক্ ! হাঁ ভাই ত কোথায় আসিলাম, এ কার বাড়ী—হাঁ তাই ত এ ত আমাদের বাড়ী নয়—হাঁ ভাই ত এ কি করিয়াছি—এই বলিতে বলিতে তাহার৷ উদ্ধান্দে ছুটিয়া পলাইল।

একদিন জগরাথ মিশ্র বলিলেন, "বাবা নিমাই—সামার পুস্তক্থানি আন ত!" নিমাই পুস্তক আনিতে গেলেন, জগরাথ স্থাপ্ট ভানিতে পাইলেন যেন সপুরের পানি হইতেছে। কিন্তু কৈ নিমাইরের পায়ে ত মুপুর নাই!

'বাপের বচন ভানি ধাই ঘরে য≀য়ে। ঝুহু ঝুহু করিয়ে হুপুর বাজে পায়ে॥"

স্থামী স্ত্রী তথন স্থির করিলেন, ঘরে যে দামোদর শালগ্রাম আছেন এ ফুপুরের ধ্বনি তাঁহাদেরই। তথন তাঁহারা পঞ্গব্যে শালগ্রাম স্থান করাইয়া তাঁহার পূজা করিলেন।

একদিন এক তৈথিকি ব্রাহ্মণ নানাতীর্থ পর্যাটন করিয়া অবশেষে জগরাথ মিত্রের বাটীতে আভিথা গ্রহণ করিলেন। জগরাথ—
ব্রাহ্মণের পাকের আয়োজন করিয়া দিলেন। ব্রাহ্মণ যেই গোবিন্দকে
নিবেদন করিবার জন্ম চক্ষু মৃত্রিত করেন, নিমাই অমনি ষাইয়া তায়া
ভক্ষণ করেন। এই ভাবে জগরাথ হুই হুই বার ব্রাহ্মণের পাকের
আয়োজন করিয়া দিলেন, নিমাই হুই হুই বারই ব্রাহ্মণের অর উচ্ছিষ্ট
করিয়া দিলেন। অগরাথ আবার ব্রাহ্মণের ব্রহ্মনের ব্যবস্থা করিলেন,
এবার নিমাইকে তাঁহারা ঘুম পাড়াইয়া চারিদিকে সকলে বসিয়া
রহিলেন। ব্রাহ্মণ এবারও ধেই অর উৎসর্গ করিলেন, অমনি নিমাই

সকলকে মোহাবিষ্ট করিয়া সেইস্থানে উপস্থিত হইলেন। নিমাইকে দেখিয়া ব্রাহ্মণ বলিলেন, "হায়। হায়! এবারও আমার ভাগ্যে **অয়** জুটিল না!"

নিমাই বলিলেন, "আমার আর অপরাধ কি? তুমি আমাকে ভাবিয়া আন কেন?"

> "তৃমি আমা ডাকি আন কি দোষ আমার ? মোর মস্ত্র জপি মোরে করহ আহ্বান। রহিতে না পারি আমি আসি তোমা স্থান। আমারে দেখিতে নিরবধি ভাব তৃমি। অতএব তোমারে দিলাম দেখা আমি॥"

ব্রাহ্মণ তথন ব্ঝিলেন, এই শিশুই তিভ্বনমোহন ম্রলীধর বাঁহার ধ্যান তিনি নিরবধি করেন।

নিমাইয়ের এই কথা শুনিয়া দেই ব্রাহ্মণ তথন আচমন করিয়া নির্বিছে ভোজন করিলেন।

এইভাবে প্রভু শৈশবে কতই না লীলা করিলেন। জগন্নাথ মিশ্র শুভদিনে শুভক্ষণে তাঁহার হাতে খড়ি দিলেন। কর্ণবেধ ও চূড়াকরণ সমাপ্ত
হইল। শিশুর কি আশ্চর্যা ব্যবহার! কাঁদিলে পর হরিনাম না
করিলে কিছুতেই তিনি চূপ করেন না! গলার ঘাটে গিয়া নিমাই
স্নানার্থীদিগকে বড়ই বিরক্ত করিতেন। জলে ডুব দিয়া তিনি
কাহারও পা ধরিয়া টানিতেন, কাহারও গায়ে জল ছিটাইয়া
দিতেন, আবার কাহারও নিকটে গিয়া বলিতেন, "ভোমরা ফুল দিয়া
কার পূজা করিতেছ, আমার পূজা কর।" লোকে এত বিরক্ত
হইয়াও কিন্তু তাঁহাকে বড়ই ভালনাসিতেন।

নিশাইয়ের এখন বিভারস্তের সময় হইয়াছে, তাই জগরাধ মিশ্র ভাঁহার হাতে খড়িও দিয়াছেন। এই সময় একদিন গভার রজনীতে নিমাইয়ের জ্যেষ্ঠ লাতা বিশ্বরূপ সংসার ত্যাগ করিয়া সন্ত্যাসী হইয়া গেলেন। ইহাতে মিশ্র-পরিবারে গভার বিধাদের সঞ্চার হইল।

"বিশ্বরূপ-দন্ধ্যাস দেখিয়া ভক্তগণ।
অবৈতাদি সভে বহু করিলা ক্রন্দন॥
উত্তম মধ্যম যে ভানিল নদীয়ায়।
হেন নাহি যে ভানিল গ্রুখ নাহি পায়॥
জগন্ধাথ শচীর বিদীর্ণ হয় বুক।
নিরন্তর ভাকে বিশ্বরূপ। বিশ্বরূপ॥"

বিশ্বরূপ নিক্ষদেশ হইবার পর হইতে নিমাই আর বড় একটা বাহিরে যাইতেন না, সর্বাদা পিতামাতার নিকট অবস্থান করি-তেন। নিমাইকে দেখিয়া জননী শচীদেবী বিশ্বরূপের বিরহ কতকটা ভূলিয়া গেলেন। জগরাথ মিশ্র বোহুদ্যমানকঠে শচীদেবীকে বলি-লেন, "এই পুত্রও তোমার সংসারে থাকিবে না, বিশ্বরূপ নানাশাস্ত্র পড়িয়া শিধিয়াছিল যে, সংসার অনিতা, এও যদি ঐরপ সর্বাশাস্ত্র পড়ে, ভাহা হইলে দেখিও এও সংসার ছাড়িয়া চলিয়া যাইবে।"

অতঃপর নিমাইয়ের উপনয়নের দিন আসিল। জগন্নাথ মহা সমারোহে পুত্রের উপনয়ন সংস্কার করিলেন। নবদীপে তথন গলা দাস নামে এক প্রাসিদ্ধ অধ্যাপক ছিলেন। জগন্নাথ নিমাইকে সঙ্গে লইয়া গলাদাসের টোলে ভর্ত্তি করিয়া দিলেন। নিমাই গলাদাসের নিকটে থাকিয়া পড়িতে লাগিলেন। তাঁহার এমন আশ্চর্যা ক্ষমতা যে, তিনি গুরুর প্রতি যুক্তি থণ্ডন করিয়া দিতে লাগিলেন। গলাদাসের টোলের আয়ায় যত ছাত্র কেহই নিমাইয়ের সঙ্গে আঁটিয়া উঠিতে পারে না । গলার ঘাটে মধ্যাহ্নকালে যত টোলের ছাত্র অধ্যয়ন করে নিমাই ঘাটে গিয়া তাহাদিগকে তাক্ত-বিরক্ত করিয়া প্রশ্নের উপর প্রশ্ন-বাণে তাহাদিগকে জর্জ্জরিত করিয়া তুলেন। আশিচর্যোর বিষয়, নিমাইয়ের উপর কোন ছাত্রই অসপ্তট্ট হন না। বয়োবৃদ্ধির সলে সলে নিমাইয়ের কোধের পরিমাপ বাড়িতে লাগিল; কোন কিছু দিতে ক্রটি হইলে নিমাই ঘরের জিনিষপত্র ভালিয়া চ্রমার করিতেন।

গঞ্চাদাদের টোলে পড়িতে পড়িতেই নিমাইয়ের প্রতিভার কথা চারিদিকে ছড়াইয়া পড়িল। কেবল ব্যাক্রণ নহে—দর্শন, অলঙ্কার, প্রভৃতি নানা শাস্ত্র তিনি গঞ্চাদাদের নিকট না পড়িলেও অধ্যাপকগণের মুখে শুনিয়া শুনিয়া তিনি তাহাতে এরপ পারদর্শী হইয়া উঠিয়াছিলেন যে, দর্শন, অলঙ্কারের বড় বড় ছাত্র পর্যাস্ত তাঁহার সহিত তর্কে পরাঞ্জিত হইত।

বিশ্বরূপের সন্ন্যাস অবলম্বনের পর জগন্নাথ মিশ্র একদিন স্থপ্প দেথিয়াছিলেন ধে, নিমাইও থেন সন্ন্যাসী হইয়। যাইতেছেন। এই চিস্তায় দিন দিন তাঁহার শরীর ভালিয়া ঘাইতে লাগিল। অচিরাৎ তিনি স্থাগারোহণ করিলেন। নিমাই জননী শচীদেবীকে নানা প্রবাধবাক্য বলিয়া সাস্থনা করিতে লাগিলেন।

শিতার মৃত্যুর পরও নিমাই গন্ধাধরের চতুম্পাঠীতে অধায়ন করিতে লাগিলেন; কিন্তু বয়স বাজিবার সন্দে সন্দে তাঁহার দৌরায়োর মাঝাও ক্রনে বাজিয়া যাইতে লাগিল, তিনি সামান্ত কারণে উত্যক্ত হইয়া ঘরের সমস্ত জিনিষপত্র চারিদিকে ছড়াইয়া ফেলিভেন। সতীর্থ ও টোলের অন্যান্য ছাত্রদিগকে তিনি তর্ক-বিতর্কে পরাজিত করিয়া ভাহাদিগকে বিধ্বন্ত করিয়া তুলিতেন। ক্রমে ব্যাকরণাদি নানাশান্তে অগাধ পাণ্ডিভ্যু অর্জন করিয়া নিমাই নিজেই এক চতুম্পাঠী স্থাপন করিলেন। তাঁহার

অগাধ পাণ্ডিভ্যের কথা ইতিপুর্বেই চতুর্দ্ধিকে পরিব্যাপ্ত হইয়াছিল। ফলে দলে ছাত্র তাঁহার নিকট পাড়িবার জন্য আগমন করিতে লাগিল। অলম্বারই বলুন, দেশনই বলুন, যে কোন শাস্ত্র সম্বন্ধে তর্ক করিবার জন্য যে কেহ নিমাইরের নিকট আসিত নিমাই তাহাকেই পরাস্ত করিয়া দিতেন। এই সময়ে শান্তিপুরে অইছতাচার্য্য ও নবছীপে শ্রীবাস পণ্ডিত-প্রমুপ বৈঞ্বগণ বৈঞ্বধর্ম প্রচার করিতেন। তাঁহার। নিমাইকে হরিনামকীর্ত্তন করিতে বলিলে নিমাই তাঁহাদিগকে বিজ্ঞপ্রেয়া বলিলেন, "তোমগা কীর্ত্তন করিতে হল কর, আমি কিন্তু হরিনাম লইয়া পাকিব।"

নিমাই এখন যোড়শ বৎসরের উদ্ভিন্ন যুবক। তাহা দেখিলা শটা দেবী পুত্রের বিবাহের বিষয় ভাবিতে লাগিলেন। নবদ্বীপে তখন বল্লভাচার্য্য নামে একজন স্থ্রাহ্মণ ছিলেন, তাঁহার লক্ষ্মী নাম্মী রূপে গুণে প্রমাস্থলরী এক কন্যা ছিল। একদিন স্নান করিবার জন্য নিমাই গঙ্গার ঘাটে গিয়াছেন, লক্ষ্মীও গিয়াছেন। উভয়ের দৃষ্টি উভয়ের উপরে পিড়িতেই পরম্পর পরম্পরকে চিনিতে পারিলেন।

সেইদিন বন্মালী আচার্য্য নামে এক ব্রাহ্মণ শচীদেবীর নিকট গিয়া বলিলেন, "পুত্রের ত বিবাহের বয়স হইয়াছে। বিবাহের জন্ম চেষ্টা করিতেছেন না কেন? নবদ্বীপে বল্পভাচার্য্য নামে ব্রাহ্মণ আছেন, উাহার লক্ষীর ন্যায় কল্যা আছে তাহার সহিত পুত্রের বিবাহ দিন।" শচীদেবী বলিলেন, "পিতৃহীন পুত্র আমার, এখন পড়িতেছে পড়ুক, তার পর বিবাহ দিব।" শচীদেবীর কথা শুনিয়া বন্মালী আচার্য্য হতাশ হইয়া ফিরিয়া গেলেন। পথিমধ্যে নিমাইয়ের সহিত তাঁহার সাক্ষাৎ হইল। নিমাই জিজ্ঞাসিলেন, "আপনি কোথায় গিয়াছিলেন?" বন্মালী বলিলেন, "আমি তোমারই বিবাহের কথাবার্ত্তা বলিবার জন্ম তোমার মাতার নিকট

গিয়াছিলাম; কিন্তু তিনি এখন বিবাহ দিতে অনিজুক।" আচার্য্যের কথা গুনিয়া নিমাই তাঁহাকে কিরাইয়া আনিলেন এবং মাকে আসিয়া বলিলেন, "মা তুমি আচার্য্যের কথায় কান দেও নাই কেন?" বিবাহ করিতে পুত্রের ইচ্ছা হইয়াছে বুঝিতে পারিয়া শচীদেবী তৎক্ষণাৎ বনমালী আচার্য্যকে বিবাহের ব্যবস্থা করিতে বলিলেন। আচার্য্য আর কালবিলম্ব না করিয়া একেবারে বল্লভাচার্য্যের বাটীতে গিয়া উপস্থিত হইলেন। বল্লভাচার্য্য শুনিয়া বলিলেন, "এ ভ আমার পরম সোভাগ্য ! নিয়ায়ের মত জামাতা পাইলে আমি ত নিজেকে পরম সোভাগ্যবান মনে করিব, তবে একটা কথা আমি পাঁচটি হরিতকা ছাড়া আর কিছু পারিব না।" বনমালী আসিয়া বল্লভের কথা শচীমাতাকে জানাইলেন, শচীমাতা সম্মতা হইলেন। শুভদিনে শুভক্ষণে লক্ষার সহিত নিমাইয়ের শুভবিবাহ সম্পন্ন হইল।

"প্রভূপাশে লক্ষা হইলেন বিদ্যান।
শচীগৃহ হইল পরম জ্যোতিধাম।"

নিমাইয়ের বিবাহ হইল বটে, কিন্তু বালকস্থলত চপলতা তাঁহার গেল না। কিগদিন পরে মাধবেন্দ্র প্রীর শিশু ঈশ্বর পুরী নবদীপে আগমন করেন। আসিয়া অবৈতাচার্য্যের বাটীতে উঠেন। অবৈতচার্য্য পরম ভক্তি-ভরে তাঁহাকে সমাদর করেন। একদিন ঈশ্বর পুরীর সহিত পথিমধ্যে নিমাইয়ের সাক্ষাৎকার হইল, ঈশ্বর পুরী নিমাইকে দেখিয়াই নিমাই পশুত বলিয়া চিনিতে পারিলেন; নিমাইও ঈশ্বর পুরীকে দেখিয়া একজন পরম ভাগবত বলিয়া চিনিতে পারিলেন। নিমাইয়ের অন্থরোধে ঈশ্বর পুরী একদিন নিমাইয়ের বাটীতে গোলেন। পুরী "রুক্ষলীলায়তে"র রচয়িতা, তিনি রুক্ষক্থা বলিতে লাগিলেন, দান্তিক নিমাই যদিও রুক্ষ-ক্থা ভানিতে তত ভালবাদিতেন না এবং দান্তিক বৈয়াকরণিক বলিয়া তাঁহার প্রদিদ্ধি ছিল, তথাপি ঈশ্বর পুরীর কথাগুলি তিনি অতি মনো-যোগের সহিত শুনিলেন এবং ঈশ্বর পুরীর একান্ত অন্তরোধে তাঁহার ভক্তি-গ্রন্থের কয়েক স্থানে ভুলাং ও ব্যাকরণের দোষ সংশোধন করিয়া দিলেন।

> শপ্রভূ বলে ক্বন্ধ বাক্য ক্বন্ধের বর্ণন। ইহাতে যে পেখে দোষ সেই পাপী জন। ভক্তের কবিত্ব যে তে মতে কেনে নগ। সর্বাধা ক্রফের প্রীত তাহাতে নিশ্চয়।

> > —এশ্রীচৈতন্যভাগ্রভ।

কিন্ত তব্ও ঈশার পুরী তাঁহাকে অফ্রোধ করায় তিনি 'শ্রীক্লফ শীলামৃতে'র কতিপয় ভ্রম প্রদর্শন করেন। শাস্ত্রে বলে—

> "মূর্থে। বদতি বিষ্ণায় ধীরো বদতি বিষ্ণবে। উভয়স্ত সমং পুণাং ভাবগ্রাহী জনার্দ্ধনঃ॥"

মূর্থ নারায়ণকে নমে। বিষ্ণায় বলে, পণ্ডিত নমে। বিষ্ণবে বলে, কিছু পুণ্য উভয়েরই হয়, কেননা, ভগবান ভাবগ্রাহী। এই ঈশ্বর পুরীর নিকট হইতেই নিমাই দাক্ষা গ্রহণ করিয়াছিলেন।

এই ঘটনার কিছুকাল পরে নবদীপে কেশব কাশ্মীরি নামে এক দিখিজয়ী পণ্ডিত আগমন করেন। তিনি নানা দেশ ভ্রমণ করিয়া আনেক বড় বড় শাস্ত্রজ্ঞ পণ্ডিতকে পরাস্ত করিয়াছিলেন। তিনি নবদীপে আসিয়া প্রচার করিলেন ধে, তিনি সকল পণ্ডিতের সহিত সকল বিষয়েই তর্ক-বিতর্ক করিতে প্রস্তুত আছেন, যদি কোন পণ্ডিত উহোর সহিত তর্ক করিতে প্রস্তুত নাহন, তাহা হইলে তাঁহাকে জন্ধপ্র

দিতে হইবে। নবধীপের পণ্ডিতমণ্ডলী প্রমাদ গণিলেন। এতদিনে বুঝি নবধীপের গৌরব-ত্য্য অন্তমিত হইল!

একদিন নিমাই পণ্ডিত ন্দীতটে ছাত্রগুণসূহ সভা করিয়া বসিয়া আছেন, এমন সময় কাশ্মীরি পণ্ডিত সভামধ্যে গিয়া নিমাইকে সম্বোধন করিয়া বলিলেন, "তোমার নামই কি নিমাই ? তুমিই না নবৰীপের প্রধান বৈয়াকরণিক ?" নিমাই বলিলেন, "আমি ঝাকরণের অধ্যাপনা করি বটে, কিন্তু ব্যাকরণে আমার অধিকার সামান্ত।" কাশারি দিথি স্থা নিমাইয়ের বিনয়বাক্য বুঝিয়াও বুঝিলেন না। তিনি দভভৱে বলিলেন, "নিমাই পণ্ডিত! তুমি ধে কোন বিষয়ে হউক আমাকে প্ৰশ্ন क्तिराज भार ।" निमारे विनातनः, "आक्ता यनि निजासरे आमानिशतक আপনাল পাণ্ডিত্যের পরিচয় পাইবার স্কুযোগ দিতে ইচ্ছা করেন, তাহা হইলে ঐ যে সম্মুধে কুলুকুলু-নাদিনী জংহ্নবী,ঐ জাহ্নবীর মহিমা কিছু বর্ণন করুন, আমরা শুনিয়া পরিতৃপু হই।" কেশব কাশ্মীরি মুহুর্ত্তমাত্র অপেকা না করিয়া একশত খ্লোকে গঙ্গার মহিমা বর্ণন করিলেন। দিখিজয়ীর স্থমধুর শ্লোক শুনিয়া সকলেই মোহিত হইলেন। দিখিজ্গীর অনেক পীডাপীড়িতে নিগাই সেই এক শত শ্লোকের মধ্যে তুইটি শ্লোকের অল্ফারগত দোষ প্রদর্শন করিলেন। দিগিজয়ী নিমাইদের অসাধারণ স্মরণশক্তি দেখিয়া একেবারে বিস্মিত হইলেন। তিনি বলিলেন, আমি এতদিন নিমাই পণ্ডিতকে শুধু বৈয়াকরণিক বলিয়াই জানিতাম, আজ ব্ঝিলাম নিমাই পণ্ডিত আলঙ্কারিকও বটে ! নিমাই, তুমি শ্লোকের মধ্যে যে সমস্ত দোষ-ক্রটি প্রদর্শন করিয়াছ, তাহা অতি প্রকৃতই হইয়াছে।" দিখিজ্যীর মান মুধ ও পরাজ্যে অবনতশির দেখিয়া নিমাইয়ের ছাত্রগণ সকলেই হাসিয়া উঠিল, নিমাই ভাহাদিগকে ধমক দিয়া হাসিতে নিষেধ করিলেন। প্রদিন দিগ্রিজয়ী প্রিত নিমাইয়ের শিষ্যত গ্রহণ করিলেন।

দিগিজ্মীকে পরাস্ত করিবার পর নিমাই পণ্ডিতের স্থাশঃ চতুর্দিকে বিকীর্ণ হইল, নানা দিগেশ হইতে বছ ছাত্র আদিয়া নিমাই পণ্ডিতের চতুষ্পাচীতে ভর্ত্তি হইল। 'বনিমাই পণ্ডিত শুধু বে ছাত্রগণকে পড়াইতেন ভাহা নহে, তাঁহার বাটীতে প্রতিদিন প্রায় ২০।২৫ জন বিদ্যাপী আহার করিত—জননী শচীদেবী ও পুত্রবধ্ লক্ষ্মীদেবী পরম যুত্রের সহিত্ত ভাহাদের জন্য রন্ধনাদি করিভেন।

এইভাবে নবছাপে অধ্যাপনা করিয়। এবং সংস্কৃত-বিদ্যার সৌরভে চতুর্দ্দিক বিকীপ করিয়া নিমাই ভাবিলেন, আর কত কাল পাষগুদের অত্যাচারের তাওবলালা দেখিব । চারিদিকে বৈষ্ণবের লাগুনা, বৈষ্ণবের ত্যুতি আর ত দেখিতে পারি না! এই ভাবিয়া নিমাই আত্ম-প্রকাশ করিতে সঙ্কল্ল করিলেন। কিন্তু আত্মপ্রকাশ করিবার পূর্বের একবার গন্ধাভূমি দর্শন করিবার বাসনা তাঁহার চিত্তে বলব তা হইল। ইতিমধ্যে তাঁহার বহু শিষ্য হইয়াছিল, নিমাই শিষ্যগণ সমভিব্যাহারে নানা প্রাম অতিক্রম করিয়া অবশেষে গন্ধাধামে উপস্থিত হইলেন।

"ইচ্ছামর শ্রীগোরাক্সফুলর ভগবান।
গরাভূমি দেখিতে ইচ্ছা হৈল ভান।
শাস্ত্রবিধি মত শ্রাদ্ধকর্মাদি করিয়া।
যাত্রা করি চলিলা অনেক শিষ্য লৈয়া।
জননীর আজ্ঞা লই মহা হর্ষ মনে।
চলিলেন মহাপ্রভু গয়া দরশনে।"

গয়াধামে গিয়া আদ্মণগণের মৃথে হরিপাদপদ্মের মহিমা শুনিয়া নিমাই আর স্থির থাকিতে পারিলেন না।

> "অবিচ্ছিন্ন গলা বহে প্রভুর নয়নে। পরম অভ্ত রহি দেখে বিপ্রগণে ॥''

সেই সময়ে ভক্তপ্রবর ইশ্বর পুরীও গ্যাধানে আসিয়া উপস্থিত হইলেন। নিমাই ইশ্বর পুরীকে নমস্কার করিলেন, ইশ্বর পুরীও নিমাইকে আলিঙ্গন করিলেন। নিমাই ইশ্বর পুরীকে বলিলেন, "ভোমার পাদপত্ম আমার কোটি কোটি তার্থ।" ইশ্বর পুরী শুনিয়া বলিলেন, "নিমাই তুমি শুরু পণ্ডিত নহ তুমি ইশ্বরের অংশ।" গ্যাধামে পিতৃপ্রাদ্ধাদি গারিয়া নিমাই ইশ্বর পুরীর নিকট দশাক্ষর মন্ত্র গ্রহণ করিলেন। ক্রমে নিমাইত্বের অস্তর্নিহিত ভক্তিরঙ্গ বাহিরে প্রকটিত হইল। একদিন নিভ্তে বসিয়া নিমাই "ক্রফরে বাপরে! মোর জীবন শ্রীহরি" বলিয়া একেবারে ধ্লায় গড়াগড়ি দিয়া কাঁদিতে লাগিলেন। শিয়ায়ণ আসিয়া তবে তাঁহাকে স্থাছ করেন। গ্যাধামে কিছুকাল থাকিয়া নিমাই নব প্রেমের বন্যা সঙ্গে লইয়া সশিষ্য নবদ্বীপে উপস্থিত হইলেন। নিমাই নব প্রেমের বন্যা সঙ্গে জানিয়া ভানিবার জন্য উপস্থিত হইলেন। নিমাই যতই গয়ার মাহাত্ম্য বলেন, তত্তই তাঁহার নয়ন দিয়া বিগলিতধারায় প্রেমাশ্রুপড়িতে লাগিল, তাহা দেখিয়া সকলেই বলাবলি করিতে লাগিল—

"এমত ইহানে কভু নাহি দেখি আর। শ্রীক্কফের অমুগ্রহ হইল ইহানে। কি বিভব পথে বা হইল দরশনে।"

সেদিন আর নিমাই গয়া-কাহিনী কাহাকেও বলিতে পারিলেন না, পরদিন শুক্লাম্বরের গৃহে নিমাই গেলেন, দেখানে সদাশিব, ম্রারি প্রভৃতি ভক্তরণ আদিয়া মিলিত হইলেন। নিমাই দেখানে ''হা ক্বফ' বলিয়া স্তম্ভের উপর পড়িয়া গেলেন। শুভ ভাক্নিয়া গেল। ভক্তরাও সকলে মৃচ্ছিত হইয়া পড়িল। তদবধি সকলেই নিমাইয়ের ভাবান্তর দৃষ্টি করিতে লাগিল। শচীদেবী পুজের ভাববিপধ্যয় দেখিয়া গলা

বিষ্ণুর পূজা করিতে লাগিলেন। ছাত্রগণ পড়িতে আদে, নিমাই তাহাদিগকে আজ নয়, কাল আসিও বলিয়া বিদায় দেন। শচীদেবী লক্ষাকে আনিয়া নিমাইয়ের সমক্ষে বসান, প্রভূ সেদিকে দৃক্পাতও করেন না। একদিন, ছ'দিন করিয়া কয়েকদিন গেল, একদিন ছাত্রগণ "হরিধ্বনি" করিয়া পড়িতে বিদিল। প্রভূ স্ত্র ব্যাধান করিতে বসিলেন।—

"প্রভূ বোলে দর্বকাল সত্য কৃষ্ণনাম।
দর্বশাস্ত্রে রুষ্ণ বই না বোলয়ে আন ।
কর্ত্তা হর্ত্তা পালয়িতা কৃষ্ণ যে ঈশর।
অঙ্গ-ভব আদি যত কৃষ্ণের কিন্ধর ॥
কৃষ্ণের চরণ ছাঞ্চি যে আর বাধানে।
ব্যর্থ জন্ম যায় তার অকথ্য-কথনে ॥
আগম-বেদাস্ত আদি যড় দরশন।
দর্বশাস্ত্রে কহে "কৃষ্ণ পদে ভক্তিধন।"

## — এ প্রীপ্রী চৈত্র ভাগবত।

এইভাবে স্ত্রের ব্যাখ্যা করিতে করিতে প্রভুর যখন কথঞ্চিং বাহজান হইল,তথন ভিনি বলিলেন,"কেমন কিছু ব্রিলে কি ?" ছাত্রগণ বলিল, "কৈ কিছুই ত ব্রিলাম না, আপনি যাহা কিছু বলিলেন, সবই কেবল কৃষ্ণনাম।" তথন নিমাই বলিলেন, "আছে। আজ থাক্, চল গঙ্গাল্পানে যাই।" এইভাবে নিমাই হরিনামে মাতোয়ারা হইলেন। তিনি হরিকথা ছাড়া আর কিছুই বলিতেন না। প্রাত্কালে গঙ্গাল্পানে যাইতে শ্রীবাস প্রভৃতি বৈষ্ণবগণের সহিত সাক্ষাং হইবামাত্র নিমাই তাঁহাদিগকে নমস্কার করিতে লাগিলেন। শ্রীবাসের বাটীতে প্রভু

চতুপাঠী চিরদিনের জন্ম বন্ধ হইল—ছাত্রগণ গ্রন্থ কেলিয়া নিমাইয়ের সহিত হরিনামে মাতোয়ারা হইল—চারিদিক হইতে দলে দলে লোক আাসিয়া নিমাইয়ের সঙ্গে হরিনাম কীর্ত্তন করিওঁত লাগিল। শান্তিপুরে শ্রীশ্রীঅবৈতাচার্য্য বাস করিতেছিলেন, তিনি বহুদিন হইতে একজন মহাপুরুষের আগমন-প্রতীক্ষা করিতেছিলেন, নিমাইয়ের ভাবাবেশের কথা শুনিয়া তাঁহার মনে সেই কল্লিড মহাপুরুষ সহদ্ধে বিশাস দৃঢ় হইতে দৃচ্তর হইতে লাগিল। কিমাই নব্দীপের বৈক্ষবপ্রধান শ্রীবাসের অপনে কীর্ত্তন করিতে আরস্ত করিলেন। রাত্তির উপর রাত্তি কাটিতে লাগিল, নিমাইয়ের বাহ্নজ্ঞান নাই। শত শত লোক শ্রীবাসের বাটীতে উপহিত হইয়া নিমাইয়ের ভাববিভারতা দেখিয়া পরিত্প প্রিরুগ্ধ হইতেন।

অতঃপর নিমাই শান্তিপুরে অহৈতাচার্য্যের সহিত সাকাৎ করিতে গেলেন। নিমাইকে দেখিয়াই অইওতাচার্য্য রুঞ্প্রসঙ্গ উত্থাপন করিলেন, নিমাই ভাবের আবেগে ভূতলে পড়িয়া জ্ঞানহারা হইলেন। অইছতাচার্য্য তাঁহাকে সাক্ষাৎ শ্রীরুঞ্জ মনে করিয়া পূজা বিৰপত্ত দিয়া পূজা করিয়ানে। নিমাই সংজ্ঞালাভ করিয়া দেখেন, অইওতা চার্য্য তাঁহাকে পূজা করিয়াছেন। তথন তিনি অইওতের পদধূলি মন্তকে গ্রহণ করিলেন।

নবদীপে প্রত্যাবর্ত্তন করিয়া নিমাই আবার হরিসদ্বীর্ত্তনে উন্মন্ত হইলেন। নিত্যানন্দ, অধৈতাচার্য্য, হরিদাস প্রভৃতি সকলে আসিয়া তাঁহার সহিত সদ্বীর্ত্তনে মিলিত হইলেন। নিমাইয়ের এপন আর বড় বাছজ্ঞান নাই। তিনি একদিন শ্রীবাসের বাটীতে সদ্বীর্ত্তন করিতে করিতে বিফু-খট্টায় উপবেশন করিয়া শিশ্ব ও ভক্তবৃন্দকে বলিলেন, "তোমরা আমার অভিষেক কর।" ভক্তগণ ইহা শুনিয়া দূর্ব্বা, ধান্ত,

তুলসী দিয়া তাঁহার পাদপদ্ম সুশোভিত করিল, কেহ চম্পক, মল্লিকা, কুল, কদম্ব, মালতী দিয়া তাঁহার পাদপদ্মে অর্থ্য প্রদান করিল। প্রভু হাত নাড়িয়া বলিলেন, "আমায় কিছু খাইতে দাও।" তথন—

"কেহো দেই কদলক, কেহো দিবা মৃদ্গ।
কেহো দধি ক্ষীর বা নবনী কেহো হ্র্ম॥
প্রভূর শ্রীহন্তে দব দেয় ভক্তগণ।
স্মামায় মহাপ্রভূ করেন ভোদ্ধন।"

অতংপর প্রভূ একে একে সকল শিষ্যকে ডাকিয়া তাহাদের জীবনকথা সম্বন্ধে নানা কথা বলিতে লাগিলেন। প্রভূ খোলা-বেচা ব্রাহ্মণ শ্রীধরকে আনিতে আদেশ করিলেন। তাঁহার আদেশ পাইবানাত্র শিষ্যগণ শ্রীধর ঠাকুরকে সঙ্গে করিয়া আনিলেন। প্রভূ কহিলেন, শ্রীধর তুমি কিছু বর প্রার্থনা কর। শ্রীধর বলিলেন, শ্রভূ আর কি বর মাগিব? তুমি জন্মে জন্মে আমাব নাথ হইও।

"শ্রীধর বোলয়ে আমি কিছুই না চাই। ২েন কর প্রভু! যেন ভোর নাম গাই।"

নিমাই একে একে সকল ভক্তকে বর দিলেন, কিন্তু মৃকুলকে কিছুই দিলেন না। মৃকুল সর্বাদা স্থাধুর সঙ্গাতে নিমাইকে পরিতৃপ্ত করেন, অথচ সেই মৃকুলকে কোন বর না দেওয়ায় শ্রীবাদ নিমাইকে বলিলেন, "প্রভু এ তোমার কি লীলা? মৃকুল নিশিদিন স্থাধুর গানে ভোমার পরিতৃপ্ত করে, তুমি সকলকে বর দিলে, অথচ মৃকুলকে দিলে না।"

শ্বীবাদ বোলেন শুন জগতের নাথ।
মৃকৃন্দ কি অপরাধ করিল ভোমাত॥
মৃকৃন্দ ভোমার প্রিয় মো স্বার প্রাণ।
কেবা নাহি ল্রবে শুনি মুকুন্দের গান॥
\*\*

প্রভূবলিলেন, "দেথ মুকুন্দ যখন যে দলে মিশে, তথন সেই দলের কথা বলিয়া আমার স্তুতি করে।"

> "ভক্তি হৈতে বড় আছে ইহা থেঁ বাধানে। নিরস্তর জাঠি মারে মোরে সেই জনে। ভক্তি স্থানে উহার হইল অপরাধ। এতেক উহার হৈল দরশন-বাধ॥"

প্রভুর কথা শুনিয়া মুকুন্দ কাঁদিতে লাগিলেন। মুকুন্দের ক্রন্দ্র দেখিয়া প্রভু তাহার উপর ক্রণাপরবশ হইয়া বলিলেন, "কোট জন্ম পরে তুমি আমার দর্শন পাইবে।" প্রভুর এই আখাদবাণী শুনিয়া মুকুন্দ মনে সাজ্না পাইলেন।

এইভাবে কথনও বাহজানহীন হইয়া, কখনও বা চৈতন্ত লাভ করিয়া নিমাই ভক্তগণসহ হরিনামায়ত পান করিতে লাগিলেন; কিন্তু ইহাতে তাঁহার তৃপ্তি হইল না। নবদ্বীপের ঘরে ঘরে হরিনাম বিতরণ করিবার জন্ত নিমাই এই সময় হরিদাস ও নিত্যানন্দকে আদেশ করিলেন এবং বলিলেন, "সারাদিন নবদ্বীপের দ্বারে দ্বারে হরিনাম বিতরণ করিয়া সন্ধ্যাকালে আসিয়া আমার নিকট সারাদিনের কার্য্যের বিবরণ দিবে।" প্রভুর আজ্ঞা পাইয়া হরিদাস ও নিত্যানন্দ নবদ্বীপের দারে দারে নাম প্রচার করিতে বাহির হইলেন! কত লোকে তাঁহাদিগকে উপহাস করিতে লাগিল—কত জনে বিদ্রুপ করিতে লাগিল, তাঁহারা তাহাতে ক্রক্ষেণ্ড করিলেন না! এই সময়ে নবদ্বীপে জগাই ও মাধাই নামে তুইজন স্থরাসেবী ছর্দ্ধর্য যুবক ছিল। তাহারা তুই লাতা। একদিন তাহারা প্ররাপান করিয়া রাস্তার মধ্যে পড়িয়া রহিয়াছে, নিত্যানন্দ তাহাদিগকে মধুর হরিনামের মহিমা শুনাইবার ক্ষেত্র তাহাদের নিকট গেলেন। মাধাই ক্রেম্বে আত্মহারা হইয়া এক

কলসার কানা নিত্যানন্দের চক্ষে ছুঁজিয়া মারিল। অবিরল ধারে নিত্যানন্দের বক্ষ:স্থল প্রাবিত করিয়া শোণিতধারা ঝরিতে লাগিল। নিত্যানন্দ কিন্তু ইহাতে একটুও বিচলিত হইলেন না, তিনি ধৈর্য্যের স্থিত সমস্থই সহু করিলেন। তথন গৌরচক্র স্বয়ং সেই স্থানে উপস্থিত হইয়া জগাই মাধাইকে নিজ বাজীতে লইয়া গেলেন এবং নিত্যানন্দের সহিফ্তা-দর্শনে বিমোহিত হইলেন।

যে সময়ে চৈতভাদের এইভাবে নবছীপের ছারে ছারে হরিনাম কীর্ত্তন করিয়া বেডাইতেভিলেন, সেই সময়ে তদেন সাহ গৌডের সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন এবং তাঁহার প্রতিনিধিরপে একজন কাজী নবছাপ শাসন করিতেন। গৌরচক্র হরিনামে নব্দীপকে মাতাইয়া তুলিয়াছেন, চারিদিকে বৈষ্ণবদিগের মহিমা বিঘোষিত হইতেছে. এ চিস্তা কাজী কোন ক্রমেই সহা করিতে পারিলেন না। ডিনি নানা প্রকারে গৌরাঙ্গের ভক্তদের উপর অত্যাচার আরম্ভ করিঙ্গেন। কোন কোন দিন নিজে সদলবলে স্থীর্তনের স্থলে উপস্থিত হইয়া গায়কদের খোলকরভাল ভালিয়া দিলেন, ইচা দেখিয়া কোন কোন ভীক্ন লোক হারনাম-কীর্ত্তন বন্ধ করিল বটে, কিন্তু যাঁহার। সভা সভা হরিনামে বিশ্বাসী তাঁহার। কোনও ক্রমেই ইহা ছাডিলেন না। ক্রমে গৌরচন্দ্রের কর্ণে ভক্ত-পীড়নের কথা পৌছিল, তিনি নিত্যানন্দ, এবাস, অবৈতাচার্যা প্রভৃতিকে **डाकिया विमालन, "ठल बामता প्रांग ভतिया इतिमहीर्खन कति. एमथि ८क** व्याभारतत्र कार्या वाथा (नयः" त्रीत्रत व्यार्तम्म क नत्न नत्म ज्वन्त्रन তাহার বাটীতে সমবেত হইতে লাগিলেন, একদল তুইদল করিয়া বছ দলে সভীন্তনের দল বিভাগ করিয়া গৌরচক্র নিজে শেষ দলের নায়কত্ব গ্রহণ কার্যা অগ্রসর হইলেন। শত শত খোল-করতালের বাতে সমগ্র নবছাপ মুধরিত হইয়া উঠিল। কাজী আপন আলয়ে বদিয়া দেই

তুম্ল ধ্বনি ভনিতে পাইষা প্রমাদ গণিলেন। তৎক্ষণাৎ অফ্চরবর্গকে ইহার কারণ অসুসন্ধান করিতে আদেশ করিলেন। অসুচরের। কাজিকে গিয়া বলিল:—

"কোটি কোটি লোক সঙ্গে নিমাই আচাৰ্য্য।
নাজিয়া আইনে আজি কিবা করে কার্যা॥
লাথ লাথ মহাতাপ দেউটি সব জলে।
লাথ কোটি লোক মেলি হিন্দুয়ানী বোলে।
হয়ারে হ্য়ারে কলা ঘট আমসব।
পুস্পময় পথ সব দেখি নদীয়ার॥
নাজানি কতেক খই কড়ি ফুল পড়ে।
বাজন শুনিতে হুই শ্রেণ উফ্ডে॥
ধেন মত নদীয়ার নগরে নগরে।
রাজা আনিতেও কেহ এমত না করে।
বাজন কারিয়া মারিল আমরা।
আজি কাজি মার বলি আইনে তাহারা॥"

অফুচরদিগের কথা শুনিয়া কাজা আর কালবিলম্ব না করিয়া বাটীর মধ্যে লুকাইয়া পড়িলেন। এদিকে গৌরচন্দ্র বহু সহস্র ভক্তসহ কাজীর বাটীর প্রাঙ্গণে উপস্থিত হইয়া বলিলেন, "কাজী সাহেব কোথায়, ডাকিয়া আন।" গৌরাঙ্গের আহ্বানে কাজী জ্রীলোকের ক্যায় বাটীর অভ্যন্তরে লুকাইয়া থাকিতে পারিলেন না। তিনি বাহিরে আসিয়া গৌরচন্দ্রের দকাশে উপস্থিত হইবানাত্র গৌরচন্দ্র বলিলেন, "আমরা আপনার বাটীতে আসিয়াছি, আর আপনি বাড়ীর ভিতরে বসিয়া আছেন?" গৌরচন্দ্রের কথায় কাজী বিশেষ লজ্জিত হইলেন। অতঃপর কাজী ও গৌরচন্দ্র উভয়ের মধ্যে বছক্ষণ ধর্ম-প্রদক্ষে কথা-

বার্ত্তা হইল। কাঞ্জী বলিলেন, "অতঃপর আপনাদের উপর আর কোনরপ অত্যাচার করা হইবে না, আপনারা স্বচ্ছন্দে হরিনাম কীর্ত্তন করিয়া বেড়াইবেন।" বলা বাহুল্য, শ্রীপৌরাঙ্গের নিকট কাঞ্জীর এই নৈতিক পরাজয় নিতান্ত সামান্ত পরাজয় নহে। যুগে যুগে থাঁটি ভক্ত সাধক মাহারা তাঁহারা এই ভাবে বিনা রক্তপাতেও লোককে পরাজিও করিয়া আসিতেছেন।

नवहीत्प क्रिकाल श्रिनाम कीर्छन क्रिया शोताकत्त्व जावित्वन, এমন স্থামাথা হরিনাম কি কেবল নবৰীপেই আবন্ধ রাথিব ? আমার গৌড়বাসী ভাতৃগণ কি এমন মধুর নামের কোন আস্বাদ পাইবে না ? গৌরচন্দ্র বঙ্গের ছারে এই মধুর নাম প্রচার করিতে ক্রতসঙ্কল্ল হইলেন। কিন্তু সন্ন্যাদী না হইলে ত এই মহাত্রত তিনি উদ্যাপন করিতে পারিবেন না৷ জগতে এপর্যান্ত যাঁহারাই কোন ধর্ম প্রচার করিয়াছে, তাঁহারাই যে সন্ন্যাস অবলম্বন করিয়াছেন! গৌরচক্র এবার সন্মাদ গ্রহণ করিরা দণ্ড কমণ্ডলু লইয়া বাহির ২ইতে সভল করিলেন। কেশব ভারতী নামক একজন পরিবাজক দণ্ডী এই সময়ে নবছীপে আসিলেন। তাঁহাকে দেখিয়া গৌরচন্দ্র তাঁহার নিকট অতি সংগোপনে দীক্ষা লইতে ইচ্ছা প্রকাশ করিলেন। গৌরাঙ্গের অভ্রোধে কেশ্ব ভারতী তাঁহাদের বাটীতে আংভিথা গ্রহণ করিলেন। দীক্ষার দিন স্থিরীক্কত হইল। কেশব ভারতী তংপর দিবস কাটোয়ায় তাঁহার আংশ্রমে চলিয়া গেলেন। নিমাই সন্নাদ্রত অবলম্বন করিবেন, নিত্যানন্দকে এ কথা বলিলেন। ক্রমে ক্রমে গৌরচন্দ্রের সন্ন্যাস-গ্রহণের বার্ন্তা চতুর্দ্ধিকে বিস্তৃত হইয়া পড়িল। শচীদেবী ও বিষ্ণুপ্রিয়ার কর্বেও এ সংবাদ পৌছিল। শচীদেবী কাঁদিতে কাঁদিতে নিমাইকে বলিলেন, "বাবা সত্যই কি তুমি আমাদিগকে ত্যাগ করিয়া বাইবে ;"

নিমাই বলিলেন, "মা, এ সংসারে কিছুই নিত্য নহ, সকলই অচিরস্থায়ী। শ্রীক্ষেত্র জন্ধন পূজন ও নামকীর্ত্তনই মানব-জীবনের একমাত্র লক্ষ্য হওয়া উচিত। নিমাই শচীদেবীকে অনেক বুঁঝাইলেন, কিন্তু শচীর মন কিছুতেই প্রবোধ মানিল না।

## नहीरमयी विनदनन-

"অধৈত শ্রীবাদ আদি তোর অহচর।
নিত্যানন্দ আছে তোর প্রাণের দোদর॥
পরম বান্ধব গদাবর আদি সঙ্গে।
গৃহে রহি কীর্তন করহ তুমি রঙ্গে॥
ধর্মা বুঝাইতে বাপ। তোর অবতার।
জননী ছাড়িয়া কোন্ধ্যা বা বিচার॥"

আর এদিকে বিষ্ণুপ্রিয়া! সামীর বৈরাগ্য অবলম্বনের কথা শুনিয়া বিষ্ণুপ্রয়া যৎপরোনান্তি মনোকটে দিনবাপন করিতে লাগিলেন। সংগারের কোন কার্যে আর তাঁহার শান্তি নাই—কোন বিষয়েই তাঁহার মন নাই। বিষ্ণুপ্রিয়াকে গৌরচক্র অনেক ব্রাইলেন। দেখ আমি ঘেখানেই যাই, সর্বালা তোমারই রহিব। যথনই তুমি আমাকে স্মরণ করিবে, আমি তথনই তোমার নিকট উপস্থিত হইব। ক্রমে নিমাইয়ের দীক্ষা গ্রহণের দিন নিকটবর্তী হইল। ১৪৩১ শকে সয়াস-বাজার পূর্বাদিন প্রত্যুব হইতে না হইতেই গৌরচক্র শ্বাট ত্যাগ্ করিয়া প্রাসের বাটীতে উপস্থিত হইলেন! চারিদিক হইতে তাঁহার ভক্তপণ আসিয়া সম্মিলিত হইল, মহানদ্দে সকলে কীর্ত্তন করিলেন। অতঃপর গঙ্গাতটে যাইয়া শিষ্যগণ সহ নিমাই হরিকথাপ্রসঙ্গ আরম্ভ করিলেন। সন্ধ্যা উত্তীর্ণ হইল, নিমাই গ্রহ প্রত্যাবর্ত্তন পূর্বাহ বিষ্ণুপ্রিয়ার সহিতে এক

শ্যায় শ্রুন করিলেন। কবি লোচনদাস বলেন, সে রাজি নিমাই বিফুপ্রিয়াকে মধুর আলিঙ্গনে আপ্যায়িত করিয়াছিলেন। ক্রমে রজনী অবসানপ্রায় হইল। বিফুপ্রিয়া গাঢ় নিজ্ঞায় অভিভূত। বাতায়ন দিয়া পৌর্ণমাসীর স্থাংভকিরণ আসিয়া বিষ্ণুপ্রিয়ার স্বর্ণাভ গণ্ডফলে পড়িয়া ঝক ঝক করিতেছে। গৌরাক শঘ্যা হইতে উঠিয়া অনিমেয-নয়নে তাহা দেখিতে লাগিলেন। এক পা হই পা করিয়া গৃহ হইতে নিজ্ঞান্ত হইলেন, আবার একবার পশ্চাৎ দিকে অবলোকন করিয়। বিষ্ণুপ্রিয়ার মুখশশী নিরীক্ষণ করিতে লাগিলেন। এইভাবে কিছুক্ষণ কাটিয়া গেল। দাম্পত্য ক্রেম ও বিষ্ণুপ্রেম এতত্ত্ত্যের মধ্যে কিছুকণ ছন্দ্র চলিবার পর গৌরস্কন্দর গৃহ হইতে নিজ্ঞান্ত হইলেন। ঘরের বাহিরে দরকার মাতা শচীদেবী ভূমাবলুঞ্জিতা ছিলেন। গৌরস্থন্দর সেদিকে জ্রাক্ষেপ না করিয়া সবেগে চলিয়া পেলেন। অভাগী বিষ্ণুপ্রিয়া সামীর প্রেমালিসনে আজ পরিতৃপ্ত হইয়া এমন ঘুম ঘুমাইতেছেন যে, তাঁহার সংজ্ঞা নাই। কোন সমলে যে তাঁহার অনুদর্বলভ তাঁহাকে ছাডিয়া চলিয়া গিয়াছেন, তাহা তিনি জানিতেও পারেন নাই। ক্রমে প্রাচীললাটে বালভাত্বর উদয় হইল। চারিদিকে প্রভাত-সহচর পক্ষিকুল আপনার স্বভাবসিদ্ধ সরে কাকলী করিতে লাগিল। বিষ্ণুপ্রিয়া त्नरखात्रोमन क्रिलन, क्रिया (मिस्लन, भार्य जीवानत जीवन त्रोत-স্কর নাই। সমস্ত জগৎ তাঁহার চক্ষের সমক্ষে ঘুরিতে শাগিল, মনে হইল যেন কে তাঁহার হংপিওটা ছি ডিয়া লইয়া গিয়াছে। আঙ্গে ষদি জানিতাম, এমনি ভাবে আমাকে ফাঁকি দিয়া ঘাইবেন, তবে কি তাঁহাকে যাইতে দিতাম। আমি তাঁহার পা' তুথানি ধরিয়া चांठकारेशा ताथिजाम। चावात जावितन, ना, ना, चामात चामी দেবতা—স্বয়ং একুষণ। দেবতার লীলা বুঝে কার সাধা। তিনি গিয়াছেন বিশ্ববাসীর কল্যাণ-কামনায়, তাঁহাকে কি বাধা দেওয়া উচিত ?

রজনী প্রভাত হইলে শিষারন্দ আসিয়া দেখেন, গৌরস্কর বরে নাই, মাতা শচীদেবী মৃতের ন্যায় স্পান্দহীন ভাবে পড়িয়া রহিয়াছেন। তদর্শনে ভক্তগণ কাঁদিয়া আকুল হইল—অভাগিনী বিষ্ণুপ্রিয়াও সমস্ত লোকলজ্ঞা বিশ্বত হইয়া তাহাদের সহিত মিলিত হইয়া অঝোরে কাঁদিতে লাগিলেন। কোন কোন শিষ্য বলিলেন, "যখন গৌরচন্দ্রই চলিয়া গেলেন, তখন আমাদের আর এ জীবন রাখিয়া লাভ কি, চল আমরাও তাঁহার অভ্সরণ করি।" ক্রমে বহু লোক আসিয়া নিমাইয়ের গৃচে সমবেত হইল। নিমাই ঘরের দ্বার অভিক্রম করিবার সময় দেখিয়াছিলেন, শারদেশে শচীমাতা মৃতার ন্যায় পড়িয়া রহিয়াছেন। তিনি মাতাকে প্রদক্ষণ করিয়া বলিয়াছিলেন—

"বিশুর করিলা তুমি আমার পালন।
পড়িলাঙ শুনিলাঙ—তোমার কারণ॥
আপনার তিলার্ছকো না লইল। স্থখ।
আজন্ম আমার তুমি বাড়াইলা ভোগ॥
দণ্ডে দণ্ডে যত তুমি করিলা আমার।
আমি কোটা জন্মেও নারিব শুধিবার॥
তোমার সদ্গুণ্য সে তাহার প্রতিকার।
আমি পুন জন্ম জন্ম ঝণী যে তোমার॥
শুন মাতা! ঈশ্বরের অধীন সংসার।
সংযোগ বিয়োগ যত করে সেই নাথ।
তার ইচ্ছা বুঝিবারে শক্তি আহে কাত॥

দশদিন অস্তবে কি এখনে বা আমি।
চলিলেও কোন চিস্তা না করিহ তুমি।
ব্যবহার প্রমার্থ যতেক তোমার।
দকল আমাতে লাগে দব মোর ভার।

—শ্ৰীশ্ৰীচৈ হয়ভাগৰত **৷** 

এই বলিয়া জননীর পদধ্লি শিরে লইয়া গৌরস্কর প্রস্থান করিয়া ছিলেন।

গৃহ হইতে বাহির হইয়। নিমাই হরিনাম কীর্ত্তন করিতে করিতে একাকী কাটোয়া অভিমূপে অগ্রসর হইলেন। গলাধর, মুকুন্দ, চন্দ্র-শেধর প্রভৃতি শিষ্যগণ তৎশ্রবণে ব্যাকুল হইছা প্রভুর অমুদরণ করিলেন। পথিমধ্যে ইহাদের সহিত প্রভুর সাক্ষাৎ হইল। তবন সন্ধ্যা আগত-প্রায়। পশ্চিমাকাশে অন্তগমনোনুথ রবির ক্ষীণ স্থবর্ণরেখা অস্পষ্ট প্রভীয়মান ইইতেছে। বিহলমুকুল দিবাবসান ব্রিয়া পক্ষ মেলিয়া আপনাপন নীড়াভিমুথে গমন করিতেছে। দিবসের কর্ম-কোলাহলের পর ধর্ণী ধুদরবর্ণের বদনে আবৃত হইয়া ক্রমণ: সৌম্য ও শাস্ত মূর্ত্তি ধারণ করিতেতে। দিবদ ও রজনীর এমনই শুভ সন্ধিক্ষণে মহাপ্রভু কাটোয়ায় কেশব ভারতীর আশ্রমে গ্রম করিয়া তাঁহার চরণে প্রণিপাত করিয়। প্রদিন তাঁহার নিকট দীক্ষিত হইবেন বলিয়া অভিপ্রায় জ্ঞাপন করিলেন। কেশব ভারতী বলিলেন, "ভগবানে ভোমার যেরপ অচলা ভক্তি দেরপ ভক্তি সাধারণ মানবে সম্ভবে না। আমি তোমার ভাষ ভক্তপ্রবরের দীকাদানের যোগ্য পাত্র না হইজেও ধর্মরাজ্যে যথন একজনকে গুরুপদে বরণ কর্ত্তব্য, তখন আমি অবশাই তোমাকে भीका नाम कतिय।" প्रतिम निमारे नीका গ্রহণ করিবেন छित्र रहेन।

পে সংবাদ প্রচারিত হইবামাত্র দলে দলে লোক তাহা দেখিবার জয়ত একশব ভারতীর কাশ্রমে সমবেত হইল। তথন—

"প্রভূর আজ্ঞায় চন্দ্রশেষর আচার্ষ্য।
করিতে লাগিল সর্ব্ব বিধিযোগ্য কার্য্য॥
নানা গ্রাম হইতে দে নানা উপায়ন।
আসিতে লাগিল অতি অকথ্য কথন॥
তবে মহাপ্রভূ জগতের প্রাণ।
বিদিলা করিতে শ্রীশিষার অন্তর্কান॥
নাপিত বিদলা আদি সমুথে যথনে।
ক্রেন্সনের কলরব উঠিল তখনে॥
ক্রের দিতে দে স্থন্দর চাঁচর চিকুরে।
ত্থে নাহি দেয় নাপিত ক্রন্সনাত্র করে॥
কথং কথমপি সর্ব্বদিন অবশেষে।
ক্রেরকম্ম নিকাহ হইল প্রেমরদে॥"

- প্রীত্রী চৈত্রভাগবত।

অতঃপর কেশব ভারতী প্রভ্বক্ষে হন্ত দিয়া বলিলেন, "বে হেতু ক্ষণাম প্রচার করিয়া তুমি সকলকে চৈতন্ত দান করিয়াছ, সেই হেতু তোমার নাম "প্রীকৃষ্ণতৈতন্ত" রাখিলাম।"

যেদিন শ্রীচৈততা দীক্ষা গ্রহণ করিলেন, সে দিন সারারাত ভক্তগণ স্থমধুর হরিনামে কাটোয়া গ্রামধানি মুখরিত করিয়া তুলিল। শ্রীকৃষ্ণ চৈতত্যের মুণ্ডিত মন্তক, গৈরিক বদন ও দণ্ড কমণ্ডলু ভক্তের প্রাণে এক নব ভক্তিভাবের বীক্ষ বপন করিল। তিনি কোন এক নির্জন স্থানে গমন করিয়া হরিনাম জপ করিতে মানদ করিলেন। তিনি অস্থানা

কতিপর স্থান দর্শন করিয়া শান্তিপুরে অবৈতাচার্য্যের সূহে আগমন করিলেন। এদিকে তাঁহার আদেশে চন্দ্রশেষর ইতিপুরে নবদীপে পৌছিয়া গৌরটন্তের সন্ধ্যাদগ্রহণের বার্ত্তা মাতা শটাদেবী ও বিষ্ণৃতিয়াকে শুনাইরাছিলেন। তাঁহারা শুনিয়া একেবারে কাঁদিয়া আকুল হইলেন। নিত্যানন্দ, শ্রীবাদ প্রভৃতি ভক্তেরা গৌরের অদর্শন-জালা আর সহ্য করিতে না পারিয়া শান্তিপুরে আগমন করিলেন, সঙ্গে সক্রেনী শচীদেবীও আসিলেন। মাতা-পুত্রে পুনরায় সাক্ষাৎকার হইল। গৌরাক জননীকে নানা প্রকারে প্রবোধ ও সান্থনা দিয়া বলিলেন, "মাত্রমি আমার জন্য কাতর হইও না, আমি এখন নীলাচলে যাইব বটে তথা হইতেও তুমি মধ্যে মধ্যে আমার সংবাদ পাইবে।" ভক্তগণকে সম্বোধন করিয়া প্রভু বলিলেন—

"চিত্তে কেহো কোন কিছু না ভাবিছ ব্যথা। তোমা দবা আমি নাহি ছাড়িব সর্ক্ষথা। কুষ্ণনাম লহ সবে বদি গিয়া স্বরে। আমিই আসিব দিন কথোক ভিতরে।"

এইরপ প্রবাধ দিয়া ভক্তগণকে আলিঙ্গন করিয়া গৌরাকদেব নীলাচল অভিমুখে যাত্রা করিলেন। নিত্যানন্দ, গদাধর মুকুন্দ, গোবিন্দ, সংহতি, জগদানন্দ ও ব্রহ্মানন্দ-প্রমুখ কভিপয় শিষ্য তাঁহার সমভিব্যাহারী হইলেন। পথে যাইতে যাইতে প্রভূ শিষ্যবর্গকে জিল্পানা করিলেন, "ভোমাদের কাহার নিকট কি আছে বল।" তাঁহারা বলিলেন, "ভোমার বিনামুমতিতে আমরা কি কোন প্রব্য আনিতে পারি? কার দ্রব্য আমরা আনিব ?" প্রভূ এই কথা ভনিয়া বলিলেন, "ভোমরা ধে কোন ক্রব্য আন নাই, ইহা ভনিয়া আমি পরম পরিতৃষ্ট হইলাম।" "ভোক্তব্য অদৃষ্টে থাকে যে দিনে লিখন। অরণ্যেও আদি মিলে অবভা তখন॥ প্রভু যাবে যেদিন বা না লিখে তাঁহার। রাজপুত্র হই তভো উপবাস তার॥"

—শ্ৰীশ্ৰীচৈতন্মভাগৰত।

ভক্তগণকে এই ভাবের উপদেশ দিতে দিতে মহাপ্রভু সদলবলে "আটিশারা" নগরে আসিয়া উপভিত হইলেন ৷ এই নগরে অনন্ত নামে এক পরম সাধু বাস করিতেন, প্রভু রাত্রিকালে তাঁহার আতিথা গ্রহণ করিলেন। শ্রীকৃষ্ণতৈতন্যকে পাইয়া অনস্তের বাছজ্ঞান একরূপ লোপ পাইল, দারারাত্রি তাঁহার বাড়িতে কেবল স্থমধুর কৃষ্ণনাম চলিতে লাগিল। প্রভাতে মহাপ্রভু শিঘাগণ সমভিব্যাহারে ছত্তভোগে আসিয়া উপনীত হইলেন। এই ছত্তভোগকে সকলে অম্বুলিশ্ব ঘাট বলিত। এখানে গলা শতমুখী হইয়া প্রধাবিতা। গলার এই অপুর্বে রূপ দেখিয়া প্রভু বাহজ্ঞানশূর হইয়া কেবল হরিনাম করিতে লাগিলেন। সেই श्वात्मत ज्ञामी तामहत्व था शिविकात्तार्ग ज्ञन तारे १४४ निया गारेट ছিলেন। প্রভুর এইরপ ভাবাবেশ দেখিয়া তিনি শিবিকা হইতে অবতরণ করিয়া তাঁহার পাদপদ্মে প্রণাম করিলেন। সংজ্ঞালাভ করিয়া প্রভু রামচন্দ্রকে তাঁহার পরিচয় জিজ্ঞানা করিলেন। রামচন্দ্র প্রতি বিনীতভাবে বলিলেন, আমি এই দক্ষিণ রাজ্যের সামানা ভূমাধিকারী। প্রভু তাঁহাকে নীলাচলে যাইবার পথ দেখাইয়া দিবার হ্লন্য বলিলেন। রামচন্দ্র থাঁয়ের বিশেষ অভুরোধে ভক্তগণ অতঃপর আহারাদি সমাপন क्तिरलन । नौनाठरत लहेशा याहेवात जना तायठळ दनोकात वावशानि করিয়া দিলেন। হরিধ্বনি করিতে করিতে প্রভু শিব্যগণ সহ নৌকায় আরোহণ করিলেন। নৌকার মাঝি ও দাঁড়ীরা মহাপ্রভকে কত विनम, "याभनाता कीर्छन वक्ष कक्षन, अथारन करन (यभन त्रमाकात কুষ্কীরসকল বিচরণ করে, স্বলে তেমনি ভীষণাকার শার্দ্দল। ততুপরি জলদস্যার উপদ্রব এত অধিক যে,জীবন লইয়া কাহারও নিরাপদে ঘাইবার উপায় नारे।" মাঝিদের কথায় কর্ণপাত না করিয়া মহাপ্রভু হৃদয়ের मधल जारक निया जान युनिया हित्रनाम कतिरा किरिए करनमत, ষাজপুর প্রভৃতি স্থান হইয়া কমশপুরে আদিয়া উপনীত হইলেন। কমলপুর হইতে শ্রীশ্রীজগরাথ দেবের অবরচ্দী মন্দিরের ধ্বজা দৃষ্টিপথে পতিত হয়। শ্রীগৌরাঞ্ এই ধ্বজানর্শনে স্বতিমাত্র পুলকিত হইলেন। যে বিগ্রহ দর্শন করিবার জন্য তিনি স্থদূর বঙ্গদেশ হইতে কত পথ, ঘাট, অরণ্য অতিক্রম করিয়া উর্দ্ধানে ছুটিয়া আদিঘাছেন, অদূরে के (नहें क्रत्रशायित ध्वका। उाँशात मन्य भातीत जानत्मत जारवरत শিহরিত হইয়া উঠিল। কথনও দাঁড়াইয়া, কথনও বা সাল্লাঙ্গে ভূমি-সাৎ হইয়া তিনি জগলাথদেবের উদ্দেশে প্রণাম করিতে করিতে বলি-লেন। চারিদিকে উড়িয়া অধিবাসিগণ বিষয়-পুলকিত-নেত্রে এই ন্বীন সম্যাসীর অপুর্ব্ধ ভক্তিভাব দর্শন করিতে লাগিল। শ্রীগৌরাঙ্গ আর কতক্ষণ ধৈর্য্য অবলম্বন করিবেন ? তাঁহার প্রাণ যে আর ধৈর্য্য মানে না। তিনি বিহাতের মত ছুটিয়া হরি হরি বলিতে ৰলিতে একেবারে मिन्दित्र मध्य श्राटन कतिला । (वनीत छेशत कश्राध, वनताम छ স্কৃতস্রার দারুময় মৃত্তি। তাহা দেখিয়া তিনি আর আত্মগংবরণ করিতে পারিলেন না। মৃত্তিত্রয়কে বক্ষে ধারণ করিবার জনা তিনি ছুটিয়া চলিলেন। পাঞারা আদিয়া অমনি তাঁহাকে ধরিল। কোন কোন পাঞা তাঁহাকে মারিতে পর্যায় উদ্যুত হইল। সেই সময় পুরীরাজের সভা-পণ্ডিত সার্ব্বভৌন ভট্টাচার্যা দেখানে উপস্থিত ছিলেন। তিনি আসিয়া পাঞাগণের হাত চাপিয়া ধরিলেন।

"দাৰ্কভৌন বোলে ভাই পড়িহারিগণ! দভে তুলি লহ এই পুরুষ রতন॥"

অতঃপর সার্বভৌমের কথায় পাগুারা তাঁহাকে ধরাধরি করিয়া সাক্ষভৌমের বাটাতে লইয়া আসিলেন। নিত্যানন্দ, গদাধর, মৃকুন্দ-প্রমুখ ভব্ধপণ কিছুক্ষণ পরে আসিয়া সার্বভৌমের বাটাতে মিলিত হইলেন। সার্বভৌম এই ভক্ত অভিথিগণের যথাযোগ্য সমাদর ও আতিথেয়তা করিয়া নিজেকে পরম ভাগ্যবান বলিয়া মনে করিলেন।

দার্কভৌম নীলাচলে বৈদান্তিক পণ্ডিত বলিয়া বিখ্যাত ছিলেন। উঁহোর নিকট বছ ছাত্র বেদান্ত অধ্যয়ন করিত। পরদিন প্রাতঃকালে সাক্ষভৌম গৌরচক্রকে সন্মুখে বসাইয়া সন্ম্যাসীর ধর্ম সম্বন্ধে নানা উপদেশ দিতে লাগিলেন। তিনি বলিলেন দেখ,

> "প্রণমেদও বভুমাবাশ্চ চাণ্ডাল গোধরম্। প্রবিষ্টো জীহকলয়া তত্ত্বৈব ভগবানিতি।

অর্থাৎ ভগবান জীবরূপ অংশে সকল দেহেই প্রবিষ্ট রহিয়াছেন, ইহা ভাবিয়া কুরুর, চণ্ডাল, গো এবং গর্দ্ধভ প্রয়ন্ত সকলকেই ভূমিতে দণ্ডবং প্রণাম করিবেন।

> অনাশ্রিত: কর্মফলং কার্য্য: কর্ম করোতি য:। স সম্ব্যাসী চ যোগী চ ন নির্বাহ্মন চাক্রিয়: !

ষ্ঠাদি কর্মফলে কামনা না করিয়া যিনি শাস্ত্রবিহিত অবশুকর্জব্য কর্মা করিয়া থাকেন, তিনিই প্রকৃত সন্মাসী এবং তিনিই যথার্থ যোগী— অগ্নিহোত্র প্রকৃত কর্মপরিত্যাগী—যতিবেশধারী সন্মাসী নহেন, আর শারীর-কর্মপরিত্যাগীও সন্মাসী নহেন।

"নিক্ষাম হইয়া করে যে ক্লফ ভজন।
তাহারে দে বলি যোগী সন্ধ্যাসী লক্ষণ।
বিফুক্তিয়া না করিয়া পরার বাইলে।
কিছু নহে , সাক্ষাতে এই বেদে বোলে॥"

---শ্ৰীশ্ৰীচৈতন্যভাগ্ৰত

তৎকর্ম পরিতোষ: যং সা বিদ্যা তল্লাতির্যন্তা। হরিদেহিভূতামাত্মা সহং প্রকৃতিরীশ্ব: ॥

যাহা শ্রীহরির সম্ভোষ সম্পাদন করে তাহাই কর্ম, যাহা দার: শ্রীহরিতে মতি হয় তাহাই বিদ্যা। কেননা শ্রীহরি দেহধারীমাত্তেরই আত্মা ও ঈশ্বর, যেহেতু, তিনি স্বয়ং বা স্বতন্ত্ররূপে সকলেরই কারণস্বরূপ:

> "তাহারে সে বলি ধর্ম-কর্ম্ম সদাচার। ঈশ্বরে সে প্রীতি জন্মে সম্মত সভার । তাহারে সে বলি বিদ্যা মন্ত্র অধ্যয়ন। রুষ্ণ-পাদপদ্মেতে করায় স্থির মন॥ সভার জীবন রুষ্ণ, জনক সভার। হেন রুষ্ণ যে না ভজে, সর্বে ব্যর্ব তার ॥

শকরেরও মত ইহাই। শকরাচার্য্য ষ্ট্পদী স্তোত্তে বলিয়াছেন—

'প্তাপি ভেদাপগ্নে—

নাথ! তবাহং ন মামকীনস্তম্। সামুদ্রো হি তরঙ্গ ক চ ন সমুক্রোক তারজি॥

অর্থাৎ জগতে ও তোমাতে ভেদ না থাকিলেও নাথ। আমি জানি, আমি তোমারই অধীন—আমি তোমা হইতেই জনগ্রহণ করিয়াছি। কিন্ত তুমি আমার অধীন নহ—তুমি আমার নিকট হইতে সঞ্জাত হও নাই। তরক্ষ ও তর্জময় সমুদ্রে প্রম্পের পার্থক্য না থাকিলেও ইহঃ স্থানিশ্চিত যে, তরক্ষই সমুদ্রের, কিন্তু সমুদ্র তর্পের নহে।

এই সমস্ত কথা বলিয়া সাক্ষতোম গোরচন্দ্রকে বলিলেন, "লোকে শব্ধ বাচার্য্যের অভিপ্রায় না ব্রিয়া ভব্জি প ছাড়িয়া অনর্গক মাথা মুড়াইয়া কষ্ট পায়। এখন তোমার পরিপূর্ণ যৌবন, এখন কি ভোমার সন্ধ্যানে অধিকার হইয়াছে ? তুমি যে ভব্জিতত্ব লাভ করিয়াছ, সেই তোমার পরমার্থ, তবে আবার এই সন্ধ্যানী বেশে প্রয়োজন কি ?"

দার্বভৌমের এই কথা শুনিয়া প্রভু কাহলেন, "আমি সন্ন্যাদী নতি. কেবল ক্লফের বিরহে মাথা মুড়াইয়া সন্ন্যাদী হইয়াছি।" দার্কাভৌম বলিলেন, "দেখুন আপনার নিকট আমি ভাগবতের একটু ব্যাথ্যা শুনিতে চাই '' আছো—

> আত্মারামান্চ মুনয়ে। নির্গ্রন্থ। অপ্যক্তমে। কুর্বস্তুঃ হৈতৃকীং ভক্তিমিখন্ততগুণো হরি: ।

অর্থাৎ থাহারা বিধি নিষেধেব অতীত বা বাঁহাদের অহঙ্কার-গ্রন্থি ছিন্নভিন্ন হইয়া গিছাছে সেই আত্মারাম ম্নিগণও অমিতপরাক্রম ভগবানের ফলকামনাশৃত্য ভক্তির অন্তর্গান করিয়া থাকেন। কেন না. শ্রীহরির গুণই এইরুপ।

সার্বভৌম শ্রীগোরাঙ্গকেই এই শ্লোকটীর ব্যাখ্যা করিবার ভাব দিলেন। গৌরচন্দ্র বলিলেন, "না আপনিই ইহার ব্যাখ্যা করুন।" তথন সার্বভৌম শ্লোকটির অয়োদশ প্রকার ব্যাখ্যা করিলেন। তথন গৌরাগ্র শ্লোকটির অষ্টাদশ প্রকার ব্যাখ্যা করিলেন, সে ব্যাখ্যা এত মৌলিক যে, ভাহাতে সার্বভৌমের ব্যাখ্যার ছায়ামাত্র ছিল না। শ্রীগৌরচন্দ্রের ব্যাখ্যা শুনিয়া সার্বভৌমের মনে প্রভুর অবভারত্বের সম্বন্ধে আর কোন সন্দেহ থাকিল না। তিনি শ্রীচেতত্তের পাদপদ্ম ধারণ করিয়া ক্রন্দন করিতে লাগিলেন। মহাপ্রতু তাঁহাকে হাত ধরিয়া তুলিলেন। কয়েক দিন সার্বভৌনের ঘরে বাস করিবার পর মহাপ্রতু সমুদ্রের উপকূলে আসিয়া অবস্থান করিতে লাগিলেন। সম্মুধে নীল বারিধি, তাহাতে উর্মির উপর উর্মিনালা। মহাপ্রতুর মন-প্রাণ কি এই অনস্তের পথ-যাত্রী অনস্ত সমুদ্রদর্শনে স্থির থাকিতে পারে গ তিনি দিনরাত ভক্তগণসহ কেবল নৃত্য করিতে লাগিলেন। তাঁহার পরম ভক্ত গদাধর সর্বাদাই তাঁহার নিকট থাকেন। সার্বভৌম ইতিপূর্ব্বেই শ্রীচেতত্ত্বের বিচারে পরাজিত হইয়া তাঁহার শিষ্যত্ব গ্রহণ করিয়াছিলেন। ওদর্শনে নীলাচলের বহু লোক তাঁহার প্রদর্শিত ভক্তিমার্গের অমুষায়ী হইয়াছিল। কিছুদিন নীলাচলে অবস্থান করিয়া শ্রীগোরাক্ষ দক্ষিণদিকাভিমুধে রওনা হইলেন।

সম্বের বেলাভূমি দিয়া শ্রীপৌরাক্স নামকীর্ত্তন করিতে করিতে করিতে শৈষ্যগণ সমভিব্যাহারে আলালনাথে উপস্থিত হইলেন। পথিপার্যন্ত করলে এই নবীন সন্ন্যাসীর অপরূপ রূপ-দর্শনে বিমোহিত হইল। আলালনাথ হইতে তাঁহার অপরাপর শিষ্যগণ পুরুষ্যান্তমে প্রত্যাবর্ত্তন করিলেন, একজনকে মাত্র সঙ্গে লইয়া ভগবানাবজার শ্রীগোরাক্স দক্ষিণ দেশাভিমুবে প্রস্থান করিলেন। অতঃপর তিনি গোদাবরীভীরে উপস্থিত হইলেন। এইথানে ধনী ও ঐশ্বর্যাশালী রামানন্দ রায়ের সহিত তাঁহার সাক্ষাৎকার হয়। রামানন্দের কথা সার্বভৌম ইতিপুর্বেই তাঁহাকে বলিয়া দিয়াছিলেন। শ্রীচৈতক্সকে দেখিয়া রায় রামানন্দ দোলা হইতে অবতরণ করিলেন। উভয়ে উভয়ের সাক্ষাৎ হইবামাত্রা বেন কতকালের পরিচয়—এইভাবে উভয়কে আলিক্ষন করিলেন। রামানন্দের সনির্বন্ধ অস্থ্রোধে শ্রীগোরাক্ষ তাঁহার আতিথা গ্রহণ করিলেন

এবং তাঁহার নিকট অনেক ভত্তকথা ভনিলেন। সে সমস্ত কথা রামা-নন্দের জীবনী আলোচনার সময় স্বিন্থারে বলা যাইবে। অতঃপন গৌরচত্র "দিদ্ধবট" নামক স্থানে গিয়া একজন রামভক্ত ব্রাহ্মণের আতিথ্য গ্রহণ করেন। ব্রাহ্মণ গৌরচন্দ্রের অকাট্য ভক্তিভাব সন্দর্শর অতি অল সময়ের মধ্যে পরম এক কে-অমুরাগী হইয়া উঠিলেন। তথ হইতে এীচৈত্র জিমন্দিরে গমন করিলেন। তথায় রাম্গিরি নাম্ক এक दोक मधानी अदनक भिषानि नहेश नाम कविट्रिकत। গৌরাঙ্গের নিকট রামগিরি বিচারে পরাস্ত হইলেন এবং তিনি ক্লফভক্ত হুইয়া উঠিলেন। সঙ্গে সঙ্গে রাম্গিরিক শিষ্যেরাও মহাক্রফভক্ত হুইয়া উঠিল। অতঃপর তথা হইতে নিমাই শ্রীরখবামে গমন করেন। তথায় বেষ্ট ভট্ট নামক এক আন্ধানের গুঙ্েভিনি চারিমাস অবস্থান করিয়া ছিলেন। বেম্বট ভট্টের পুত্র গোপাল ভট্ট পিতৃবিয়োগের পর শ্রীকৃষ্ণ-ভন্সনে দিবানিশি অতিবাহিত করিতেন। অতঃপর নিমাই বহু বার-বনিতা-অধ্যবিত জিজুরা গ্রামে গমন করিছা তাহাদিগকে পাপজনক ব্যবসায় হইতে প্রতিনিব্রত্ত করেন। চোরানান্দিবনে অনেক দস্ত্যুকে তিনি ভক্তিপথের পথিক করেন। এইভাবে বছ অধাধুকে সাধু, নাত্তিককে আন্তিক, অধান্দিককে ধান্দিক করিয়া শ্রীগোরাক্তদের পুরুষ্টে:-ত্তমে প্রত্যাবর্ত্তন করিলেন।

পুক্ষোন্তমে প্রত্যাবর্ত্তন করিব। মাত্র রাজা প্রতাপ রুদ্র তাঁহাকে
দেখিবার জন্ম অতিমাত্রায় ব্যাকুল হইলেন। চৈতন্তদেব রাজদর্শনে আপত্তি জানাইলেন। কিন্তু তাহাতে ভক্ত যে সে কি চুপ্র
করিয়া থাকিতে পারে ? রাজা প্রতাপ রুদ্র ছন্মবেশে ভাগবতের প্লোক
আর্ত্তি করিতে করিতে একেবারে চৈতন্তদেবের পাদপন্ম আনিষ্ঠ
ভূম্যবলুষ্ঠিত কদলীবৃক্ষের ন্থায় পতিত হইলেন। এবার আর মহাপ্রভূ দ্বির

থাকিতে পারিলেন না। ভক্তের হাত পরিয়া তুলিয়া তিনি তাঁহাকে আলিক্ষন করিলেন। তদৰ্ধি রাজা প্রতাপ ক্ষদ্র মহাপ্রভুর দাসাহদাস-ভাবে দিনাতিপাত করিয়াছিলেন।

প্রতিবংসর আ্বাঢ় মাসে গৌড়দেশ হইতে মহাপ্রভুর বছশিষ্য পুরুষোত্ত্যে আগমন করিভেন। তাঁহারা তিন চারি মাস যাবং মহা-প্রভুর নিকট অবস্থান করিয়া, হরিনাম কীর্ত্তন করিয়া জগল্লাথের বিরাট মন্দির মুখরিত করিয়া তুলিতেন। দে দুলীতের মনোপ্রাণহারী ঝঙ্কার শুনিঘা কাহার দাধ্য যে চুপ করিয়া থাকে ? উৎকলবাদিগৰও দেই কীর্ত্তনানন্দে মাতিয়া মধুর হরিগুণ গান করিত। এইভাবে আরও কৈছুকাল পুরুষোত্তমে কাটাহবার পন্ন শ্রীগৌরান্ধ বুনাবন যাত্রা করিলেন। এবার বলভদ্র নামক এক ব্রাহ্মণকে তিনি সঙ্গী করিলেন। বুন্দাবন যাইবার পথে নিমাই কাশীধামে কয়েক দিনের জন্ম অবস্থিতি তথায় প্রকাশানন্দ নামক এক দেশপ্রসিদ্ধ অহৈতবাদী কবেন। বৈদান্তিক তাঁহার সহিত বিচারে পরাজিত হইয়া ভক্তিমার্গ অবলম্বন করেন। গৌড়ের অধিপতি স্থবৃদ্ধি রায় এই সময় সম্ভাপিতচিত্তে কাশীধামে অবস্থান করিতেছিলেন। তিনি গৌডদেশের সিংহাসনে অধিষ্ঠিত থাকা কালে কোন কারণে ব্রাহ্মণগপের অসম্ভোষের ভাষন হন। ব্রাহ্মণগণ তাঁহাকে বিষপান করিয়া প্রায়শ্চিত করিতে বলেন। কিন্ত ত্তবৃদ্ধি রায় আন্ধণগণের এইরূপ নৃশংদ-বিধানে সমত না হইয়া মৃক্তিক্ষেত্র বারাণদীধামে পমন করেন। এীতিতত্তার নিকট সজলনয়নে আপন काहिनौ वर्गन कतिराउँ महाश्राञ्च विनातन, "मर्यमा हितनाम कत्, जाहा रुटेलारे प्रकल পাপ ऋष रु**टेर्टा" ऋ**र्कि त्राप्त उत्तरिक **कोरन** হরিনামেই অভিবাহিত করিয়াছিলেন।

বারাণদীধাম হইতে এীচৈততা অবশেষে বুলাবনে গমন করিলেন।

একে ত বৃদ্ধাবন সর্বাদা কৃষ্ণকথায় মুখরিত, ততুপরি শ্রীগৌরাঙ্গের কৃষ্ণনামসন্ধীর্ত্তনে উহা আরও মুখরিত হইয়া উঠিল। ব্রজ্বাসিগণ তাঁহাকেই সাক্ষাৎ শ্রীকৃষ্ণের অবতার বলিয়া পূর্জা করিতে লাগিল।

কিছুদিন বুলাবনে বাদ করিবার পর মহাপ্রভু আবার নীলাচলে প্রত্যাবর্ত্তন করিলেন। সন্ধাদ প্রহণের পর হয় বংসর কাল তিনি প্রুষোত্তম, দক্ষিণাঞ্চল, কংশী, বুলাবন পরিভ্রমণ করিলেন; এখন চইতে তিনি পুরুষোত্তমেই অবছান করিতে ছির সংকল্প করিলেন। প্রুষোত্তমকে কেন্দ্র করিয়া তাঁহার ভক্তি-মল্লাকিনী সমগ্র ভারতে বিস্তৃত হইতে লাগিল। রাজা প্রভাপ রুদ্র হইতে অনেক ধনী দরিদ্র তাঁহার নিকট নিয়ত বিদয়া ধর্মালাপ শ্রবণ করিতে লাল লাগিত না। তিনি তাঁহার প্রিয়তম শিষ্য গল্পর্কে উভান মধ্যে গোপীনাথের একটি মন্দির প্রস্তৃত করিতে বলেন। গুরুর আলেশে গাল্পর তাহাই করেন। কথিত আছে, ১৪৫৫ শকের মাঘনাদে পূর্ণিমা তিথির দিন মহা-প্রভু গোপীনাথের মন্দিরে প্রবেশ করেন, আর বাহির হন না। বৈষ্ণ্র সাধকেরা মনে করেন, মহাপ্রভু আপন দেহকে গোপীনাথের দেহের সহিত মিলাইয়া দিয়াছিলেন। ৪৮ বংসর বয়ঃক্রমকালে মহাপ্রভু

## - নিত্যানন্দ

শ্রীশ্রীগোরাঙ্গদেবের শিষ্যবৃদ্দের মধ্যে নিত্যানন্দের নাম সর্ব্বাথ্রে উল্লেখযোগ্য। এখনও পল্লীর উষা ও সান্ধ্য কীর্ত্তনে ভক্ত বৈষ্ণবর্গণ করতালি ধ্বনি করিয়া গাহিতে থাকে,

"ভজ নিতাই গৌর রাধে খ্যাম। হরে ক্লফ হরি নাম॥"

এই নিত্যানন মহাপ্রভূ বীরভূম জেলার অন্তঃপাতী একচাক। গ্রামে হাডাই ভবা। নামক বান্ধণের ঔরসে জন্মগ্রহণ করেন। হাডাই ওঝাকে সাধারণত: লোকে হাড়াই পণ্ডিত বলিত। নিত্যাননের মাতা পদ্মাবতী পর্ম বৈষ্ণবী ছিলেন : প্রামের নিক্ট মৌডেশ্বর নামে এক দেববিগ্রহ প্রতিষ্ঠিত ছিলেন, হাড়াই দম্পতা প্রতিদিন সেই মন্দিরে যাইয়া মৌডে-শ্বরের পূজার্চনা করিতেন। হাড়াই পণ্ডিত পুরুষাত্মক্রমে উক্ত দেব বিগ্রহের পৌরহিত্য করিভেন। এই পৌরহিত্য করিয়া তাঁহার যাহা প্রাপ্য হইত ভাহাতেই তাঁহার কুদ্র সংসারের বায়ভার স্বাত স্বচ্ছনে চলিয়া যাইত। পদাবতীর উপ্যাপ্তি ক্ষেক্টি সন্তান জন্মগ্রহণ করিয়া মুতামুবে পতিত হয়, তার পর মৌড়েশ্বের কুণায় ১৩৯৫ শকের মাঘ মাদে নিত্যানন জন্মগ্রহণ করেন। নিত্যানন হাডাই পরিবারের বিষয় মধ প্রফুল করেন। শিশু সর্বাদাই কেবল আনন্দ করিত, তদ্ধনে পাডার সকলে তাহার নাম রাথিল নিত্যানন। পাঁচ বংসর বয়:ক্রমকালে নিত্যা-নন্দের হাতে খড়ি দেওয়। হইল। নিত্যান্দ শিশুগণের সহিত কখন বা রামলীল। আবার কখনও বা কৃষ্ণলীলা করেন। এইভাবে কৃষ্ণভক্তির ভিতর দিয়া নিত্যানন্দের শৈশব, বাল্য ও কৈশোর জীবন গভিয়া উঠিল

এখন নিত্যানন্দ সংসার ছাড়িয়া যাইতে ইচ্ছা করিলেন। পিতা হাড়াই পণ্ডিত পুত্রের সংসার-বৈরাগ্য দেখিয়া প্রমাদ গণিলেন। আর তিনি পুত্রকে চক্ষের অগোচরে রাখেন না। তাঁহার বৈষয়িক কর্মা, যন্ত্রমানী কর্ম সমস্ট বন্ধ হইল—পুত্রকে তিনি মৃত্র্ছ আলিক্ষন করিতে লাগিলেন।

হঠাৎ একদিন এক সন্নাসী হাড়াই পণ্ডিতের গৃহে আগমন করিলেন। হাড়াই পণ্ডিত সন্নাসীকে মহা সমাদর করিয়া আভিথা সংকার করিলেন। সমস্ত রাজি হাড়াই পণ্ডিত তাঁহার সহিত স্থমধুর ক্লফ্রকথা বলিতে লাগিলেন। উষাকালে সন্নাসী হাড়াই পণ্ডিতের নিকট একটি ভিক্ষা চাহিলেন। হাড়াই পণ্ডিত সন্নাসীর মনস্কামনা পূর্ব করিতে সম্মত হইলেন। সন্নাসী বলিলেন, "আমি অনেক তীর্থ পর্যাটনে করিব, আমার সহিত কোন হুবান্ধণ নাই, ভোমার জ্যেষ্ঠ পুরাটকে আমায় দেও।" হাড়াই পণ্ডিত যাহা ভাবিয়াছিলেন ভাহাই হইল। এত যত্নে রক্ষা করিয়াও পুরুকে তিনি সংসারে রাখিতে পারিলেন না। গৃহিণীর নিকট গিয়া সন্ন্যাসীর অভিপ্রায় ব্যক্ত করিলেন। গৃহিণী বলিলেন, "তুমি স্বামী, ভোমার যাহা ইচ্ছা ভাহাই পূর্ব হউক।" নিত্যানন্দ সেই সন্ন্যাসীর সহিত চলিয়া গেলেন, হাড়াই পৃর্ব হউক।" নিত্যানন্দ সেই সন্ন্যাসীর সহিত চলিয়া গেলেন, হাড়াই

এদিকে নিত্যানন্দ বৈখনাথ, গয়া প্রভৃতি নানা তীর্থস্থান ভ্রমণ করিতে করিতে কাশীতে উপনীত হইলেন। তথায় গঙ্গায় অবগাহন করিয়া নিত্যানন্দ ক্রমে প্রয়াগ, মধুরা হইয়া বুন্দাবন, তথা হইতে প্রভাস, নৈমিষারণা, অযোধাা, হরিছার, তাম্রপণী, বদরিকাশ্রম প্রভৃতি নানা তীর্থ ভ্রমণ করিয়া মহামৃনি ব্যাসের আশ্রমে উপস্থিত হইলেন।

"এইমত অভয় প্রমানন্দ রায়। ভ্রমে নিত্যানন্দ ভয় নাহিক কাহায়। নিরস্তর ক্লফাবেশে শরীর অবশ। ক্ষণে হাদে, ক্ষণে কান্দে, কে বুঝে দে রদ॥"

এইভাবে ভ্রমণ করিতে করিতে মাধবেক্স পুরীর সহিত নিত্যানন্দের সাক্ষাংকার হইল। পরস্পার পরস্পারকে দেখিয়া ভাবাবেশে মুচ্ছিত হইয়া পড়িলেন। তুইজনে কিছুকাল একত্র অতিবাহিত করিয়া অবশেষে তুইজনেই সেতুবন্ধে উপস্থিত হইলেন।

"মাধ্বেক্ত নিত্যানন্দে ছাড়িতে না পারে।
নিরবধি নিত্যানন্দ সংহতি বিহরে।
মাধ্বেক্ত বলে প্রেম না বেণিলুঁ কোথা।
সেই মোর সন্ধতার্থ হেন প্রেম যথা।
জানিলুঁ ক্লফের কুণা আছে মোর প্রতি।
নিত্যানন্দ হেন বন্ধু পাইসু সংহতি।"

উভয়ে নানা তীর্থ অনণ করিতে করিতে অবশেষে শ্রীপ্রী প্রগন্ধার্থ ক্ষেত্রে আদিয়া উপনীত হইলেন। দূর হইতে জগন্নাথের প্রকা দেখিয়াই নিত্যানন্দ ভাবাবেশে মৃচ্ছিত হইয়া পড়িলেন। তথা হইতে নিত্যানন্দ বুন্দাবনে গিয়া কৃষ্ণারাধনা করিতে লাগিলেন। এদিকে নবদীপে শ্রীশীটিততা মহাপ্রভুর বিকাশ হইল, নিত্যানন্দ মহাপ্রভু শ্রীটিডতাদেবের আবির্ভাবের প্রতীক্ষাই করিতেছিলেন। মহাপ্রভু নবধীপে নরদেহ পরিগ্রহ করিয়া আত্মপ্রকাশ করিয়াছেন, শুনিতে পাইয়া নিত্যানন্দ বুন্দাবন হইতে নবদীপে গেলেন। এয়ানে শ্রীয়াদ পত্তিতের সহিত তাঁহার প্রথম সাক্ষাৎকার হইল। শ্রীবাদ তাঁহাকে মহাপ্রভুর নিকট লইয়া যাইতেই

মহাপ্রভু শ্রীবাসকে ভাগবতের একটা শ্লোক পাঠ করিতে বলিলেন। শ্রীবাস পড়িলেন—

> "বহাপীড়ম্ নটবরবপুঃ কর্নরোঃ কর্নিকারম। বিজ্ঞানং কনকক্পিশম্ বৈজ্ঞীল্ভ মালাম্॥ রক্ষান বেণোরধর স্বধ্যা প্রধন্ গোপ্রদৈন-রুন্দারণাম্ স্থদর্মনম্ প্রাবিশদ্ গীতকীড়িঃ॥"

> > —শ্রীমন্তাগবত : • স্বন্ধ।

শীবাদের মুখে এই ভাগবতীয় শ্লোক শুনিবামাত্র নিত্যানন্দ মুচ্ছিত উইয়া পড়িলেন ৷ মহাপ্রান্থকে আলিন্ধন করিয়া বলিলেন—

"সকল জগৎ চাহি কিরিয়া আইছ।
কোথাও তোমার লাগ মুই না পাইছ।
ভনিলাম গৌর দেশে নবছীপ পুরে।
লুকাঞা আছে আসি নন্দের কুমারে।
চোর ধরিবারে মুই আইলাম হেথা।
ধরিলাম চোর আজি পলাইবে কোথা॥"

নিত্যানন এই কথা বলিল। কখনও হাসিতে, কখনও কাঁদিতে, কখনও বা নাচিতে লাগিলেন। নিত্যানন্দের ভাষাবেশ দেখিল মহা-প্রভূও হাসিতে, নাচিতে লাগিলেন।

> "পড়িলেন প্রভূপদে নিত্যানন্দ রায় । ভূঁহার চরণ দোঁহে ধরিবারে চায় ॥"

শ্রীবাদ পণ্ডিতের গৃহে নিত্যানন্দের থাকিবার বন্দেবেও হ**ইল।** শ্রীবাদুও তাঁহার সুহধ্যিণী মালিনী দেবী তাঁহাকে নিজের প্রের ন্থায় স্থেহ করিতেন। কথনও কথনও মালিনী দেবী নিত্যানলকে আপন হাতে ধাওয়াইয়া দিতেন। শ্রীশ্রীগোরচন্দ্রের বাটীতেও নিত্যানল যাইতেন। নিমাই-জননী শচীমাতা উাহাকে জ্যেষ্ঠ পুত্র-বিশ্বরূপ মনে করিয়া আদর-যত্ন করিতেন। একদিন প্রভু নিত্যানলকে আপন বাটীতে নিমন্ত্রণ করিলেন। মাতা শচীদেবী পরমযত্নসহকারে রক্ষনাদি করিয়া গোর-নিতাইয়ের জন্তু পাশাপাশি তুইথানি আসন পাতিয়া ভোগ পরিবেশন করিলেন। মাতা শচীদেবী পরিবেশন করেন আর দেখেন যেন কৃষ্ণ-শুক্লবর্ণ তুই মনোহর শিশু বসিয়া আহার করিতেছেন। তথন—

শিপ্ডিলা মৃচ্ছিতা হৈয়া পৃথিবীর তলে। তিতিল বসন সব নামনের জলে। সোলমায় সব ঘর হইল তখনে। অপুকা দেখিয়া শচী বাহা নাহি ভানে।"

মহাপ্রভু মাতাকে স্বহণ্ডে তুলিয়া ধরিলেন। মাতা শচীদেবী বলিলেন, "আজি হৈতে তোমরা তুইজন আমার পুত্রন" পুত্রভাবে শচীদেবী নিত্যানন্দকে কোলে লইলেন, নিত্যানন্দও মাতৃভাবে শচীদেবীকৈ প্রণাম করিলেন।

পুর্কেই বলিয়াছি, শ্রীবাদের গৃহে নিত্যানন্দ বাস করিতেন।
শ্রীবাসকে তিনি বাপ বলিয়া ডাকিতেন। অহনিশ তাঁহার বাল্যভাব
ছিল, তিনি শ্রীবাস-পত্নী মালিনীর স্বত্য পান করিতেন। একদিন
একটি বারস শ্রীকৃষ্ণ-পূজার ন্বতের বাটী লইয়া উড়িয়া গেল। মালিনী
একেবারে কাঁদিয়া আকুল হইলেন। এমন সময় নিত্যানন্দ আসিয়া
বলিলেন, "ভয় কি, আমি এখনই তোমার পাত্র আনিয়া দিতেছি।" এই

বিশিষা তিনি কাককে ডাক দিবা মাত্র কাক আদিয়া মুতপাত্রটী দিয়া গেল। মালিনী নিড্যানন্দের প্রভাব দেখিয়া যুগুপং বিশ্বিত ও হংগাংকল হইলেন। সাতা শচীদেবী কখনও মহাপ্রভুকে লক্ষ্মীর সঙ্গে বসাইয়া রাথেন, সেই যুগলমুর্তি দেখিয়া তাঁহার প্রম আনন্দ হয়। নিড্যানন্দ কিন্তু বাহ্যজ্ঞানহীন, অন্ধতঃ লক্ষ্মীর কথা একেবারে মনেনা আনিয়াই তিনি উলঙ্গ অবস্থায় আদিয়া উপন্থিত হন। প্রভু তাহা দেখিয়া তাঁহাকে কাপড় পরিতে বলেন। কখনও বা প্রভু তাহাত তাঁহাকে কাপড় পরাইয়া দেন।

এইভাবে নিত্যানন্দ ও শ্রীগোরাঙ্গ নবছাপে নানা অলৌকিক লীলার অভিনয় করিতে লাগিলেন। মহাপ্রভু একদিন নিত্যানন্দ, ইরিদাস প্রভৃতি ভক্তবৃন্দকে আদেশ করিলেন যে, তেংমর। নবছাপের বরে ঘরে গিয়া রুফ্নাম মহামন্ত্র কীর্ত্তন কর।

"শুন শুন নিত্যানন্দ! শুন হরিদাস।
সর্বত্র আমার আজা করহ প্রসাশ ॥
প্রতি ঘরে ঘরে গিয়া কর এই ভিক্ষা।
বল রুষ্ণ, ভজ রুষ্ণ, রুষ্ণ কর শিক্ষা॥
ইহা বহি আরে না বলাবে, না বলিবা।
দিন-অবদানে আদি আমারে কহিলা।

নহাপ্রভুর আজ্ঞা শিরোধার্য করিয়া নিত্যানন্দ, হরিদাস প্রভৃতি নবদ্বীপের ঘরে ঘরে গিয়া ক্লফনাম কীর্ত্তন করিতে লাগিলেন।

> "অভি পাই হই জনে বুলে ঘরে ঘরে। বল কৃষ্ণ, গাও কৃষ্ণ, ভজহ কৃষ্ণেরে॥ কৃষ্ণ প্রাণ, কৃষ্ণ ধন, কৃষ্ণ সে জীবন। হেন কৃষ্ণ বল ভাই, হই এক্মন॥"

**ाँ**शास्त्र प्र'क्रान्य मनीट्यासार नमीया नगरी ज्रुप्त इहेन: তাঁহাদের ছইজনেরই সন্নাসি-বেশ, কেহ তাঁহাদের ভিক্ষা দিতে আদিলে তাঁহার৷ বলেন, "অন্য ভিক্ষা চাই না, ঋণু কুফনাম বল।" ধাঁহার৷ সংলোক তাঁহার। ই হাদের কীর্ত্তনে বড় আনন্দ পান, আর যাহার। ত্রজ্জন তাহার। কেই বা ই হাদিগকে উন্নাদগ্রস্থ, কেই বা ক্ষিপ্ত বলিয়া উপহাস করে। আবার কেই বা বলে, নিমাই পণ্ডিত দকল লোকগুলিকে নষ্ট করিল, এই তুইট। নিমাইয়ের চর ও আমাদিগকে নষ্ট করিতে আদিয়াছে। কেহ বলে, ব্যাটারা চোর, ইহাদিগকে মার, ইহারা চুরির মংলবে এখানে আদিয়াছে: নিত্যান্দ ও হরিদাস তজনদের কথা শুনেন, আর হাসেন: সারাদিন নদীয়ার ঘারে ঘারে হরিনাম কীর্ত্তন করিছা সন্ধ্যাকালে নিমাই-সকাশে ফিরিয়া তুই ভক্তপ্রবর সারাদিনের কার্য্যের বিবরণ জানান: একদিন পথিমধ্যে জগাই মাধাই নামক তুই পাষতের সহিত তাঁহাদের সাক্ষৎ হইল। আক্ষাণ বংশে অন্মগ্রহণ করিলেও ভাহারা দেবদিজ মানে না, দম্বাবৃত্তি, তক্ষরতা ভাহাদের নিভাক্রিয়া আর ভাহার। গোমাংস-ভক্ষণে মহাপট। মদ ধাইয়া ভাহারা গুইজনে রাস্তায় পড়িয়া গড়াগড়ি যায় আর যাহাকেট সম্মুধে দেখিতে পায় তাহাকেই ধ্রিয়া কিল, ঘুলি ৪ চর মারিতে থাকে। নিত্যানন ও হরিদাস একদিন দুর হইতে এই তুই পাষ্টের কাণ্ড দেখিতে পাইয়া ভাবিলেন, এই তুই নরপশুকে উদ্ধার করিতে পারিলে প্রভুর আজ্ঞ। সমাক্ প্রতিপালিত এবং আমাদের শ্রম সার্থক হইল বলিয়া মনে করিব। এই ভাবিয়া তাঁহারা তুওখায়ের নিকট গেলেন, লোকে তাঁহাদিগকে নিকটে ঘাইতে কিছ কৃষ্ণাতপ্ৰাণ নিত্যানন নিষেধ করিলেন: ভাহাতে কর্ণাভ করিলেন না। নিকটে যাইয়া নিভাানক গাহিলেন---

"বল কৃষ্ণ, ভঙ্গ কৃষ্ণ, লহ কৃষ্ণ নাম। কৃষ্ণ মাতা, কৃষ্ণ পিতা, কৃষ্ণ ধনপ্রাণ॥ তোমা সবা লাগিয়া কুষ্ণের অবঁতার। হেন কৃষ্ণ ভঙ্গ, সব ছাড় অনাচার॥"

নিত্যানন্দের গান শুনিয়াই জগাই মাধাই মাথা তুলিয়া দাঁড়াইল, তথু দাঁড়ান নহে—নিত্যানন্দ ও হারেদাগপ্রভুকে ধরিবার জন্ম তাহারা ধাবমান হইল। প্রভুষয় আর কি করেন, কৃষ্ণ, কৃষ্ণ বলিয়া দাৈডিতে লাগিলেন। লোকেরা দ্র হইতে তাহা দেখিয়া বলিতে লাগিল, "কেমন, পূর্কেই ত বলিয়াছিলাম, ও তুই যমদূতের নিকট ভগুমি করিতে যাইও না, এখন কেমন ? যেমন ভগু, তার উপযুক্ত শান্তি হোক।" শেষে কিছুদ্র দােডিয়া পশ্চাদাবন করিতে করিতে মাতাল-লম্ম নিজেরাই নিজেদের মধ্যে মায়ামারি বাধাইয়া দিল, তদ্দর্শনে প্রভুষয় হাসিতে হাসিতে নিশিত্মনে গৌরাজসকাশে যাইয়া সমস্ত ঘটনা বিবৃত্ত করিলেন। মহাপ্রভুর সম্মুধে শ্রীনবাস বসিয়াছিলেন, তিনি মহাপ্রভুকে পাষগুদ্বয়ের পরিচয় দিলেন।—

"দে তৃইয়ের নাম প্রভু, জগাই মাধাই।
স্থ্রাহ্মণ পুত্র তৃই, জন্ম এই ঠাই।
সঙ্গদোষে দে দোঁহার হৈল হেন মতি।
আজন্ম মদিরা বহি আর নাহি গতি।
দে তৃষ্কের ভয়ে নদীয়ার লোক ভরে।
হেন নাহি, ধার ঘরে চুরি নাহি করে।

মহাপ্রভূ বলিলেন, "সেই পাষাওছয় যে মূহুর্তে নিভ্যানন্দকে দর্শন করিয়াছে, সেই মূহুর্তেই ভাহারা উদ্ধার পাইয়াছে। একদিন নিভ্যানন্দ রাত্তিকালে জগাই-মাধাইয়ের নিকট দিয়া আসিতেছেন, মগুণ জগাই-মাধাই জিল্পাসা করিল, তুই কে ? নিত্যানন্দ বাললেন, আমি অবধৃত। অবধৃত-নাম শুনিয়া মাধাই কৃপিত হইয়া নিত্যানন্দের মাথায় একটি মূট্কী তুলিয়া মারিল। মূট্কী তাহার মাথায় কৃটিয়া অবিরলধারে রক্ত পড়িতে লগিল। মাধাই আবার তাহার মাথায় কলসীর কানা মারিতে উগ্রত হইল। নিত্যানন্দের মাথায় দর-বিগলিত রক্ত ধারা দেবিয়া জগাইয়ের প্রাণে দয়ায় উল্লেক হইয়াছে; তিনি মাধাইয়ের হাত ধরিয়া তাহাকে একায়া হইতে নিবৃত্ত করিলেন। এই সময় লোকজন গয়া মহাপ্রভূকে সংবাদ দিল।মহাপ্রভূ সাক্ষোপায় লইয়া তথায় উপস্থিত হহলেন। প্রভূ আসিয়া নিত্যানন্দের অবস্থা দেবিয়া "চক্র" "চক্র" বালয়া হস্বার করিলেন। নিত্যানন্দের অবস্থা দেবিয়া "চক্র" "চক্র" বালয়া হস্বার করিলেন। নিত্যানন্দের অবস্থা দেবিয়া "চক্র" "চক্র" বালয়া হস্বার করিলেন। নিত্যানন্দের অবস্থা দেবিয়া "চক্র" "চক্র" বালয়া হস্বার করিলেন—

"মাধাই মারিতে প্রভূ! রাখিল জগাই। দৈবে সে পড়িল রক্ত তৃংখ নাহি পাই॥ মোরে ভিক্ষা দেহ প্রভূ! এ তৃই শরীর।
কিছু তৃংখ নাহি মোর, তুমি হও দ্বির॥"

জগাই নিত্যানন্দের প্রাণঃক্ষা করিয়াছেন, এই কথা শুনিয়া মহাপ্রভু জগাইকে আলিঙ্গন করিলেন। তদ্দর্শনে মাধাই কাঁদিতে কাঁদিতে বলিল, "প্রভু যদি জগাইকে উদ্ধার করিলে, তবে আমাকে আর বাকারাধ কেন? ও চরণে আমি কোন অপরাধ করিয়াছি ?" প্রভু বলিলেন, "তুই নিত্যানন্দের অক্ষেরক্রপাত করিয়াছিস্, আমি কোন মতে ভোর পরিবাণ দেখিতেছি না।" মাধাই বলিল, "সে কি প্রভু! অক্ষরগণ তোমায়

বাণে বিদ্ধ করিয়াছিল, তুমি তাহাদিগকে চরণদানে শৈথিলা কর নাই, তবে আজ মাধাইয়ের বেলা করিতেছ কেন ?" তাহা শুনিয়া মহাপ্রভূবলিলেন—

"আমা হৈতে এই নিত্যানন্দ দেহ বড়। তোমা স্থানে এই সত্য করিলান দড়।"

তথন মাধাই বলিল, "প্রভূ যদি আমার সম্মাধে সমস্ত সভা কথাই विनात, जाहा हरेल कि উপায়ে আমার মুক্তি হইবে আমাকে ভাহাই বলিয়া দাও।" প্রভু বলিলেন, "তুমি নিত্যানন্দের চরণ ধরিয়া ক্ষমা চাও, তিনি ক্ষমা করিলেই তুমি মুক্তি পাইবে।" মাধাই তথন निजानत्मत्र हत्राप পতिত इहेल, निजानम जाहारक काल पिरलन, উভয়ে উভয়কে দৃঢ় আলিঙ্গন করিলেন। অতঃপর জগাই মাধাইকে সঙ্গে লইয়া প্রত্ নিজের আলয়ে গেলেন, প্রত্র ছই পার্থে নিত্যানন্দ ও গদাধর বসিয়া, সম্ম থে অহৈত, পুগুরীক বিদ্যানিধি, হরিদাস, বক্রেশ্বর পণ্ডিত, চক্রশেশর আচার্যা প্রভৃতি উপবিষ্ট। ই হানের মধ্যে পড়িয়া জগাই-মাধাই পড়াগড়ি যাইতে লাগিলেন। মহাপ্রভু স্মবেত ভক্ত-বুন্দকে সংঘাধন করিয়া বলিলেন, "আজি হইতে এই জগাই-মাধাই আর মদাপ নহে, ইহারা তুইজন আমার পরমভক্ত। ইহাদের যাহা বিছু অপরাধ সকলে তাহা ভূলিয়া গিয়া ইহাদিগকে আলিঙ্গন কর এবং আমার ভক্তমধ্যে ইহাদিগকে গণ্য কর।" ভক্তগণ সকলে জগাই মাধাইকে আলিখন করিলেন। মহাপ্রভু ভাহাদের সঙ্গে হরিনাম কীর্ত্তন ও নৃত্য করিতে লাগিলেন। দহ্য জগাই-মাধাই মহাভক্তে পরিণত হইল।

এইভাবে মহাপ্রভ্র সঙ্গে হরিনাম কীর্ত্তন করিয়া নিত্যা-নন্দপ্রভূ নব্দীপে বস্বাস করিতে লাগিলেন। একদিন মহাপ্রভূ ভক্তগণসহ বসিয়া আছেন, কথা-প্রসঙ্গে তিনি এমন একটি কথা বলিলেন, যাহাতে নিত্যানল প্রভু ছাড়া আর কেহ ব্রিতে পারিল না খে, মহাপ্রভু শীঘ্রই সংসারাশ্রম পরিত্যাগ করিবেন। প্রভূর ইঙ্গিত ভানিয়া নিত্যানন্দের মৃথ বিষালে আছের হইল। প্রীগৌরাঙ্গের এমন স্থলর কেশপাশ মৃণ্ডিত হইবে—এ চিন্তা নিত্যানন্দের নিকট নিতান্তই ছার্কিষহ বলিয়া বোধ হইতে লাগিল। মহাপ্রভু নিত্যানন্দের মনের ভাব ব্রিতে পারিয়া বলিলেন, "লেথ আমি কাল্ই সন্ধ্যাস্থর্মে দীক্ষালইব। সন্ধ্যাসী হইয়া যদি আমি ঘরে ঘরে এই নাম কীর্তন করিয়া বেড়াই, কেহই আমাকে মারিবে না, অথবা কিছু বলিবে না।" ভাষা ভানিয়া নিত্যানন্দ বলিলেন—

"যেদ্ধপ করাহ তুমি, দেই হই আমি।
এতেকে বিধান দেহ অবতার জানি।
জগং উদ্ধার যদি চাহ করিবারে।
ইহাতে নিষেধ নাহি করিবে আমারে।"

অতঃপর প্রভাবলিলেন, "দেখ ইক্রাণি নিকটে কাটোয়। নামক প্রান আছে, তথার কেশব ভারতী নামক সন্ন্যাসী আছেন, আমি উত্তরারণ দিবসে তাঁহার নিকট ংইতে দীক্ষা লইব। আমার জননী, গদাধর, ব্রহ্মানন্দ, চক্রশেখরাচাধ্য ও মৃকুন্দকে মাত্র এই সংবাদ দিবে। নিত্যানন্দ সম্মত হইলেন।

অতঃপর গৌরচক্র সন্মাদ গ্রহণ করিয়া নীলাচলে গমন করিকোন। বঙ্গদেশ হইতে প্রতিবংসর শ্রীচৈতত্তার বহুসংখক শিষ্য পুরীধামে যাইয়া মহাপ্রভূব সহিত অভিবাহিত করিতেন এবং মধুর হরিনামে সমগ্র জগন্নাথক্ষেত্র মুধ্রিত করিয়া তুলিতেন। নিভ্যানন্দ্পপ্রভূপ দেই সঙ্গে যাইতেন। মহাপ্রভুর সহিত নিত্যান্দও নীলাচলে বাইতেছিলেন, কিন্তু মহাপ্রভু তাঁহাকে প্থিমধ্যে বলেন—

"প্রভু বলে শুন নিজ্যানন্দ মহামতি।
সদ্বরে চলহ তুমি নবদীপ প্রতি ॥
শ্রীবাসাদি যত আছে ভাগবতগণ।
সবার করহ গিয়া হঃথ বিমেচেন ॥
এই কথা তুমি গিলা কহিও সবারে।
আমি যাই নীলাচলচন্দ্র দেপিবারে ॥

মহাপ্রভুর অবর্ত্তমানে নবদীপে যাঁহারা ফ্রিলমান হইরা পড়িলাছিলেন নিত্যানন্দের আগমনে আবার তাঁহাবা উৎফুল হইলেন।

একবার রথবাত্রার সময় নিত্যানন্দ ভক্তগণসহ নীলাচলে বাইতেই প্রীনীমহাপ্রভু নিত্যানন্দকে ডাকিয়া নিভুতে অনেক কথা বান্তঃ বলিলেন, বোধ হয় নিত্যানন্দকে দারপরিগ্রহ করিয়া বৈষ্ণবধ্দ প্রচাবের জন্মই বলিয়াছিলেন। তাহার পর হইতেই নিত্যানন্দ অধিকানগরে স্থাদাস পণ্ডিতের বহুধা ও জাহ্লবী নামী তুই কন্যাকে বিবাহ করিয়াছিলেন। কিন্তু ইহা পরের কথা। প্রীশ্রীনিত্যানন্দ-চরিতামূত-পাঠে জানা বায়, মহাপ্রভুর সহিত নিত্যানন্দপ্রভুও পুরীধানে আসিফাছিলেন। মহাপ্রভু জগন্নাথ দর্শন করিয়া তাহাকে কোলে লইবার জন্ম উন্গ্রীব হইয়া: মৃচ্ছিত হইয়া পড়েন, তাহার পর নিত্যানন্দপ্রভুও মন্দিরে গিয়াছিলেন। সাক্ষত্রেন মহাশম্ম নিত্যানন্দপ্রভুর পদব্লি গ্রহণ করিয়াছিলেন। নিত্যানন্দপ্রভু জগন্নাথকে ক্রিয়াভাবেন, পাঞাগণ কেইই তাহাকে ধরিয়া রাধিতে পারে নাই। তিনি এক লক্ষ্কে জগন্নাথের স্বর্থ-সিংহাসনে উঠিয়া

বলরামকে আলিঙ্গন করিয়া বসিলেন। পাণ্ডারা তাঁহাকে ধরিয়া নামা-ইলেন, বলরামের গলার মালা পরিয়া নিত্যানন্দ সার্কভৌমের বাটীতে চলিয়া গোলেন। ইহা দেখিয়া পাণ্ডারা মহা বিস্মিত হইল। মহাপ্রভুর নিকট উপস্থিত হইতেই মহাপ্রভু নিত্যানন্দকে বলিলেন—

> "পরম সন্দেহ চিত্তে আছিলা আমার। কিরুপে পাইব আমি সংহতি তোমার। রুফ তাহা পূর্ণ করিলেন অনায়াসে।"

এইরূপ নানা কথাবার্তা বলিয়া মহাপ্রভূ মহাপ্রসাদ গ্রহণ করিলেন।
একদিন নিত্যানদকে ।নভূতে লইয়া গৌরাঙ্গদেব বলিলেন, 'দেখ
নৈত্যানদ তুনি নবছীপে যাইয়া এই প্রেমধন্ম প্রচার কর। আমি
প্রতিজ্ঞা করিয়াছিলাম যে, মুর্থ নীচ সকলকে প্রেমস্থার ভাসাইব,
আমার সে প্রতিজ্ঞা আমি পালন করিতে পারি নাই, তোমাকে পালন
করিতে হইবে, কিন্তু তুমি যদি সন্নাদীর মত সংসারাশ্রমাদি পরিত্যাপ
করিছে হইবে, কিন্তু তুমি যদি সন্নাদীর মত সংসারাশ্রমাদি পরিত্যাপ
করিছে ব্রমধন্ম দীক্ষা দিবে প্

"মূর্থ নীচ পতিত হঃখিত যত জন। ভক্তি দিয়া কর গিয়া স্বারে মোচন ॥"

প্রত্য আদেশ পাইয়। নিত্যানন্দ গৌড়দেশাভিম্থে প্রত্যাবর্ত্তন করিলেন। রামদাস, গদাধর দাস, রঘুনাথ বৈদ্য ওঝা, রুফ্দাস পণ্ডিত, পরমেশ্বর দাস, পুরন্দর পণ্ডিত প্রভৃতি ভক্তগণও নিত্যানন্দের সংস্থ নবখীপে প্রত্যাবর্ত্তন করিলেন। পথে আসিতে আসিতে তাঁহাদের

এক একজনের প্রাণে এক এক প্রকার ভাবের উপজয় হইল। কেঃ বা রাধা ভাবে. কেহ বা যশোদা ভাবে এক্লফের ভাবনা করিতে করিতে আসিতে লাগিলেন, ফলে তদ্তাবে ভাবিত হৃথা সকলেই বাহজান-শুনা হইলেন। পথিমধ্যে এইভাবে তাঁহারা কতবার যে প্রক্রন্ত পথ রাধিয়া অনা পথে গিয়া পডিয়াছিলেন তাহার আর ইয়ন্তা নাই। তার পর যে পথ আসিবেন তইমাদে সেই পথ ছয়মাদে অতিক্রম করিয়া তাঁহার: গৰাতীরে পাণিহাটি গ্রামে আসিয়া উপ্স্থিত হইলেন। পাণিহাটিতে রাঘব পণ্ডিভের বাটী, তথায় স্পারিষদ নিত্যানন্দ কিছুকাল অবস্থান করিলেন। এখানে দিনরাত সন্ধীর্ত্তন চলিতে লাগিল। কীর্ত্তনে সিদ্ধহন্ত মাধ্ব ঘোষ আসিয়া নিত্যানন্দের সহিত যোগদান করিলেন। মাধব, গোবিন্দ ও বাহ্নদেব তিন ভাই মনের আনন্দে গান গাহিতে লাগিলেন, আর নিত্যানন তাঁহাদের সহিত নাচিতে লাগিলেন। তাঁহার ভাবোচ্ছাদ-উভুত পদভরে পৃথিবী যেন কাঁপিতে লাগিল। নাচিয়: নাচিয়া গান শেষ হইলে নিভ্যানন্দ খটার উপরে উপবেশন করিলেন এবং তাঁহাকে অভিষেক করিবার জন্য ভক্তরনের প্রতি আদেশ করি-লেন। রাঘবপণ্ডিত-প্রমুথ পারিষদগ্র তাঁংাকে অভিষেক করিতে লাগিলেন। গঙ্গাজলে নিভ্যানন্দকে স্নান করাইয়া নানা গলে তাঁহার দেহ স্থবাসিত করিয়া **তাঁহাকে নৃতন বসনে বিভূষিত করা হইল।** দিব্য ম্বর্ণিধচিত থটার উপর প্রভূকে বসান হইল, রাঘবানন্দ তাঁহার শিরোদেশে ছত্র ধারণ করিলেন। কতক্ষণে নিত্যানন্দ রাঘবানন্দের প্রতি আজঃ করিলেন, "দেখ আমি কদম্বপুষ্প বড় ভালবাদি, আমাকে কদম্ভূত আনিয়া দেও।" রাঘবানন বলিলেন, "প্রভু এখন ত কদমের ফুল ফুটিবার সময় নহে।" তছত্তরে নি ত্যানন্দ বলিলেন, "একবার বাডীর ভিতর গিয়া ভাল করিয়া চতুর্দ্ধিকে চাহিয়াই দেখ, নিশ্চয়ই কদম্বের ফুল পাইবে "

সভাই রাধবানন্দ বাড়ার অভাস্করে গিয়া দেখেন, ভবে ভবে কদম্বের ফুল ফটিয়া রহিয়াছে। রাহ্বানন্দ সেই ফুল চয়ন করিয়া মাথা গাঁথিয়া ানভ্যানন্দের গলায় দিলেন।

এই ভাবে নিশিদিন কীর্ত্তনানন্দে মাতিয়া নিত্যানন্দ প্রভূ তিন মাস কাল পাণিহাটি প্রামে কটিছিলেন। অভ্যপর মহাপ্রভূ নিত্যানন্দের ভলগার পরিতে বিশেষ ইচ্ছা হইল। ভক্তগণ নানাবিধ অলক্ষার আনিয়া তাঁহাকে পরিতে দিলেন। তুই হস্তে তিনি স্ক্রর্ণের বলয় ধারণ করিলেন, কঠে কডাক্ষমালা, অনুরীতে অনুলীয়ক, গাদপদ্মে রজত-রূপুর, অন্তে শুক্ল, পট্ট, নীল, পীত প্রভৃতি নানাপ্রকার বসন পরিধান করিলেন। এইভাবে নানাবিধ অলক্ষার পরিয়া প্রভূ ভক্তগণের গৃহে গৃহে ভ্রমণ করিতে লাগিলেন।

> "ভাহ্নীর জুই ভূলে যত আছে গ্রাম । স্থাত ভ্রমেন নিভ্যানন জ্যোতিধাম ॥"

তাহার সেই দিব্যম্ভি দর্শনে নিতান্ত পাষ্ডও তাঁহার প্রতি অহরক ্ষা কি ভোজনে, কি শ্যনে, কি বা প্র্টিনে কোন সময়ই স্কীর্ভন ছাড়া ল্যুর্থ যায় না।

> "যেদিকে চাহেন নিভ্যানক প্রেমরসে । সেই দিগে স্ত্রীপুক্ষ কৃষ্ণহুথে ভাসে । হেন সে করেন ক্রপাদৃষ্টি অতিশন্ত । প্রানকে দেহস্পৃতি কারো না থাক্য ॥"

এইভাবে গান করিতে করিতে প্রভুনিত্যানন্দ গদাধরের বাটীতে উপ্রভিত হইলেন। গদাধর বাহুজানহীন, নিরস্তর হরিনাম ভিন্ন গদাধর অার কিছুই জানেন না। কিন্তু ঐ প্রামের কাজী বড়ই অত্যাচারী, সে হরিনাম শুনিলেই পদাহত। ফণীর ন্যায় গর্জন করিয়া উঠে। গদাধর একদিন রাক্সিকালে কাঞীর বাটীর অভ্যন্তরে উপস্থিত হইলেন। রাক্সিকালে গদাধরকে আপন আলম্যে দেখিয়া কাজী একেবারে বিস্মিত হইয়া গেল এবং বলিল, "একি! গদাধর তুমি এত রাজে এখানে কেন ?" গদাধর বলিলেন—

"শ্রীচৈতন্ত নিত্যানন্দ প্রভূ অবতরি। জগতের মুখে জানাইল হরি হরি॥ সবে তুমি মাত্র নাহি বল হরি নাম। তাহা বলাইতে আইলাম তোমা হান।"

গদাধরের কথা শুনিষা কালা বলিলেন, "কাল হরি বলিব, আজ তুমি ঘরে যাও।" গদাধর বলিলেন, "আবার কালি কেন ? এই ত এই মাত্র তুমি হরিনাম করিলে। আর তোমার কোন কালে কোন অমঙ্গল হইবে না, থেহেতু তুমি হরিনাম করিয়াছ।" গদাধরের বাসনা চরিতার্থ হইল, তিনি আনন্দে নৃত্য করিতে করিতে গৃহে ফিরিয়া আসিলেন। থে কাজী হিংসা ভিন্ন জানিত না, আজ সেই কাজা নিত্যান্দ প্রভ্র ক্রপায় সহসাধুসজ্জনে পরিণত হইল।

এই ভাবে কতদিন পড়দহে থাকিয়। নিত্যানকপ্রভু সপ্তথানে আসিকেন। সপ্তথান "ব্রিবেণীঘাট" নামে পরিচিত, জাহেবা, যমুনা ও সরকরতার তথায় শুভ সন্মিলন হইগাছে। ভক্তরুক্দ-সমভিব্যাহারে প্রভু
নিত্যানক সেই ব্রেবেণীঘাটে স্থান করিলেন। ব্রিবেণীতে উদ্ধারণ দত্ত
নামে এক মহা ভক্ত ছিলেন, তিনি সপারিষদ নিত্যানক্রের পরম সমাদর
করিলেন। নিত্যানক্রের পাদস্পর্শে শুরু যে উদ্ধারণের গৃহ পরিত্র হইল,

তাহা নহে; সমন্ত বণিক-কুল পর্যান্ত ধক্ত ও ক্লতার্থ হইল। সপ্তগ্রামে প্রতি বণিকের ঘরে ঘরে নিত্যানন্দ মহাপ্রভূ মধুর হারনাম সংক্টার্ডন করিলেন।

> "মহা ভাগবতশ্রেষ্ঠ দত্ত উদ্ধারণ। সর্বভাবে দেবে নিত্যানদের চরণ।"

> > —প্রীশ্রীচৈতক্সচরিতামৃত।

১৪০৩ শকে গঙ্গা, যমুনা ও সরস্বতীর মুক্ত-বেণীস্থান ত্রিবেণীর তীরবন্তী ছগলী জেলার অন্ত:পাতী সপ্তগ্রাম নগরে (ত্রিশ্বিঘা ষ্টেশনের সদ্লিকট) বৈশ্য জ্বাতীয় স্বর্ণবিণিকবর্ণসভূত শ্রীল শ্রীযুক্ত শ্রীণীধরচন্দ্র দত্ত মহাশয়ের ঔরণে ও শ্রীমতী ভদ্রাবতীর গর্ভে মহাত্মা শ্রীমন্ উদ্ধারণ দক্ত ঠাকুর জন্মগ্রহণ করেন। ইনি শ্রীশ্রীমন্নিত্যানন্দ প্রভূব মহা, অন্তরঙ্গ প্রিয় ভক্ত এবং প্রিয় পার্যন ছিলেন। ইনিই শ্রীশ্রীক্রফাবতারে শ্রীশ্রীক্রফের প্রিয়স্থা শ্রীদাম, স্বল প্রভৃতি দ্বাদশ গোপালের মধ্যে স্ববাহ নামক পঞ্চম গোপালেরপে অবতীর্ণ হয়েন।

"শ্রীদামাচ স্থদামাচ স্থবলত নহাবল। স্থবাছ ভিদ্রসেনশ্চ শ্যোক কৃষ্ণ স্থামকৌ॥ লবকশ্চ মহাবার্ছ গন্ধর্ব বীরবাহুকৌ॥"

- बुर् शननी शिका।

প্রীশ্রীকৃষ্ণের প্রিয়দধা উক্ত বাদশ গোপালের মধ্যে "স্থাত্রো ব্রেছে গোপো দত্ত উদ্ধারণাখ্যক" অর্থাৎ ব্রজনীলায় যিনি স্থবাত্ত নামে গোপাল-দথা ছিলেন তিনিই শ্রীগোরাক্ত অবতারে শ্রীমদ্ উদ্ধারণ দত্ত ঠাকুর নামে অবতীর্ণ হন। শ্রীমদ্ উদ্ধারণ দত্ত ঠাকুর মহাশন্ত যুবা বহসেই নিজ পুত্র শ্রীশ্রীনিবাসচন্দ্র দত্ত মহাশন্তকে গাহ স্থো শ্রীশ্রীপপ্রত্যুর দেবাদি কার্য্যে নিযুক্ত রাধিয়া বৈরাগ্যবশতঃ শ্রীশ্রীমন্ধিত্যানন্দপ্রভূব একান্ত শরণাগত হইয়া সর্বাস্তঃকরণে তদীয় সেবা করিতে করিতে তীর্থ পর্যাটনে বহির্গত হন। উদ্ধারণ দত্ত নিত্যানন্দ প্রভুর এতদূর প্রিয়পাত্ত হইয়াছিলেন যে, প্রভু তাঁহার হস্তের রন্ধন-দ্রব্য পাইতে বিন্দুমাত্ত হিধা-বাধ করিতেন না। শ্রীনিভ্যাঃবংশবিস্তার গ্রন্থে আছে—

"একদিন বিপ্র সব একত ইইয়া।
হাস পরিহাস রূপে প্রভুরে স্থায়া॥
শ্রীপাদের নিতি নিতি ভিক্ষা আয়োজন।
স্থাক করয়ে কিংবা আছয়ে আক্ষা॥
প্রভু বলে কখন বা আমি পাক করি।
না পারিলে "উদ্ধারণ" রাধয়ে উতরি॥
এই মত পরিবর্ত্ত রূপে পাক হয়।
শুনিয়া সবার মনে লাগিল বিশ্ময়॥
তারা কহে এ বৈফব হয় কোন জাতি।
প্রবাশ্রমে কোন্ নামে কোথায় বসতি॥
প্রভু কহে "ত্ত্রেবেণী"তে বসতি উহার।
স্থবর্ণ বিপিক দেখি করিক স্থীকার॥
এত শুনি সব বিপ্র হাসিতে লাগিল।
ঈশ্রের স্বেচ্ছাময় আচার জানিল॥"

উদ্ধারণ দত্ত কয়েক বংসর শ্রীশীময়িত্যানন্দপ্রভুর সেবা করিতে করিতে নীলাচল, শ্রীবুন্দাবনধাম প্রভৃতি নানা তীর্থস্থান পর্যাটন করিয়া শ্বনেধে কাটোয়ার উত্তর "উদ্ধারণপুরে" শ্রীশ্রীপমহাপ্রভুর প্রতিমৃতি স্থাপনপূর্বক সেবা করেন। এইরূপ কিছুকাল যাপন করিয়া অগ্রহায়ণ মাদের কৃষ্ণা অয়োদশী তিথিতে তিনি তিরোহিত হন।

সপ্তথ্রামে কিছুকাল অতিবাহিত করিয়া প্রভু নিত্যানন্দ শান্তিপুরে আগমন করেন। শান্তিপুরে আদিয়া তিনি অবৈত আচার্য্যের গৃহে অবস্থান করিতে লাগিলেন। কিছুকাল শান্তিপুরে অবস্থানপুর্বক প্রেমবক্সায় শান্তিপুর প্লাবিত করিয়া নিত্যানন্দ অতঃপর নবদীপে আদিলেন।

নিত্যানন্দ নবধীপে পৌছিয়াই প্রথমে শচীমাতার চরণে প্রণাম করিলেন। শচীমাতার ইচ্ছাছসারে তিনি নবধীপে থাকিয়া ঘরে ঘরে কৃষ্ণনাম মহামন্ত্র প্রচার করিতে লাগিলেন।

> "নবদ্বীপে নিত্যানন্দ প্রতি ঘরে ঘরে। সব পারিষদ-সন্দে কীর্ত্তন বিহরে।"

নিত্যানলকে নবৰীপবাসী সাক্ষাৎ শ্রীচৈত তাের মত ভক্তিশ্রদা করিতে লাগিল। কিন্তু নবদীপে এক বাাফা ছিল, সে পূর্বে মহাপ্রভুর সহপাঠী ছিল। নিত্যানলের প্রভাব দেখিয়া সে সন্দিহান হইল। কিন্তু পরিশেষে নীলাচলে গিয়া মহাপ্রভুর সহিত সাক্ষাৎ করিলে প্রভুকে সে বলিল, "মাচ্চা প্রভু নিত্যানলকে যে নবদ্বীপের সকলে অবধৃত বলে, ইহা কিরণে বলে তাহা আমি ব্বিতে পারি না। লোকে বলে, নিত্যানল পরম সন্নাসী, কিন্তু কর্প্র তাম্পূল তাঁহার নিত্য ভক্ষ্য। সন্ন্যাসীর পক্ষে ধাতুদ্রবা স্পর্শ করা উচিত নহে, কিন্তু নিত্যানলের অক্ষে কত সোনা রূপা দেখিতে পাই, ক্ষায়-কৌপীন তাঁহার পরিধানে নাই, তিনি দিব্য পট্রবাস পরিধান করেন; তিনি দণ্ড ধারণ করেন না, পরস্ক লোহদণ্ড ধারণ করিয়া থাকেন। আর ব্যাহ্ব ক্ষায় শুল্বের আশ্রমে তাঁহার বাস দেখি।"

শ্রীশ্রীমহাপ্রভূ চৈতল্পদেব বাদ্ধণের কথা শুনিষা হাসিয়া বলিলেন,
শন মধ্যে কাস্ত ভকানাং গুণদোষোদ্ধ গণাঃ।
সাধুনাং সমচিত্তানাং বুদ্ধেং প্রমপেযুষাম্।
— শ্রীশ্রীচৈত্রভাগেবত।

বেমন পদাপত্তের গাত্তে কথনও বাল লাগে না, সেইরণ নিত্যানন্দ বিলাগিতার মধ্যে থাকিলেও তাঁহার চরিত্র অতি নিশাল জানিবে। অধিকারীবিহীন হইষা যে নিত্যানন্দের আয় আচরণ করে, সে পাপ-পক্ষে নিমাজ্জিত হয়। যেমন মহাদেব ব্যতীত অতা কেহ বিষ পান করিলে ভাহার নিশ্চিত মৃত্যু হয়, সেইরূপ অধিকারী না হইলে কখনও ভোগৈ-ঘার্যা উপভোগ করিতে নাই, ভাহাতে পত্তন অবভাছাবী। নিত্যানন্দ অধিকারী, স্কুতরাং এই সব বিলাসিভায় তাঁহার অন্তঃকরণ কখনা ক্ষভিভূত হয় না।

"চল বিপ্র! তুমি শীদ্র নবৰীপে যাও।
এই কথা কহি তুমি স্বারে ব্ঝাও॥
গাছে তাঁবে কেহ কোনকপে নিন্দা করে।
তবে আরে রক্ষা তার নাহি হম-ঘরে॥
যে তাঁহারে প্রীতি করে, সে করে আমারে।
সভ্য সভ্য বিপ্র! এই কহিলুঁ তোমারে॥
মদিরা ঘবনী ঘদি নিত্যানন্দ ধরে।
তথাপি ব্রহ্মার বন্দ্য কহিলুঁ তোমারে॥
তথাপি ব্রহ্মার বন্দ্য কহিলুঁ তোমারে॥

প্রভুর কথা শুনিয়া ব্রাহ্মণের নিত্যানন্দের প্রতি প্রগাঢ় শ্রদ্ধান্ত ক্রিয়া আসিয়াই তিনি স্কাগ্রে নিত্যানন্দের

সহিত সাক্ষাৎ করিয়। তাঁহোর চরণধূলি লইলেন এবং আফুপূর্বিক মধামথ বিবরণ বলিয়া ক্ষা ভিক্ষা করিলেন। নিভ্যানন্দ তাঁহাকে ক্ষা করিলেন।

কিছুকাল নিত্যানন্দ নবৰীপধামে লীলামাহাত্ম্য কীর্ত্তন করিয়া গৌরচল্রকে দেখিবার জ্বন্ত সপারিষদ নালাচলে যাত্রা করিলেন। কমলপুরে
পৌছিয়া জগন্ধাথদেবের ধ্বজা দেখিয়াই তিনি ভাবাবেশে মুর্চ্ছিত হইয়া
পড়িলেন। প্রীচৈতন্ত্র বলিতে বলিতে তিনি এক পুপোদ্যানের মধ্যে
বিসলেন। নিত্যানন্দ আসিয়াছেন জানিতে পারিয়া মহাপ্রভুও পুরী
হইতে একাকী সেই পুপোদ্যানে আসিয়া উপস্থিত হইলেন। উভয়ে
উভয়ের সন্দর্শনে গলাগলি করিয়া হরিনাম করিতে লাগিলেন। এই
ভাবে কিছুক্ষণ কাটিলে নিত্যানন্দের নিকট হইতে বিদায় লইয়া আপন
আশ্রমে আসিলেন। তার পর জগন্ধাথ দর্শন করিয়া নিত্যানন্দের প্রাণধে কিরপ হইয়াছিল তাহা নিত্যানন্দ-চরিতামৃতকারের ভাষাতে
বলিতেছি—

"জগন্নাথ দেখি মাত্র নিত্যানন্দ রায়! আনন্দে বিহুৱল হই গড়াগড়ি যায়॥ আছাড়ি পড়েন প্রভু প্রস্তর-উপরে। শতুজনে ধবিলেও ধবিতে না পাবে॥"

অতঃপর গৌরচন্দ্র একদিন নিত্যানন্দকে বলিলেন, "তুমি গৌড়দেশে যাইয়া সংসার কর। সংসারী না হইলে লোকের নিস্তার হইবে কিরপে? আমি পুনরায় তোমার গৃহে অবতীর্ণ হইয়া দারে দারে ভক্তি-মন্ত্র বিলাইব। দাপরে যহবংশ বিস্তৃত হয় নাই, কিন্তু তোমার বংশ বিস্তৃত হইবে। প্রভুর অবতার নিত্যানন্দ গৌড়দেশে ফিরিয়া আসিলেন, পাণিহাটি গ্রামে রাঘবাচার্য্যের ঘরে আসিয়া তিনি উপস্থিত হইলেন।

ভারিদিক হইতে সে সংবাদ শুনিয়া দলে দলে লোক আদিয়া তথায় উপস্থিত হইল।

অতঃপর অধিকানগরের স্থাদাস পণ্ডিতের তুই ক্যার সহিত নিত্যা-নন্দের বিবাহ হয়। পত্নীধ্যের নাম বহুধা ও জাহ্নবী। বহুধার গর্ভে বীরচন্দ্র নামে নিত্যানন্দের এক সর্ব্ব-স্থাশ্যণ পুত্র জন্ম গ্রহণ করে। এই বীরচন্দ্র গৌড়দেশে বৈষ্ণব সম্প্রদায়ের নেতা হইয়াছিলেন।

অতঃপর নিত্যানন্দ খড়দহে আগমন করেন। তাঁহার আগমনে খড়দহে হরিনামের মহা-কাঁর্ড্ন উত্থিত হইল। নিত্যানন্দ এই সময়ে হরিনাম কাঁর্ডন করিতে করিতে একেবারে মুক্তিত হইয়া পড়িতেন। একদিন শ্রামন্থন্দরের মন্দিরে হরিনাম করিতে করিতে সেই যে তিনি মুক্তিত হইয়া পড়েন, আর কোন মতেই তাঁহার মুক্তাভঙ্গ হয় না। ভক্তগণকে শোকাশ্রুসাগরে ভাসাইয়া নিত্যানন্দ চিরদিনের জন্ম চক্ষু মুক্তিত করেন।

--:0:---

## রূপ-স্নাত্ন

মহাপ্রভ্ শ্রীচৈতন্তের বৈষ্ণবধর্ষবাদ-প্রচারে যে সমস্ত ভক্তা সহায়তা করিয়াছিলেন, তন্মধ্যে নিত্যানন্দের সহিত রূপ-সনাতনের নাম সমস্ত্রে প্রথিত। নিত্যানন্দপ্রভূ মহাপ্রভূর আজ্ঞাম গৌড়দেশে কীর্ত্রন করিয়া হরিনাম বিতরণ করিয়াছিলেন, আরে রূপ-সনাতন হুই ভাই বৃন্দাবনে গিয়া নানা ভক্তিশাস্ত্র প্রকাশ করিয়া গৌরাঙ্গ-লীলারহস্তা সর্ক্রাধারণের সমক্ষে প্রচার করিয়াছিলেন। রনাতন-প্রণীত হরিভক্তিবিলাস, ভাগবতামৃত, দশম টিগ্রনী ও দশম চরিত আজিও বৈষ্ণবস্মাজে আলৃত। রূপ-গোস্বামীর ব্রন্ধবিলাস, রসাম্ত্রিকু, বিদয়্যাধ্ব, উজ্জ্বনীলমণি, ললিত্যাধ্ব, দানকেলী-কোম্দী, গুবাবলী, অষ্টাদশলীলা, গোবিন্দ-বিক্রদাবলী, মথুরা-মাহাত্ম্য, ব্রজবিলাস প্রভৃতি গ্রন্থ প্রথম করেন। ই'হাদের ভক্তিগ্রন্থের ছারা ভগবান শ্রীশ্রীতৈতন্তের ভাবধারা স্থদ্র বৃন্দাবনে কিরূপ বন্ধমূল হইয়াছে, ভাহা মহাতীপ বৃন্দাবনেই প্রকাশ।

রূপ ও সনাতন ছিলেন ছই স্থোলর। কুমারদেব নামক এক উচ্চবংশস্ভূত স্থান্ত লোকের ঔর্গে ই হারা জন্মগ্রহণ করেন। কুমার দেব বাক্লা চক্রদ্বীপে আসিয়া বসবাস করিতে আরম্ভ করেন। অনেক সময় বিষয়-কার্য্যোপলকে তাঁহাকে যশোহর জেলার অন্তঃপাতী ফভয়াবাদ নামক স্থানে গমনাগমন করিতে হইত। এই ফভয়াবাদেই কুমারদেবের ঔরসে দেশবিখ্যাত ভক্ত রূপ-সনাতন জন্মগ্রহণ করেন। কুমারদেব নিজে অভ্যন্ত ধর্মনিষ্ঠ ছিলেন। আচার-অনুষ্ঠান-পালনে তাঁহার ক্যায় নিষ্ঠা সচরাচর অন্ত কাহাতেও দেখা যাইত না। এমনই ধারা ধর্মনিষ্ঠ জনকের আত্মজ বলিয়া রূপ-সনাতনের

জীবনও শৈশব হইতে ধর্মময় হইয়াছিল। পিতা মাতা যদি ধর্মপরায়ণ হন, ভাহা হইলে তাঁহাদের পুত্র-কক্সারাও যে ধর্মশীল হইবে, ইহা স্বতঃদিদ্ধ। রূপ-স্নাতনের জীবন ইহার জাজ্জীগ্যান নিদর্শন।

রপ-সনাতন যে সময়ে জনাগ্রহণ করিয়াছিলেন, সে সময়ে বঙ্গদেশে দৈয়দ হুদেন শাহ নামক এক মুদলমান নরপতি গৌড়ের সিংহাদনে অধিষ্ঠিত হইয়া একতাবিহীন হিন্দুজাতির দৌর্বল্যের প্রতি তাঁব্র উপহাস করিতেছিলেন। সে খুষ্টার পঞ্চদশ শতাব্দার কথা। রূপ-স্নাতনের পিতা মাতা তাঁহাদের পুত্রবয়কে উত্তম রূপ সংস্কৃত শিক্ষা দিয়াছিলেন। সংস্কৃতশাস্ত্রে তাঁহারা এক্রপ প্রগাঢ় ব্যুৎপত্তিশালী হইয়াছিলেন ে, গৌডাধিপতি ছদেন শাহ তাঁহাদের তুই সহোদরকে সাদরে আহ্বান করিয়া সনাত্ত্রকে মন্ত্রিপদে এবং রূপকে প্রধান রাজ-কর্মচারীর পদে নিযুক্ত করেন। রূপ-স্নাত্ন কর্ত্তবানিষ্ঠ ছিলেন, তাঁহারা রাজকার্যা कथन अ व्यवस्था कतिराजन ना। ज्ञासन भार उँशिए तत्र कर्खवानिक्री দর্শনে পুলকিত হইয়া তাঁহাদিগকে বিশুর ভ্রম্পত্তি দান করেন। এইরপ রাজ্বত ভুসম্পত্তি পাইয়া তাঁহারা হুই ভাই যথেষ্ট ধনশালী হুইয়া উঠেন এবং রাজধানী পরিভাগে করিয়া ফতেয়াবাদ গমনাগমন করা তাঁহাদের পক্ষে অসম্ভব হওয়ায় তাঁহারা গৌডের নিকট রামকেলিতে বাসভবন নির্মাণ করেন। একাকী নিঃদঙ্গ বাস করা অসম্ভব বিধায় তাঁহারা ফতেয়াবাদ হইতে তাঁহাদের বহুতর প্রতিবেশীকে রামকেলিতে আনাইয়া বাস করান। ছদেন শাহ রূপ-স্নাতনকে চুইটি যাবনিক নামে অভিহিত করিতেন। ব্রপের নাম হইয়াছিল দবির খাঁ আর স্নাতনের নাম সাকার মুল্লিক। নবাব-সরকারে ই হারা এই তুই নামেই পরিচিত ছিলেন।

রপ-সনাতন রাজ-সরকাবে উচ্চপদে চাকুরী করেন, তাঁহাদিগকে 
একরণ গৌড়ের বাদশাহ বলিলেও অত্যুক্তি হইত না, কিন্তু এত ধনরত্ব-

ক্রমধ্যের মধ্যে আকঠ নিমগ্ন থাকিয়াও তাঁহারা ভগবংবিম্ধ ছিলেন না। রাজকাধ্য সমাপন করিয়াই তাঁহারা হরিনাম সন্ধার্তন, ভক্তিশাস্ত্রাদি পাঠ এবং ভক্তপর্ণের সহিত ধর্মকথায় অতিবাহিত করিতেন। পণ্ডিতগণ তাঁহাদের বাটীতে সমবেত হইয়া সর্বনা শাস্ত্রালোচনা করিতেন। এইরূপ শাস্ত্রালোচনার ফলে ইহারা "হংসদৃত" ও "পত্যাবলী' নামক তুইখানি গ্রন্থ প্রথমন করেন। সকল ধর্মের মধ্যে ভক্তিই শ্রেষ্ঠ ধর্ম্ম। শত শত শাস্ত্র অফুশীলন করিলে ভগবানকে পাওয়া যায় না। ভক্তের দারে ভগবান চিরকালই বাঁধা। ভগবান ভক্তবাঞ্ছাক্রজক। যেমন পদ্ধবিহীন স্বচ্ছ সরসী-সলিলে মান্ত্রের প্রতিবিশ্ব হন্ধ, তেমনি ভক্তের হৃদয়-মৃক্রে ভগবানের প্রতিভ্রন্থ প্রতিবিশ্বত হন্ধ, তেমনি ভক্তের হৃদয়-মৃক্রে ভগবানের প্রতিভ্রন্থ প্রতিবিশ্বত হন্ধ। থাকে। এইজনাই ভগবান বলিয়াছেন —

"সমোহং সর্বভৃতেষু ন মে ছেব্যোহন্তি যো ভদ্ধন্তি তুমাং ভক্তা, ময়ি তে তেম্ব যাধ্যহম্॥"

এই জন্যই ভগবান হস্তিনাপুরের রাজভোগ পরিত্যাপ করিয়া বিত্রের ক্ষুণও পরম আগ্রহের সহিত গ্রহণ করিয়াছিলেন। এইজন্য ভগবান দ্বারকার রাজশিংহাসনে বসিয়াও স্থান্য। বিশ্রের চিপিটকও গ্রহণ করিয়াছিলেন। ভগবানকে পাইতে গেলে ভর্ক-যুক্তিতে লাভ করা যায় না, ভক্তিই তাঁগাকে পাইবার শ্রেষ্ঠ দোপান।

> "ভক্তিশূন্য আমি ব্রাহ্মণেরও নই। ভক্তিমান্ আমি চপ্তালের হই। ভক্তিগীন জনে স্থা দিলে পরে স্থাই নারে। ভক্তিমানু মোরে গরল দিলেও ধাই।"

ইহাই ভগবানের বাণী। একমনে, একপ্রাণে ভগবানকে ডাক, 
ডাকার মন্ত ডাকিতে পারিলে তিনি কতক্ষণ চুপ করিয়া থাকিতে 
পারেন ? প্রহলাদ তাঁহাকে ডাকার মত ডাকিয়াছিল, ডাই কি জলস্ত 
পাবকে, কি ভীমগ্রজন জলধিবক্ষে, কি মদমন্ত হন্তীপদতলে 
পড়িয়াও তিনি রক্ষা পাইয়াছিলেন। ধ্বেব ডাকার মত ডাকিয়াছিল, 
তাই ভগবানও মূর্ত্তিমান্ হইয়া ব্রাভয়দাতারূপে তাহার 
অভীষ্ট-পুরণের জন্য প্রকেট ইইয়াছিলেন।

রূপ-দনাতন শাস্তাদিতে পরম পণ্ডিত হইলেও এই ভক্তিমার্গ অবলম্বন করিয়াছিলেন। তাঁহারা বাটীর দল্লিকটে "শ্যামকুণ্ড" ও "রাধাকুণ্ড" নামে সরোবর খনন করিয়াছিলেন। এই নিভ্ত কুণ্ডে বিদিয়া তাঁহারা হরিনাম কীর্ত্তন করিতেন। সে সময়ে ভগবান শ্রীকৃষ্ণতৈতত্তার বৈষ্ণ্য ধর্মের প্রবল প্রভাব। সমগ্র গৌড়দেশ তৈতত্তার প্রেমধারায় অভিস্থিতি। রূপ-দনাতন শ্রীগৌরাঙ্গের মহিমা পরক্ষার ভানিতে পাইয়া তৎপ্রতি আকৃষ্ট হইয়া পড়েন এবং গার্হস্থাশ্রমে থাকিয়াও ভক্তিপথ অবলম্বন করা যায় কি না, সে দম্বেল ভগবান শ্রীতৈতনাের অভিমত জানিবার জন্ম তাঁহার নিকট একপানি লিপি প্রেরণ করেন। ভগবান শ্রীতৈতন্ম তাঁহাকে এই উপদেশ-লিপি প্রেরণ করেন যে, যেমন ব্যতি-চারিণী রমণী অন্য পুক্ষে আসক্ত হইলেও সংসাবের কাজ-কর্ম করে, ডেমনি ভগবানে ঐকান্তিক আসক্তি রাথিয়া নিজামভাবে গার্হস্থাধর্ম প্রতিপালন করা যাইতে পারে।

তদবধি রূপ-সনাতন ভগবচ্চিন্তাকে পুরোভাগে রাধিয়া নিদ্ধানভাবে সংসার্যাত্তা নির্ব্বাহ করিতে লাগিলেন।

ইহার কিছুকাল পরে খ্রীশ্রীমহাপ্রভু নীলাচল হইতে বুন্দাবনে যাইবার পথে রামকেলিতে আসিয়া উপস্থিত হইলেন। পাছে গৌরাঙ্গদেবের প্রতি হুদেন শাহ কোনরূপ অত্যাচার করেন, রূপ এই আশহায় তাঁহার নিকট গিয়া বলিলেন, শেশীশীটৈতক্সদেব অতি অলোকিক শক্তিসম্পার্ক্ত মহাপুরুষ, তাঁহার আগমনে আপনার এই রাজ্য গৌরবান্থিত ও পবিজ্ঞ হইয়াছে। স্তরাং যাহাতে নির্বিল্পে শ্রীশীগৌরাঙ্গদেব তাঁহার প্রেমধর্ম প্রচার করিয়া যাইতে পারেন আপনার পক্ষে সর্বতোভাবে সেই ব্যবস্থা করে। কর্ত্তব্য শ

দবীর খাঁছের (রূপের) কথা শুনিয়া হুসেন শাহ ঐরপ আদেশ করি লেন। অতঃপর রূপ-সনাতন গভীর নিশীথে গিয়া শ্রীশ্রীমহাপ্রভুর সহিত্ সাক্ষাৎ করিলেন। প্রভু বলিলেন—

> "গোড় নিকট আসিতে নাহি মোর প্রয়োজন। তোমা দৌহা দেখিতে মোর ইহাঁ আগমন।"

শ্রীশ্রীমহাপ্রস্থাই তিপুর্বের রূপ-সনাতনের অইহতুকী ভগবদ্ধকির কথা শুনিয়াছিলেন। আজ সম্মুখে উঁহোদিগকে দেখিয়া তাঁহার সে বিশাস আরও দৃঢ়তর হইল। তিনি ছই ভাইকে গাঢ় আলিঙ্গনে আবদ্ধ করিয়া ভক্তবুন্দের সমক্ষে বলিলেন, "আজ হইতে তোমাদের ছই ভাইয়ের নাম "রূপ-সনাতন" হইল।"

গৌরের স্পর্শ ও দর্শন যেন তাঁহাদের প্রাণের ভিতর এক মোহিনী মায়া বিন্তার করিল। তাঁহারা গৃহে প্রত্যাবর্ত্তন করিলেন বটে, কিন্তু মন বাঁধা থাকিল সেই রাঙ্গা গৌরাঙ্গের রাঙ্গা চরণে। ভাবিলেন, এই ত সংসার! টাকা-কড়ি-ধন-রত্মস্থারে নিমগ্ন থাকিয়া সংসারে কি ফল ? যে রুফের চরণ ভজনা করিতে সংসারে আগমন হইল, কৈ সেই রাধাক্তফের চরণ ত ভজনা করা হইল না ? সংসারে থাকিয়া কি কথনও কৃষ্ণচরণ ভজিবার মত ভজা যায়! এ সংসার যে মায়া-মোহের নিগড়ে আবদ্ধ। এধানে আশা আছে তৃপ্তি নাই, প্রবৃত্তি

আছে নির্বাত্ত নাই, হিংসা আছে প্রেম নাই, বিচ্ছেদ আছে মিলন নাই। অবসর সময়ে বসিয়া ভগবানকে ডাকিলে কি চলে ? ভগবানকে ডাকিতে গেলে সমন্ত মোহ হইতে বিচ্ছিন্ন হইয়া, স্কাকণ্ম পরিহার করিয়া তবে ডাকিতে হয়। ভোগ ও ত্যাগ এই ছই বিচ্ছিন্নমূখী প্রবৃতি কথনও একসঙ্গে চলিতে পারে না। ইত্যাকার নানাকথা ভাবিতে ভাবিতে রূপ-সনাতন গৃহে ফিরিলেন।

রূপ বেশী দিন বিলম্ব না করিয়া তাঁহার সমস্ত বিষয়-সম্পত্তি দান করিয়া ফেলিলেন। চৈত্তাদেব কোথায় গিলাছেন তাহা জানিবার জন্য এক পরিচারক প্রেরণ করিলেন। পরিচারক অনুসন্ধান করিয়া আসিয়া বলিল, "শ্রীগোরাঙ্গ বুন্দাবনাভিমুখে প্রস্থান করিয়াছেন।" রূপ ও অতঃপর তাঁহার অনুসক্ষক সঙ্গে লইয়া প্রয়াগধামাভিমুখে চৈতনার অনুসন্ধানে গেলেন। যাত্রাকালে ভিনি স্থোল্য সনাভনকে একথানি পত্র ঘারা সমস্ত অবস্থা জানাইটা পেলেন।

রূপ চলিয়া গেলে স্নাতন চারিদিক শৃত্য দেখিতে লাগিলেন।
এক বৃষ্টের ছ'টি ফল, একটি অগ্রে পাকিবে, আর একটি কাঁচা রহিবে,
ইহা কি কখনও হইতে পারে ? স্নাতনও করে এই সংসার-শিকল
কাটিয়া "জয় হরি" বলিয়া বাত্রা করিতে পারিবেন সেই প্রতীক্ষা করিতে
লাগিলেন। নানাবিধ ধর্মশান্তে স্থপগুতদিগকে লইয়া স্নাতন নিশিদিন ধর্মালোচনা করিতে লাগিলেন। ধর্মপুত্তকও মান্তবের প্রধানতম
সংস্গা। যে যেরপ ধর্মপুত্তক পড়ে, যদি অভিনিবিষ্টচিত্তে পড়া বার,
তবে তাহা ধারা তাহার ধর্মজীবন গড়িয়া উঠিয়া থাকে। এই জক্র বেমন সংস্গা লোকারি নেলকচরিত্র নির্ণয় করা যায়, তক্রপ বাহার নিকটা
যেরপ পুত্তক থাকে তাহা দেখিয়া সে লোকের চরিত্র ব্রিতে পারা যায়।
স্নাতন ধর্মশান্তাক্ষশীলনে মনোনিবেশ করিলেন, তাহার ফলে তাঁহার: ষারা রাজকার্য্যের শিথিশত। প্রদর্শিত হইতে লাগিল। একে ত রূপের অভাবে পাতশাহ তদেন শাহের রাজকার্যোর যথেষ্ট ক্ষতি হইতেছিল: তাহার উপর যদি রাজোঁর প্রধান মন্ত্রী সনাতনও রাজকার্যো অবহেলা अनुर्मन करतन, जाहा इटेल ताकाहे त्य कहन इटेशा याश-वित्यवः পাতশাত হুসেন শাহ স্নাভনের উপর রাজ্যভার দিয়া যুদ্ধ যাতা করিবেন, इंशर्ड उँ। इंका। এकमिन, फ्रेमिन, जिनमिन कतिया कर्यक मिन কাটিল, পাতশাত ভাবিলেন, নিশ্চয়ই সনাতনের কোনরূপ অস্থ-বিস্থ করিয়াছে। রাজবৈদ্যকে তিনি সনাতনের রোগের কারণ নির্ণয় করি-বার জন্য পাঠাইলেন। রাজবৈদ্য পুঞ্জাতুপুঞ্জপে সনাতনের নাড়া পরীক্ষা করিয়া দেখিলেন, তাঁহার কোনই ব্যাধির লক্ষণ দেখিলেন না। পাতশাহের নিকট গিয়া তিনি বলিলেন, "জাঁহাপনা। সনাতনের নাড়ী ভন্ন ভন্ন করিয়া পরীক্ষা করিয়াও কোন ব্যাধির লক্ষণ দেখিতে পাইলাম না।" এবার পাত্রশাহ স্বয়ং সুনাত্রকে দেখিতে আসিলেন। সুনাত্র দেখিলেন, পাতশাহের নিকট সত্য গোপন না করাই ভাল। তিনি তাঁহাকে বলিলেন, "দেখন, আমার রাজকার্যো মন লাগে না। যে হরিনামে মহাপ্রভু প্রীচৈতনা সমগ্র গৌড়দেশ মাতাইয়া গিয়াছেন, আমাকে দেই হ্রিনামে মাতোয়ারা হইতে দিন, আমার পদে অন্ত লোক নিযুক্ত করুন, আমি রাজকার্যা হইতে অবসর লইলাম।"

সনাতনের স্পষ্টোক্তি শুনিয়া পাতশাহ ক্রোধে আরক্তলোচন হই-লেন। তিনি সনাতনকে বলিলেন, ''আমি এখন যুদ্ধযাত্তা করিব, কোথায় তুমি এখন রাজ্য রক্ষা করিবে, না, এখন তোমার ধর্মভাব জূটিয়া উঠিল! তুমি হয় এই মৃহুর্ত্তে রাজকার্য্যে যোগদান কর, নতুবা তোমাকে বন্দা করিয়া ডাল কুত্তা দিয়া খাওয়াইব।" সনাতন বলিলেন, "তাহাই ক্রমন। হরিনামে বঞ্চিত হইয়া রাজকার্য্য করার চেয়ে আমি বন্দিদশায় নির্জ্জন কারাগারে অবস্থান করাও শ্রেয়স্কর মনে করি। তাহাতে নিশিদিন সেই কাঙ্গালের ধন শ্রীহরিকে ডাকিবার ত অবসর পাইব।"

পাতশাহ তথন প্রহরিগণের প্রতি সনাতনকে বন্দী করিয়া কারাগারে আবদ্ধ করিবার আদেশ দিলেন। তাঁহার আদেশ তৎক্ষণাৎ প্রতিপালিত হইল। অতঃপর পাতশাহ যুদ্ধ যাত্রা করিলেন।

সনাতন কারাক্স ইইয়াছেন, এ সংবাদ রূপের কর্ণগোচর হইতে বিলম্ব হইল না। তিনি গোপনে সনাতনকে একথানি পত্র লিখিয়া জানাইলেন, "ভাই আমি শ্রীচৈতন্তের নিকট পরম আনন্দে দিন কাটাইতিছি। তুমি আসিলে আমার আনন্দ আরও পরিপূর্ণ ইয়া কিন্তু তুমি আসিবে কি প্রকারে ? আমি ব্রিতে পারিতেছি, ভোমার মনপ্রাণ শ্রীচৈতন্যের চরণেই প্রধাবিত হইতেছে, কিন্তু তোমার দেহকে কি উপায়ে মুক্ত করিতে পারা যায় ? আমি সংসার ত্যাগ করিয়া আসিবার সময়েই ব্রিতে পারিয়াছিলাম যে, তুমিও শীঘ্রই আমার পত্তাক্সরণ করিবে। পাতশাহ যে তাহাতে প্রতিবন্ধক হইয়া তোমার উপর নির্যাতিন আরক্ত করিবেন, ইহাও আমি পূর্বে ব্রিতে পারিয়াইলাম। ইহা ব্রিতে পারিয়াই আমি তোমার মুক্তির জন্য মুদার নিকট দশ সংস্থা নাকা রাখিয়া আসিয়াছি। তুমি গোপনে মুদার নিকট হইতে সেই দশ সহন্দ্র টাকা লইয়া কারারক্ষককে উৎকোচ দিয়া এখানে আগমন করিলে আর তোমাকে পাতসাহ কি করিবেন ?"

রূপের পত্র পাঠ করিয়া সনাতন মনে মনে ভাবিতে লাগিলেন—
এখন কি করা উচিত ? কারারক্ষককে উৎকোচ দিয়া মৃক্তি লাভ
করিলে লোকে আমায় কাপুরুষ, ভীরু, পলাতক বলিয়া নিন্দা করিবে।
আবার না পলাইলেও মৃক্তিলাভের অন্ত উপায় কি ? তুর্দ্ধ হুদেন শাহ

ফিবিয়া আসিয়া নিশ্চয়ই আমাকে ভাল কুত্তার আহার্য্য করিবে . কিছ ভাগতে ত আমার হরিনাম তরা *হইবে* না-মহাপ্রভুর সঙ্গে সঞ্ থাকিয়া তাঁহার লীলামাহাত্ম ত দেখিতে পাইব না। অতএব কার।-রক্ষককে উৎকোচ দিয়া প্লায়ন করাই ভাল। ইহাতে সংলোকে আমাকে কথনই মন্দ বলিবে না: অসং লোকে মন্দ বলিতে পারে। ইত্যাকার নানা বিষয় ভাবিয়া সনাতন একদিন পভীর রাত্তিতে কারা-রক্ষককে ডাকিলেন। কারারক্ষক আদিলে দনাতন তাহাকে চুপি চুপি বলিলেন, "ভাই সাহেব ! তুমি অতাভ ধার্মিক মুদলমান, একদিন আমি তোমাদের মনিব ছিলাম: আজ গ্রহদোষে আমি তোমাদের নিকট বন্দী। তুমি নিশ্চয়ই জান ষে, এ সংসারে যতপ্রকার ধর্ম আছে ত্রাধ্যে প্রোপকারই শ্রেষ্ঠ ধর্ম। আমাকে আজ যদি তুমি এই গভীর নিশীথে মুক্ত কবিয়া দাও, ভাচা চুচলে ভোমার অক্ষয় পুণা হইবে। তোমায় পুরস্কারস্বরূপ আমি পাচ হাজার টাকা উংকোচ প্রদান করিতেছি।" সনাতনের কথা ভানিয়া কারারক্ষক দাড়ী নাডিতে নাডিতে বলিল, ''তাও কি হয়। আমি রক্ষক হইয়া সামান্ত টাকার লোভে কর্ত্তবা কার্য্যে কি করিয়া উদাসীনতা প্রদর্শন করিব ? পাতশাত যদি ফিরিয়া আদিয়া জানিতে পারেন যে, আমি আপনাকে ছাডিয়া দিয়াছি, তাহা তইলে নিশ্চয়ই আমার ভাগে। আপনার ন্যায় ঐরব ব্নদশা হইবে।" সনাতন দেখিলেন, পাঁচ সহস্র মুদ্রায় মুন্দীজীর মন ভিজিবে না; তিনি মুদীর দ্যোকান হইতে আরও তুই সহস্র টাক। আনিয়া তৎপর দিন রাত্তিতে মুনসীজীর সন্মুখে একুনে সাত সহস্র টাকা রাথিয়া বলিলেন, "মুনসীজী আমার অনুরোধ রাখ, আমাকে মুক্ত দাও। পাতশাহ যুদ্ধে গিয়াছেন, প্রবল প্রতিঘন্দীর সহিত যুদ্ধ, আর াফরিবেন কিনা সন্দেহ। যদি কখনও ফেরেন, বলিও যে, বন্দা সনাতনকে

অধন স্নান করাইতে লইয়া যাওয়া হইয়াছিল, তথন সে নদীগর্ভে ড্বিয়া আত্মপ্রাণ বিসর্জন করিয়াছে।" সমুথে একটি নয়—চুইটি নয়, একেবারে সাত সহস্র রূপার চাক্তি, এত টাকা এক সঙ্গে মুনসীজী চোধেও দেখেন নি। এত টাকার লোভ কি সছদা সম্বরণ করা যায় ? যা থাকে কপালে। মুনসীজি সনাতনকে কারাকক্ষ হ ইতে চুপি চুপি বাহির করিয়া নিজে সঙ্গে থাকিয়া সেই গভীর রাত্তে গঙ্গা পার করিয়া দিলেন। টশান নামক একজন ভূতা তাহার প্রভূ সনাতনের সঙ্গে গেল। ভূত্য ানাতনের অজ্ঞাতদারে তাহার সঙ্গে আটটি দোনার মোহর লইয়া यान्टेटि हिन । तुन्तावरनत निरक छाँशाता अधानत न्हेंटि नानिरनन वर्छ, কিন্তু পাছে কেই তাঁহাদিগকে চিনিতে পারে. সেই ভয়ে বন-জঙ্গলের -মধ্য দিয়া যাইতে লাগিলেন। যাইতে ষাইতে তাঁহারা পাতরা নামক একটি পর্বতে গয়া সন্ধাকালে উপস্থিত হইলেন। সেই পর্বতে ভূয়া নামক এক জাতীয় দম্বাদল বাদ করিত। সহায়হীন পথিকের দক্ষন্থ লুন্ঠিত করিয়া তাহাদিগকে প্রাণে মারিয়া কেলাই এই ভুয়া জাতির কার্যা। ভাহাদের মধ্যে আবার একজন গণক ছিল, সেই গণক মনে মনে গণা-পড়া করিয়া বুঝিল যে, ঈশানের নিকট আটটা গোনার মোহর আছে। মে এই সংবাদ চুপি চুপি ভুষাদের নিকট প্রকাশ করিল। ভূযার। দেই রাত্তেই অতিথিছয়ের জীবন নাশ করিবে সঙ্গল করিয়া অভান্ত যত্ত্ব সারস্ত করিল। তাহাদের আতিপেয়তা ও যত্ন দর্শনে সনাতনের মনে जम्मट्य উদ्युक इहेन। जिनि ভाবित्तन, এই ভুয়াগণ নিশ্চয়ই কোন নন্ অভিস্থার দারা প্রণোদিত হইয়া আমাদিগকে যত্ন করিতেছে : এই ভাবিয়া তিনি ঈশানকে জিজাদা করিলেন, "ঈশান! তোমার निक्रें कि किছू आहा ?" नेगान विनन, "दें। आहा ।" मनाजन विनितन, "তাহ। ভূষার সন্দারকে দান কর।" এই বলিয়া তিনি হাসিতে হাসিতে ভূয়ার সদ্ধারকে বলিলেন, "স্দ্ধার মহাশয়! আমার এই ভূত্যের নিকট যাহা আছে তাহা লও এবং তোমাদের একজন লোক স্কে দিয়া আমাদিগকে এই পার্বস্ত্র পথ অতিক্রম করিয়া দাও।" ভূয়ার স্দ্ধারকে ঈশান সাতটি অবর্ণমুদ্রা দিল, বাকী একটি আর দিল না। দহ্যা স্দ্ধারের প্রেরিত লোক সনাতনকে পার্বত্যে পথ ছাড়াইয়া দিল। সনাতন কিছু দূর গিয়া ঈশানকে জিজ্ঞাশা করিলেন, "ঈশান! তোমার নিকট আরও কি কিছু আছে ?" ঈশান বলিল, "হাঁ প্রভূ! আমার নিকট এখনও একটা মোহর আছে।" সনাতন বলিলেন, "ঈশান! তোমারে কিট এখনও একটা মোহর আছে।" সনাতন বলিলেন, "ঈশান! তোমাকে আর আমার সহিত আসিতে হইবে না, তুমি বাড়ী ফিরিয়া যাও।" ঈশান বাড়ী ফিরিয়া আসিল।

অতঃপর সনাতন নানাপথ অতিক্রম করিতে করিতে, তুই বাছ তুলিরং হিরিনাম করিতে করিতে হাজিপুর নামক স্থানে উপস্থিত হইলেন। তথায় তথন সনাতনের ভগিনীপতি শ্রীকাস্ত হুসেন সাহের কর্মচারীদের লইয়া অবস্থিতি করিতেছিলেন। শ্রীকাস্ত হুসেন সাহের কর্মচারীদের লইয়া অবস্থিতি করিতেছিলেন। শ্রীকাস্ত দিল্লীর বাদশাহকে ঘোটকের ম্ল্যুস্থরূপ তিন লক্ষ টাকা দিবার জন্ম যাইতেছিলেন। সনাতন একটি তক্ষতলে পড়িয়া হরিনাম কীর্ত্তন করিতেছিলেন। দূর হইতে সে ধ্বনি শ্রীকাস্তের কর্ণে পৌছিতেই তিনি স্থর শুনিয়া বুঝিলেন যে, ইহা তাঁহারই শ্রালক সনাতনের কণ্ঠস্থর। শ্রীকাস্ত তাড়াতাড়ি সনাতনের নিকট আসিয়া দেখেন, সনাতন সেই হুংসহ শীতে ন্রগাত্তে এক বৃক্ষতলে পড়িয়া হরিনাম করিতেছেন। সনাতনের বিষয়-বৈরাগ্যের কথা শ্রীকাস্ত ইতিপুর্কেই শুনিয়াছিলেন, কিন্তু উচ্চ রাজপ্রসাদের অধিকারী সনাতন যে, এত শীদ্র কৌপীনধারী পথের ভিখারী ইইবেন, ইহা তিনি মুহুর্ত্তের জন্মণ্ড আশা করেন নাই। তিনি শ্রালককে অনেক প্রবোধ দিয়া স্বদেশে ফিরিবার অন্ধর্যাধ করিলেন, কিন্তু কিছু হেইল না।

তার পর নগ্লেহ ঢাকিবার জন্ম স্নাত্নকে একথানি বছ্মুন্য শাল দিলেন, স্মীতন তাহা গায়েও দিলেন না। পরিশেষে ঐকান্তের বিশেষ পীডা-পীজিতে স্নাত্ন গায়ে একথানি ভোট কছ'ল দিলেন ৷ প্ৰিধানে কৌপীন, গায়ে ভোট কম্বল—স্নাত্ন উল্লেখ্যে হরিনাম করিতে করিতে অতঃপর বারাণসীধামে চন্দ্রশেষরের বাটীতে উপস্থিত ইইলেন। মহাপ্রভু শ্রীগোরাঙ্গ তথন চন্দ্রশেখরের বাটীতেই অবস্থান করিতে ছিলেনঃ চল্রশেপরের বাটীর ছারদেশে উপ্নীত হট্যা স্নাত্ন সংবাদ পাঠাইলেন, মহাপ্রভুকে বলুন একজন বৈফ্ব তাঁহার দুর্শন-প্রার্থী । চন্দ্রশেখর দেখেন, বৈফবের স্থায় স্নাতনের সাজ-প্রোধাকে ও দেহে কোন চিহ্ন নাই। তিনি মহাপ্রভকে গিয়া বলিলেন, "একজন দীন দরিত্র লোক, পরিধানে তাহার কৌপীন, অঙ্গে তাহার একথানি ভোট কম্বল, দন্তে ভাহার তৃণ, দে আপনার দর্শন প্রার্থনা করিভেছে।" মহাপ্রভ বলিলেন, "তাঁহাকে এখনই আমার নিকট লইয়া এম, তিনি প্রম বৈষ্ণবা" স্নাত্ন শ্রীচৈত্তের স্মাথে উপস্থিত হইবামাত্র তিনি তাহাকে গাট আলিঙ্গন-পাশে আবদ্ধ করিলেন। উভয়ের নেত্ত্বয় দিয়া প্রেমাঞ্চ বিগলিত হইল ৷ স্নাতন বছকটে ঈপ্সিত ধন প্রাপ্ত ठहेलन ।

কিছুক্ষণ শ্রীতৈতন্তের সহিত সনাতনের কথাবার্ত। হইল। শ্রীতৈতন্তের নিকট সনাতন কেমন করিয়া মন্ত্রির পরিত্যাগ করিয়া কারাগার হইতে উনুক্ত হইয়া আসিয়াছেন, সে সমস্ত বিষয় বিবৃত্ত করিলেন। শ্রীতৈত্তক্ত তৎসমস্ত শুনিয়া বৃবিলেন, সত্য সত্যই গৌড়াধিপতির প্রধান মন্ত্রার কঠোর বিষয়-বৈরাণ্য উপস্থিত হইয়াছে। তিনি চন্দ্রশেধরের প্রতি আদেশ করিলেন, সনাতনকে ক্ষোর করাইয়া দীক্ষা-গ্রহণের উপযোগী করিয়া দাও। চন্দ্রশেধর তাঁহাকে ক্ষোর ও গকাম্বান করাইয়া একথানি নৃতন বস্থ পরিধানের জন্ম দিলেন। সনাতন বলিলেন, "না, না, আমি
নৃতন বস্ত্র পরিধান করিব না, আমাকে একখানি পুরাতন বস্ত্র দাও শি
অতঃপর সনাতনের পীড়াপীড়িতে চন্দ্রশেশর তাঁহাকে আপনার
একখানি পুরাতন বস্ত্র দিলেন। সনাতন সেই বস্ত্রখানি ছই ভাগে
বিভক্ত করিয়া একখানি পরিধান করিলেন আর একখানি
বহির্বাসরূপে ব্যবহার করিলেন। একজন রাহ্মণ সে দিন তাঁহার
বাটাতে সেবা করিবার জন্ম সনাতনকে নিমন্ত্রণ করিয়া ভিক্ষা দারা
তাহা না করিয়া বৈষ্ণবের মাধুকরী ব্রত গ্রহণ করিয়া ভিক্ষা দারা
উদরান্ত্রের সংস্থান করিতে সহল্প করিলেন। সেইদিন হইতে জীবনের
শেষ পর্যান্ত সনাতন এইরূপ মাধুকরী ব্রত পালন করিয়া জীবিকা
সংস্থান করিয়াছিলেন।

সনাতন বৈষ্ণব হইলেন বটে, কিন্তু তাঁহার ভগিনীপতি প্রীকান্ত তাঁহাকে যে ভোট কম্বশ্যানি দিয়াছিলেন, সেখানি তখনও তাঁহার গায়ে ছিল। মহাপ্রভু পুন: পুন: সেই ভোট কম্বলের দিকে তাকাইতেছিলেন। ভাহা দেখিয়া সনাতন ভাবিলেন, নিশ্চয়ই প্রভু এই ভোট কম্বল্যানি দেখিয়া সন্তই হইতেছেন। ইহা ভাবিয়া ভিনি বাহিরে গেলেন, বাহিরে গিয়া দেখেন একখানি জীর্ণ কম্বা গায়ে দিয়া একজন ভিধারী শুইয়া আছে। সনাতন সেই জীর্ণকম্বার সহিত আপনার ভোট কম্বলের বিনিময় করিলেন। কিন্তু মহাপ্রভুর মন ভাহাতেও পরিতৃষ্ট হইল না। ভিনি বলিলেন, "সনাতন, বৈছেরা রোগের চিকিৎসা করিয়া কি তাঁহার শেষ রাথে ?" সনাতন জীটেতভাদেবের ইন্সিভ বুঝিলেন এবং তৎক্ষণাৎ গাত্র হইতে সেই জীর্ণ কম্বা উন্মোচন করিয়া ফেলিলেন।—

তকাশীধানে সনাতন ত্ইমাস অতিবাহিত করিলেন। তার পর এইগৌরাশ সনাতনকে বলিলেন, "তুমি আর এধানে না থাকিয়া বুল্যাবনে বাও, তথার যাইয়া ভব্জিগ্রন্থ রচনা কর। তাহা হইলে তোমার দ্বারা আমার প্রেমধর্ম অনেক প্রচারিত হইবে।" স্নাতন বলিলেন, "প্রভূ! আমি অতি অকিঞ্চিকর সামাত ব্যক্তি। 'ত্রহ ভক্তিশান্ত রচনা করিব, আমার এমন কি সাধ্য আছে । তবে যদি ভূমি দ্বা। কর, তাহা হইলে তোমার আদেশ প্রতিপালন করিতে পারি।" শ্রীচৈত্তাদেব তথন স্নাতনকে তথা শিক্ষা দিতে লাগিলেন।

"ক্ষেত্র স্থারপ হয় ক্ষেত্র নিত্য দাস।
ক্ষেত্র ভটস্থ শক্তি ভেদভেদ প্রকাশ ॥
স্থ্যাংশ কিরণ যেন অগ্নি জ্বালাচয়।
স্বাভাবিক ক্ষেত্র তিন শক্তি হয় ॥
ক্ষেত্র স্বাভাবিক তিন শক্তি পরিণতি।
বিচ্ছক্তি জীবশক্তি স্থার মায়াশক্তি ॥"

- এটিচত ভা চরিতামূতম্ ।

"বিষ্ণুশক্তি পরা প্রোক্তা ক্ষেত্রজ্ঞাধ্যা তথা পরা । অবিষ্ণা কর্মসংজ্ঞান্যা তৃতীয়া শক্তি রিষ্যতে । সাধু শাস্ত্র রূপায় যদি রুষ্ণোনুথ হয়। সেই জীব নিস্তারে মায়া তাহারে ছাড়য়॥"

"দৈবী হোৱা গুণমন্ত্রী মন মান্ত্র হোৱা।
মামেব যে প্রপালন্তে নান্তামেতাং ভরন্তি তে ।
মান্ত্রামুগ্র জীবের নাতি কৃষ্ণ শ্বতি জ্ঞান।
জীবের কুপান্ত কৈল কৃষ্ণ বেদ পুরাণ।
শাস্ত্র গুকু আত্মারূপে আপনা জানান।
কৃষ্ণ মোর প্রভু ত্রাভা জীবের হয় জ্ঞান।"

"অতএব ভক্তি রুফ প্রাপ্তির উপায়। অভিধেয় বলি ভারে সর্বাশাস্ত্রে কয়। বেদাদি সঁকল শাস্ত্রে রুফ মুখ্য সম্বন্ধ। ভার জ্ঞানে আঞ্বসঙ্গে যায় মায়াবন্ধ।"

"ক্ষেরে স্বরূপ বিচার শুন স্নাতন। অধ্য জ্ঞানতত্ব ব্রজে ব্রজেজনন্দন॥ স্বাদি স্বা ঋংশী কিশোর শেখর। চিদানন্দ দেহ স্বাশ্রয় স্বােশ্র ॥"

**"ঈশ্বরঃ পরমঃ কুফঃ স্তিলানন্দ বিগ্রহঃ।** অনাদি রাদি র্গোবিন্দঃ স্ক্রকারণকারণঃ ॥"

**"অ**য়ং ভ**গবান** কুঞ্ গোবিন্দ প্রনাম ; স**ের্কেখ্য্য পূর্ণ য**ার পূর্ণ নিত্যধাম ॥"

"জ্ঞান যোগ ভক্তি তিন সংগদের বশে। ব্রহ্ম আত্মা ভগ্যান ত্রিবিধ প্রকাশে।"

\*বদস্তি তত্তত্ববিদস্তবং যজ জানমৰ্মং। ব্ৰহ্মেতি প্ৰমাত্মেতি ভগবানিতি শক্যতে ॥\*

"অথবা বহু নৈতেন কিং জ্ঞাতেন তবাৰ্জ্জ্ন। বিষ্টু ভ্যাহ মিদং কুৎসমেকাংশেন স্থিতো জগৎ ।" "ভক্তে ভগ্বানের অন্তব পূর্কুপ।

একট বিপ্রতে তার অন্ত স্করপ॥

স্বয়ং রূপ তদেকাল্ল রূপাবেশ নাম॥

প্রথমেট তিনরূপে রতে ভগ্বান॥

স্বয়ং রূপে স্থাং প্রকাশ সূইরূপে স্ফুরি।

স্বয়ংরূপে এক রুফ ত্রে গোপমৃতি॥

প্রাভব বৈভব রূপে হিবিধ প্রকাশে।

এক বহু বহু রূপ থৈতে হৈল রাসে॥"

ক্রইভাবে প্রীটেভল্টদেব স্নাতন্ধে রুফ্তের শিক্ষা দিয়া—

স্কৃতিতে রুফ্রের রুদ্রে প্রোক পড়ে প্রেমাবেশে

প্রেমে স্নাতন্ হাতে ধরি॥"

শ্রিগৌরাঙ্গের নিকট এইভাবে তত্ত-উপনেশ লাভ করিয়া সনাতন বুন্দাবনাভিনুধে থাত্রা করিলেন এবং মাধুকরী বা ভিক্ষাত্রভ অবলম্বন করিয়া তথায় এক বুক্ষতলে ব্যিয়া ভক্তিগ্রন্থরচনায় প্রবুত্ত ইইলেন।

সনাতন বৃদ্ধাবনে থাকেন, আর প্রতিদিন বমুনার কাল জলে সান করেন। একদিন বমুনায় অবগাহন করিতে যাইতেছেন, এমন সময়ে তাঁহার পায়ে একটি প্রব্য ঠেকিল। তিনি তাহা হাতে তুলিয়া দেবেন যে. উহা একধানি স্পর্শমণি, কিন্তু সনাতন স্পর্শমণি লইয়া কি করিবেন ? গৌড়ের মন্ত্রিত্ব অগণিত ধনরত্র বিষয়-বিভবকে পুরীষ-নিষ্ঠীবনের ভারে প্রিত্যাগ করিয়া যিনি কৌপনিধারা সন্ন্যাসী হইলাছেন, তাঁহার নিকট এক মুষ্টি ধূলির মূল্যও বাহা, একটী স্পর্শমণির মূল্যও তাহাই। সনাতন উহা হাতে করিয়া একবার ভাবিলেন উহা যমুনার জলে নিক্ষেপ করিবেন, আর একবার ভাবিলেন, না কাজ নাই, কোন দরিত্রণ ভিধারীকে উহাদান করা যাউক। শেষে অনেক ভাবিয়া চিন্তিয়া ভিনি স্পর্শমণিটি একটি থাপরার মধ্যে পুরিয়া পথের পার্থে মাটির মধ্যে পুতিয়া রাখিয়া আদিলেন। বাদ দেই পর্যাস্ক। আর কোনও দিন সনাতন স্পর্শমণির বিষয় ভাবিলেন না, কিংবা সে বিষয়ের কোন সনানও করিলেন না।

এদিকে বর্দ্ধমান জেলার মানকর গ্রাম-নিবাসী জীবন নামে এক দ্বিত্র ব্রাহ্মণ কোনরূপে বুহৎ পরিবারের গ্রাসাচ্ছাদনের উপায় করিতে না পারিয়া অবশেষে শিবের আরাধনায় মনোনিবেশ করিল। তাহার ঐকান্তিক প্রার্থনায় মহাদেব সভ্য সভাই পরিতৃষ্ট হইয়া এক রাত্তিতে স্বপ্রধােগে তাহাকে বলিলেন, বুন্দাবনে ব্যুনা-তটে সনাতন নামে একজন বৈষ্ণব আছেন, তাঁহার নিকট গেলে তুমি স্পর্শমণি পাইবে। সেই স্পৰ্শমণি যে কোন ধাতুতে ছোৱাইবে অমনি তাহা কাঞ্চনে পরিণত-হইবে। প্রদিন প্রাতে স্বপ্নবুতান্ত স্মরণ হইতেই জীবন বুন্দাবনাভি-মুখে প্রস্থান করিল। সে ব্যক্তি বুন্দাবন পৌছিয়াই একেবারে নদীতটে সনাতনের নিকট উপস্থিত হইল। সনাতনকে স্পর্শমণির কথা বলিতেই। তিনি একেবারে স্তম্ভিত হইয়া গেলেন। তার পর অনেক ভাবিয়া চিক্কিয়া মনে করিলেন, একদিন অবগাহনে যাইবার সময় একটা স্পর্শমণি তাঁহার পায়ে ঠেকিয়াছিল, তিনি সেই স্পর্শমণি খাপ রাম করিয়া মাটিতে পুতিয়া রাখিয়াছেন। দরিদ্র ব্রাহ্মণ জীবনকে সঙ্গে লইয়া সনাতন অতঃপর যে স্থানে স্পর্মাণ প্রোথিত ছিল, সেইস্থানে উপনীত হইলেন এবং পায়ের বারা সেই স্পর্শমণি দেখাইয়া দিলেন। দরিত জাবন মাটী খুঁড়িতেই সেই স্পর্শমণি প্রাপ্ত হইল এবং সর্বাধনের আকর সেই স্পর্নমণি লইয়া খদেশ-যাতা করিল।

পথে যাইতে যাইতে জীবন ভাবিতে লাগিল, কি অদ্ভত লোক এই সনাতন! রাজচক্রবতী প্রয়ন্ত যে স্পর্মানি পাইবার জন্ম সর্বদ। লালায়িত, যাহা লাভ করিলে পুথিবীর ধনরত্নের দ্বার উন্মুক্ত হয়. সেই শ্র্মানি স্পর্শ করা ত দূরের কথা, অতি অবহেলার সঙ্গে দেখাইয়া দিল! নিশ্চয়ই ভাহা হইলে সনাতনের নিকট স্পর্শমণি অপেকা আরও উৎকৃষ্ট কোন রত্ন আছে। সেই রত্ন কি তাহা আমি না জানিয়া ত খদেশে যাইতে পারি না। যে ব্যক্তি স্পর্শমণির লোভ হেলায় ত্যাপ করিতে পারে, দে ব্যক্তি মাতুষ না দেবতা! আমি কোন মতেই এই মহা-পুরুষের চরণ ছাড়িব না। ইত্যাকার নানাকথা ভাবিতে ভাবিতে বটেশ্বর নামক গ্রাম হইতে জীবন আবার বুলাবনাভিমুখে প্রত্যাবর্ত্তন করিল। বুন্দাবনে পৌছিয়াই জীবন সনাতনের চরণ্যগল ধরিয়া বলিল, "ঠাকুর! আমি অতি অধম, অতি হীন, আমাকে দয়া করিয়া উদ্ধারের পথ বলিয়া দাও।" স্নাতন বলিলেন, "তোমাকে উদ্ধারের পথ আর কি বলিব ?" স্নাতনের কথা গুনিয়া জীবন যমুনার সেই খরত্রোতে স্পর্শমণিখানি নিক্ষেপ করিল। এবার সনাতন বুঝিলেন, জীবন সভা সভাই ভাগে করিতে শিধিয়াছে। তথন সনাতন জীবনকে আপন বক্ষে আলিক্ষন করিয়া "কৃষ্ণ" "কৃষ্ণ" বলিতে লাগিলেন। মহালুক আজ কৌপীনধারী বৈফ্ষবে পরিণত হইল। তদবধি জীবনের বংশাবলী বৈষ্ণব-মাচার প্রতিপালন করিয়া আদিতেতে।

এদিকে কাশীধাম ংইতে শ্রীটেততা পুণ্যতার্থ প্রয়াগধানে আগমন করিলেন। এখানে সনাতনের সংহাদর রূপের সহিত তাঁহার সাক্ষাংকার হইল। রূপ শ্রীটৈততার পদপ্রাস্তে পড়িয়া কিছু উপদেশ প্রার্থনা করিলেন। শ্রীটৈততা রূপকে ভক্তিতত্ব সংক্ষে উপদেশ দিয়া নিজে নীলাচলাভিমুধে প্রস্থান করিলেন এবং রূপকে শ্রীবৃন্দাবনে মাইয়া ভক্তি-

তত্ত-প্রচারে যুদ্ধান হইতে আজ্ঞা দিলেন। বুন্দাবনে রূপের সহিত স্নাতনের ভূভ মিলন হইল।

কিছুদিন বৃদ্ধাবনে থাকিয়া রূপ গোষামী রুফ্সীলা-সম্বন্ধীয় কয়েক ধানি নাটক লেখেন। তৎপরে তাঁহার সহােদর বল্লভকে সদে লইয়া তিনি প্রীচেত্রলদেবের দর্শন-মানসে গৌড়দেশে আগমন করেন। কিন্তু নবদীপে প্রৌছিয়া তিনি শুনিতে পান যে, মহাপ্রভুর ভক্তগণ সকলেই গৌরাক্ষলন্ন-মানসে নীলাচলে বাত্রা করিয়াছেন। প্রীরূপ কি আর থাকিতে পারেন সুমহাপ্রভুর বিরহ-যন্ত্রণা ভক্ত রূপ আর কতিদিন সহ্য করিছে পারেন সু তিনিও নীলাচলাভিমুধে প্রায়ান করিলেন। প্রিমধ্যে যেথানে বিশ্রাম করেন সেইথানে বিসায় নাটক লেখেন। প্রীরুক্ষের অন্ধ্র ও দারকা-লালা বর্ণন করিয়া ভান অভিস্করে একধানি নাটক সমাপ্ত করিয়া ক্যোলেনে।

নীলাচলে হরিদাসের আশ্রম। নালাচলে উপন্থিত হইয়া রূপ হরিদাসেরই আতিথেয়তা গ্রহণ করিলেন। মহাপ্রভু এই আশ্রমে প্রায় প্রতিদিনই আসিতেন, এইখানে মহাপ্রভুর সহিত রূপের সাক্ষাৎকার হইল। রূপ তাঁহাকে নাটকের পাভুলিপি পড়িয়া শুনাইলেন। নাটকের রচনা-ভঙ্গী ও পদলালিতাশ্রবণে মহাপ্রভু সাতিশয় পুলকিত হইলেন এবং রূপের নাটানৈপুণাের অতীব প্রশংসাবাদ করিতে লাগিলেন। তথন রপ্যাত্রার সময় বলিয়া প্রীধানে বছ গৌরভক্তের সমাবেশ হইয়াছিল। মহাপ্রভু শ্বয়ং ভক্তরুলের সহিত রূপকে পরিচিত করিয়া দেন। রায় রামানন্দ প্রভৃতি তত্ত্তানবিদ্ ভক্তরুল রূপের নাট্যপ্রতিভা-দর্শনে বিমুগ্ধ হন। মহাপ্রভু তাঁহাকে পুনরায় বুলাবনে যাইয়া নাটক-রচনায় প্রবৃত্ত হইতে আদেশ করেন।

এই সময়ে হরিদাদের আশ্রমে মাণ-কাঞ্চন-সংযোগ হইল। সনাতনও

ভুন্দাবন হইতে গ্রের-দুর্শনাশায় নীলাচলে আসিয়া হরিদাসের আশ্রমে উপন্থিত ইইলেন। হরিদাস ব্থোচিত সমাদরপুকাক তাহার সেবাও সংকার করিলেন। কিন্তু সনাতনের আরে এক বিপত্তি উপন্থিত হুইয়াছিল। তাঁহার স্কাঙ্গে খোস, পাচ্ছা, চলকনা হইলাছিল। তিনি শ্রীঞ্জিগন্নাথের রথচক্রের তলদেশে প্রতিয়া জাবনলীলা শেষ করিবার স্ফল্ল করিয়াছিলেন। হরিদাস ভাহা জানিতে পারিয়া বলিলেন, "ভাই হে! বদি প্রাণভ্যাগ করিলেই শ্ৰীক্লক্ষকে পাওয়া যায়, তাহা হইলে আমি অনেকদিন পুৰ্বেই জীবন-তাগি কবিতাম। জীবন বাথিয়া সাধনা ও ভক্তি ছাবা তাঁহাকে লাভ করিতে হুইবে।" হরিদাদের আশ্রমেই শ্রীগৌরাঙ্গের সহিত সনাতনের সাক্ষাংকার হইল। সনাতনকে মহাপ্রভু যথন গাঁচ আলিখন-প্রাশে আবদ্ধ করিতে ঘাইতেছিলেন, তথন স্নাতন বলিলেন, "আমি অতিহীন, নীচ, আমার সর্বাঙ্গে থোন, পাঁচ্ডা, আমাকে স্পর্ণ করিবেন না।" কিন্তু আচণ্ডালে প্রেমনাতা শ্রীগোরাধ কি কাহাকেও ঘুণা করিতে পারেন ? তিনি সনাতনকে আলিঙ্গন করিলেন। সঙ্গে সংখে সনাতনের অঙ্গের সমস্ত কণ্ডয়ন মুহুর্তের মধ্যে কোথায় লুকাইয়া গেল! তিনি কিছুকাল নীলাচলে অবস্থান করিয়া মহাপ্রভুর নির্দেশমত ভক্তিশাস্ত্র इंडमाइ यानाम श्रुमद्रोध वृक्तावरन हिल्ह्या व्यामिरनन। वृक्तावरन আসিয়া তাঁহারা বিশুদ্ধ সংস্কৃত ভাষায় যে সুমস্ত গ্রন্থ রচনা করেন, ্মগুলির উল্লেখ পুর্বেট করা হইয়াছে।

রপ ও সনাতন তুই জ্রাতা জীবনের শেষদশা পর্যান্ত বুন্দাবনে থাকিয়া ভক্তিশান্ত্র প্রণয়ন করিয়া শ্রীটেতত্ত্বের প্রেমধর্মকে তথায় স্থায়ী করিয়াছিলেন। তাঁহাদের তিরোধানের পর তাঁহাদের কনিষ্ঠ সহোদের বলভের পুত্র শ্রীজীব গোস্থামী বুন্দাবনের বৈষ্ণব সম্প্রদায়ের নেতৃপদ গ্রহণ করিয়াছিলেন। জীব গোস্বামীও ক্রায়, দর্শন প্রভৃতি শাস্তে স্পণ্ডিত ছিলেন। কতকাল হইল, রূপ-সনাতন ও জীব গোস্বামী তিরোহিত হইয়াছেন; কিন্তু বৃন্দাবনের প্রতি তরুলতা তাঁহাদের নাম আজিও বায়ু-হিলোলে কীওন করিতেছে। ভগবান শ্রীচৈতক্যদেব কথনও বৃন্দাবনে যান নাই, তবুও বৃন্দাবন যে বৈষ্ণবধর্মের সর্বশ্রেষ্ঠ পীঠস্থানরূপে পরিণত হইয়াছে, ভাহার হেতু রূপ-সনাতন ও শ্রীজীব গোস্বামী।

--::--

## হরিদাস

শ্রীচৈতত্ত্বের ভক্তগণের মধ্যে যেমন নিত্যানন্দ অগ্রগণ্য, তেমনি হরিদাসও তদপেকা বড় নান নহেন। হরিদাসের জীবনের ও সাধনের বিশেষত্ব এই যে, তিনি জাতিতে মুসলমান হইলেও হিন্দুর আরাধ্য দেবতা শ্রীহরিতেই মনপ্রাণ সমর্পূণ করিয়াছিলেন। সাধকের দৃষ্টিতে ভগৰান এক বৈ বিভীয় নহে! যে যেভাৰেই তাঁহাকে প্ৰাণমন দিয়া ডাকুক না কেন, তিনি তাঁহার সে আকুল প্রার্থনা প্রবণ করেন, ইহা প্রহলাদ, ধ্রুব হইতে আরম্ভ করিয়া আধুনিক যুগের রামপ্রসাদ হইতে রামকৃষ্ণ প্রভৃতি মহ। সাধক গণ প্রতিপন্ন করিয়া গিয়াছেন। ভগবানকে গড, খোলা, আলা, হরি, জিহোভা, জোভ, তারা—তোমার যাহা ইচ্ছা ভাহা বলিয়া ডাক না কেন, বাদি সে ডাক প্রকৃত হয়, ভাহা হইলে ভগবানের কর্ণে ভাষা পৌছিবেই পৌছিবে। এই জন্ম ভক্তিশাস্ত্র বলেন, ভব্জিরাজ্যে জাতিভেদ নাই, ভগবানকে ভক্ত যেভাবে ইচ্ছা ডাকিতে পারে, পূজা করিতে পারে। মারুষ এই সহজ সতাটুকু ব্ঝে না বলিয়াই আমার ধর্ম বড়, তোমার ধর্ম ছোট, আমার ধর্মশাস্ত भा म, তবে ভগবানকে পাইবে, নতুবা পাইবে না, ইত্যাকার নানা প্রকার সন্ধীর্ণভামূলক কথা বলিয়া থাকে। কিন্তু প্রকৃত সাধকের কথা তাহা নহে।

হরিদাস জাতিতে ধবন ছিলেন। ধবনের পক্ষে হরিনাম কীর্ত্তন এক প্রকার অসম্ভব ব্যাপার বলিলেই হয়; কিন্তু সাধক হরিদাস এই অসম্ভবকেও সম্ভব করিয়া তুলিয়াছিলেন। বৈষ্ণব-সমাজে তিনি যে অপ্রতিদ্বন্ধ কীর্ত্তি রাধিয়া গিয়াছেন, তাহা চিরন্থায়ী ও অবিনধ্ব।

্ল ১৩৭১ শকাব্দের কথা। জেলা ঘশোহরের অভূপোতী "বুছেন" নামক প্রামে হরিদাস জন্মগ্রহণ করেন। যে সময়ে হরিদানের জন্ম হয়, ভ্ৰমন বালাগীর দর্মজগতের ইতিহাস অতিশয় মসীময় ছিল ৷ ভারিক. বানাচারী ও কাপালিকগণ বৈদিক ধর্মের নিগৃত তাৎপধ্য হাদয়গম করিতে না পারিয়া মদাপান, নরবলি, আশান-সাধনা প্রভৃতিকে ধর্মের প্রকৃত যাধন মনে করিয়াছিল। বৈষ্ণবধর্মাও তান্ত্রিক ধ্রমের এই সংঘর্ষের দিনে ভক্ত হারদাস জন্মপরিগ্রহ করেন। খাহার প্রাণে হরিনামের বীজ धक्यात उछ इब. श्रुताम शान क्रिया क्रियाना याशात क्रीयान त ুপ্য হল্প হল্প, সংসারের কারাগারে আবদ্ধ থাকিয়া বুবা পাথিব ধনৈখর্ষ্যের নোহ-মদিরার ডুবিয়া থাকিতে কি তাঁহার প্রাণ চাহে ? তাই হরিদাসের ানে বেদিন হইতেই এই প্রতীতি জ্মিয়াছিল যে, সংসারে হরিনামই একমাত্র সার, আর সকলই অসার, সেই মুহুর্টেই তিনি সংগারাশ্রম পরিত্যাগ করিয়া বন্থামের নিকট বেনাপোলের এক নিভূত অরণ্যে একটা পূর্বকুটার নিশাণ করিয়া হরিনামামূত-পানে প্রবৃত হইলেন। चार्त्सक दरनम्, पादावा कुर्वनिष्ठित, जादावा मः मारवव कालाहरन ভীত হুইয়া নিজ্জন স্থানে গিয়া উপাদনা আরম্ভ করেন; কিন্তু ইহা মতা নহে। সাধনের প্রথম অবস্থায় চিত্তের একাগ্রতা-সাধনের জন্য এইভাবে নিজ্জন স্থানে গিয়া ধ্যান-ধারণা করা আবশ্যক। তার পর চিত্তের একাগ্রতা আদিলে কানের নিকট চকা-নিনাদ করিলেও তাহার চিন্তা অতাদিকে আরুষ্ট হয় না। তবে হরিদাদের সাধনার একট্ বৈশিষ্টা ছিল। হরিদাস নির্জন কুটীরে অবস্থান করিলেও ক্থনও মনে মনে হরিনাম জপ করিতেন না। শাণ্ডিলা-সূত্র বলেন-

"खंदगः कौर्खनः विस्कृतः त्यात्रगः भागत्मदनम्।
अर्फनः दन्तनः नामग्रः मथामाजनित्यनमम्॥"

অর্থাৎ সাধনার প্রাথমিক অবস্থায় ভক্তকে ভগবানের নাম প্রবংকীর্জন, তাঁহার পূজা, অর্জনা, বন্দনা করিতে হয়। তাহা হইতে ক্রমে দাস্তাসক্তি, সধ্যাসক্তি আসিয়া ভক্ত আত্মনিবেদনাসক্তি বা রাগাত্মিকা ভক্তির চরম সীমায় উপস্থিত হয়।

কিন্তু স্থানি পুষ্প গহন বিপিনে প্রক্রটিত হইলেও কি তাহার গল ক্থনও দেই বিপিনেই আবদ্ধ গাকে ? তাহা কি মুত্যুমন প্রন-ছিল্লোলে গ্রাম-জনপদে বিস্তৃত হইয়া গন্ধলোলুপ মানবের মনপ্রাণ শতিক করে না ? কিংবা তাহা কি মধুমন্ত অলিকুলকে আকৃষ্ট করে না :-ক্র্যা ক্রক্ষণ আপনার প্রভা চাপিয়া রাখিতে পারে? বেনা-পোলের গহন অরণ্যে এক সাধুর আবিভাব হইয়াছে, সে সাধু দিব:-নিশি হরিনাম করে, হরিনাম ভিন্ন দে দাণ অভ কিছু জানে না. এ সংবাদ ক্রমে ক্রমে সকলের কর্ণে পৌছিতে লাগিল। ফলে বছ লোক তাহার দর্শনাভিলারী হুইয়া তাঁহার কুটীর-সন্ধিনে উপত্থিত হুইতে লাগিল। হরিনাদ স্বভাবতই অল্ল কথা বলিতেন, কাজেই বাঁহার: তাঁহার নিকট ভক্তি-সমন্ত্রীয় বহু কথা শুনিবার জন্য যাইতেন, তাঁহা-দিগকে বিফলমনোর্থ হুইয়া আসিতে হুইত ৷ তিনি কেবল বলিতেন, \*তোমরা হরিনাম কর"। কিন্তু এই একটা বাকা তত্ত্তিজ্ঞামূদের প্রাণে এমনই ভাবে বন্ধমূল হইত যে, তাঁহারা আর দে নাম ভুলিতে পারিতেম न। जकरण इतिनामदे नात कतिराज्य। इतिनाम मन्नामी किरानन, ভাই তিনি ঘারে ঘারে ভিক্ষা করিয়া এক বেলা প্রদাদ পাইতেন মাত্র। তাঁহার গুণ্মুগ্রন্থ যে সমস্ত ফলমূল তাঁহাকে উপহার দিত, তিনি সে দমন্ত বালক-বালিকাগণের মধ্যে বিতরণ করিতেন।

সেই সময় বনগ্রামে রামচন্দ্র থা নামে এক মহা অত্যাচারী জমিলার বাস ক্রিত। তাহার অত্যাচারে বন্থামের আপামর-সাধারণ যংপরোনান্তি উত্যক্ত হইয়া উঠিয়াছিল। হরিদাসকে লোকে এত শ্রদাভিক করে, আর ভাহার নাম স্থারণ করিয়া লোকে মুণায় নিষ্ঠীবন পরিভাগে করে, এই চিন্তা ধামচন্দ্রের নিকট ছুলিষহ বলিয়া অন্থামিত হইল। সে হরিদাসকে জব্দ করিবার ও লোকসমাজে হীন প্রতিপদ্ধ করিবার জন্ম নানা উপায় চিন্তা করিতে লাগিল। জনেক ভাবিয়া চিন্তিয়া অবংশহে স্থির করিল, বারাঙ্গনা পাঠাইয়া হরিদাসের ধ্যান-ধারণা ভঙ্গ করিয়া ভাহাকে কামুক লম্পট প্রতিপদ্ধ করিতে পারিলে আর কেহ তাঁহার নিকট যাইবে না, সকলে তাঁহাকে শভ্ওত শজুয়াচোর বলিয়া মাথা মুড়াইয়া গ্রাম হইতে বহিদ্ধৃত করিয়া দিবে। রামচন্দ্রের যাহা কল্পনা, কার্যাও ভাহাই। সে চর পাঠাইয়া কয়েকজন রূপসী পণ্যাঞ্ধনা স্থির করিল। ভন্মধ্যে এক দিব্যাভ্রণা, যোড়শী, রূপসী বারাঙ্গনা বলিল যে, দে নিশ্চয়ই হরিদাসের মন টলাইতে পারিবে; ভাহা যদি না পারে, ভবে বৃথা ভার রূপ-যৌবন, বুথা ভার রূপের বড়াই।

একদিন গোধ্লি-সময়ে দিনমণি অন্তাচল-চূড়াবলম্বী হইয়াছেন।
দিবাশ্রাম্ক বিহগকুল পক্ষ মেলিয়া আপনাপন কুলায়াভিম্থে প্রস্থান
করিতেছে, বাপীতটে আসন্ধ রজনীর ধূদর ছায়া অশ্বপ বটরুক্ষের
উপর পড়িয়া ভাবী ভীষণতার পরিচয় দিতেছে। পূহে গৃহে পুরাক্ষনাগণ
মক্ষল-শুল্ল বাক্ষাইয়া সন্ধ্যাদেবীর আবাহন করিতেছেন, মন্দিরে মন্দিরে
সন্ধ্যারতির ঘণ্টা-কাঁসরের শব্দ পলীর নিস্তন্ধতা ভক্ষ করিতেছে। এমন
সময় সেই "দিনকা মোহিনী রাতকা বাঘিনী" নানারূপ অলম্বার ও
বিবিধ কাক্ষকার্য্য-শ্বিত বদনে বিভূষিত হইয়া বেনাপোলের সেই নিজ্জন
কুটীরে গিয়া হাসিতে হাসিতে উপস্থিত হইল। হরিদাস তথন হরিনামজপে বিজ্ঞোর। তিনি লক্ষ জপ না করিয়া কথনও জলগ্রহণ করিতেন
না। হরিদাস একে স্থপুক্ষ, তপ্ত কাঞ্চনের ক্যায় তাঁহার দেহের বর্ণ।

ভত্নপরি কঠোর সংযম ও ব্রহ্মচর্য্য তাঁহার স্বাভাবিক সৌন্দর্য্যকে এতদুর পৰিত্ৰ ও মধুময় করিয়াছে যে, যে কেহ তাঁহার দিকে তাকায় সে কিছুক্ষণ অনিমেষনেত্রে সে দিকে না তাকাইয়া থাকিয়া কিছুতেই মুধ ফিরাইতে গারে না। এ হেন হ্রিদাদের সম্মুখে গিয়া সেই বার-বনিতা একেবারে বিভোর হইয়া গেল। সে আর আতাসংবরণ করিতে না পারিয়া স্পষ্ট করিয়া হরিদাদের নিকট মনের কথা প্রকাশ করিয়া ফেলিল। হরিদাস যুবতীর কথা ভনিয়া বলিলেন, "তুমি একটু অপেক্ষা কর, আমি নামজপ ত্রত গ্রহণ করিয়াছি; নাম-জপ সমাধা হইলেই আমি তোমার মনোবাঞ্। পুর্ণ করিব।" যুবতী ভাবিল, সভাই বুঝি হরিদাস তাহার মনোবাঞ্ছা পূর্ণ করিবে। আহা! এই কার্ত্তিকের মত পুরুষ-রতনের সহিত দৈহিক সংযোগ করিতে পারিলে না জানি তাহার কি সুধই হইবে। সে এই আশাতেই কুটীরদারে চপ করিয়া থাকিল। ক্রমে সন্ধ্যা উত্তীর্ণ হইয়া এক প্রহর রাজি হইল। চারিদণ্ডের আন্ধ কার হইতে মুখ অপসারিত করিয়া চক্রদেব গগন-মণ্ডলে প্রকাশিত হইলেন। অসংখ্য তারকারাজি তাঁহার চতুর্দ্দিক বেষ্টন করিয়া ঝিকিমিকি করিতে লাগিল। হরিদাদের নির্জ্জন কুটীরের মধ্যে দেই শ্রিগ্ধ পড়িয়া তাঁহার শভাব-ফুক্র মুখমগুলকে আরও চক্রকিরণ জ্যোতির্ময় করিয়া তুলিল। যুবতী আর কতক্ষণ আলুসংয্ম করিতে পারে? সে পুনরায় মুখ ফুটিয়া বলিল, "কৈ ঠাকুর! আমার মনস্কামনা কি পূর্ণ করিবে না ?" হরিদাস বলিলেন, "আমার এখনও নামজপ শেষ হয় নাই, নামজপ শেষ হইলেই তোমার আশা পূর্ণ করিব।" ক্রমে রাজি খিপ্রহর হইল। হরিদাসের কোন দিকেই দুক্পাত নাই, একমনে ভধু নামজপই করিতেছেন। এদিকে কিন্তু সেই হুন্দরী বাণ-বি**ছা** কুরন্ধিণীর মত কামাহতা হইয়া ছট্ ফট্ করিতে লাগিল। দ্বিপ্রহর রজনী, দিবসের আন্ত ক্লান্ত নরনারী এখন গভীর স্বয়প্তির ক্লোডে শায়িত। মধ্যে মধ্যে কোথাও কোন নার্মেয়ের "হেউ" "হেউ" শ্রু মাত্র প্রকৃতির নিত্তরতী ভঙ্গ করিতেছে। স্থাতিল বসস্ক সমীরণ আসিয়া কুটীরের অভাতরে অনিষ্ধারা বর্ষণ করিতেছে। এমন নৈস্থিক নিশুক্তার সময়ে দেহজীবা পণ্যান্ধনা আর কভক্ষণ হান্যে বল ধরিয়া ভূষিতা চাতকীর ন্থায় উদ্প্রাব হইয়া প্রতীক্ষা করিতে পারে ? সে পুনরায় হরিদাদের নিকট আপন অসং অভিপ্রায় ব্যক্ত করিল। হরিদাদ এবারও ইঙ্গিতে তাহাকে অপেক্ষা করিতে বলিয়া নামজপে প্রবুত্ত হইলেন : ক্রমে যামিনীর অবশিষ্ট বামসমূহ অভিবাহিত হইল। মূহমন প্রাভাতিক সমীরণ আসম উষার শুভ আগমন-বার্তা ঘোষণা করিল। কাননে কাননে বিহল্পমকুল কাকলী করিয়া স্বপ্ত জগংকে গাত্রোখান করিবার জন্ম আহ্বান করিতে লাগিল। ক্রমে প্রাচী ললাটে বাল ভাতর অস্পষ্ট कौनात्माक (प्रथा पिन। वातास्रता (प्रथित, इतिपाम उथन सामक्रिश স্মাধিত। নিরাশার অঙ্কুশে আহত। হইয়া এবং আপন রূপ-যৌবনকে শতবার ধিকার দিয়া দে রামচন্দ্র থাঁয়ের নিক্ট গিয়া রাত্রিকার সমন্ত ঘটনা বিবৃত করিল। রামচন্দ্র শুনিয়া বিশ্বিত হইল, কিন্তু সঙ্কলে শিথিল হইল না।

পরদিন আবার সন্ধ্যা সমাগমে সেই পণ্যাশ্বনা দিখ্যাভরণা ইইয় রূপের গর্বে পদভরে মেদিনী বিকম্পিত করিয়। হরিদাদের কুটারে উপস্থিত হইল। যাইয়' দেপে প্রভূ হরিদাস পূর্ববিদ্নের শ্রায় নামজপে নিমগ্ল। যুবতী বলিল, "ঠাকুর! গত কল্য আমি নিরাশ হইয়া ফিরিয়া গিয়াছি, আজ আর আমায় নিরাশ করিও না।" হরিদাস বলিলেন, "কখনই না, তুমি বস, আমি নামজপ শেষ করিয়াই ভোমার আশা চরিতার্থ করিব।" ক্রমে পূর্বে রাজের শ্রায় একপ্রহর দিপ্রহর করিয়া যামিনী প্রভাতা হইল, হরিদাসের নামজপ শেষ হইল না। বারাজনা এদিনও হতাশ হইয়া চলিয়া গেল। রামচন্দ্রীয়ের নিকট অতঃপর দেসকল ঘটনা বির্ত করিল। রামচন্দ্রটল, কিন্তু উর্ণ সংল্ল-চাত হইল নাঃ

তৃতীয় দিন সন্ধ্যাতেও সেই বারাগনা নানাবিধ অলকারে স্থানিতিত হইল হরিদাদের কুটারে সমুপস্থিত হইল। যাইয়া দেবে হরিদাদে ধীরে ধীরে নাম সংকীর্তন করিতেছে। আজ আর বারাগনার দেউদাম পশুভাব নাই। আজ সে হরিদাদের সঙ্গে সঙ্গে ধীরে ধীরে নাম সংকীর্তন করিতে লাগিল। তাহার নয়ন্দ্র দিয়া প্রেমাশ্রু বিগলিত হইতে লাগিল। সে ভাবিতে লাগিল, আমি কি পাপীয়দী, শোর নরক্ষেও বুঝি স্থান হইবে না। যে ব্যক্তি এত জিতেন্দ্রিয়, মহাপুরুষ, হরিনাম ছাড়া যে জীবনে আর কিছুই জানে না, আমি কুলটা হইয়া তাহার পথিত জীবনে কালিমা লেপন করিতে প্রব্রত্ত হইয়াছিলান! হায়! হায়! এই দেহ যদি র্থা ক্ষণিক ভোগ ও তৃপ্তির জন্য অতিবাহিত না করিয়া ভগবানের জন্য সমর্পণ করি, তাহা হইলে না জানি কত স্থাক ক আরাম পাইব! ইত্যাকার নানারপ ভাবিতে ভাবিতে সেই যুবতী হরিদাদের পাদপন্তে ছিন্ন মূল পাদপের ন্যায় পতিত হইল এবং কাঁদিতে কাঁদিতে উলৈঃস্বরে বলিল, "আমি অতি পাতকী, আমার উদ্ধারের উপায় বলিয়া দাও ঠাকুর!"

হরিদাস বলিলেন, "দেব আমি ভোমার পরিজাণের জনাই আজ ছিল দিন এখানে অপেকা করিতেছি। এখন তুমি পরিবর্ত্তিক চইয়াছ, ভোমার জীবনের ময়লা কাটিয়া গিয়াছে, আর তুমি লোকালয়ে গিয়া পাপবৃত্তি অবলম্বন করিও না। নিশিদিন হরিনামে অহিবাহিত কর, শীহরি ভোমার মৃক্তির পথ প্রদর্শন করিবেন।" এই বলিয়া হরিদাস দে কুটার ত্যাগ করিলেন, আর সেই কুটার-ছারে বসিয়াসেই রমণী আত্যহারা হইয়া হরিনাম জপু করিতে লাগিল। একদিন যাহার মুখারবিন্দের
দিকে তাকাইলে লোকের প্রাণ মদনের তাড়নায় মথিত হইয়া উঠিত,
আজ সেই রমণীর মুখের দিকে তাকাইবা মাত্র সকলের শির আপনা
হইতে তাহার পদতলে শুন্তিত হইতে লাগিল।

"কীর্ত্তন করিতে ঐছে রা!

ঠাকুরের সনে বেশ্যার মন ফিরি গেল ॥

দশুবৎ হঞা পড়ে ঠাকুর চরণে।

রামচন্দ্র খানের কথা কৈল নিবেদনে ॥

বেশ্যা হঞা মুক্তি পাপ করেছি অপার।

কুপা করি কর মে। অধ্যের নিস্তার ॥

ঠাকুর কহে খানের কথা সব আমি জানি।

অজ্ঞ মূর্থ সেই ভারে তু:খ নাহি মানি ॥

সেই দিন যাইতাম এম্বান ছাাড়য়া।

ভিন দিন বহিলাম তোমার লাগিয়া॥

তবে সেই বেশ্যা গুরুর আজ্ঞালইল। গৃহ বৃত্তি যেবা ছিল আক্ষণেরে দিল॥ মাথা মুড়ি এক বস্তে রহিল সে ঘরে। রাত্তে দিনে তিন লক্ষনাম গ্রহণ করে॥"

— হৈতভাইরিতাম্ভম, অস্তার্থণ্ড।

দংসারে ত্র্কৃত্ত ও অত্যাচারী যে সে পূর্বজন্মের স্ফুতিফলে ত্র্ণ দেনের জন্ত প্রভাব-প্রতিপত্তি ভোগ করিলেও, ইহজনের কুতক্ষের

ফল তাহাকে দদ্য দৃদ্যই ভোগ করিতে হয়। শাস্ত্রে আছে, তিনবর্ষে হউক, তিন মাদে হউক অথবা তিন দিনেই হউক মানুষ উৎকট পাপের ফল এই সংসারেই ভোগ করিয়া থাকে। তর্বত রামচন্র অপ্রতিহত প্রভাবে বনগ্রামে জমিদারী করিতেছিল, হয়, হস্তা প্রভতি রাজকীয় বিশান-সম্ভারও তাহার যথেষ্ট ছিল, কিন্তু নির্দোষ, নিরপরাধ, সাধ সন্মাসীর প্রতি এরপ অনাচার অন্তর্যামী ভগবানের নিকট কি অবিদিত থাকে ? তিনি স্থাভতে সমদশী হইলেও, তাঁহার এমনই বিধান হৈ. মাত্রহকে আপনাপন কৃতকর্মের ফল আপনা হইতেই ভোগ করিতে इटेर्टर। पूर्व ख तामहत्त्व ভाविषाहिल ८२, এইরূপ অভ্যাচার व्यक्ति-চারের মধ্য দিয়াই দে তাহার পাপরাজ্য চালাইতে পারিবে . কিন্তু ভাগার পাপের বোঝা যে, দিন দিন ভারী হইয়া আসিভেছিল, ইহা সে এক মুহুর্তের জন্যও ভাবে নাই। সে সামাল্য জ্বিদারীর মালিক হইয়া শুধু যে কেবল প্রজাবর্গকে তুণবং মনে করিত তাহা নহে, যে নবাবের অধীনে সে জমিলারা ভোগ করিত সেই নবাব-সরকারেও রীতিমত বার্ষিক রাজস্ব প্রদান করিত না। ফলে নবাব তাহাকে বন্দা করিবার জন্য বহুদংখ্যক দৈল্প প্রেরণ করিলেন। নবাবের দৈলুগণ রামচন্দ্রের বাটীতে পড়িয়া ভাহার বাটী লুটপাট করিল, নিায়ত্ব পো-মাংলাদি রন্ধন করিয়। তাহার বাটীর বিশুদ্ধতা বিনষ্ট করিল, তার পর আর কি—সপরিবার রামচন্দ্রকে বন্দী করিয়া নবাবের নিকট লইয়া গেল ।

এদিকে হরিদাস সাধু সেই বারাশ্বনাকে মৃক্তি-বেদীতে উপবিষ্ট করাইয়া শান্তিপুরে গমন করিলেন। তথনও ভগবান শুশ্রীক্রফগৌরাঙ্গ দেহপরিগ্রহ করিয়া নবদীপে অবতীর্ণ হন নাই। শান্তিপুরে অকৈত মহাপ্রভু মাত্র প্রভুৱ আগমনের অপেক্ষা করিভেছেন। এমন সময় শ্চরেক্কক" বলিতে বলিতে হবিদান বাবাজী অবৈতেব আশ্রমে গিছা উপন্থিত হইলেন। তৃত্তের মহিমা ভক্তে জানে, জছারী যে দেই খাঁটি হীরা, চনি, মণি, মৃক্তা চিনিতে পারে। অবৈতাচার্য্য হরিদাসকে দেখিয়াই বুবিলেন, এইবার একজন খাঁটি ভক্ত শান্ধিপুরে আগমন করিয়া-চেন। অথবা ইহাও ব্রিলেন, রাজা যেমন প্রজার বাটীতে যাইবার প্রাক্তালে পূর্ব্বাহ্নে ভোজাসন্তারাদি প্রেরণ করেন. ভেমনি মহাপ্রভু আবির্ভাবের পূর্ব্বে বৈষ্ণৱ ধর্মপ্রচারের ক্ষেত্র প্রস্তুত্ত করিয়া রাধিবার জন্য হরিদাস-প্রমুপ ভক্তাদিগকে প্রেরণ করিতেছেন। হরিদাসের জন্য অবৈতাচার্য্য একটি খন্ত গোকা নির্মাণ করিয়া দিয়াছিলেন। বাত্রিকে হরিদাস সেই গোকায় থাকিতেন, আর পূর্ব্বাহ্নে ইসিয়া আচার্য্যের বাটীতেই হরিদাসের মাধ্যাহ্নিক ক্রিয়া সমাপ্র হইত। হরিদাস এই গোকায় বসিয়া যে কেবল আপন মনে মধুর হরিনাম কীর্ত্তন করিতেল তাহা নহে; পথ চলিবার সময়ও তিনি তুই হাত তুলিয়া প্রাণ ভরিষণ হরিপনি করিতে করিতে যাইতেন।

শান্তিপুরের নিকটবন্তা ফুলিয়া গ্রামে হরিদাসের গোফা। এই ফুলিয়া গ্রামে বহুসংখ্যক প্রান্ধণের বাস ছিল। হরিদাস জাতিতে যবন হইলেও এই গোফাতে স্বচ্ছনে বাস করিতেন। গ্রামের মধ্য দিয়া হরিনাম করিতে করিতে ঘাইতেন, প্রান্ধণ পণ্ডিতের। তাঁহাকে দেশিয়া শ্রন্ধা-ভক্তি করিতেন, কথন্ও তুচ্ছ-ভাচ্ছিল্য করিতেন না।

আমরা পুরেই বলিয়াছি, এ সময় গোড়ে মুসলমান রাজ্তের সময়। হিন্দু রাজতের গৌরব-রবে অস্তামত হইয়াছে, মোগল পাঠানের প্রভাব-রবি সমুজ্জল হইয়া দর্শন দিয়াছে। হিন্দুদের আর সে প্রভাব নাই, সে প্রতিপত্তি নাই, সে শৌর্ঘা নাই, সে বীর্ঘা নাই, তাহারা অতি ভয়ে ভয়ে অতি সন্তর্পণে হিন্দুর ক্রিয়া-কর্ম, যাগ-যজ্ঞ, উপাদনা করে। তাহারা এরূপ হিন্দুধর্মদেষী যে নিষিদ্ধ মাংস নিক্ষেপ করিয়া হিন্দুর দেবমান্দ্র क्लिष्ठ क्रिट इंड्डिंड: क्रा ना-रिम् श्रुवनात्रोगंग डाहारम्ब अस्य ल्यामार्य गुरहत वाहित इव ना-हिन्म वालिकाग्रन्तक आहे मन वरमत বয়দে অর্থাৎ যৌবন আরম্ভ হওয়ার বহু পু:ব্রুত পাত্রান্তরে দিয়া পিতা নিশ্চিম্ভ হয়; এমন কি পাছে হিন্দুকুলকামিনাগণের মুখ দর্শন করিয়া তৎপ্রতি তুর্ব ভবের পাপদৃষ্টি আক্টে হয়, এই ভয়ে অব্ভর্গনের ছারা ঠাহাদের মুথশ্রী আরত করিয়া রাখা হয়। "কাফের" ভিন্ন অন্য কোন প্রভিবায় তাহারা হিন্দুলাভিকে সংখাবন করে না। হিন্দু ধশ্বের প্র হিন্দু জাতির এব্যিধ লাজ্নার সময়ে সাধক হ্রিদাসের আবিভাব। জ্তবাং यवनकूल जन्न धर्म क्रिया इतिमाम हिन्दूभम গ্রহণ ক্রিয়াছে, মুদ্লমান যে হরির নাম গ্রহণ করিতে লাপ বোধ করে দেই হরির নাম প্রতিদিন তিন লক্ষ্বার জপ করেন, এ চিন্তা কি মুদলমান কাজির স্ফুচ্য ? কাজির নাম গোরাই, তাহার ধারণা জগতে মুবলমান ধর্ম ছাড়া আর ধ্য নাই, আলা ছাড়া আর ঈশ্বর নাই, আর অনাচারমূলক মুসলমানা রীতিনীতি ছাড়া উৎকৃষ্টতর রীতে নাই। এই ধারণা লইয়া ্গারাই কাজি বিচারাসন স্থশোভিত করিতেভিল। আপন দোষে তথ্ন হিল্পাতিকে এইরূপ কাজির বিচার অবন্তম্ভকে নানিয়া ্রইতে হইতেছিল। গোরাই কাজি সরাসরি মুলুক-পাতর নিকট গিয়া বালল, 'জাহাপনা ইম্লান ধর্মের ইজ্জৎ ত আরু গাকে না। মুসল-আন হট্যা হবিদাস হিন্দ্ধশা গ্রহণ করিলাছে। উহাকে লান্তি না দিলে যে ইসলামের মান্ম্যাদ। যায়। আপান ধ্যাবভার, এখনই হরিদাসকে ধরিছা অনিয়া সমূচিত প্রভাকার क्रका ।"

মুলুক-পত্তির আদেশে সাধক হারদাস গৃত এবং মূলুক-পতির নিকট

नी उ ७ जिल्हा भिष्ठ इंटलन। वन्ती इट्टलन वर्ष, किन्ह इतिनाम ভলিলেন নাঃ সংসারে যাহার মন স্বাধীন, তাহাকে কে বন্দী করিয়া রাখিতে পারে গুমান্তব্যে নির্মিত পৌহশুখল মান্তবের দেহকে অষ্টবন্ধনে বাধিতে পারে সভা; কিন্তু যাঁহার মন স্বাধীন তিনি সেই বাহ্নিক বন্ধনাবস্থাতে ও মক্তপক বিহঙ্গমের মত চিস্তা-রাজ্যে উভিয়া বেড়ান। সাধক হরিদাসও তাহাই । মূলুক-পতি হরিদাসকে সরাসার কারাগারে প্রেরণ করিলেন। কারাগারে আরও আনেক বন্দী ছিল, তাহার: হরিদাদের নাম প্রস্থাক্তেই শুনিয়াছিল। তাহারা আদিয়া হরিদাদকে আভিবাদন জানাইল। হরিদাস তাহাদিগকে "আনন্দে রহো" বলিয়া আশীর্মাদ করিলেন: তাহারা প্রথমে হরিদাদের আশীর্মাদের মন্ম না ব্রিয়া বিস্মির ও জঃখিত হইয়াছিল, ভার পর যথন ব্রিল হ্রিদাস তাহাদিগকে মনের আমনেদ থাকিবার জন্ম আশীর্কাদ করিয়াছেন, তথন ভাহারা আখন্ত হইল: বান্ধণাদি সকল সম্প্রদার কর্ত্তক সম্মানিত সাধক হরিদাস আজ হিন্দুদ্বেষী মৃত্যুক-পতির বিচারে দম্ম্য-তম্বরের সম-পর্যায়ভুক্ত হইলেন। ক্রমে হরিদাসের বিচারের দিন সমুপঞ্চিত হইল। ভক্ত হরিদাসের প্রতি কি শাস্তি বিহিত হয় তাহা দেখিবার জন্ম বিচার-গৃহ লোকে লোকারণা হইয়াছে। মুলুক-পতি বিচারাদনে বসিয়া লৌহ-শুখালে আবদ্ধ হরিদাসকে আপন সকাশে আনিতে আদেশ করিলেন। হরিদাস আনীত হইলেন। মূলুক-পতি তাঁহাকে যথোচিত সন্মান প্রদর্শন পुराक विभाग आमन श्रामा कविरायन । इतिहास छे परवास कविरायन । অত:পর যথোচিত বিনধের সহিত মূলকুপতি হরিদাসকে বলিলেন, "অভি ভাগাবলে তুমি মুদলমান বংশে জনাগ্রহণ করিয়াছ, পৃথিবীতে যদি শ্রেষ্ঠ ধর্ম কিছু থাকে, তবে তাহা মুসুলমান ধর্ম ৷ তুমি এমন স্থমহান ধর্ম ছাড়িয়া কেন হিন্দুধর্ম গ্রহণ করিয়াছ গ ইহাতে যে মুসলমান সমাজের মুধ ছোট হয়। তোমার উপর ব্যক্তিগ্তভাবে আমার কোন ঈর্ধা বা বিবেষ নাই, কেবল অহুরোধ এই, আজই হিন্দুধর্ম পরিত্যাগ করিয়া পুনরায় মুনলমান হও, নতুবা বিচারে তোঁমাকে কঠোর শান্তি পাইতে হইবে।"

মৃলুক-পতির কথা শুনিয়া হরিদাস বলিলেন, "শুন বাপ! একই ভগবানকে হিন্দু এক নামে, আর মুসলমান অন্ত নামে আবাহন করে। ভগবানকে যে যেভাবেই ডাকুক তাহাতে ভগবৎ সন্থার বিন্দুমাত্র হ্রাস বৃদ্ধি হয় না। বেদেও কোরাণে পার্থক্য নাই। ধর্ম হৃদয়ের জিনিব, যাহার যে ধর্মে প্রাণ নিবিষ্ট হয়, তাহাকে সেই ধর্মের অনুবর্ত্তন করিতে দেওয়া ধীমান্ পুরুষের কর্ত্তব্য। কোন হিন্দু যদি মুসলমান হয়, তবে হিন্দুরা তাহাতে বিন্দুমাত্র আপত্তি করে না, কেবল ম্সলমানের বেলায় একপ সন্ধীর্ণতা দেখিতে পাই। হিন্দুধর্মের এত উলারতা আছে বলিয়াই তোমাদের এত অত্যাচার সত্তেও হিন্দুধর্ম এখনও স্থাণ্র ক্যায় অচল ও অটল।"

"বলিতে লাগিলা তারে মধুর উত্তর।
তন বাপ! সভারই একই ঈশ্বর ॥
নামমাত্র ভেদ করে হিন্দুয়ে ধবনে।
পরমার্থে এক কহো কোরাণে পুরাণে।
এক তন্ধ নিত্য হল্প অথও অব্যয়।
পরিপূর্ণ হই বৈসে সভার হলম॥
সেই প্রভু যারে মেন লভ্যায়েন মন।
সেই মত কর্ম করে সকল ভুবন।
পে প্রভুর নাম-গুল সকল জগতে।
বোলেন সকল মাত্র নিজ শাস্ত্রমতে॥

বে ঈশ্ব সেইনি সভার ভার লয়।
হিংসা করিলেও সে তাহান হিংসা হয়।
এতেক আনাকে দে ঈশব যে হেন।
লওয়াইছেন চিত্তে করি আমি তেন।
হিন্দুকুলে কেহো যেন হইয়া ব্রহ্মণ।
আপনেই গিয়া হয় ইচ্ছায় যবন।
হিন্দুবা কি করে তারে যার ষেই কর্মা।
আপনে যে মৈল তারে মারিয়া কি ধর্মা।
মহাশ্যা। তুমি এবে করহ বিচার।
যদি দোষ থাকে শান্তি কহহ আমার।
"

## — শ্রীশ্রীচৈতগুভাগবত।

উপহিত যবনের। হরিদাবের সত্য কথা শুনিয়া প্রীত হইল বটে, কিন্তু কাজি সন্তুই হইল না। কাজি মৃলুক-পতিকে বলিতে লাগিল, "এই ত্রপ্তরুতি লোক যদি গাংহেন্তা না হর, তাহা হইলে এই ত্রপ্ত আরও অনেক লোককে ত্র করিয়া ফেলিবে।" মৃলুক-পতি বলিলেন, "হরিদাস তুমি যদি হরিনাম না ছাড়, তাহা হইলে তোমার কঠোর শান্তি হইবে।" হরিদাস বলিলেন—

"খণ্ড খণ্ড করি দেহ যদি যায় প্রাণ। ভড়ো আমি বদনে না ছাড়ি হরিনাম॥"

মূলুক-পতি হরিদানের দৃঢ় বাক্য শ্রাবণ করিয়া কাজিকে জিজ্ঞাসা করিলেন, "অতংশর ইহার কি ব্যবস্থা করা যাইবে?" কাজি বলিল, "ইহাকে বাইশ বাজারে লইয়া গিয়া ইহার প্রাণদণ্ড করাই সমুচিত।" তান মূলুক-পতি পাইকদকশকে ভাকিয়া তজ্জন গজ্জন করিয়া বলিলেন, "এখনই এই ছৃষ্ট ছুর্মান্তিকে লইয়া বাইশ বাজারে ঘুরাইয়া এমন ভাবে প্রহার করিবে যে, কিছুতেই যেন ইংগর প্রাণ না থাকে।" মুলুক-পতির আজামত পাইকেরা হরিদাসকে লইয়া বাইশ বাজার ঘুরাইয়া আঁত নির্দ্দর ভাবে প্রহার করিতে লাগিল। যাহারা দয়াজ হৃদয়, তাহারা এইরপ নিশম ও নৃশংস প্রহার দেখিয়া শোকে ও ছংবে জজ্জরিত হইল। আর যাহারা ছুর্জন, পরের ছংবেই যাহাদের আনন্দ হয়, তাহারা হরিদাসের প্রহারে বরং আনন্দই অনুভব করিতে লাগিল। হরিদাসের শরীর প্রহারে জ্বজ্জরিত হইল, দর্ববিগলিত ধারায় ক্ষরিক-স্রোত প্রবাহিত হইতে লাগিল, কিন্তু তথাচ হরিদাসের প্রাণে বিন্দুনাত্ত উত্তেজনা নাই, ভিনি কেবল শ্রীহরিকে ডাকিতেছেন, আর যুক্তকরে প্রহারকারীদের কল্যাণ প্রার্থনা করিতেছেন।

"এসব জীবেরে কৃষ্ণ! করত প্রসাদ। মোর দ্রোহে নছ এ সভার অপরাধ।"

পাইকেরা প্রাণপণ শক্তিতে হরিদাদকে প্রহার করিতেছে, কিন্তু ভগবানের ইচ্ছায় ভক্ত হরিদাদ তবুও মরেদ না; দেখিয়া পাইকেরা প্রমান গণিল। তাহার হরিদাদকে মৃত্যুত্ত বলিতে লাগিল, "আপনাকে একেবারে প্রাণে নারিয়া ফেলাই মৃলুক-পতির আদেশ; আমবা যদি আপনাকে মারিতে না পারি, তাহা হইলে মূলুক-পতি আমাদের উপরই কঠোর দত্তের বিধান করিবেন। কিন্তু আপনার দেহ াক কঠিন, এত বেজাঘাতের উপর বেজাঘাত করিতেছি, তথাপি আপনার দেহ হইতে প্রাণ বাহির হইতেছে না।" পাইকগণের কথা ভনিয়া হরিদাদের হলম ভ্রীভূত হইল। সতাই ত, যদি তাহার জন্ম দরিত্ব পাইকগণের চাকুরী আয়, তাহা হইলে তাহারা যে অয়াভাবে অনশনে প্রাণত্যাগ করিবে। আবার না জানি ত্র মূলুক-পতিই বা তাহাদের উপর কি শান্তির বিধান

করিবে ! দরিদ্র পাইকগণের অবস্থা স্বরণ করিয়া হরিদাদের প্রাণ করুণায় ভবিয়া উঠিল। তিনি পাইকগণকে বলিলেন, "তোমরা আখও হও, আমি এখনই প্রাণজ্যাগ করিতেছি।" এই বলিয়া হরিদান যোগবলে দেহ ত্যাগ করিয়া ভ্যানন উপভোগ করিতে লাগিলেন। বাহা দৃষ্টিতে তাঁহার দেই মৃত বলিয়া প্রতায়মান ইইতে লাগিল, কিন্তু প্রকৃত প্রেক্ তাহার অবিনাশী আত্মা ততক্ষণে লোকলোচনের অন্তরালে এক মহানন্দ উপভোগ করিতে লাগিল। খাঁহারা জীবনুক্ত পুরুষ তাঁহার। এইভাবে ইচ্ছামত দেহত্যাগ করিয়া আবার স্বদেহে ফিরিয়া আসিতে পারেন: হরিদাসকে মৃত মনে করিয়া পাইকেরা তাঁহাকে মুলুক-পতির নিকট লইয়া গেল, মূলুক-পতি হরিদাদের দেহ পরীক্ষা করিয়া ব্ঝিলেন. সভা সভাই হরিদাস মরিয়াছেন। তিনি হরিদাসকে মুসলমানী প্রথানুসারে সমাধি দিবার জন্ম আদেশ করিলেন: কিন্তু গোরাই কাজি তাহাতে আপত্তি জানাইয়া বলিল. "তাহা কি হয় ? এ ব্যক্তি মুদলমান হইয়া কাফেরের ধর্মগ্রহণ করিয়াছিল, সুমাধি দিলে এ যে একেবারে স্বর্গলাভের অধিকারী হইবে! তদপেক্ষা ইহাকে গন্ধার জলে নিক্ষেপ্ করা হউক, যাহাতে এ ব্যক্তি অনন্ত নরক ভোগ করে।"

গোরাই কাজির প্রস্থাবই টিকিল। হবিদাসকে ধরিয়া পাইকের বীচিমালা-বিক্লোভিভ গঙ্গাগর্ভে নিক্ষেপ করিল। জাহুবী-সৈকতে দাঁড়াইয়া হরিদাসের ভক্ত ও অন্তরক্তরণ হায় হায় করিতে লাগিল। কেহ কেহ বলিল, ভগবান মূলুক-পতিকে এই অত্যাচারের প্রতিফল দিবেন, বেটার জমিদারী, ভেজারতী যথাসক্ষম বিনষ্ট হইবে। হরিদাস ভাসিতে লাগিলেন, শুদ্ধ কাষ্ঠখণ্ড যেমন নদীর তরক্ষে হেলিয়া ছলিয়া ভাসিতে থাকে সেইরপ ভাসিতে লাগিলেন। এতক্ষণ তিনি সংজ্ঞা লোপ করিয়াছিলেন, এক্ষণে আবার লুপু সংজ্ঞা ফিরাইয়া আনিলেন। তরক্ষের

ভালে ভালে নাচিতে নাচিতে ইরিদাসের দেহ তটে আসিয়া লাগিল। হরিদাস "হরি" "হরি" বলিয়া চীংকার করিতে লাগিলেন, তীরে বত লোক ছিল, তাহারা দেখে হরিদাস সঞ্জীব। সেই বার্ত্তা তৎক্ষণাং মূলুক-শভির নিকট পোছিল, তিনি নদীতটে আসিয়া কভাঞ্জলি পুটে ইরিলাসের নিকট ক্ষমা ভিক্ষা করিয়া বলিলেন, "সাকুর! আমি এতক্ষণে ব্রিতেশারিয়াছি, আপনি সামান্ত লোক নন। ভগবানে বিখাসও আপনার সোমান্ত নহে। আপনি সিদ্ধ, জীবনুক্ত মহাপুরুষ, আপনার সোমান্ত নহে। আপনি সিদ্ধ, জীবনুক্ত মহাপুরুষ, আপনার সোমান্ত ইচ্ছা সেধানে যান, আপনি অচ্ছন্দে আধীনভাবে ইরিনান কীর্ক্তনরিয়া বেড়ান, কেইই ভাহাতে বাধা দিবে না।"

মূলুক-পতির নিকট বিদায় লইয়া হরিদাস গান করিছে করিছে ফুলিয়া গ্রামে আপন গোফায় চলিয়া গেলেন। সারা গৌড়বাসী বৃতিতে হরিদাস যথার্থ ই ভক্ত— যথার্থ ই সাধক।

"তৈতক পাইয়া হরিদাস মহাশয়। তীরে আসি উঠিলেন পরানন্দময়। সেইমতে আইলেন ফুলিয়া নগরে। কুঞ্চনাম বলিতে বলিতে উচ্চৈ:স্বরে॥"

— এত্রীটাতে ক্রভাগ্রতঃ

ফুলিয়া গ্রামের ব্রাহ্মণগণ হরিদাদের অপূর্ব্ব ঐশীশক্তি দেপিয়া ইলিপূর্ব্বেই
মৃগ্ধ হই গ্লাছিলেন, এবার আবার মূলুক-পতির নির্যাতিনে শ্রীক্ষেণ হরিদাদের আদমা নিষ্ঠা দেপিয়া তাঁহারা আবেও বিমৃগ্ধ ইইলেন। হরিদাদ
ফুলিয়া গ্রামে উপস্থিত হইবামাত্র ব্রাহ্মণগণ সকলে সাদরে তাঁহাকে
অভ্যর্থনা করিলেন এবং তাঁহার সঙ্গে মিলিত ইইয়া প্রাণ ভরিষ:
হরিনাম কীর্ত্তন করিতে লাগিলেন। কীর্ত্তনাকে হরিদাদ গলাভাট

আপন গোফার তিনলক নাম জপে মনোনিবেশ করিলেন। জুলিয়া র তারকটবর্ত্ত খান ইইতে বছ বান্ধান ৪ অহান্ধ শেলার ভক্তগন তাঁহার দর্শনাভিলাযে প্রারই গোফার আসিতেন, কিন্তু কেইই অধিকক্ষণ তিন্তিতে পারিতেন না। কিছুক্ষণ বসিয়া সকলেই ছট্ফট কারতে করিতে সালিয়া যাইতেন। কেইই কারণ নির্দির করিতে পারিতেন না। অবশেষে করেকজন ওঝা অনেক গণিয়া পড়িয়া বলিল যে, ঐ গোফাটির নিমে একটি রুইদাকার বিষধর সর্প আছে, স্প্টির বিষের ভারতা এক অধিক যে, উহাতে গোফার সমস্ত বায়ু একেবারে দ্বিত হইয়া গিয়াছে। বিপ্রসাণ ওঝাগণের মতামুদারে ঐ গোফা ছাড়িবার জ্বা হরিদাসক্ষে অনেক অন্থরোধ করিলেন, কিন্তু হরিদাস কিছুতেই সম্মত হইলেন না অবশেষে একদিন যথন তিনি, গোফায় দাড়াইয়া বান্ধাগণের সহিত হরিদাম স্ক্রীতান করিতেছিলেন, তথন বিবিধ বিচিত্র বর্ণ-সমন্বিত একটি ব্রদাকার সর্প গোফা হইতে বাহির ইইয়া চলিয়া গেল। সকলে ব্রিলে, ইহাও হারদাসের ঐশীশক্তির অন্ততম মাহাল্ম।

একদিন ক্লিয়া প্রানের এক বড় লোকের বাড়ীতে এক ভত্ত মুনক,
মন্দিরা প্রভৃতি লইয়া নাচিতেছিল। ডক্কেরা এইরপ বাড়ী বাড়ী নৃত্যু
কার্যা থাকে। দৈবক্রমে সেখানে হরিদাস আসিলেন। ডক্ক নানা
রূপ নৃত্যাদি করিয়া কালায়-দমনের গাঁত গাহিতোছল। হরিদাস
কিছুক্ষণ সে সঙ্গাত প্রবণ করিতে করিতে ভাবে মাতোয়ারা হইলেন।
ভিনি সেই ভক্কের সহিত "হার" "হরি" বলিয়া নৃত্যু করিতে লাগিলেন।
ভিনি সেই ভক্কের সহিত "হার" "হরি" বলিয়া নৃত্যু করিতে লাগিলেন।
ভিনি সেই ভক্কের সহিত "হার" "হরি" বলিয়া নৃত্যু করিতে লাগিলেন।
ভিনি সেই ভক্কের সহিত হইয়া গোল। সে করজোড়ে এক পার্মে
বিড়াইয়া হরিদাসের প্রতি অগাধ শ্রদ্ধা-ভক্তি প্রদর্শন করিতে লাগিল।
ভবন এন ব্রারণ তথ্যু উপস্থিত ছিল। সে রাহ্মণ মনে মনে

ভাবিল, আমিও যদি ইরিদানের মত নতা করি, তারা ইইলে লোকে আমাকেও শ্রমাভিক্ত করিবে। কিন্তু ব্রাক্ষণের ভাগ্যে তারেও শ্রমাভিক্ত করিবে। কিন্তু ব্রাক্ষণের ভাগ্যে তারেও শ্রমাভিক্ত কর্মাণকে প্রহার করিতে লাভিত্র তার্দ্ধনে উপস্থিত সকলে তাঁহাকে জিজ্ঞাসা করিল, "তুমি ইরিদানের নৃত্য দেখিয়া তাঁহাকে যথেষ্ট শ্রমাভিক্তি প্রদর্শন করিলে, আর এই ব্রাক্ষণের বেলায় তাহাকে প্রহার করিতে লাগিলে কেন ?" তাত তাত ব্রাক্ষণির বেলায় তাহাকে প্রহার করিতে লাগিলে কেন ?" তাত তাত ব্রাক্ষণির বেলায় তাহাকে প্রহার করিতে লাগিলে কেন গুলি তাত তাত করিবানে শ্রমাভিক্তি লাভ করিবানে জন্ম নানা অঞ্চল্পীসহকারে নৃত্য করিতেতে।"

"তোমরা যে জিজ্ঞাদিলা এ বড় রহস্ত।
যন্তপি অকথা ততো কহিব অবস্থা।
হরিদাদ ঠাকুরের দেখিয়া আবেশ।
তোমরা যে ভক্তি বড় করিলা বিশেষ।
তাহা দেখি ও ব্রাহ্মণ আহার্য্য করিলা।
পড়িলা মাৎস্থ্য বুদ্ধে আছাড় খাইয়া।"

- প্রীশ্রী হৈত্যভাগ্রত

হরিনদী প্রামে এক ছজন আক্ষণ ছিল, সে একদিন হরিদাসেবে ডাকিয়া বলিল, "ওংই হরিদাস! হরিনাম করিতে হয়, মনে মনে করিলেই পার, তুমি যে উক্তিঃস্বরে চীৎকার করিয়া করিয়া করিয়া নাম কার্দ্রন করে, এ ভোমার কেমন বিদদৃশ ব্যবহার!" ব্রাক্ষণের কথা শুনিয়া হরিদ্রান্য বলিলেন, "উচৈডঃস্বরে নাম কীর্দ্রন করিলে যে কোন প্রকার পাণ্ড হয়, কোন শাস্ত্রে এরূপ বিধান নাই। আমি আপন মনে যদি হরিনাম করি, তাহা হইলোক অপরের কি কল্যাণ হইবে গু আমি সক্ষাধারণের উপকারের জক্তই এইভাবে উচ্চৈঃস্বরে হরিনাম শুনাইয়া যদি একটি লোককেও হরিনামে আম্বর্জ করিতে পারি, ভাহা হইলোই আমার শ্রম

জার্থক হইবে। এই বিবেচনাতেই আমি উ**চ্চৈ:স্বরে হরিনাম কীর্ত্তন** করিয়া থাকি

"শুন বিপ্রা! সরুৎ শুনিলে ক্লফনাম।
পশুশকী কীট যায় শ্রীবৈকুঠধাম।"
শ্রিশ্রীনারদীয় পুরাণে প্রহলাদ বলিয়াছেন,—
শ্রশতো হরিনামানি স্থানে শুভগুণাধিক:।
আত্মানঞ্চ পুনাতাটৈচিজ্ঞপন্ শ্রোতৃন্ পুনাতি চ।"

অধাৎ হরিনাম-জপপরায়ণ ব্যক্তি অপেক্ষা উচ্চৈঃস্বরে হরিনামজপকারী যে শতগুণে প্রধান, ইহা যুক্তিযুক্ত। কারণ, কেবল জপকারী
আপনাকেই পবিত্র করেন, আর উচ্চৈঃস্বরে জপকারী আপনাকে এবং
শ্রোত্বগকে—সকলকেই পবিত্র করেন।

ব্রাহ্মণ হরিদানের কথা শুনিয়া আর প্রত্যুত্তর না করিয়া উচৈচ: যরে ভবিনাম কীর্ত্তন করিতে করিতে চলিয়া গেলেন ।

ইহার কিছুদিন পরে ১৪০৭ শকে খ্রীনীটেতন্যদেব নবদাপে জন্মগ্রহণ করেন। শাস্তিপুরে খ্রীশ্রী দবৈতাচার্য্য এতদিন ভগবান খ্রীটেতন্যের আবিভাবের জন্যই অপেক্ষা করিতেছিলেন; টৈতন্যদেব আবিভূতি হইয়া-ছেন শুনিয়া একদিকে অবৈতাচার্য্য যেমন আনন্দে নৃত্য করিয়াছিলেন, হরিদাসভ তজ্ঞপ অবৈতের সহিত মিলিত হইয়া নৃত্য করিয়াছিলেন।

ত্রেপর ঐটেচতন্যদেব নবদীপে যথন হরিনাম সংকীর্ত্তনে পাপী-তাপী-বিষয়ার প্রাণে মধুর অমিয়-ধারা বর্ষণ করিতেছিলেন, তথন হরিদাস গিয়া নবদাপে তাহার নিকট উপস্থিত হন। হরিদাস জাভিতে যবন হইলেও ঐটিচতন্যদেব তাঁহাকে মহাভক্ত বলিয়া চিনিতে পারেন এবং অকুণ্টিতচিত্তে আপেন পার্শে স্থান দান করেন। হরিদাস ও নিত্যা-

নন্দের উপর এটিচতন্ত নগর-সঙ্কীর্ত্তনের ভার দিয়াছিলেন, ইহা পুর্বেট বলা হইয়াছে। হরিদাসকে জ্রীচৈত্ত যে কত্দুর মহৎ বলিয়া মনে করিতেন, তাহ। একটি ঘটনা হইতেই স্বস্পষ্ট প্রতীয়মান হইবে। মহা-প্রভু একদিন শ্রীবাদের বাটীতে কীর্ত্তন করিতে করিতে ভাবে সুমাধিত্ব ্ফইয়া পডেন। সেই সময়ে তিনি তাঁহার শিষাবর্গকে আপনাপন অভীষ্ট বর लहेवात खना जाएन करतन। श्रीतमात्र घवन विवधा मधना परत परत থাকিতেন। একে একে সমস্ত শিষা ঈপিত বর লইলে মহাপ্রভ হরিদাসের বিষয় জিজ্ঞাসা করিয়া জানিলেন খে, হরিদাস সকলের পশ্চাতে আত্মগোপন করিয়া রহিয়াছেন। তাঁহার আদেশে হরিদাসকে মহা-প্রভুৱ স্মাথে আনা হইল। মহাপ্রভু বলিলেন, "হরিদাস তুমি জাতিতে হাহাইহও না কেন, তুমি আমার অপেকাও শ্রেষ্ঠ। যে বাক্তি বাজারের মধ্যে বেতাহত হট্য়াও অঘাতকারীদের কল্যাণ প্রার্থনা করিতে পারে, সে ব্যক্তি ধে কত উচ্চ, কত মহান তাহা সাধারণ মাত্রুষে কল্পনা করিতে পারে না। তোমার নাায় অকপট ভক্তের সংস্গ যে এক মুহুর্ত্তের জনাও লাভ করিতে পারে, সে আমারই দঙ্গ লাভ করে। বাপ হরিদাস। আমি নিতা তোমাতেই বিরাজমান। তোমার দেহে ও আমার দেহে কোন প্রভেদ নাই।"

শ্রীপৌরাঙ্গের মুথে এই প্রকার প্রশংসাবাদ শুনিয়া হরিদাস মুচ্ছিত হইয়া পড়েন। মহাপ্রভূ তাঁহাকে হাত ধরিয়া তুলেন।

শ্রীশ্রীমহাপ্রভূ অতঃপর সন্ধ্যাস গ্রহণ করিয়া রুলাবন, দংক্ষিণাত্য প্রভৃতি নানাস্থান শ্রমণ করিয়া অবশেষে পুরুষোত্তনে আসিয়া স্থায়িভাবে বস্বাস করিতে লাগিলেন। নিত্যানন্দ, জগদানন্দ এ ক্ষঞ্দাস সে সংবাদ প্রচার করিলেন। শান্তিপুরে অবৈতাচাধ্যও এ সংবাদ শ্রবণ করিলেন। তথন শ্রীগোরান্দের ভক্তবুন্দ তাঁহাকে দর্শন করিবার জন্ম পুরীধামে

ষাইবার জন্ম উদ্প্রাব হইলেন। কালবিলম না করিখা সকলে শান্তিপুরে অবৈতাচার্য্যের বাটীতে আসিয়া দ্মবেত হইলেন। তার পর হরিনাম কার্ত্তন করিতে করিতে সকলে পুরীধামাভিমুখে প্রস্থান করিলেন। অহৈত আচার্য্য, শ্রীবাদ, বস্তুদেব দত্ত, মুরারি গুপু, গঙ্গাদাদ, কুঞ্চাদ প্রভৃতি প্রায় তুইশতাধিক শিষ্য প্রস্থান করিলেন। হরিদাগও ঠাঁহাদের সমভিব্যাহারী হইলেন। আর সমভিব্যাহারী হইলেন প্রভু নিভানেক। প্রভ নিভ্যাননের উপর যদিও গৌড়ে থাকিয়। প্রেমধর্ম-প্রচারের ভার ছিল, যদিও মহাপ্রভ তাঁহাকে সেইরূপ আলেশ করিয়াছিলেন, তথাত তিনি প্রভর আজা কজনে করিয়া ভক্তবন্দের সহযাতী হইলেন। প্রেমের এমনই লক্ষণ যে, প্রেম কাহারও বাধা-নিষেধ মানে না । বুকাবনে গোপাগণের প্রাণে প্রেমের সঞ্চার হইহাছিল, শ্রীকৃষ্ণ বার্ম্বার ভারান দিগকে গতে ফিরিবার আদেশ করিয়াভিকেন, কিন্তু রুফপ্রেমের এমনই আকর্ষণ যে, শ্রীক্ষাক্তর আজা লভ্যন করিয়া তাগারা কুল-মান লাজ-সকলই বিস্কৃত্ন নিয়া বন্ধনীতে তাঁহার নিকট উপন্থিত হুইয়া রাম্লীলা করিয়াছিলেন ৷ মহাপ্রভু যে যে বল্প থাইতে ভালবাদেন, এক একজন ভক্ত মহাপ্রভার জন্য তাহা লইলেন।---

"ধনিয়া মৌরী তভ্ল গুণ্ডি করিয়া।
নাড়ু বান্ধিয়াছে চিনি পাক করিয়া।
ভাঠিবণ্ড নাড়ু আর আম্পিন্তহর।
পৃথক্ পৃথক্ বান্ধি বস্তের কথুলী ভিতর।
কোলি ভাঠী কোলিচূল কোলিখণ্ড আর .
কত নাম লব আর যত প্রকার আচার।"

মহাপ্রভার প্রিয় এই সকল আহার্য্য-সামগ্রী ভাইয়া ভক্তগণ সকলে মহাপ্রভূ-সন্দর্শনে প্রস্থান করিলেন। ভক্ত-র্থাদ বহু ক্লেশ স্বীকার করিয়া পুরীধামে উপন্থিত হইলে রাজা প্রতাপ কল্ল. সার্কভৌমাচার্ব্য প্রভৃতি স্কলে তাঁহাদিগকে অভ্যর্থনা করিলেন। সেদিন প্রভর ৰৰকীড়া ৰলিয়া মহাপ্ৰভু স্বয়ং আদিয়াছিলেন। এখন ভভগণকে পাইয়া তিনি তাঁহাদিগকে লইগা মহাকীর্ত্তন আরম্ভ করিলেন, অতঃপর ভক্তগণকে মহাপ্রদাদ দিবার ব্যবস্থা করিলেন। ভক্তগণের মধ্যে ত তাঁহার প্রাণ্সম প্রিয়তম হরিদাস নাই। তিনি ব্যাকুলভাবে জিজ্ঞাস। করিলেন। ভক্তগণ বলিলেন, হরিদাস জাতিতে ঘবন বলিয়া পুরুবোত্তমে প্রবেশ করিতে সাহস না করিয়া পথিপাখে বিসয়া বহিয়াছেন। এটিচতন্য আর মুহর্তমাত্র অপেকা না করিয়া ঘাইয়া দেখেন, সত্য সত্যই হরিদাস প্রিপার্শে পড়িয়া ছরিনাম সংকীর্ত্তন করিতেছেন। প্রভু তাঁহাকে হাতে ধরিয়া পুরুষোত্তমে লইরা আসিলেন। অতঃপর মহাপ্রভু উৎকলরাক্ষের পুরোহিত কাশী মিশ্রের কুন্মান্তানে হরিদাসের জন্ত একটা কুটার নির্মাণ করিয়া দিলেন! ভক্ত হরিদাস সেই বটীরেই বাস করিতে লাগিলেন। এক-मिन महाक्षक मध्य-श्वानास्त्र हतिमारात कृतिरत वानिशा (मर्थन, हतिमान জাতি নিজীব অবস্থায় পড়িয়া ধীরে ধীরে নাম সংকীর্ত্তন করিতেচেন প্রভ জিজ্ঞাদা করিলেন, "হরিদাদ তোমার কি কোন অহখ বিহুথ করি-श्रांट्र ?" इतिमान विमालन, "ना প্রভু आম! . कान अञ्चय नाहे, তবে ৰাষ্ক্রতেভু ক্ষীণদেহ হইয়াছি, এখন আর পূর্বের মত নামজপ করিতে পারি না, ইহই আমার চঃথ।"

> "প্রভূ কহে বৃদ্ধ হৈলা সংখ্যা শ্বন্ন কর। সিদ্ধদেহ তুমি সাধনে আগ্রন্থ কেনে ধর।"

হরিদাস বলিশেন, "প্রভু, আনি হীন জাতিতে জন্মগ্রহণ করিয়াছি, তবে তোমার রুপায় ব্রাহ্মণেও আমার সহিত একত্র ভোজন করিয়াছেন। কিন্তু প্রভু আমার সর্বাধা এই আশহা তুমি আমার পূর্বে লীলা সংবরণ করিবে। আমি তাহা ত দর্শন করিতে পারিব না। অতএব প্রভু তুমি আমার মনোবাঞ্ছা পরিপূর্ণ করিয়া আমাকে তোমার লীলা-সম্বরণের পূর্বেই মানবলীলা সম্বরণ করিতে দেও।

"আপনার আগে মোর শরীর পড়িবা। হৃদয়ে ধরিবা ভোমার কমল চরণ। নয়নে দেখিব ভোমার চাঁদ বদন। জিহ্বায় উচ্চারিব ভোমার কৃষ্টেভক্ত নাম।"

—শ্রীচৈততাচরিতামূতম ।

পরদিন ভক্তগণসহ মহাপ্রভূ হরিদাস ঠাক্রকে দর্শন করিবার জন্ম যাইলেন। হরিদাসের কুটারের অঙ্গনে মহাপ্রভূ ভক্তগণ সহ মহান্ত্য আরম্ভ করিলেন। হরিদাস প্রভূর ও ভক্তর্ন্দের পদধূলি লইয়। "কৃষ্ণতৈতিক্য" বলিতে বলিতে দেহত্যাগ করিলেন। তথন প্রভূ হরিদাসের দেহ লইয়। প্রাণ ভরিয়া নৃত্য করিতে লাগিলেন। অতঃপর হরিদাসের দেহ সমুদ্রে লইয়া গিয়া তাঁহার দেহ সমুদ্রে স্থান করাইলেন। ভক্তগণ সকলে হরিদাসের পাদোদক পান করিতে লাগিলেন। হরিদাসের দেহ অতঃপর চন্দনে অফ্লিপ্ত করিয়া মহাপ্রভূ তাহা বাল্কার মধ্যে প্রোথিত করিলেন। অতঃপর জগরাখদেবের মন্দিরের সিংহছারে আাসিয়া মহাপ্রভূ হরিদাসের মহোংসবের জন্ম ভিক্ষা চাহিলেন। সকলে ভিক্ষা দিল। ছরিদাসের দেবলীলা এই ভাবে পরিসমাপ্ত হইল।

## রামানন্দ রায়.

মান্থৰ ধন ও ঐশব্যের মধ্যে আকণ্ঠ নিমজ্জিত থাকিয়াও বে ভগবানে ঐকান্তিক নিষ্ঠা দেখাইতে পারে এবং ভগবান যে দরিভের কূটারের ক্যায় ধনীর প্রাণাদেও পদক্ষেপ করিয়া থাকেন, ভক্তপ্রবর রামানন্দ রায় তাহার দৃষ্টান্তবল । যাত গ্রান্তবল ক্রেয়া থাকেন, তক্তপ্রবর রামানন্দ রায় তাহার দৃষ্টান্তবল । যাত গ্রান্তবল ক্রেয়া থাকেন, বেমন একটি স্টের ভিতর দিয়া একটি উট্টের প্রবেশ অসম্ভব, তদ্রুপ ধনী লোকের পক্ষেও স্বর্গে গমন অসম্ভব। কিন্তু রামানন্দ-চরিত পাঠ করিলে বুঝা যার, যাত গ্রীপ্রের এই প্রকার উক্তি একেবারে সমীর্ণভাম্লক। হিন্দুধর্ম কথনও সমীর্ণগিন্তীর মধ্যে আবদ্ধ নহে, হিন্দুধর্ম ধনী ও দরিভ্রের জন্য ধর্মাগধনের সভ্রে পথ প্রস্তুত করে নাই। প্রাণাদবাদী ধনীও বেমন ভগবানকে ভাকিলে পায়, কুটারবাদী দরিজ্ঞও তদ্ধ্ব পায়—হিন্দুর ভগবান দার্মক্রনান। তাহা যদি না হইত, তাহা হইলে ভক্ত ও সাধকের ভালিকায় রাজ্যি জনক, রূপ-সনাতন অথবা রায় রামানন্দের নাম কথনও স্থান পাইত না। রায় রামানন্দ ত নিভান্ত যে সে লোক ছিলেন না; ভিনি ছিলেন গোদাবরীর শাসনকর্তা।

মহাপ্রভূ যথন নীলাচল হইতে দাক্ষিণাত্য-ভ্রমণের জন্ম যাত্রা করেন,
তথন সার্বভৌম তাঁহাকে রামানন্দ রায়ের আকার-প্রকার ও বৈঞ্চবভক্তি সম্বন্ধে পরিচয় প্রদান করিয়াছিলেন। মহাপ্রভূ গোদাবরীভট
দিয়া যাইতে যাইতে বনরাজীর নীলশোভা-সন্দর্শনে পুলকিত হইয়া
বুলাবন-ভ্রমে নৃত্যু করিতেছিলেন। ভক্তেরা তাঁহার চতুম্পার্যে সমবেত
হইয়া নৃত্যু করিতেছিল। এমন সময় দেখেন, এক ব্যক্তি দোলায় চড়িয়া
গোদাবরীতে স্নান করিতে যাইতেছেন। তাঁহার সঙ্গে বহু বৈদিক প্রান্ধন,

এবং বাজকরেরা বাজনা বাজাইয়া যাইতেছে। তিনি স্থানাস্থে উপরেজ উঠিলেই মহাপ্রভূ তাঁহাকে রামানন্দ রায় বলিয়া চিনিতে পারিলেন। দেখিলেন, রামানন্দের যেরপ পরিচয় সার্বভৌম বলিয়া দিয়াছেন সেই পরিচয়ের সঙ্গে রামানন্দের অঙ্গসৌষ্ঠবাদির সম্পূর্ণ সাদৃষ্ঠ আছে। এদিকে রামানন্দ রায়ও "স্থ্য শত সম অকণবসন" এক সয়্মাসীকে হরিনাম করিতে দেখিয়া তাঁহার নিকট আসিলেন। আসিয়াই মহাপ্রভূর চরণে প্রণাম করিলেন। মহাপ্রভূ তাঁহাকে আলিঙ্গন করিয়া জিজ্ঞাসিলেন, "আমি সার্বভৌমের নিকট যে ভক্তপ্রবর রামানন্দ রায়ের নাম ভনিয়াছি, আপনি কি সেই রামানন্দ রায় দু" রামানন্দ বলিলেন, "হাঁ আমিই সেই অধম রামানন্দ" তথন মহাপ্রভূ বলিলেন—

"সার্ব্বভৌম ভট্টাচার্ঘ্য কহিল ভোমার গুণে। ভোমারে মিলিতে মোরে করেছে যতনে॥ তোমা মিলিবাবে মোর এধা আগমন। ভাল হৈল অনায়াদে পাইমু দর্শন॥"

রামানন্দ বলিলেন, "আমি রাজদেবক, শৃদ্রেরও অধম। তৃমি আমাকে স্পর্শ করিতে বিন্দুমাত ঘুলা বোধ করিলে না।" অতঃপর পরস্পরে নানা কথা বলিতে চেন, এমন সময় একজন বৈহুব বাহ্মণ আসিয়া প্রভ্কে তাঁহার বাটীতে ভিক্ষাগ্রহণ করিজে বলিল। প্রভ্ নিমন্ত্রণ গ্রহণ করিলেন। সন্ধাাকালে রামানন্দ রায় সেই বৈহুব বাহ্মণের বাটীতে আসিয়া মহাপ্রভুর স হ • সাক্ষাৎ করিলেন। তাঁহারা তৃইজনে অভঃপর ধর্মবিষয়ে আলোচনা আরম্ভ করিলেন। সে আলোচনা প্রভুর নিজের ভাষাতেই দিছে। "প্রভুকহে কহে। কিছু সাধ্যের নির্ণয়। রায় কহে অধশাচরণে বিফুভক্তি হয়॥

প্রভুকতে এহো বাহা আগে কহ আরে। রায় কহে কৃষ্ণকর্মার্পণ সর্কাসাধ্য সার ।

প্রভু কহে এহে। বাহ্য জ্বাগে কহ আর । রায় কহে স্বধর্মত্যাগ ভক্তিদাধ্য দার ॥

প্রভু কহে এহো বাহ্ম আগে কহে আর। রায় কহে জ্ঞানশূর ভক্তিসাধ্য সার।

প্রভু কহে এহো হয় আগে কহ আর। রায় কহে প্রেমভক্তি সর্বদাধ্য সার॥"

প্রভূ কহে এহো হয় আগে কহ আর। রায় কহে দাশুপ্রেম সর্বসাধ্য সার।

প্রভুকতে এহো হয় কিছু আগে আর। রায় কহে স্থাপ্রেম স্বর্দাধ্য সার।

প্রভূ কহে এহোত্তম আগে কহ আর। রায় কহে বাৎসল্য প্রেম সর্বসাধ্য সার॥ প্রভুকহে এহোত্তম আগে কহ আর। রায় কহে কাস্তভাব প্রেমদাধ্য দার।

প্রভু কহে সাধ্যাবধি স্থনিশ্চয়।
কুপা করি কহ যদি আগে কিছু হয়।
রায় কহে ইহার আগে পুছেছেন জনে।
এতদিনে নাহি জানি আছয়ে ভূবনে।
ইহার মধ্যে রাধার প্রেম সাধ্যশিরোমণি।
বাহার মহিমা সর্বশাস্ত্রেতে বাধানি॥

রায় কহে তাহা শুন প্রেমের মহিমা।
ক্রিজগতে রাধাপ্রেমের নাহিক উপনা।
প্রভূ কহে যে লাগি আছিলাম তোমাস্থানে।
সেই সব তত্ত্বস্থা হৈল মোর জ্ঞানে।
এবে সে জানিল সেব্য সাধন নির্ণয়।"

—বীচৈতক্সচরিতামৃতম।

আত এব তুমি আরও কিছু বল। ক্লঞ্ এবং রাধার অরূপ কি ভাহা বল, রস কোন্ তত্ত্ব এবং প্রেম কোন্ তত্ত্বপ তাহাও বল। তুমি দয়া করিয়া এই সব তত্ত্ব আমাকে বল, তুমি ভিন্ন এ তত্ত্ব আর কেছ শিখাইতে পারে না।

রায় রামানন্দ কহিলেন, আপনি যে সমস্ত বিষয় বলিলেন, আমি সে সমস্তের কিছুই জানি না। তুমিই ত সাক্ষাৎ ঈশার সকলকৈ জান, অভএব বুথা কেন আমার সহিত ছলনা কর। "প্রভূ কহে মাঘাবাদী আমি ত সন্ন্যাসী। ভক্তিতত্ব নাহি জানি মায়াবাদে ভাসি।"

আমি সার্বভৌমের কাছে কিছু ক্ষণ্ডত্ত জানিতে চাহিয়াছিলাম, তিনি বলিলেন যে, তিনি কৃষ্ণকথা জানেন না, জানেন রায় রামানন্দ। সেইজন্ত আমি তোমার নিকট আদিলাম, আর তুমি কি না সন্ন্যাসী বলিয়া আমার স্তুতি করিতেছ ?

প্রভাৱ কথা শুনিয়া রায় রামানক বলিতে লাগিলেন, প্রভু যখন তুমি শুনিবেই তথন শুন। শামি যন্ত্রমার, তুমি শামার রসনায় অধিষ্ঠিত হইয়া যেমন বলাইবে, আমি সেইরূপই বলিব। ভগবান শ্রীরুফ্চ স্বয়ঃ সাক্ষাৎ ভগবান। তিনি বৃন্দাবনে শুপ্রাকৃত মদনমোহন, কামগায়ত্রী ও কামবীজে তাঁহার উপাসনা হয়, তিনি পুরুষযোষিত কিংবা স্থাবর-জলমের চিন্তাবর্ধক এবং সাক্ষাৎ মদনমোহনশ্বরূপ। তিনি আপন মাধুর্য্যে আপনি মুগ্র হইয়া আপনাকেই আলিঙ্গন করিতে চান। ক্লেফের শক্তি বটে, কিন্তু তাঁহাতে তিনটি শক্তি প্রধান:—চিচ্ছন্তি, মায়াশক্তি ও জীবশক্তি। অন্তর্কা, বহিরকা ও তটয়া, তর্মধ্যে শাস্ত্রবাশক্তি সকলের উপরে।

"সচিং আনন্দময় ক্বঞ্চের স্বরূপ।
অতএব স্বরূপ শক্তি হয় তিনরূপ।
আনন্দাংশে হলাদিনী সদংশে সন্ধিনী।
চিদংশে সন্থিত যারে জ্ঞান করি মানি।
কৃষ্ণকে আহলাদে তাতে বাম আহলাদিনী
সেই শক্তিশ্বারে ক্বথ আস্বাদে আপনি।
স্থারূপ কৃষ্ণ করে ক্বথ আস্বাদন।
ভক্তগণে ক্বথ দিতে হলাদিনী কারণ।

হলাদিনীর সার অংশ তার প্রেমনাম।
আনন্দ চিন্নায় রূপ রসের আখ্যান।
প্রেমের পরম ভাব মহাভাব জানি।
সেই মহাভাবরূপা রাধা ঠাকুরাণী।
প্রেমের স্বরূপ দেহ প্রেমের ভাবিত।
কুক্ষের প্রেয়সী শ্রেষ্ঠ জগতে বিদিত।
মহাভাব চিস্তামণি বাধার স্বরূপ।
শ্রিভাদি সধী তার কার্যাব্যহরূপ।

— ঐচৈতন্তরিতামৃতম্।

প্রভূ কহিলেন, আজ ভোমার প্রদাদে দাধ্যবস্থার সন্ধান পাইলাম।
সাধ্যবস্ত কেহ দাধন ব্যতীত পায় না। অতএব কেমন করিয়া সেই
সাধনা লাভ করা বায় তাহা আমাকে বল।

রায় রামানন্দ বলিলেন, প্রভু তোমার লীলা বুঝা ভার! তুমি
নিজেই আমার মুখে বজারপে অধিষ্ঠিত হইয়া নিজেই শ্রোভারপে তাহা
শুনিভেছ। রাধারুফলীলা অতি গৃঢ় লীলা, দাশুবাৎসল্যাদি ভাবে
এই লীলা উপলব্ধি করিতে পারা যায় না। সধী না হইলে এই লীলা
কথনই পরিপুষ্ট হয় না। যে সধীভাবে তাঁহাকে পূজা করে, সেই
রাধারুফ কুঞ্জ-সেবা রূপ সাধ্য পায়, এ সাধ্য পাইতে সধীভাব ছাড়া আর
অন্ত উপায় নাই। বে কুফের সহিত রাধিকার লীলা করায়, সে নিজের
কথ হইতেও কোটীগুল ক্থা পায়।

পরদিন রায় রামানন আবার মহাপ্রভুর নিকট আদিলেন, তিনি আদিতেই মহাপ্রভু জিজাদা করিলেন—

> "প্রভুকহে কোন্বিভ। বিভামধ্যে দার। রায়কহে কৃষ্ণ ছক্তি বিনাবিভানাহি আর ॥"

এই ভাবে কৃষ্ণকথার মধ্যে তাঁহারা ছুইজনে সারারাত্রি যাপন করিলেন। সকালে রায় রামানন্দ চলিয়া গিয়া পুনরায় সন্ধ্যাকালে আদিয়া প্রভুর সহিত সাক্ষাং করিলেন। এনিনও কৃষ্ণতন্ত্ব, রাধাতন্ত্ব, প্রেমতন্ত্ব, রাসতন্ত্ব, লীলাতন্ত্ব প্রভৃতি নানা তত্ব লইয়া কথাবার্ত্তা হইল। তার পর রামানন্দের নিকট হইতে বিদায় লইয়া মহাপ্রভু নীলাচলে প্রভাবর্ত্তন করিলেন। বিভাপুরের অধিবাসির্ন্দ সকলে গৌরাজ-বিচ্ছেদশোকে জ্বজ্জারত হইল। রামানন্দ্র গৌরাজ-বিহনে চতুর্দ্দিক অন্ধ্বার দেখিতে লাগিলেন।

একদিন প্রত্যায় মিশ্র মহাপ্রভুর চরণে প্রণাম করিয়া বলিলেন, "প্রভু রফকথা শুনিতে শামার বড়ই ইচ্ছা হয়।" প্রভু তাহা শুনিয়া বলিলেন, "আমি রুফকথা জানি না; যদি তোমার রুফকথা শুনিতে ইচ্ছা হয়, তাহা হইলে রায় রামানন্দের নিকট গমন কর।" প্রত্যায় মিশ্র মহাপ্রভুর কথাস্থায়ী রামানন্দের বাটীতে গিয়া শুনিলেন, তিনি উল্ঞানের মধ্যে তুইটি হৃদ্দেরী কিশোরীকে শ্বরচিত নাটক শিথাইতেছেন এবং তাহাদের গাত্তমার্জ্জনা পর্যায় করিয়া দেন। মিশ্রের শাগমন-সংবাদ শুনিয়া রায় রামানন্দ তাঁহার নিকট শাগমন করিলেন এবং বলিলেন—

"বহুক্ষণ আইলা মোরে কেই না বলিল। তোমার চরণে মোর অপরাধ হৈল। তোমার আগমনে মোর পবিত্র হইল ঘর। আজ্ঞা কর কাহা করে। তোমার কিষর।"

মিশ্র বলিলেন, "তোমাকে দেখিবার জন্মই এখানে আদিয়াছি।" বামানন্দ বলিলেন, "সে আমার সৌভাগ্য।" তখন অধিক বেলা হইয়াছে দেখিয়া প্রান্ত্র মিশ্র নিজালয়ে চলিয়া গেলেন এবং একদিন মহাপ্রভুব নিকট গিয়া বলিলেন, "রামানন্দের নিকট গিয়াছিলাম বটে, কিন্তু তাঁহার ব্যবহার দেখিয়া মনোকুল হইয়া ফিরিয়া আসিয়াছি। তিনি স্থানরী কিশোরী লইয়া উভানমধ্যে গানবাজনা ও নর্তুন শিক্ষা দেন এবং নিজে তাহাদিগকে স্থান করাইয়া দেন।"

"শুনি মহাপ্রভু তবে কহিতে লাগিলা।
আমি ত সন্থানী আপনা বিরক্ত করি মানি।
দর্শন দূরে প্রকৃতির নাম যদি শুনি।
তবহি বিকার পার মোর তহু মন।
প্রকৃতি দর্শনে দ্বির হয় কোন্ জন।
রামানন্দ রায়ের কথা শুন সর্বজন।
কহিবার কথা নহে আশ্চর্যা কথন।
একে দেবদাসী আর ফুলরী তক্ষণী।
তার সব অঙ্গসেবা করেন আপনি।
স্মানাদি করায় পরায় বাস বিভ্যণ।

• শুলের হয় তার দর্শন স্পর্শন।
তব্ নির্কিকার রায় রামানন্দের মন।
নানা ভাবোদগম তার করায় শিক্ষণ।
তাহার মনের ভাব তিঁহ জানে মাত্র।
তাহা জানিবার দ্বিতীয় নাহি পাত্র।"

—শ্রীচৈতক্তরিতামুভম।

মহাপ্রভুর কথা ভনিয়া রামানন্দের প্রতি প্রত্যায় মিশ্রের যে বিরুদ্ধারণা জারিয়াছিল তাহা বিদ্রিত হইল। এবার রামানন্দের নিকট গিয়া মিশ্র মহাশয় স্বাভিমত প্রকাশ করিলেন। রামানন্দ তাঁহাকে আনন্দের সহিত মধুর কৃষ্ণকথা ভনাইলেন এবং বলিলেন, "এসব কথা আমি কোথায় পাইব, স্বয়ং ভগবান শ্রীচৈতক্ত আমার রসনায় বক্তার আসন গ্রহণ করিয়া যেমন বলিতেছেন, আমি কেমনি বলিতেছি।"

রামানন্দের এই স্বভাবসিদ্ধ বিনয়ের কথা প্রত্যন্ত্র মিশ্র শ্রীশ্রীমহা-প্রভ্র নিকটে পিয়া বলিয়াছিলেন। ভোগের মধ্যে আকণ্ঠ নিমগ্র থাকিয়াও যে মানব ভক্তি সাধন করিতে পারে, রায় রামানন্দ ভাহার জাজলামান নিদর্শন।

--:•:--

## রাজা প্রতাপচন্দ্র রুদ্রে রায়

ভগবানের অবতারশ্বরণে ভক্তিপ্রবাহে ধরাকে প্লাবিজ্
করিবার জন্য যে সমস্ত দেবতা নররূপে অবতীর্ণ হন, তাঁহাদের
এমনই মোহিনী শক্তি যে, অম্বর্চ্মী প্রাসাদবাসী রাজা পর্যন্ত তাঁহাদের
বিলাস-বিভব পরিত্যাগ করিয়া ছুটিয়া আসেন। প্ররীর রাজ। প্রতাপকল্স রায় এই শ্রেণীর ধনী ছিলেন: মহাপ্রভু প্রীচৈতক্য নীলাচলে গিয়া
কফ্ষনামের বন্যায় চতুদ্দিক মাতাইয়া ভুলিয়াছেন, রাজা প্রতাপক্ত্র কি
সেই মোহিনী ধ্বনি শুনিয়া নীরব থাকিতে পারেন? সকলে মহাপ্রভুর
সহিত মহানন্দে নৃত্য করে, রাজা প্রতাপক্ত্র রায় কি এ অবস্থায় প্রাসাদকক্ষে আবদ্ধ থাকিতে পারেন? একদিন, ছইদিন, তিনদিন করিয়া
কতদিন কাটিল, রাজা প্রতাপক্ত্র প্রভুর চরণ-দর্শনাশায় উৎক্তিভোবে
অবস্থান করিতে লাগিলেন। পরিশোষে একদিন আর না থাকিতে
পারিয়া সার্বভৌমের নিকট নিজ অভিমত ব্যক্ত করিলেন। সার্বভৌম
আসিয়া সে কথা মহাপ্রভুকে বলিলেন। মহাপ্রভু শুনিয়া
বলিলেন, "সন্ন্যাসীর পক্ষে যেমন স্থী দর্শন করিতে নাই, ডক্রপ রাজ্বদর্শনও
করিতে নাই।"

"আকারাদপি ভেতব্যং স্ত্রীণাং বিষয়িণামপি।

যথা মহেমনিস: ক্ষোভন্তথা তল্ঞাক্তরেপি।"

— প্রীচৈতন্তচন্দ্রোদয় নাটক।

"ঐছে বাত পুনরপি মুথে না আনিবে।

কহ যদি তবে আমায় এথা না দেখিবে।"

সার্কভৌম প্রভুর কথা শুনিয়া মহা চিন্তিত হইয়া পড়িলেন।
রামানন্দ রায়ও মহাপ্রভুর নিকট গিয়া বলিলেন, "রাজ্ঞা
প্রভাপরুদ্র আপনাকে অভাস্ত ভক্তি করেন, তিনি বিষ্ণাদি সমত পরিবর্জন করিয়াছেন। আপনার নাম যে কেহ করে, রাজা আসন হইডে
উঠিয়া অমনি ঠাহাকে আলিকন করেন।" কিন্তু রায় রামানক্ষও মহাপ্রভুর
কথা শুনিয়া নিরাশ হইলেন।

এদিকে সার্বভৌম রাজ। প্রতাপক্ষত্তের নিকট গিয়া বলিলেন, "রাজন! আমি আপনার জক্ত মহাপ্রভুকে অনেক বলিয়াছি, তথাপি তিনি রাজদর্শনে সম্মত হন নাই। তিনি স্পট্টই আমাকে বলিয়াছেন, যদি এরপ প্রস্তাব বিতীয়বার করা হয়, তাহা হইলে তিনি জগন্নাথক্ষেত্রইইতে চলিয়া যাইবেন। রাজা শুনিয়া অভাস্ত হংশিত হইয়া বলিলেন—

"পাণী নীচ উদ্ধারিতে তাঁর অবতার।
জগাই মাধাই করিয়াছেন উদ্ধার॥
প্রতাপকত্র ছাড়ি করিব জগত নিন্তার।
এই প্রতিজ্ঞা করিয়াছেন অবতার।
তাঁর প্রতিজ্ঞা কোর না করিবে দরশন।
মোর প্রতিজ্ঞা তাঁ। বিনা ছাড়িব জীবন॥
যদি সেই মহাপ্রভুর না পাই ক্লপাধন।
কিবা রাজ্য কিবা দেহ সব অকারণ॥"

— ঐচিতকাচরিতামতম।

মহাপ্রভুর প্রতি রাজার প্রগাঢ় ভক্তি দেখিয়া সার্বভৌম বিশ্বিত হইলেন এবং বলিলেন, "নিশ্চয়ই আপনার প্রতি মহাপ্রভূ সম্ভষ্ট হইবেন। আমি আপনাকে একটা উপায় বলিয়া দিই, সেই উপায়ে নিশ্চয়ই মহা-প্রভূর দর্শন মিলিবে। স্বান্যাজার দিন মহাপ্রভূ ভক্তগণকে সঙ্গে লইয়া প্রেমাবিষ্ট হইয়া নৃত্য করিবেন। প্রেমাবেশে তিনি পুজোছানে প্রবেশ করিবেন। সেই সময় আপেনি রাজবেশ পরিত্যাগ করিয়া পেই পুজোছানে প্রবেশ করিয়া প্রভুর চরণ ধরিবেন। প্রভু তথন কৃষ্ণকথায় বাহাজ্ঞানশৃত্য থাকিবেন, স্থভরাং আপনাকে নিশ্চয়ই প্রেমাবেশে আলিক্ষন করিয়া বসিবেন। রামানন্দ রায় মহাপ্রভুর নিকট আপনার অনেক গুণগান করিয়াছেন, ভাহাতে প্রভুর মন যে একটু বিগলিত না হইয়াছে, এমন নহে।"

রাজা জিজ্ঞাসিলেন, "স্থানযাত্রা কবে ?'' সার্বভৌম বলিলেন, "স্থান-যাত্রার আর তিন দিন মাত্র বিশম্ব আছে।" রাজা সেই স্থানযাত্রার দিনের প্রতীক্ষা করিতে লাগিলেন। অতঃপর স্থানযাত্রার দিন উপস্থিত হইল, মহাপ্রভু গোপীভাবে উন্মত্ত ইইয়া মহানৃত্য করিতে লাগিলেন।

এস্থলে গোপীভাব সম্বন্ধে কিঞ্চিৎ আলোচনা করা বোধ হয়। অপ্রাণকিক হইবে না।

গোপীভাব জগতের শ্রেষ্ঠতম ভাব। সৃষ্টি ছুই ধারায় প্রবাহিত হুইছেছে। এক পিতৃশক্তি অপর মাতৃশক্তি। পুরুষে পিতৃশক্তি এবং ব্রীতে মাতৃ-শক্তি বিছমান। বেখানে পিতৃশক্তি সেইখানেই জ্ঞানের এবং বেখানে মাতৃশক্তি সেইখানে হ্লাদিনীর বিকাশ। পুরুষের ভিতর জ্ঞানাধিক্যবশতঃ সে কাহারও উপর নির্ভরশীল নহে। স্ত্রী কিন্তু তাহা নহে—সে তাহার পতির উপর নির্ভরশীলা। এমন কি তাহার অশনব্যন, সুখ ও ছুঃখ, প্রতিদিনের হাসি-কাল্লাটির জ্ঞা প্র্যুম্ভ পতির উপর নির্ভর করিতে হয়। এই একান্ত নির্ভরতার ফল কি হয় থাত প্রতিঘাত জ্গতের নিয়ম। পতির ভালবাশাই হুইতেছে একান্ত নির্ভরতার পানসিক বৃত্তির প্রতিঘাত। যাহার ব্যক্তিগত কোন স্বার্থিক নাই, সেই একমাত্র নির্ভরশীল হুইতে পারে। নির্ভরতায় নিজের দায়িশ্ব

-অপস্ত হয়, অবশিষ্ট থাকে ভধু আনন্দ । স্ত্রীগণের হৃদয় তাই আনন্দ-প্রাচুর্ব্যে ভরপুর।

সর্কৃতিস্তাকর্ষক বলিয়া খাঁহাকে কৃষ্ণনামে আভিহিত করা হয়, তিনি বিশের যাবতীয় চেতন অচেতন পদার্থকৈ অল্পবিশুর আকর্ষণ করিতেছেন। তিনিই একমাত্র পুরুষস্থানীয় বলিয়া হ্লাদিনীর আধিক্যযুক্ত জীবকে বা স্ত্রীলোককে আত্যন্তিক আকর্ষণে আকৃষ্ট করিতেছেন। প্রাকৃত জগতেও দেখিতে পাই, আত্মপ্রতিষ্ঠিত ব্যক্তিতে পুরুষের বিকাশাধিক্য দৃষ্ট হয়। ভাদৃশ পুরুষ নারীকে সহজে আকৃষ্ট করিতে পারেন। যেখানেই পৌরুষের বিকাশাধিক্য, সেইখানেই হ্লাদিনীবছল নারী অভিভূত হইয়া পড়ে। ইহাই অপ্রাকৃত ব্রজ্ধামের ব্রজ্গোপীর আদর্শ।

কৈত্রত্ব ও আনন্দের আত্যন্তিক মিলন যে অবশ্রন্থানী, ইহা বৈজ্ঞানিক যুক্তিতেও প্রমাণিত হইতে পারে। তাই সেই পরমপুরুষকে পাইতে হইলে কোন সম্প্রদায় যে বলেন, সাধকের মেয়েদের ভাবে ভাবিতে হইলে, ইহা অযৌক্তিক নহে। এই শ্রেণীর সাধকের মন হইতে পুরুষ-ভাব মুছিয়া গিয়া হৃদয় শিশুর হৃদয়ের তায় সরল ও সরস হয়। শুধু তাহা নহে, পুং দেহের অন্তিত্ব সন্তেও তাহার সে জ্ঞান বিলুপ্ত হয়—মেয়ে ভাবে ভরপুর হইয়া পতিহারা পত্নীর তায়, মণিহারা ফণীর তায় তাহার চিন্তায় দিবানিশি অতিবাহিত করে। স্ত্রীভাবে স্ব-স্থধ-বাহণ থাকে, গোপীভাবে নিজ স্থপের ইচ্ছা নাই—তাহার সমস্ত স্থধ কৃষ্ণক্ষে পর্যাবসিত। এই গোপীভাব সাধ্য নহে। মন্ত্রে তন্ত্রে এ প্রেম আয়ন্ত করা যায় না। নিজ্যাদিক বাহারা তাহারাই শুধু এ প্রেমের অধিকারী। কৃষ্ণ—নন্দন্দন কৃষ্ণ চিরদিনই সত্যবস্ত্র। আনন্দেই এই ক্ষেত্রে জন্ম হয়। এই নন্দনন্দন কৃষ্ণের জন্মই সমস্ত জগত উন্মুথ হইয়া রহিয়াছে। যেথানেই আনন্দের উৎস সেথানেই শ্রীকৃষ্ণের অভিব্যক্তি। এই

আনন্দ অশ্রুতে মিশান। গৌরাঙ্গদেব ছিলেন অশ্রুর খনি। জ্বমটি অশ্রুতে তাঁহার তমুর্চিত। তাই তিনিই শুধু কৃষ্ণ আত্মানন করিয়া ছিলেন, কৃষ্ণসাধনার যে চরম পরিণতি তাহা একমাত্র তাঁহাতেই ফুটিয়াছিল। গৌরাজের ভাবে ভগবানকে ভালবাসার নাম গোপীভাব।

এই গোপীভাবে উন্মন্ত হইয়া মহাপ্রভূ দকল ভক্তকে রাধিয়া একাকী' আলালনাথে গেলেন।

"অর্ধ বাহাদশা প্রভূ প্রেমানন্দে ভাবে। অরে অরে রাজা গিয়া দাণ্ডাইলা পাশে ॥ রাসপঞ্চাধ্যায়ের এক শ্লোক পাঠ করি। উচ্চ করি গায় ভাহা শুনি গৌরহরি॥ প্রেমানন্দ-স্থা কহে কে ভূমি হে বন্ধু। কর্ণেতে ঢালিলে মোর স্থারসসিরু॥ এত কহি প্রেমাবেশে উঠিয়া রাজারে। গাঢ় আলিঙ্গন করি ত্'নয়ান ঝুরে॥ কোহে ভূমে গড়ি কান্দে দৃঢ় আলিজনে। আনন্দতে জয় জয় করে ভক্তগণে॥"

তথন রাজা প্রতাপক্ষয়ের বাসনা দিছ হইল। মহাপ্রভুর চরণ লাভ ক্রিয়া তিনি কৃতার্থ হইলেন।

## এ এইখর পুরী

মহাপ্রভু প্রীচৈত্সনেবের নামের সহিত প্রীক্রীক্রর পুরীর নাম ওতঃপ্রোতভাবে বিজড়িত। ঈশরপুরী মহাপ্রভুর দীক্ষাদাতা ছিলেন, ঈশরপুরী ব্রাহ্মণকুলে কুমারহটে জন্মগ্রহণ করিয়াছিলেন। যথন নিমাই পজিতের পাজিত্যের প্রভায় নবদীপ উদ্ভাসিত, পজিতমঞ্জনী স্কৃতিত, ভ্রমন ঈশ্বরপুরী নবদীপে অগ্রমন করেন।

"হেন কালে নবদাপে শ্রীঈশর পরী।
আইলেন অতি অলক্ষিত বেশ ধরি।
কৃষ্ণরসে পরম বিহুরণ মহাশয়।
একান্ত কৃষ্ণের প্রিয় অতি দয়াময়॥
তাঁর বেশে কেহ তাঁরে চিনিতে না পারে।
বৈবে গিয়া উঠিলেন অহৈত মন্দিরে।"

—শ্রীচৈতক্সভাগবত :

"অহৈত বলেন বাপ তৃমি কোন্জন। বৈক্ষৰ সন্ন্যাসী তৃমি হেন সন্ধ মন। বলেন ঈশব পুৱী অমি কৃদাধম। দেখিবাৱে আইলাম তোমার চরণ।"

— শ্রী এইভাবেই অবৈতাচার্য্যের নিকট পরিচয় দিয়াছিলেন

একদিন পথিমধে। ঈশ্বর পুরীর সহিত নিমাই পণ্ডিতের সাক্ষাংকার হইল। নিমাই পণ্ডিত তথন চতুপাঠিতে ভারগণকে প্রভাইয়। গৃহে প্রত্যাগমন করিতেছিলেন। ঈশ্বর পুরীর সন্ধাসীর ভায় বেশভ্বা ও আকার দর্শনে নিমাই তাঁহাকে প্রণাম করিলেন। ঈশ্বর পুরী দেশিলেন, এক অনিন্দান্তন্দর, তপুকাঞ্চনস্মিভ যুবক তিহাকে প্রণাম করিছেছে। বিষ্ঠা, বুদ্ধি, প্রতিভা, ভক্তি, প্রেম যেন এক ব্রীভূত ইইয়া যুবকে ফুটিয়া বাহির হইয়াছে। তিনি ইতিপুর্বের দেশপ্রসিদ্ধ নিমাই পাণ্ডতের নাম শুনিয়াছিলেন, এখন চাক্ষ্ম তাঁহাকে দেখিতে পাইয়া মনে মনে ভাবিলেন, নিশ্চয়ই এই তক্ষণ যুবক নিমাই পণ্ডিত হইবেন। তিনি প্রকাশত জিজ্ঞাসিলেন, "পণ্ডিত ভোমার নাম কি ?" নিমাই হাসিয়া বাললেন, শাসের নাম নিমাই।" ঈশ্বর পুরী বিস্মিত হইয়া বলিলেন, শ্বহা। তুমি সেই বিখ্যাত নিমাই পণ্ডিত।" নিমাই ইশ্বর পুরীকে সেদিন আপন গৃহে জিল্পা (নিমন্ত্রণ) গ্রহণ করিতে অন্তরোধ করিলেন— ঈশ্বর পুরীও নিমাইয়ের আমন্ত্রণ শ্বীকার করিয়া তাঁহার গৃহে গেলেন।

ইহাই পৌরাক্ষের সহিত ঈশ্বর পুরীর প্রথম সাক্ষাং। তংপর নবদীপে গোপীনাথ আচার্যোর গৃহে করেক মাস ইর্ম্ব পুরী অবস্থান করিয়াছিলেন। তথায় অবস্থান করিয়া তিনি "কুফ্লীলামূত" নামে এক্ধানি সংস্কৃত কাব্য প্রণয়ন করেন। নিমাইয়ের বন্ধু গদাধরকে তিনি সেই ধাব্যথানি পড়িয়া শুনাইতেন। এ সহন্ধে ভক্তিরত্বাক্র বলেন —

> "শ্রীঈশার পুরী কিছুদিন এথা ছিলা। কৃষ্ণলীলামৃত গ্রন্থ এথাই রচিলা॥ গদাধর পণ্ডিতে পরম স্নেহ করে। ভার প্রেম চেষ্টা দেখি পড়াইলা ভারে।

ক্ষির পুরী সেই কার্যথানি সংশোধন করিয়া দিবার জন্ম প্রায়ই নিমাইকে অন্থরোধ করিতেন। কিন্তু মহাপ্রভু আপনার স্বভাবসিদ্ধ বিনয়ের সহিত বলিশেন, ভক্তের বর্ণনাথ কৈথনই ভুল থাকিতে পাবেনা।

শ্রিভু বলে ভজ্কাক্য ক্ষেত্র বর্ণন ।
ইঠাতে যে দোষ দেখে সেই পাপী জন।
ভক্তের কবিত্ব যে তে মত কেনে নয়।
শর্কাথা কৃষ্ণের প্রীতি তাহাতে নিশ্চর ॥
অত এব ভোমার দে কৃষ্ণের বর্ণন।
ইঠাতে দোষিধেৰ কোন্দাহদিক জন।

— শ্রীতৈতা ভাগবত

নিমাই পণ্ডিতের ন্তায় ঈশ্বর পুরীও মহাপণ্ডিত ছিলেন। একদিন আনেক অন্নরোধ উপরোধ ত্যাগ না করিতে পাবিয়া নিমাই পণ্ডিত পুরীমহোদ্যের কাব্যগ্রন্থানি লইয়া আত্মনপদীর উল্লেখ দেখিয়া বাললেন, "এছানে আত্মনেপদী না বাস্থা পরিআপদী বদিবে।" পর্বদিন নিমাই আদিলে ঈশ্বর পুরী বলিলেন, "ভাই ত পণ্ডিত ভূমি যেহানে প্রশ্বৈপদীর উল্লেখ করিয়াছ, দেহানে আত্মনেপদই থাকিবে।" এই বলিয়া ঈশ্বর পুরী নিজের পক্ষের যুক্তি প্রদর্শন করিপেন। নিমাই মনে মনে ঈশ্বর পুরীর আন্তি ব্রিতে পারিলেও তিনি ভক্তবাঞ্চাকরতক ছিলেন, ভক্তের প্রাণে বাধা দেওয়া তাঁহার অভাবসিদ্ধ ছিল না। তিনি ভক্তকেই স্কলা প্রাধান্ত দিতেন, ভক্তের নিকট প্রাক্ষয় স্বীকার করিয়া ভক্তের মহিমা বৃদ্ধি করিছেন।

ইংার পর ঈশ্বর পুরী নবদীপ পরিত্যাগ করেন। ইংার প্রায় ফুই তিন বৎসর পরে গ্যাধামে নিমাইয়ের সহিত ঈশ্বর পুরীর সাক্ষাৎকার হয়। নিমাই পণ্ডিত গয়াধামে ৺বিষ্ণুপাদদর্শন করিতে গিয়াছেন। যে পদ
দর্শন করিবার জন্য যোগী, ঋষি ও মূনি সকলে পাগল, নিমাই সেই পদ
দর্শন করিতে গিয়াছেন। দেখিয়া তাঁহার সমস্ত দেহ এক অভ্তপৃথ্ব
ভক্তিনসে আপ্লুত হইল, ছ'নয়ন দিয়া প্রেমাশ্রু বিগলিত হইতে লাগিল।
নব্দীপের উদ্ধৃত নিমাই পণ্ডিতের ভিতর এতদিন যে প্রচ্ছেলভাবে এত
ভক্তি, এত প্রেম, এত বিশ্বাস ছিল, তাহা এতদিন কেহ কল্পনাও করিতে
পারে নাই! পাণ্ডারা এই নবীন পণ্ডিতের অনাধারণ ভগবিল্লি। দর্শনে
অতিমাত্র বিশ্বিত হইল। নিমাই একেবারে সংজ্ঞাশূন্য হইলেন।
ঈশ্বর পুরী তপন সেই মন্দিরে উপস্থিত ছিলেন। তাঁহাকে দেখিয়া
নিমাইয়ের লুপ্র সংজ্ঞা ফিরিয়া আসিল। ঈশ্বর পুরীর সহিত নিমাইয়ের
পুনরায় মিলন হইল।

শতবে কিছুদিন পরে শ্রীশচীনন্দন।
পিতৃকার্য্যে গয়াধামে করিলা গমন।
ভক্তি করি গদাধরের পদে পিগু দিলা।
তাঁই শ্রীঈশ্বর পুরীর সাক্ষাৎ পাইলা।
পুরীরাক্ষে দেখি নিমাই দণ্ডবত কৈলা।
তাঁহা সসম্ভ্রমে গৌরচক্রে আলিকিলা।

#### —শ্রীমধৈতপ্রকাশ :

গয়াধামে অবস্থানকালে মহাপ্রভু সহতে বন্ধন করিতেন। একদিন তিনি আপনার মত চাউল রন্ধন করিয়া দেবায় বিদিবেন, এমন সময় তথায় ঈশর পুরী উপস্থিত ইইলেন। মহাপ্রভু তাঁহাকে দে বেলা তাঁহার ভিক্ষা (আমন্ত্রণ) গ্রহণ করিতে বাললেন। ঈশর পুরী বলিলেন, "তাও কি হয়, তুমি নিজের মত ছটী রয়ন করিয়া আহারে বদিবার উপক্রম করিয়াচ, আর আমি কি তাহা গ্রহণ করিতে পারি ?" মহাপ্রভু বলিলেন, "সেজন্য তোমার ভাবিতে হইবে না,আমি পুনরায় রক্ষন করিয়া লইব।" ঈশ্বর পুরী বলিলেন, "না, ভাহা হইবে না, যদি নিতান্তই না ছাড় তবে এদ যে অন্ন বাঁধিয়াছ তাহা তুইজনে সমানে 'ভাগ করিয়া লই।" মহাপ্রভু কিন্তু ভাহাতে সম্মত হইলেন না, তিনি ঈশ্বর পুরীকে স্টে অন্ন দিয়া পুনরায় নিজে অন্ধ রন্ধন করিয়া লইলেন।

> "প্রভূবনে যবে হৈল ভাগ্যের উদয়। এই অন্ন ভিক্ষা আজি কর মহাশয়। হাসিয়া বলেন পুরী তুমি কি থাইকে। প্রভূবলে আমি অন্ন রান্ধিবাঙ এবে। পুরী বলে কি কার্য্যে করিবে আর পাক। যে অন্ন আছয়ে ভাগা কর তুইভাগ।"

এই ঘটনার প্রদিবদ নিমাই গ্রাধামে ব্যায়াই ঈশর পুরাব নিকট জীক্ষা গ্রহণ করিলেন।

ঈশ্বর পুরীকে প্রণাম করিয়া মহাপ্রভূ বলিলেন, "আজ আমাকে উদ্ধার করিয়া বড় রুপার পরিচয় দিলে।"

> "পুরী কহে তত্ত্ত্তানি না কারহ দৈতা। জীব শিক্ষাইতে ধরায় হৈলা আবতীর্ণ। অতস্ত্র ঈশ্বর তুর্তু চিদানন্দময়। তব মায়ানাট কার ভ্রম নাহি হয়।"

কিন্তু নিমাই ছাড়িবার পাত্র নহেন। তিনি ঈশ্বর পুরীকে গুরু বিলয়া প্রণাম করিতে লাগিলেন, পুরী দেখিলেন এক মহাবিপদ! বন্ধা বিষ্ণু শিবাদি দেবতাগণ ধাহার চরণ-দর্শনাশায় সর্বাদা উন্মত্ত, যোগী ঋষি মুনিগণ ধাহার অন্তগ্রহাকাজ্জায় নিভ্ত তপোবনেঃ এক প্রান্তে বিদিয়া নিশিদিন যোগারাধনা করেন—সেই প্রীগৌরাক্তকে

প্রতিদিন পায়ের ধূলি দিবেন কিরুপে । অন্ত লোকে না জানুক, না চিন্তক, কিশব পুরী চিনিতে পারিয়াছিলেন ষে, মহাপ্রভু শীগোরাজ সাক্ষাৎ শুকুফের অবতার, স্বত্তরাং অয়ং নারায়ণকে পদধূলি দেওয়া ত কম পাপের কাষ্য নহে অথ্য নিমাইকে নিষেধ করিলেও তিনি ভানেন না। তিনি অগত্যা নিমাইয়ের হাত হইতে অব্যাহতি পাইবার জন্য গ্রাধাম ছাড়িয়া পলাইবার সহল্প করিলেন। তাঁহার সহল্প করিপ্রত হইল:

নিমাই আরও কয়েক দিন গ্রাধামে অবস্থান করিয়া অবশেধে নবদীপে প্রত্যাবর্ত্তন করিয়া। প্রিসংখ্য কুমারহটে অবস্থান করিয়া। গুলদেব ঈশ্বর পুরার জন্মস্থান দর্শন করিয়া। আসিলেন।

এদিকে ঈশ্বর পুরী গ্রাধাম হইয়। নিজ্ঞান্ত হইয়া বুলাবনে গমন করিলেন। সেই নিবিড তমালতালিরাজিবেপ্টিত বুলাবন। যে বুলাবনের কর্থমূলে মোহনবংশীধারী মুরলামোহন শ্রীহরি মধুর বাশীর তানে গোপীজনের মন-প্রাণ হরণ করিত—বাহার বাশীর স্বরে বুলাবনের পাদমূল-প্রকালনকারী যমুনা উজান বহিত—শিপিগণ কেকাধেনি বিশ্বত হইয়া উৎকর্ণ হইয়া থাকিত, ঈশ্বর সেই বুলাবনে গিয়া উপদ্বিত হইয়া তৎকর্ণ হইয়া থাকিত, ঈশ্বর সেই বুলাবনে গিয়া উপদ্বিত হইলেন। সেধানে নিত্যানন্দের সহিত তাঁহার সাক্ষাৎ হইল। নিত্যানন্দ মমুনাতটে বুক্ষতলে বিষয়া শ্রীক্রফের উপাসনা করিতেছেন, এমন সময় ঈশ্বর পুরী তাঁহার নিকট উপস্থিত হইয়া বলিলেন, "ঠাকুর! এখানে বিসয়া কাহার অবেষণ করিতেছ? তুমি যাহার অবেষণ করিতেছ, তিনি নবছীপধামে অবতীর্ণ হইয়াছেন।" ঈশ্বর পুরীর কথা ভনিয়া নিত্যানন্দ নবছীপে আগমন করেন। অতঃপর ঈশ্বর পুরী বুলাবন হইতে নানা তীর্থ প্রাটন করেন। কঙ তীর্থ করিলেন, কিন্তু মন হইতে ভগ্বানকে লাভ করিবার প্রবল পিপাসা কিছুতেই দুরীভূত হইল নাঃ

তিনি বেদাদি অনুশীলন অপেক্ষা ভগবান শ্রীক্বঞের নাম **শ্রবণ ও** শ্রবণকেই ভক্তির শ্রেষ্ঠ মর্গে মনে করিজেন। **তাঁহা**র কৃত একটি শ্লোকেই এ কথার যথোগা প্রভিপাদন করিভেন্নেণ।

"যোগশ্রত্যপপত্তি নিজন বন ধনানাধ্বংশ ভাবিতাঃ
স্বারাজ্যং প্রতিপদ্য নিউন্ন মণামুক্তা ভবস্ত ছিজা: ।
অস্মাকত্ত কদদকু : সুহর প্রোন্নীকদিন্দীবর
প্রোণীখ্যামন ধ্যম নাম জুষ্ডাং জন্মান্ত লক্ষাবধি॥"

অথাং ছিজাতিরর বেলে, বেলজ্পালন, নিজ্জন বনে ধ্যান ও তীর্থ-ভ্রমণাদি ছারা নিউম রপ প্রস্থ-সাক্ষাংকারে মৃক্ত হন হউন, আমরা কিন্তু কদমকুঞে বিদ্যমান ইন্দীবর্মন্দী জাম-স্ক্রের নামসেবক; আমাদের জ্যোর ভয় নাই

অতঃপর প্রারপুর নানক ভীর্থফেত্রে গ্মন করিয়া **ঈশ্বর পুরী** দেহত্যাগ করেন।

ইহার কিছুদিন পরে মহাপ্রভু শ্রীচৈততা সন্নাস গ্রহণ করিয়া নালা-চলে গমন করেন। কিছুদিন অবস্থান করিয়া তিনি দাক্ষিণাত্য-ভ্রমণে বহির্গত হন। কিছুদিন দাক্ষিণাত্য ভ্রমণ করিয়া মহাপ্রভু পুনরায় নীলাচলে প্রভ্যাগমন করেন। এই সময়ে গোবিন্দদাস নামক এক ভক্ত শ্রীচৈতন্যুচরণে প্রণাম করিয়া কহিল, "আমার গুরু ঈশার পুরী দেহত্যাগ্রালে নীলাচলে আসিয়া আপনার পাদপ্র সেবা করিবার জন্য আদেশ করিয়া গিয়াছেন। আমার অন্যতম গুরুভাই কাশীশার শীঘ্র আপনার চরণ-স্কাশে উপনীত হইবেন।"

> ্রীর পুরীর ভূত্য গোবিল মোর নাম। প্রী গোলাঞিব আজ্ঞায় আইয় ৩ব ভান॥

াসদ্ধিপ্রাপ্তিকালে গোসাঞি আজা কৈল মোরে। কুষ্ণতৈতন্য নিকট রহি সেব যাই ভারে। কাশীবর আসিবেন ভার্থ দেখিয়া। প্রভূ আজ্ঞায় ভোমার পদে আইন্থ ধাইঞা।"

— শ্রীচৈতন্যচরিতামত।

গোৰিন্দাস যথন মহাপ্ৰভুৱ নিকট আগমন করেন, তথন সাক্ষভৌম ভট্টাচাৰ্য্য তাঁহ্যে নিকট ছিলেন। তিনি মহাপ্ৰভূকে জিজ্ঞাসা করিলেন, শপুরা গোঁসাই ২ইয়া কিল্পে শুল্ল দেবক রাখিতেন ?"

> "প্রভূক হে ঈশ্বর ২য় প্রম হতের। ঈশ্বরের কুপানহে বেদপরতম্ব॥ ঈশ্বরের কুপাজাতিকুলাদিনামানে। বিজ্রের ঘরে কৃষ্ণ করিলাভোজনে॥"

ষাহার উপর দিনবন্ধুর ক্রপাবারে বর্ষিত হইয়াছে, তাহার আবার আতিকুল কি? বিজুর জাভিতে কি ছিলেন? কিন্তু জীরুষ্ণ তাঁহার বাটীতে অন্ধ গ্রহণ করিয়াছিলেন। মহাপ্রভু গোবিন্দদাসকে আলিঙ্গনে আবদ্ধ করিলেন। কিন্তু গুরুর সেবক যে নিজেবও গুরু, তাঁহাকে কিরপে আপন সেবাকাযে। লাগাইবেন তাই সংশ্রাকুলচিত্তে সার্কভৌমকে জিজ্ঞাস! করিলেন, "আছে। বল দেখি এখন কি উপায় করি ? গোবিন্দদাস গুরুর সেবক, অতএব আমারও গুরু, ইঁহাকে কিরপে আপন সেবায় নিযুক্ত করি ?"

দাকভৌন বলিলেন, "ষধন গুরুদেব ই হাকে আপনার দেবায় লাগাইবার জন্ত পাঠাইয়াছেন, তথন দেবায় লাগাইতে দোষ নাই; কারণ গুরুর আজ্ঞা দর্বাধা পালনীয়।" পোবিন্দ তদবধি মহাপ্রভূব নিকট রহিয়া গেলেন। তিনি মহাপ্রভূব শ্রীঅংশর দেবা করিতেন। অতংপর কাশীশ্ব গোস্বামী আসিয়াও গোবিন্দের সহিত মিলিত হন। মহাপ্রভূ যখন জগ্লাথের শ্রীবিগ্রহ দেখিবার জন্ম মন্দিরে ঘাইতেন, কাশীশ্ব ত্রন সম্মুধে থাকিয়া প্র আগুলিয়া লইয়া যাইত।

কেহ কেহ বলেন, ঈশ্বর পুরী শৃদ্ধ ছিলেন, কিন্তু তাহা প্রকৃত নহে।
ঈশ্বর পুরা যদি শৃদ্ধ হইবেন, তবে সার্ব্বভৌম কেন মহাপ্রভুকে জিজ্ঞাস।
করিবেন যে, পুরী গোসাঞি কি প্রকারে শৃদ্ধ সেবক রাখিলেন। ঈশ্বর
পুরী নবদীপে আসিয়া অহৈতের নিকট পরিচয় দিবার সময় বলিহাছিলেন—

"বোলেন ঈশ্বর পুরী আমি ক্ষুদ্রাধম। দেবিবারে আইলাম ভোমার চয়ণ ।"

এই "কুজাধম" কথাটি বিক্লভ করিয়। "শূজাধম" বলিয়া অনেকে অল্লানা করেন এবং পুরী পোলাঞিকে রুগা শুলু বলেন।

## লোকনাথ গোস্বামী

জেলা যশেঃ হও অধুনা নানাপ্রকার আধি-বাাধি-ত্রভিক্ষ-দারিস্তামহামারীর নিতালীলাভূমি হইলেও এক সময়ে ইহা প্রাকৃতিক
সৌলব্যসম্পদে ও বছ সিদ্ধ মহান্তার পাবিভাবে সম্পদবান্ ছিল।
মহাপ্রভুৱ আবিভাব-সময়ে এই বশোহরে এক মহাযোগীর আবিভাবে
হয়, তাঁহার নাম মহাপ্রভু শ্রীতৈ তলদেবের পুত নামের সহিত ওতঃপ্রোতভাবে বিজ্ঞাজিত। তাঁহার নাম লোকনাথ; তিনি নীরব সাধক
ছিলেন এবং শ্রীকৃঞ্জনান কবিরাজকে 'শ্রীশ্রীতৈ তলচারিভামতে' আদান
নামপ্রকাশে নিবেধ করিয়া যান বলিয়া তাঁহার অন্টোকক জীবনী সম্বন্ধে
অধিক কিছু জানিবাহ উপায় নাই।

জেল। যশোহরের অন্তঃপাতা তালখড়ির নিকট জাগলি প্রামে লোকনাথ গোশ্বলী জন্মগ্রহণ করেন। তাঁহার পিতা পদ্মনাভ চক্রবর্তী অতি নিষ্ঠাবনে হিন্দু ছিলেন। লোকনাথ পিতার একমাত্র পুত্র। পদ্মনাভ অহৈতপ্রভাগের ছিলেন। কাজেই শৈশব হইতেই কৃষ্ণ-ক্ষায় আন্তর্গক্ত শোকনাথ জিলি অল্পন করিয়াছিল। লোকনাথ অতি অল্প বয়সে প্রাত গাণ্ডিতা অল্পন করিয়াছিলেন।

বয়েবৃদ্ধির সহিত ক্ষপ্রেমে তাঁহার মনপ্রাণ ক্রমণ: নিময় হইতে লাগিল। একদিন ভিনি ভনিতে পাইলেন যে, নবদীপে শ্রীশানীমাতার গর্ভে শ্রীকৃষ্ণ হৈত্ত্ত্রপে অবভীর্ণ হইয়াছেন। আর কি ক্ষা আছে পূ যে কৃষ্ণের দশন-লালসায় লোকনাথ আহোরাত্র তপ্তা করিতেছেন সেই শ্রীকৃষ্ণ তাঁহার বাটার নিকটে মাত্র তুই দিবসের দূরবর্তী গ্রামে বাস করিতেছেন, অবস্থা তাঁহার দর্শন লাভ করিতে পারিতেছেন না, এ কৃষ্ণ-

ব্যথা লোকনাথ কি আর সহ্য করিতে পারেন গ তিনি মনে মনে সঙ্কর করিলেন, আর বিলম্ব না করিয়া আহ্মানশান্ত বাহির হইতেই হইবে। সঙ্করের সহিত তাহার সংসারের প্রক্রি আবংলা-প্রৈরিত উন্পোলিত উন্পোলিত উন্পোলিত বিশ্বনাত স্বাহার সংসারের প্রক্রিত আবংলা প্রান্ত পুতের এই তক্ষণ বয়সেই বিষয়-সম্পত্তিতে অনাস্থিক এবং উন্সাস্ত-দর্শনে তাঁগাকে পরিপয়-পাশে আবন্ধ করিয়া সংসারী করিবার জন্ম উদ্যোগী হইলেন।

লোকনাথ লোক-প্রম্পরায় মান্ত। পিতার সফল্লের কথা শুনিলেন শুনিয়া তাংগর পূর্ব সফল আরও দৃটা ভূত চইল। ভগবান শ্রীকুফ্কে দুর্শন করিবার প্রবল বাসনা খাহার মনে জাগরিত হইয়াছে, সংসারের এমন কি আকর্ষণী শক্তি আছে যে, তাঁংগাকে বাধিয়া রাবিতে পারে পুলোকনাথ অগ্রহায়ণ মানের একরাজিতে জনক-জননীর পাদপদ্মে প্রণাম করিয়া নবদীপাভিষ্থে যাত্রা করিলেন। প্রদিন রাজিতে অবিশ্রান্ত শ্রমণের পর তিনি পুণ্যধ্যে নবদ্বাপে আসিয়া উপনীত চইলেন।

তথন মহাপ্রভু ঘরের মধ্যে শ্রীবাস, ম্রারি, ম্কুন্দ প্রভৃতি ভক্তর্ন্দকে লইয়া বসিয়া আছেন। লোকনাথ উঠানে দাড়াইয়া একদৃষ্টে প্রভ্র দিকে তাকাইয়া রহিলেন। মহাপ্রভুকে কত কথা বলিবেন বলিয়া তিনি পথে ভাবিতে ভাবিতে আদিয়াছেন, কিন্তু প্রভুর দিকে তাকাইতেই তিনি সে সমস্ত কথা ভূলিয়া গেলেন। এদিকে মহাপ্রভু লোকনাথকে দেখিবামাত্র ভারবেগে উঠানে আদিয়া তাঁহাকে আলিকনপাশে আবদ্ধ করিলেন। লোকনাথের গলা জড়াইয়া ধরিয়া মহাপ্রভু বলিলেন শলোকনাথ তুনি কেমন করিয়া এতদিন আমাকে ভূলিয়া ছিলে । লোকনাথ বে কথার কোন উত্তর দিতে পারিলেন না, তিনি মহাপ্রভুর জ্যোড়েই মুর্চ্ছিত হইয়া পড়িলেন।

পাঁচদিন গাবং লোকনাথ মহাপ্রভুর আলয়ে মুর্চ্চিত অবস্থায় প্রয়য়

রহিলেন। পাঁচ দিন পরে তাঁহার মুক্তাভদ্দ হইলে মহাপ্রভূ তাঁহাকে বলিলেন, "লোকনাথ! তুমি বুন্দাবনে যাও, যাইয়া সেই তাঁথের সংখ্যার ৬ উন্নতি সাধন করিও। আমিও আর বেশীদিন এই সংসারাশ্রমে থাকিব না, শীঘ্রই দণ্ডকমণ্ডলু লইয়া সন্ন্যাসবদ্ম অবলগন করিব। তুমি বুন্দাবনে গেলে বুন্দাবনের লুপুমাহাত্ম্য আবার ফুটিয়া উঠিবে এবং তোমার ক্রসুরণ করিয়া অনেক ভক্ত বুন্দাবনে গমন করিবে।"

লোকনাথ বলিলেন, "প্রভূ তোমাকে ছাড়িয়া আমি কোন্প্রাণে জনুর বুন্দাবনে হাইব ? আমার মন-প্রাণ হে ঐ রাঙ্গা চরণে বাঁধা।"

মহাপ্রভূতখন লোকনাথকে বুলাবন-গমনের প্রয়োজনীয়তা সম্বন্ধে আনেক কথা বলিলেন। সে যুক্তিযুক্ত কথা শুনিয়া বুলাবনে ঘাইতে লোকনাথের মনে আর কোন দিবা থাকিল না। প্রভূ তাঁহাকে বলিলেন "বুলাবনে চিরঘাটে যে কদম্ব-ভ্যাল-বকুলবুক্ত-স্থাোভিত কুঞ্জ রহিয়াছে সেই কুঞ্জ ভোমার জন্য নির্দ্ধিষ্ট; তুমি সেই কুঞ্জে গিয়া অধিষ্ঠিত হও।"

পরদিন প্রভাতে মহাপ্রভুর চরণে বিদায় গ্রহণ করিয়া লোকনাথ
সজনমনে প্রভুর নাম কার্তন করিতে করিতে বৃন্দাবন বারা করিলেন।
তাঁহার সঙ্গে প্রভুর অন্যতম আহ্বান শিষা ভূধরও গমন করিলেন। লোকনাথ ও ভূধর বহুস্থান ঘূরিয়া বৃন্দাবনে পৌছিয়া দেখিলেন, সে স্থান
নানাবিধ হিংম্র জন্ততে সমাচ্ছন্ন ও বহু জন্ধলাকীর্ণ। বুন্দাবনবাসীর
কেহই বলিতে পারেন না, কোথায় বংশীবট, কোথায় নিধুবন, কোথায়
ভামকুত, কোথায় রাধাকুত, তাঁহারা তুই ভক্ত কেবল নিশিদিন বনে
বনে পারভ্রমণ করেন আর কোথায় রাধাকুক্ষ বলিয়া উচৈচঃ ক্বরে ক্রন্ধন
করিয়া বেড়ান। ব্রজবাসিগণ এই তুই নবীন ব্রহ্মচারীর অপুর্ব ক্রম্মভক্তিদেশনে দলে দলে আসিয়া তাঁহাদের চরণে নিপ্তিত হইলেন। তাঁহারা

তাঁহাদিগকে আপনাপন গৃহে লইয়া বাদ করিবার জন্য পীড়াপীতি করিতে লাগিল। কিন্তু ভোগবিলাদকে তাঁহারা বিষবং পরিত্যাগ করিয়া আদিয়াছেন বলিয়া কোন মতেই তাঁহাদের প্রস্তাবে রাজী হইলেন ন।। তাঁহারা প্রভুর আজ্ঞামত চির্ঘাটে বাদ করিবার জন্য সেই ঘাট অন্বেষণ করিতে লাগিলেন। কিন্তু কোণায় সেই চির্ঘাট গুজনেক অন্তদ্ধানের পর তাঁহারা অবশেষে চির্ঘাটের সন্ধান পাইলেন। সেধানে এক বন্ধতলে বদিয়া তাঁহারা হাকৃষ্ণ। হাকৃষ্ণ বলিয়া দিবারাত্তি কঞ্চ উপাদনা করিতে লাগিলেন।

"আর ন: দেখিব গোরা তোমার চরণ। রহিলাম আজ্ঞামাত্র করিয়া ধারণ। ভক্তগণ্-সঙ্গে প্রভূষে করিলে লীলা। বঞ্চিত করিয়া মোবে একা পাঠাইলা।"

—প্রেমবিলাদ।

লোকনাথ ও ভূধর যে সময়ে বৃন্দাবনের লুপ্ত মহিমা উদ্ধার করিবার জন্য বৃন্দাবনে আসিয়াছেন, তথনও রূপ-সনাতন নবাব সরকারে চাকুরী করিতেছেন, স্থবৃদ্ধি মিশ্র তথনও বৃন্দাবনে আগমন করেন নাই। রঘুনাণ ভট্ট, জীব গোস্বামী প্রভৃতি তথনও বালক। স্থতরাং বৃন্দাবনে বৈষ্ণববাদ প্রচার এবং বৃন্দাবনের লুগুমহিমা-উদ্ধার-বিষয়ে লোকনাথ ও ভূধরকেই অগ্রদৃত বলং যাইতে পারে। অনুমান ১৪৩২ শকে ই হারা বৃন্দাবনে গমন করেন।

ইহার কিছুদিন পরে মহাপ্রভূ সন্ন্যাসধর্ম গ্রহণ করিয়া নবদ্বীপ ত্যাগ করেন এবং সরাসরি নীলাচলে চলিয়া যান। তথায় কিছুদিন থাকিয়: মহাপ্রভূ দাক্ষিণাতা ও বৃন্দাবন-ভ্রমণে বহির্গত হন। কিন্তু বৃন্দাবনে আসিবার পথ হইতেই প্রভূ নীলাচলে কিরিয়া যান। ভূধর ও লোক- নাথ লোকমুখে এই বাতা শ্রবণ করিয়া ত্রিভপদে দক্ষিণ দেশে গমন করেন, তথায় গিয়া শুনিলেন যে, প্রভু বুন্দাবনে গিয়াছেন, কিন্তু বুন্দা-বনে আসিয়া শুনিতে পাইলেন যে, প্রান্থ পথ হইতে নীলাচলে ফিরিয়া 'গুয়াছেন। এইভাবে প্রভুকে দেখিবার জন্ম গোকনাথ আহার-নিত্র। পরিত্যাগ করিলেও মহাপ্রভু কখনও তাঁহাকে দর্শন দেন নাই। প্রকাশ, লোকনাথকে মহাপ্রভ দীনহীন কাঙ্গালের বেশ দেখাইবেন না বলিয়াই এইরপে আঅগোপন করিয়া বেডাইয়া ভিলেন। লোকনাথও তদর্বি প্রভাৱ মনের অভিলাষ ব্যিতে পারিষ্ট আর তাঁহাকে দুর্শন করিবার জন্য ব্যাকুলতা প্রদর্শন করেন নাই। যে কুফ্লনাম কীতন করিবার জন্য এবং যে তীর্থের মাহাত্মা-উদ্ধারের জন্য তাঁহারা তুইজনে বুন্দাবনে আহিয়াছেন সেই তীৰ্থমাহাত্ম উদ্ধারের জন্য তাঁহার: আত্মনিয়োগ করিলেন। তাঁহাদের চেষ্টা ফলবতীও হইল। বৃদ্ধবিনের লথা কঞ্জ-সমহ আবার লোকচফুর সমজে ভাজ্জসামান হইয়া উঠিল 🔻 তাহাদের সঙ্গে সুবদ্ধি রাহ, রপ-স্মাত্নপ্রমুধ মহাপ্রভুর ভক্তরণ অংধিয়। স্মিলিড ুট্রেন। ভক্তগণের মধুর সঙ্গাতে নীর্ব বুন্দাবনের সন্ধত্র আবার মধ্রে হইয়া উঠিল।

### শ্রীপ্রকাশানন্দ সরস্বতী

মহাপ্রভূ শ্রীটেড ক্টোর ভাকি মার্গের বাঁহারা বিরেগে ভিলেন, মায়াবাদী সন্ধানা প্রকাশনেক সরস্বতী তাঁহাদের জ্বাত্তম কিন্তু সহাপ্রভূত্ত এমনই শক্তি যে, এই প্রকাশানক পরে জ্ঞানমার্গ পরিতাগে করিয়া ভক্তিমার্গের জ্বাপ্রের গ্রহণ করেন এবং মহাপ্রভূত্ত একজন প্রস্তুতম শিলা হন ।
প্রকাশানক পরিশেষে "প্রীটেত ক্রচন্দ্রে" নামে একগনি ভাক্তিস্লক গ্রন্থ লিবিয়াভিলেন এবং তাঁহার নাম হইসাভল প্রবোধানক সরস্বতী।

প্রায় চারিশত বংসর পূরে পুণাতার্থ তবংলাগীধানে প্রিলাদ প্রকাশানন সরস্থীর একটী মঠ ছিল। মায়াবাদী স্থানী সম্প্রদায়ের নেতা স্বামা শহরে।চালোর তিনি ভক্ত 'ছলেন এবং ভাক্তবাদে খাদের বিশ্বামী ছিলেন না। প্রকাশানন বেলাক, তর্ক, সাজ্যা, বৈশেষিক, জ্ঞান, মীমাংসা, আগম, নগম, মহাপুরাণ, হতিহাদ, পঞ্রাত্র, অল্ডাব, কাব্য, নাটক প্রভাত নানাশান্তে ব্যুৎপন্ন ছিলেন, কংশীন্ত ছাত্রমগুলী তাঁহার অ্ব্যাপনায় নানাবিষ্ধে জ্ঞানলাভ ক্রিয়াছিল। শীনিভ্নত-মালগ্রহে প্রকাশানন সর্থানী সম্ব্রে নিয়ার্গ বর্ণনা স্থানে:—

"প্রকাশানন সরস্থতা কাশাপুরে বাস।
জ্ঞানযোগমার্গে স্থিতি চিন্তমে আকাশার
বেদান্ত পণ্ডিত যে শাক্ষরিক ভাষামতে।
শ্রীবিগ্রহ নাহি মানে তুই নাশে যাতে।
যতেক দণ্ডীর গুরু কাশীতে প্রামাণ্য।
আপনারে মানে ইইদেবেতে অভিনাং"

বস্ততঃ কাশীবাসী ভদানীস্তন সন্ন্যাসীদিগের মধ্যে প্রকাশানক সক্ষপ্রেষ্ঠ ছিলেন—পরিবাজক বলিয়া তাঁহার অশেষ খ্যাতি ছিল।

কাবেরী নলার তারে প্রীরঙ্গক্ষেত্রে প্রকাশানন্দের বাড়ী ছিল। তাঁহার। তিন ভাতা ছিলেন, জ্যেষ্ঠ বেষ্ট ভট্ট, মধ্যম ব্রিমন্ন ভট্ট আর কনিষ্ঠ স্বয়ং তিনি: তাঁহার ভাতৃপুত্র গোপাল ভট্ট জ্ঞান-মার্গ পরিত্যাগ করিয়া ভক্তিপথ অবলম্বন করেন। প্রকাশানন্দ যথন শুনিতে পাইলেন যে, নীলাচলবাদী একজন ভাবৃক সন্ন্যাদীর প্রভাবে গোপাল ভট্ট ভক্তিমার্গ অবলম্বন করিয়াছেন, তথন দেই সন্ন্যাদীর নাম অন্থ-সন্ধান করিয়া জানিলেন দেই সন্ন্যাদী নব্দীপ্রাদী একজন ব্যাদ্ধি, নাম প্রীক্ষ্টেচত্র

প্রকাশানন্দ এই সন্নাসীর উপরে হাড়ে হাড়ে চটিয়া গেলেন। তিনি নীলাচল-গামা একজন যাত্মীর নিকট নিমুলিখিত শ্লোকটা লিখিয়া শ্রীচৈতত্তকে তাহা দিবার মাদেগ্ল করিলেন —

"যজান্দে মাণকণিক। মগহর। সদা যিকা।
রম্বস্তারক মোক্ষদং তন্তমতে শস্তু: স্বয়ং যচ্ছতি।
এতত্ত্ত্ব ধামতঃ স্বপুরে। নিকাণমার্গস্থিতং
মটোহন্তক মনীচিকাস্থ পশুবং প্রত্যাশয়া ধাবতি॥"

অর্থাং ব্যেশ্বানে মণিকশিকা ও পাপনাশিনা মন্দাকিনী দীর্ঘিকা ও বে স্থানে স্বঃ মহাদেব তাওক মোক্ষপ্রদ দেবগণের অগ্রবত্তী নির্বাণ পথস্থিত রক্ষ প্রদান করেন, মৃত্যুণ সেই প্রকৃত রক্ষ ত্যাগ করিয়া পশুরা ব্যেরপ মৃগতৃষ্টিকাতে ধাবিত হয় তদ্রাপ প্রত্যাশায় অনু দিকে ধাবিত হয়। ইহার ভাবার্থ এই যে, প্রকাশানন্দ গৌরাঙ্গদেবকে পাইয়া বলি-ভেছেন "রে মৃঢ়় এই কাশানপরীতে স্বয় মহাদেব মৃক্তি দিয়া থাকেন। তুমি এথান ছাড়িল প্রঞা কোথায় মৃক্তির সন্ধান করিতেত গ"

মহাপ্রভুগ উক্ত শ্লোকের একটি প্রত্যুত্তর লিগিছা পাঠাইলেন। তাহার ভাবার্থ এই যে, মণিকণিকা ভগবানের ঘণ্মজল, ভাগারখা ভগবানের চরণবারি ও কাশীপতি স্বয়ং বিশ্বনাথ বাহাতে বিলান হইছা ভজনা করিতেছেন এবং বারাণদী নগরে বাহার নাম নিস্তারক ভারক, শতেএব হে স্থে ৷ সেই শ্রীক্লফের নির্বাণপ্রদ যে চরণক্ষল ভাহাকে ভজনা কর ৷

প্রকাশানল এই লোক পাইছা দেখিলেন যে, মহাপ্রভুকে তিনি আপন দলে ভিড়াইতে পারিলেন নাঃ কাজেই তিনি আপার মহাপ্রভুকে গালি পারিয়া আর একটা লোক লিখিয়া পাঠাইলেন। মহাপ্রভু তাহা পাঠ করিয়া হাসিয়া উড়াইয়া দিলেন মহাপ্রভু মহাপ্রসাদ গ্রহণ করিতেন, প্রকাশানল ইহাতেও টিট্কারী কাটিয়া মহাপ্রভুকে কত প্রকার শ্লেষ করিয়া পত্র পাঠাইলেন। প্রকাশানলের ব্যবহারে তাঁহার প্রতি মহাপ্রভুর বিন্দুমাত্র ম্বণা হইল না বটে, কিন্তু প্রকাশানল কাশীতে থাকিয়া মহাপ্রভুর নিন্দাবাদ করিতে লাগিলেন। কাশীতে প্রকাশানল যেমন প্রগাঢ় পণ্ডিত ছিলেন, নালাচলে সাক্ষতে দিল প্রজাচ পণ্ডিত ছিলেন। সাক্ষতেমি প্রকাশানলের ব্যবহারে ন্যাহত হইলেন। তিনি সক্ষা করিলেন, তিনি কাশীতে যাইয়া প্রকাশানলকে ভিজার পথে আনয়ন করিবেন। মহাপ্রভু সার্বভৌমের সক্ষা শুনিয়া বলিলেন, লৈখ সার্বভৌম। এই মায়াবাদী সন্মাসীয়া নিতান্ত কোমলপ্রাণ লোক নহেন, তাঁহারা ভোমার কথাতে কথনই স্ববীকৃত হইবেন না।"

সার্বভৌম কিন্তু মহাপ্রভূব কথা না শুনিয়া তাঁহার চরণে প্রণাম করিয়া বারাণসী যাত্র। করিলেন। পথিমধ্যে শ্রীনিত্যানন্দ, শ্রীন্ধইন্ধতাচার্য্য প্র হরিদাসের সহিত তাঁহার সাক্ষাং হইল। সার্বভৌম প্রথমাক্ত তুইজনকে প্রণাম করিয়। হরিদাসকে প্রণাম করিছে গেলে হরিদাস ছুটিয়া পলাইলেন। সার্বভৌম কিন্তু হরিদাসকে ধরিয়া তাঁহার চরণে প্রণাম করিয়া ছাড়িলেন এবং বলিলেন, ভগবান শ্রীচৈতক্তের ভক্তদের নিকট জাতিবিচার নাই। সার্বভৌম কাশাতে গিয়া প্রকাশানন্দকে কত্র্রাইলেন, কিন্তু প্রকাশানন্দের মন পূর্বেও ধেমন দৃঢ় ছিল, তথনও সেইরপ দৃচ থাকিল।

প্রকাশানন্দ অতঃপর মহাপ্রভুকে কাশীতে আহ্বান করিলেন, কিন্তু
মহাপ্রভু গেলেন না। পরে কিন্তু বুলাবন-যাত্রার পথে তাঁহাকে কাশীতে
ভক্ত চক্রশেধরের গৃহে অবস্থান করিতে হইয়াছিল! মহাপ্রভুর এমনই
প্রভাব ছিল যে, তিনি অতি সংগোপনে কোথাও গেলে তাহা তৎক্ষণাৎ
রাষ্ট্র হইয়া পড়িত! তিনি যে কাশীধামে আসিয়াছেন, ইহা প্রকাশানন্দ
আচিরাৎ শুনিতে পাইলেন, কিন্তু আসিয়া মহাপ্রভুর সহিত সাক্ষাৎ
করিলেন না। পরস্ত যে সমস্ত লোক মহাপ্রভুর নিকট যাইতে উৎস্ক
হইতেন, প্রকাশানন্দ তাঁহাদিগকে এই বলিয়া নির্ভু করিকেন যে,
ঐ ভণ্ড ঐক্রজালিকের নিকট তোমরা যাইও না। এইভাবে কিছুদিন
কাটিল, প্রভুও প্রকাশানন্দ-প্রমৃধ সন্ন্যাসীর সহিত সাক্ষাৎ করেন না,
সন্ন্যাসীরাও তাঁহার নিকট আসেন না। পরিশেষে বিশেশরের ক্ষৌরদিবস সম্মুধে আগতপ্রায় হইল। মহাপ্রভু দেখিলেন, ক্ষৌরদিবসে
কাশীধামে থাকিলে সন্ন্যাসীদিগের সহিত তাঁহার দেখা-সাক্ষাৎ করিতেই
হইবে। কাজেই তিনি ক্ষৌর্দিবসের চারিদিন বাকী থাকিতে কাশীধাম ত্যাগ করিয়া বুলাবনে চলিয়া গেলেন। প্রকাশানন্দ প্রচার করিতে

লাগিলেন যে, গৌরচন্দ্র নিতান্ত ভণ্ড, তাই তিনি ক্ষৌরদিবদের প্রারম্ভেই কাশীধাম হটতে পলায়ন করিয়াছেন।

রন্দাবনে প্রায় ত্ইমাসকাল অবস্থান করিয়া মহাপ্রভু পুন্রায় কাণা-বামে প্রভ্যাগমন করিলেন। এবারও তিনি ভাঁহার প্রিয় শ্বা চন্দ্র-শেথরের বাটীতে অবস্থান করিছে লাগিলেন। গৌড়ের বাদশাহের মন্ত্রী সনাতন আসিল। এই সময় মহাপ্রভুর সহিত গান্ধাৎ করিলেন, সেকলা পুর্বেই বল। হইয়াছে। সনাতনকে বৈফ্রবদ্ধ-প্রচারশিক্ষা দিবার জন্ত মহাপ্রভু তুইমাস কাল কাশীধামে অবস্থান করিলেন।

প্রভু কাশীতে আদিয়াছেন, প্রকাশানন্দের কর্ণে এ সংবাদ পৌছিতে বিলম্ব হইল না। তিনি প্রভুকে উদ্দেশ করিয়া আনেক প্রকার শ্লেষ করিতে লাগিলেন। সন্নাদীদের মধ্যে যদিও কেই কেই মহাপ্রভুর অবতারত্বে নিঃসন্দেহ ইইয়াছিলেন, তথাপি প্রকাশানন্দের ভয়ে কেই তাঁহার সহিত সাক্ষাৎ করিতে সাহদী ইইলেন না। একদিন এক মহারাষ্ট্র দেশীয় পণ্ডিত প্রকাশানন্দকে বলিলেন যে, গৌরাস্ব সত্য সভ্যই শ্রীকৃষ্ণের অবতার, আপনি তাঁহার সহিত সাক্ষাৎ করিলে নিশ্বয়ই মৃয় হইবেন। প্রকাশানন্দ মহারাষ্ট্রীয় পণ্ডিতের কথা শুনিয়া হো হো করিয়া হাসিয়া বলিলেন. "তোমাদের সে ভগুকে বলিও, প্রকাশানন্দ জীবিত থাকিতে কাশীধামে তাঁহার কোন ভগুমৌর প্রশ্রেষ হইবে না।" মহারাষ্ট্রীয় ব্রাহ্মণ মহাপ্রভুর নিকট গিয়া প্রকাশানন্দের কথা বলিবামাত্র প্রভু হো হো করিয়া সমস্ত হাসিয়া উড়াইয়া দিলেন।

প্রভূতপনের বাড়ীতে ভিক্ষা করেন, চক্রশেখরের বাড়ীতে বাস করেন, গলাম্মানাস্তর বিন্দুমাধব হরিকে দর্শন করিয়া গৃহাভ্যস্তরে গমন করেন। গৃহে বসিয়া সনাতনধর্ম শিক্ষা দেন। প্রভূ ষথন গলা স্মান করিতে যান এবং বিন্দুমাধব হরি দর্শন করেন, তথন বাহিরের লোকে মাত্র ভাঁকাকে দর্শন করিতে পারে। প্রভূ যখন যে পথ দিয়া গমন করেন, সেই পথেই কাভাঁরে কাভারে লোক দাঁড়াইয়া প্রভূর ফুকুশনলাভ বরে।

একদিন প্রেরাজ মহারাষ্ট্রীয় আন্ধণ আসিয়া মহাপ্রভুকে নিমন্ত্রণ করিলেন এবং বলিলেন, "আমি স্ম্যাসীদিগকেও নিমন্ত্রণ করিয়াছি; স্তরাং আমার কুটীরে আপনার সহিত সন্মাসীদেরও সাক্ষাংকার ২ইবে।" প্রভুমহারাষ্ট্রীয় আন্ধণের অভিপ্রায় বুঝিতে পারিয়া ঈষং হাস্ত করিলেন।

নিমন্ত্রের দিন প্রকাশানন্দ যথারীতি শিশ্বমণ্ডলী-সমভিব্যাহারে আগেই গিল সভা আকাইয়া বসিলেন। "আজ যদি নবদাপের ভণ্ড বৈরাগাঁটা বিশেষ বাজ্যলাড় করে, তাহা ইইলে তাহাকে একবারে সভামধ্যেই অপদস্ক করিয়া দিব"—প্রকাশানন্দ এই প্রতিজ্ঞা লইয়া গিয়াছেন। মহাপ্রভূপ্ত 'হরে ক্রফ্ব" 'হরে ক্রফ্ব" বলিতে বলিতে চারিজন শিব্য সমভিব্যাহারে সভায় গিয়া উপন্থিত। দূর ইইতে সন্ন্যাসিগণ মহাপ্রভূকে দেখিয়াই ঐ "চৈত্রে আসিতেছেন" বলিয়া তুমুল ধ্বনি তুলিলেন। সকলে উকি মারিয়া দেখিল যে, কমনীয় মুখমণ্ডল ও উন্নতললাটিবিশিষ্ট এক ভপ্তকাঞ্জন যুবাপুক্রষ ধীরমন্তর্গতিতে নতশিরে আসিতেছেন। প্রভূ সভামধ্যে আসিয়াই যুক্তকরে সকলকে প্রশাম করিলেন। বাহিরে পাদ-প্রকালনের জল ছিল, প্রভূ পাদ প্রকালন করিয়া সেইখানেই উপ্রেশন করিলেন।

সন্থানিগণ এক দৃষ্টে তাঁহার দিকে তাকাইয়া দেখেন, প্রভুর মুকে কোন প্রকার উদ্ভানের ভাব নাই, অতি ান্দ্রীগ কোমল ও প্রফুল মুখবানি। বাদ যদিও এক তিশ বংশর তথাচ ধেন বালক। প্রভুর মুবের দিকে তাকাইতেই প্রকাশাননের মন হইতে দকল প্রকার বৈরী ভাব তিলোহিত হইল।

প্রকাশানন্দ মহাপ্রভূকে অপবিত্র স্থানে বাসতে দেখিয়া প্রভূব দীনভাবে একবারে বিমৃষ্ণ হইলেন এবং উঠিয়া দাঁড়াইয়া মহাপ্রভূকে সভামধ্যে আদিবার ওও অন্ধরোধ করিলেন। সঙ্গে সংস্থাধিক সন্মাসীও উঠিয়া দাঁভাইয়া মহাপ্রভূকে সভাক্ষেত্র আহ্বান করিলেন।

মহাপ্রভু করজাড়ে অতি বিনীতভাবে বলিলেন, "আমার সম্প্রদায় অতি নীচ, আগনার সম্প্রদায় অতি উচ্চ; আগনাতের ভিত্র বিদ্যার অভ্যান আমারা উপযুক্ত পাত্র নহি।" প্রকাশানন্দ এই কথা শুনিয়া প্রভুৱ তাত ধরিয়া সভামধ্যে লইয়া বসাইলেন প্রকাশানন্দের মন হইতে তথন মহাপ্রভুৱ প্রতি বিষেষভাব দূর হইয়াছে, সেইস্থানে বাংসলা-ভাবের উদয় হইয়াছে। তিনি এখন ব্রিতে পারিয়াহেন, প্রভুৱ প্রভি তিনি জ্যোধ করিয়াছেন বটে, কিন্তু তাঁহার প্রতি প্রভুৱ বিন্দুমার কোণ নাই। কিন্তু হঠাৎ যদি মহাপ্রভুর নিকট নিজের স্বরূণ বাক্র করিয়া কেলেন, ভাগে হইতে শিয়ামগুলীর নিকট তাঁহাকে হীনমতি প্রতিপন্ন হইতে হইবে, এই আশক্ষার প্রকাশানন্দ বলিলেন, "প্রীপাদ! আপনি আমাদের একই সম্প্রদাহভুক্ত সন্নালী হইয়া আমাদের সহিত মিশেন না কেন স্বাপনি বেদ পাঠ করেন না, সন্নাদীর প্রক্ষ দোষাবহু যে নৃত্যুগীত ভাহাতেই আপনি নিমগ্র থাকেন।"

মহাপ্রভুর উত্তর শুনিবার জন্ম সকলেই উৎকর্ণ হইয় থাকিলেন।
কিছুক্ষণ পরে মহাপ্রভু বলিলেন, "জীবাদ! গুরুর আশ্রমে থাকাকালীন
আমার মুর্থতা দর্শনে গুরুদেব আমাকে তুরুহ বেদ অধ্যয়ন করিতে
না দিয়া সংক্ষে হৃদয়ক্ষম হইবে বলিয়া এই শ্লোকটি কঠন্থ করিতে
বলেন:—

''হরের্ণাম হরে্গাম হরে্গামের কেবলম্। কলৌ নাক্ষোর নাক্ষোর নাক্ষোর গতিরভাষা।'' তদবধি আমি এই নাম জণই করিয়া আসিতেছি। একদিন গুরুদ্দিবকৈ বলিয়াছিলাম "গুরো! আপনি যে নামনন্ত আমাকে শিথাইয়াছেন সে নাম করিতে করিতে বাহুজ্ঞান লুপ্ত হইয়াছে, আমি পাগলের মত হাসি, নাচি, গান করি—লোকে আমার পাগল বলে।"

গুরুদের আমার কথা গুনিয়া বলিলেন, "ভালই হইয়াছে। তোমার মন্ত্র দিল হইয়াছে। কুফুনামের এরপই শক্তি।"

"কলিতে বেদপাঠের যে প্রয়োজনীয়ত। আছে, আমি একপ ননে করি না; একমাত্র হরিনামই সার পদার্থ। আমি যে ইচ্ছা করিয়া নাচি গাই তাহা নহে, হরিনাম করিতে করিতে আমার যে ভাবোন্মত্ততা আইদে দেই ভাবোন্মত্ততাই আমাকে নাচায়।"

প্রকাশানন প্রভুর সরল কথার যৎপরোনান্তি সন্তুট ইইলেন বটে,
কিন্তু তাঁহার মন ইইতে তথনও অভিমান যার নাই ৷ তিনি ভাবিলেন,
এই নবান সম্মাসী সিদ্ধপুরুষ বটে, কিন্তু বেদপাঠে ইহার ক্ষৃতি
জন্মাইতে হইবে ৷ এই সব ভাবিয়া প্রকাশে বলিলেন, শ্রীপাদ !
হরিনাম করুন, তাহাতে কোনই আপত্তি নাই, কিন্তু আপনি বেদ
পাঠ করুন।"

প্রভ্রেলিলেন, "দেখুন থেদ ঈশরের বচন, বেদে কখনও শ্রমপ্রমাদ সম্ভবে না। বেদের বাহা মুধ্য অর্থ তাহা অবশ্র মানিব, কিছ শহর বেদের যে ভাষ্য করিয়াছেন তাহা ঈশ্বরের বাক্য নহে, শহরের নিজ্য বাক্য। বেদের অর্থ ত অতি পরিষ্কাররূপে স্বত্রে লিখিত রহিয়াছে, তাহার আবার ভাষ্য কিসের ? শহরাচার্য্য বেদের ভাষ্য করিয়া বেদের অর্থকে আরও তুরুহ করিয়াই তুলিয়াছেন।"

মহাপ্রভুর কথা শুনিয়া সন্নাদীরা তাঁহার উপর অতিমাত্রায় বিরক্ত

হট্যা উঠিকেন। প্রকাশান্দ বলিলেন, শশ্বরাচার্য্য জগতের গুকু. ভাঁহাকে এত বছ কথা বলিবার আপনার কি অধিকার আছে ?"

তথন মহাপ্রভূ শহরভাষের বিশ্লেষণ করিয়া তাহার নানাপ্রকার নোষ ও ক্রটি দেখাইতে লাগিলেন আর সেই বিরাট সম্যাহিস্কর চিত্র-পুত্রিকার ন্যায় মহাপ্রভূর ভাব ও যুক্তিময়ী বক্তৃতা শুনিতে লাগিলেন।

প্রকাশানন্দ বলিলেন, "শ্রীপাদ! আপনি যে অসাধ পণ্ডিত তাহার প্রিচয় পাওয়া গেল, শঙ্কং-ভাষোরও যে সমুদ্ধ দোষক্রটি আপনি দেখাইয়াছেন, তাহাও অতি সতা; এখন বেদের মুখ্য অর্থ করিয়া আনাদের কৌতৃহল নিবৃত্ত করুন।"

মহাপ্রভু বেদের এক একটি স্ত্রধ্রিয়া তাহার ব্যাথা করিলেন। তাহার সার্মশ্ম এই যে, ভগবান হড়ৈখ্য্যপূর্ণ—সচিদানন্দ্রয়। ভগবানে প্রেমই জীবের প্রমপুরুষার্থ।

সন্ত্যাদিগণের এবার আর বুরিতে বাকি রহিল না যে, মহাপ্রভূ
শহরাচার্যা অপেগাও বড়। তখন প্রকাশানদ মহাপ্রভূকে বলিলেন,
শ্রীপাদ! এতদিন আপেনার নিন্দা করিয়া আদিয়াছি। আজ বুরিলাম
আপনি সাক্ষাং নারারণ ও বেদ। বেদের যথার্থ বাাধ্যা আজ আপনার
মুখেই শুনিতে পাইলাম। আজ আমার দিব্য চক্ষু উন্মালিত ইইয়াছে,
আজ আমি সভাই বুঝিতে পারিলাম যে, ভক্তিই ভগবানকে লাভ করিবার একমাত্র সোপান। আজ হইতে আপনি আমার গুরু—আমি
আপনার অধম শিয়া। শ্রীকৃষ্ণ ব্যতীত আর যে কোন সভ্যবস্থ সংসারে
নাই, আজ ইহা উপলব্ধি ইইল।" তথন প্রকাশানন্দের অসংখ্য শিষ্যগণ

মহাপ্রভুকে স্ক্রাসিগণ মহাসমাদরে ভোজনে বসাইলেন। ভোজনাস্তে মহাপ্রভু বাসায় চলিলা গেলে স্ক্রাসীদের মধ্যে মহাপ্রভু সম্বন্ধে নানা তর্ক- বিতর্ক আরম্ভ হইল। প্রকাশানন্দ বলিলেন, "এতদিন শহরের অবৈত মত প্রতিপ্রালন করিয়া নিজ অন্ধরান্তাকে প্রবঞ্চনা করিয়াতি। মৃথে বলিয়াতি বটে, এক তগবান্ বাতীত দিতীয় কেচ নাই, কিন্তু মনে মনে প্রীকৃষ্ণকে উপেক্ষা করিতে পারি নাই।" প্রকাশানন্দের কথা শুনিয়া যাবতীয় সন্ধ্যাসী তাঁহার মজের পোষকতা করিলেন। প্রীচৈতন্তা-বিরোধী প্রকাশানন্দ সরস্বতী মহাপ্রত্র শিষ্যত্ব গচল করিয়াগেন শুনিয়া গলে দলে নানা সম্প্রদায়ভূকে পশ্চিতেরা আসিরা মলে পভূজে বিভিন্ন কেনিলেন যে বারালসাধ্যমে ক্ষকথা ক্ষিৎ শুনা যাইতে, সেই বারালগাধাম ক্ষকনামের কল কোলাচলে মুধ্বিত চইয়া উঠিল, মহাপ্রভুর দ্বান ও ভোজনের পর্যান্ত অবকাশ থাকিল না —দলে দলে লোক আসিয়া মহাপ্রভুকে দর্শন করিতে লাগিল।

প্রভূত এত দিন নিজের প্রেমভাব গোপন করিং। রাধিয়াছিলেন।
এখন দেখিলেন ধে, তাঁহার সাধনা সিদ্ধ হইয়াছে এবং দকলে ইরিনামে
উমার হইয়াছে। তথান ইহাতে প্রভুপ্ত বিলুমাধব-দর্শনান্তে কার্ত্তন
করিতে করিতে মুচ্ছিত হইয়া পাড়িতেন। একদিন প্রভু বাহ্যজ্ঞানশ্রতহইয়া কীর্ত্তন করিতেছেন, প্রকাশানল দাঁড়াইয়া শুনিতেছেন।
চারিপার্শে প্রভুকে ঘেরিয়া বহুলোক। প্রভু ইয়ার কিছুই জানেন না।
লোকজনের কলরবে প্রভুর চৈতঞ্জেদয় হইলে তিনি দেখিতে পাইলেন,
সম্মথে দাঁড়াইয়া প্রকাশানল। প্রভু প্রকাশানন্দের হাত ধরিয়া তুলিয়া
তাঁহাকে প্রণাম করিলেন এবং বলিলেন, "আপনি ভ্রদাসূক্র, আমি
আপনার শিষ্মেরও উপযুক্তনহি।" প্রকাশানল জিভ কাটিয়া বলিলেন,
"প্রভু বলেন কি? আপনি সাক্ষাৎ শ্রীক্রফের অবভার, আমি আপনার
দাসাম্বাস, আপনার ক্রপা লাভ করিলে আমি ক্রতার্থ হইব।"

এইভাবে মহাপ্রভু ও প্রকাশানন্দে অনেক কণা হইলে মহাপ্রভূ

বাসায় চলিয়া গেলেন। প্রকাশানকও ধীরে ধীরে বাসায় ফিরিয়া থাইলেন। বাসায় যাইবার পর প্রকাশাননের মতি-গতির পরিবর্তন হুইল। হ্র প্রকাশানন মায়াবাদী তেজন্বী সন্মাসা ছিলেন, িএনি এখন প্রেম-ভিখারিশী অবলার আয় इटेल्न । हाथाङ्ख ভজনা করিয়া ভগবানকে লাভ করিবার জন্ম তিনি ব্যাকুল ইইলেন ৷ এতদিন তিনি থাহাদিপের সহিত মিশিয়া মায়াবাদী স্ম্যাসীর জীবন বাপন করিয়াছেন, তাহাদিগতে "নরপত্ত" আখ্যায় আখ্যায়িত করিলেল। কাশানগরতি প্রয়িষ্ক তাঁখার বৈত্যল উপস্থিত হইল। তিনি মহাপ্রভার ভার দিনবাত আনন্দে নৃত্য করিতে লাগিলেন। তিনি যেদিকে ভাঞান সেই।দক্ত থেন সোনার গৌরান্ধ দণ্ডাগ্রমান। বেদপাঠে উল্লেখ্য অঞ্চতি জলিত্ত তাঁহার জপ, তপ, প্রাণায়াম দুরে গেল—নৃত্যুগাত্য একমাত্র দার কলে। একাদন রাত্রিকালে প্রকাশানন্দ মহাপ্রভুর নিকট যাইয়। ভাষার চরণে পতিত ২ইতে লাগিলেন। প্রভু তাঁহার গলা ধরিয়া ঘটেতন হইর। পড়িতে লাগিলেন। প্রকাশানন প্রভূকে ছাড়িয়া কিছুতেই কাণাতে থাকিতে সমত হইলেন না, প্রভু তাঁগাকে প্রবেধ দিয়। বলিলেন, "বুন্দাবনে ভূমি **আমার সাক্ষাৎ** লাভ করিবে। ভূমি ব্যন্ত আমাকে অরণ করিবে, তথনই আমাকে দেখিতে পাইবে।" অতঃপর প্রকাশানন্দের আনন্দ দেখিয়া প্রভ তাঁহাকে বলিলেন, "আজ ভ্রেমার যে আনন্দ দেখিতেছি, এই আনন্দ ভোমার দিন দিন বিদিত হইছে থাকক; আজ হইতে ভোষার নাম "প্রবোধানন্দ" হইল।"

অতঃপর প্রভু একপথে নীলাচলে চলিয়া আফিলেন, প্রকাশাননও অকপথে বুনাবনে চলিয়া গেলেন। যে প্রকাশাননের পার্টিই সভত দশ সহত্র শিষ্য ঘুরিত ফিরিত এবং নানা দিক্ষেশ ভইতে পণ্ডিতমণ্ডলা আদিয়া বাঁহার সহিত ত্র্ক-বিতর্ক করিত, আজু সেই প্রকাশানন

বৃন্ধাবনের নন্ধকৃপে নিভৃত্তে একাকী বাস করিতে লাগিলেন। যে ভক্তি ও প্রেন প্রকাশানন্দের নিকট পূর্বেদ কাপুরুষের ধর্ম বলিয়া পরিগণিত ছিল, সেই ভক্তি ও প্রেম এক্ষণে তাঁহার একমাত্র আরাধনার উপাদান ইইল।

প্রকাশানন্দকে অতংপর আমরা প্রবোধানন্দ নামেই অভিহিত করিব। প্রবোধানন্দ যে সময়ে বৃদ্ধাবনে গিয়াছেন, তখন রূপ-সনাতন বৃদ্ধাবনে গমন করেন নাই, তবে লোকনাথ, ভূগর্ভ ও স্থবৃদ্ধি রায় গিয়াছেন। লাতুপুত্ত গোপাল ভট্টের উপর যে জোধ ছিল তাহা দ্র ইয়াছে। কয়েক বংসর পরে গোপাল ভট্ট আসিয়া প্রবোধানন্দের সহিত মিলিভ ইইলেন। ইহার পর রূপ-সনাতনও বৃদ্ধাবনে আসিলেন। তাহাদের চেষ্টায় বনজঙ্গলাকীর্ণ বৃদ্ধাবন—যাহার নাম কেবল প্রস্থাত্তে দৃষ্ট ইইত তাহা সভাই "বৃদ্ধাবনে" পরিণত ইইল।

মহাপ্রভু গোপালকে আপন ভোর, কৌপীন ও আদন আশীর্কাদ-স্বরূপ প্রেরণ করিয়াছিলেন। গোপাল ভট্ট "রাধারমণ" বিগ্রহ স্থাপন করেন। গোপাল "হরিভক্তিবিলাদ" নামক বৈশ্ববৃত্তি রচনা করিয়াছিলেন।

### চাপাল গোপাল

যাঁহার। মহাপ্রভ শ্রীকৃষ্ণতৈভার প্রেম লাভ করিয়া কৃতকৃতার্থ হইয়াছিলেন, ভূমধ্যে চাপাল গোপাল অভত্য: মহাপ্রভ যুধন কার্ত্তনানন্দে নবধীপকে সাভাইয়া ভুলিয়াছিলেন, শ্রীবাদের বাটী বধন কীর্তনের ধ্রনিতে ভরপুর হইয়া উঠিয়াছিল, তথন চাপাল গোপাল নামে এক ব্রাহ্মণের ভাহাতে ইব্যানল প্রজ্ঞালিত হইয়াছিল! চাপাল কীর্ত্তনীয়াদিগতে যংপরোনান্তি মুণা করিতেন। বিশেষতঃ শ্রীবাদের বাটীই কীর্ত্তনের কেব্রন্থল ছিল বলিয়। চাপাল গোপালের ক্রোধটা পূর্ণমাত্রায় প্রভিয়াছিল দেই শ্রীবাদের উপর। কি করিয়া লোকসমাঞ শ্রীবাসকে ঘুণিত করিবেন, গোপাল চাপালের ইহাই ছিল লক্ষা: একদিন যথন মহাপ্রভু ভক্তগণকে সঙ্গে লইয়া শ্রীবাসের বাটীতে কীর্ত্তনা-नत्म भारतायाता, उथन এই शांभान ठाभान याहेश खीरामा विक्या-টীতে মদাপাখী তাম্বিকেরা যেভাবে পুজার সাম্ব-সজ্জাও আয়োজনাদি করে সেইরূপ করিল, একভাও মদ্যও সেইখানে রাখিয়া দিয়া আসিল। পরদিন প্রাতে শ্রীবাস বহিকাটীতে আসিয়া এই কাণ্ড দেখিয়া বুঝিতে পারিলেন যে, উহা চাপাল গোপালের কার্য্য ছাড়া আর কাহারও নহে। তিনি প্রতিবেশীদিগকে ডাকিয়া দেই দৃশ্য দেখাইলেন এবং দেইস্থান লেপিয়া পরিষ্কৃত করিলেন।

এদিকে তৃইদিন ঘাইতে না যাইতে চাপাল গোপালের অকে কুষ্ঠ-ব্যাধি দেখা দিল। চাপাল গোপাল টোলে ছাত্রদিগকে পড়াইতেন। ছাত্রেরা প্রথমে চাপালের এবম্বিধ অবস্থা দেখিয়া বলিল, "মাপনার থে

কুলব্যাধি হুইবার উপ্জুন হুইয়াতে।" চাপাল শুনিয়া হাসিয়া উড়াইয়া দিয়া বলিলেন, "দে কি বথা, আমি নিষ্ঠাবান শাস্ত্ৰজ্ঞ প্ৰাৰণ, নিভা শিব পুজা করি, আমার কেন কুটগাধি হইবে ?" কিন্তু কুটবাাধি চাপালের চগণতায় ভির থাকিল না . তাঁহার সমস্ত অস খনিবা পড়িতে লাগিল-তুর্গমে কেই তাঁহার নিকটে যাইছে পারিত নাঃ তাঁহার ক্ষাপুডেরা একেই তাঁহার উপর স্বাষ্ট্র ছিল না : কেন না, চাপাল গোপাল যত শাস্ত্রই পড়ন, তিনি তাঁহার স্ত্রীপুত্রের উল্ব ভয়ানক অভ্যাচার করিতেন। ভাতারা বাড়ীর বাতিরে একথান চালা বাঁধিলা দিল, চাপাল ভাষারই মধ্যে বাস করিভেন, তাঁহার স্ত্রী নাকে কাপভ দিয়া তাঁহাকে ছবেল। হুমুঠি ভাত দিল্লা আদিত। চাপাল প্রতিদিন অপরাহে লাঠিতে ভর দিঘা গলাতীরে আসিয়া বসিতেন এবং আধন ভাগোর কথা ভাবিতেন। একদিন নিমাইকে দেখিয়া চাপাল গ্লদশুনয়নে তাঁহাকে বলিলেন, "ওফে নিমাই পণ্ডিত, আফি শুনিয়াছি তাম নাকি বড় বড় ব্যাধি ভাল করিতে পার, ভা আমাকে নিরাময় করিয়া দেও না কেন ১" নিমাই দেখিলেন, কুতকর্মের জন্ম চাপাল গোপালের তথ্যত বিন্দুমাত জ্জুলাচনা হয় নাই, সেই জন্ত সেই আত্মন্তরিতা তথ্যত চাপালের মনে সম্পূর্ণভাবে বিদামান রহিয়াছে। তাই তিনি তাঁহার দম্ভনাশের জন্য বাজনেন, "দেখ, তুনি ভক্তের অপমান করিয়াছ, ভোমাকে আরও কষ্ট ভোগ করিতে ইইবে।" এই বলিয়া নিমাই পণ্ডিত চলিয়া গেলেন। এদিকে চাপাল গোপাদের কুষ্ঠব্যাধি দিন দিন বিস্তৃত হইতে বিস্তৃততর হটতে লাগিল। চাপাল আর নবধীপে না থাকিতে পারিয়া মুক্তিকেত্র বারাণদীধামে ষাইয়া বিশেষরের নিকট হত্যা দিলেন। রাতিকালে ্যাপাল স্বপ্রযোগে দেখিলেন, বিশেষর তাঁহাকে বলিভেছেন যে, নব্দীপে ্যিনি এটিচতন্তরণে অবতীর্ণ হইয়াছেন তিনি সাক্ষাৎ এক্রিঞ্চ। তাঁহার চরণ ধবিশ্বা ক্ষম ভিক্ষা করিতে পারিলে তুই দর্কবোগ ইইতে নিস্কৃতি পাইবি।"

বিশ্বেশবের ,আনেশ পাইরা চাপাল বাড়াতে ফিরিয়া আদিয়া প্রতিভনার সন্ধান করিতে লাগিলেন। দীর্ঘপাচ বংসর পরে ফুলিয়া প্রামে চাপালের ভাগো মহাপ্রভুর দর্শন লাভ হইল। চাপাল তাঁহার পদপ্রাক্তে পভিয়া কাঁদিতে কাঁদিতে বলিলেন, "প্রভু কার কত দিন আমারে এইভাগে কর দিবে ?" প্রভু বলিলেন, "দেখ আমার নিকট তুমি কোন অপরাধ কর নাই, শ্রীবাসের নিকটই তুমি অপরাধী। শ্রীবাসের নিকট ক্ষমা চাও, শ্রীবাস ক্ষমা করিলেই তোমার দেহ ব্যাধিমুক্ত হইবে।" চাপাল আর কালবিল্য না করিয়া শ্রীবাসের বাটাতে গিয়া তাঁহার নিকট ক্ষমা প্রথমান করিলেন। পরম দর্যাল শ্রীবাস তাঁহাকে আলিঙ্গন করিলেন। চাপাল কোপোলের কুঠবাধি সেই দিন হইলে নির্দাম্য হইয়া গেল। চাপাল তদবধি মহাপ্রভু শ্রীগৌরাঙ্গের পরম ভক্ত হইরা উঠিকেন, আর তিনি বৈক্ষর দেখিয়া ক্ষমণ্ড ঘুণা বা ইব্যা-বিছের করিতেন না। ভগ্ন বানাবতার শ্রীক্তম্বৈটতন্যও চাপাল গোপালের সমস্ত অপরাধ ক্ষমা করিয়া তাঁহাকে কোল দিয়াছিলেন। মহাপ্রভু শক্ত মিক ব্কলের প্রতি সমদশী ছিলেন।

### রামচন্দ্র খাঁ

মহাপ্রভু ঐতি তিনা শান্তিপুরে শচীমাতার নিকট বিদায় গ্রহণ করিয়া নীলাচলে যাইবার পথে প্রথমে ছব্ধভোগে আসিলা উপস্থিত হন। এই ছব্রভোগ ভাষমণ্ড হারবার মহকুমায় মগুরাপুর থানার অধীন গড়ি গ্রামে অবস্থিত। এই ছান জয়নগর মজিলপুর হইতে আনদাজ তিন কোশ ব্যবধান। তথন ঐ পথে গঙ্গা প্রবাহিত হইতেন। এই ছব্রভোগ প্রাপ্র তথনকার শেষ সীমা বলিয়া একটা লক্ষ্মীসম্পন্ন নগর ছিল। এখানে অনুলিক ঘাটে জলময় শিব আছেন। প্রভু বরাবর গঙ্গার কুল ধরিয়া এইখানে উপস্থিত হন। কৌপীন পরিয়া সন্ম্যাসী হইবার পর প্রভু এই সক্ষপ্রথম একটি তীর্ষ্ধান দর্শন করেন। গঙ্গা সেখানে শত্মুধী, তাই মহাপ্রভু বথন সেই আলিক ঘাটে ঝাঁপ দিয়া সান করিলেন, তথন তাঁহার নয়ন দিয়াও শতধার। ঝারিতে লাগিল।

"পৃথিবীতে বহে একশতসুধী ধার। প্রভুর নয়নে বহে শতসুধী আগার"॥

প্রভুর ভক্তগণ মহাশব্দ করিয়া হরিধ্বনি করিতেছে, তাহা শুনিয়া রামচন্দ্র থাঁ। সেগানে আসিলেন। ছত্রভোগ গৌডরাজ্যের শেষ সীমানা, তথন গৌডরাজ্য হোসেন শাহের অধীন। রামচন্দ্র হোসেন শাহের অধীনে গৌড়ের দক্ষিণাংশ শাসন করিতেন। তিনি এ অঞ্লের রাজা ছিলেন। ভক্তগণের কলরব শুনিয়া সেখানে আসিলেন। তিনি রাজা, রাজার মনে মনে ঐযর্গ্যের অভিমান যথেষ্টই ছিল, তাই তিনি দোলায় চড়িয়া আসিয়াছিলেন। কিন্তু মহাপ্রাভু শীক্ষ্ণচৈতত্যের কি আক্ষণী শক্তি! তাঁহাকে দেখিলে কোটপতিরও ঐশ্বর্যাভিমান
মূহুর্তে তিয়াহিত হয়। প্রভুব দিকে চোথ পড়িতেই রামচক্র দোলা
হইতে অবতরণ কয়িয়া প্রভুর চরণে নিপতিত হইলেন। কিন্তু প্রভুব
ত সেদিকে জ্রাক্ষেপ নাই। প্রভু যে তখন শ্রীপ্রীজগন্নাথ-দর্শনের আনন্দ আত্মহারা! তিনি তখন বাহজানশ্য হইয়া কেবল হাহাজগন্নাথ
বলিয়া ডাকিতেছেন, কাজেই রামচক্রকে কিছুক্ষণ প্রভুৱ চরণতলেই
থাকিতে হইল। প্রভুর নয়নে অবিরল বাশেরাশি দেখিয়া রামচক্র থাও
চোথের জল সংববণ করিতে পারিলেন না, তাহারও নয়ন দিয়া প্রেমাঞ্ছ
গড়াইয়া পড়িতে লাগিল।

"দেখিয়া প্রভুর আত্তি রামচন্দ্র ধান।
অন্তরে বিদার্গ হৈল সজ্জনের প্রাণ।
কোন মতে এ আত্তির হয় সম্বরণ।
কান্দে আর এই মতে চিস্কে মনে মন॥"

নিত্যানন্দ প্রভূকে বারংবার ডাকিয়া ডাকিয়া বলিলেন, প্রভূ আপনার পদতলে একটি ভদ্রলোক পড়িয়া, একবার ইহার প্রতি রুপাদৃষ্টি করুন।" নিত্যানন্দের কথা শুনিয়া প্রভূর কথঞ্চিং সংজ্ঞা হইল, তিনি রামচন্দ্রকে জিজ্ঞাসা করিলেন, "ভূমি কে হে ?" রামচন্দ্র বলিলেন, "আমি আপনার দাসামুদাদ।" নিত্যানন্দ বলিলেন, "ইনি এ দেশের অধিকারী "। প্রভূ বলিলেন, "বেশ ভাল কথা! আচ্ছা অধিকারী মহাশয় আমি কাল এখান হইতে নালাচলে যাইতে চাই, ভূমি তাহার কোন ব্যবস্থা করিতে পার ?" নীলাচলচন্দ্র বলিতে প্রভূ একেবারে অনৈতন্ত হইয়া পড়িলেন। রামচন্দ্র বলিলেন, "যদিও এখনাগৌড়রাজ ও উড়িয়্যারাজ প্রতাপক্ষত্রে ভ্রানক বিবাদ চলিতেছে, যদিও উভয় দেশের রাজাই

এখন উভয়ের র'জ্যদীমায় জিশ্ল পুতিয়াছেন, যদিও এ রাজ্য হই তে উড়িয়ারাজ্যে কাহাকেও প্রেরণ করা আমার সাধ্যাতীত, তথাচ প্রভুবন বাইবেন, তথন থে ভাবে হউক, প্রভুকে আমি উড়িয়া যাইবার বন্দোবন্ত করিয়া দিব।" রামচল্রের এই কথা শুনিয়া প্রভু তাঁহার প্রভিভ্নান্টপাত করিয়ালন—রামচন্দ্র কৃতার্থ হইলেন।

রামচন্দ্র ঘোর শাক্ত ছিলেন, কিন্তু তিনি প্রভূব প্রসাদাৎ
মহা বৈষ্ণব হইয়া উঠিলেন। প্রভূকে তিনি তাঁহার পঞ্চ গোষ্ঠা অর্থাৎ
পঞ্চ সদ্ধী সহ ভিক্ষা গ্রহণ করিতে আমন্ত্রণ করিলেন। সারারাত্রি প্রভূতি
শিষাগণসহ কাজনে কাটাইলেন। প্রভূষে রামচন্দ্র প্রভূর জন্য অতি
কটে নৌকা ঠিক করিয়া দিলেন, প্রভূ সেই নৌকায় উঠিয়া শিষাগণ সহ
মহানন্দে কাজন করিতে করিতে উড়িয়াা যাত্রা করিলেন।

#### यक्तभ मार्यामत '

মহাপ্রভু শ্রীগৌরাঙ্গের শিষামপ্তলীর মধ্য ছরপ দামে। দর অনাতম। अक्रथ नारमानदात भूको नाम हिल नुक्रशाखम आहाया। তिनि নবদ্বীপধামে গোপনে বাস করিতেন। অন্তর্ম সেকা করিতেন, হৈ-চৈয়ের মধ্যে কথনও যোগদান করিনেন ন।। এক মহাপ্রভ ভাড়া স্বরূপ দামোদরের মাহাত্মা আর কেচ ব্রবিতে পারিতেন না! মহাপ্রভু যখন সন্নাস অবলম্বন কংলে, তখন পুত্যেতিম প্রভুর উপর রাগ করিয়া যে বারণেদীধামে ভক্তির নামগন্ধ ছিল না দেইপানে চলিয়া যান এবং সন্ত্যাস প্রাহণ করিয়া তথায় বাস করিতে থাকেন। সন্নাস-গ্রহণের পর তাহার নাম হইল স্বরূপ লামোদব। তিনি প্রভুকে পূর্ণব্রহা বলিয়া জ্ঞানতেন, ভণুজানা নহে, তিনিই প্রভুর পূর্ণব্রহ্মত্ব স্বরচিত গ্রন্থে প্রথমে প্রকাশ করেন। শ্রীরাধ্য रियमन कृत्यक्षेत्र छेशात्र मान कतिर्द्धन,—कालमुत्र व्यात एतिथ्रतन का बालमा অভিমান করিতেন, স্বরূপ দামোদরও সেংরূপ মহাপ্রভুর উপর মান করিয়া ছিলেনঃ প্রভু যথন নীলাচলে ঘাইলা বাস করিতে খাবেন ওথন স্বরূপ দামোদর নীলাচলে গিয়া প্রভুব দাহত বাদ করিয়াছিলেন। স্থরণ প্রভূকে দাদের ভাষ দেবা করিতেন, স্থারূপে তাঁখার সেবা করিতেন, মাতারণে তাঁহাকে পালন বরিতেন। প্রভৃকে মতে রক্ষা করিতেন, প্রভুকে আহার করাইয়া নিজে আত্মতৃপ্তি লাভ করিতেন। প্রভূকে তিনি অধিক রাজি পর্যান্ত নামজ্ঞ করিতে দিতেন না। প্রভূ নামজপ করিতে করিতে বাহজানশূক হালে শ্বরণ প্রভূকে ধরিষা

শ্বাষ শন্ত্রন করাইতেন। নব্দীপধামে শচীমাতা প্রভুকে বেভাবে পুত্রবাৎদল্যে ক্ষেত্র করিতেন, স্বরূপও মহাপ্রভুকে দেইরূপ করিতেন। প্রভু যথন কৃষ্ণবিরহে রাই উন্নাদিনীভাবে ধাবিত হইতেন, স্বরূপ অমনি তাঁহার সম্মুথে ললিতারূপে উপস্থিত হইতেন। প্রভু স্বরূপকে ললিতা বলিয়া ডাকিতেন। প্রভু যথন রাধারূপে কৃষ্ণদশনে বৃদ্ধাবনে যাইতেন, স্বরূপ তথন ললিতারূপে তাঁহার অন্তস্কী হইতেন। প্রভু যথন কৃষ্ণবিরহে মুর্চিত হইতেন, স্বরূপ তথন তাঁহার কর্পে কৃষ্ণনাম দিতেন। তাহাতে প্রভুর চেতনা হইত। বস্তুতঃ প্রভুর চিত্র ও স্বরূপের চিত্র এক হইয়া গিয়াছিল। প্রভু যথন ব্রভাবে ভাবিত হইতেন। চল্লোদ্য নাটকে স্বরূপের এইরূপ বর্ণনা আছে—

শিঅংশ রস কলবান কৃষ্ণ ভগবান।
তার রসাচার্য্য ভাব হইতে মৃতিমান।
সন্ধ্যাসীর বেশ বহু প্রকাশ করিয়া।
অবতীর্ণ হইল লোকে রূপাযুক্ত হইয়া॥
গ্রবলোক দামোদর স্বরূপ বলেন।
প্রেম হইতে অপুথক তাহারে মানেন॥

প্রভূ যথন গদগদ হইয়া ক্রফ্রপ বর্ণনা করিতেন, স্কল তথন উংকর্ণ হইয়া তাহা আবেণ করিতেন। মহাপ্রভূর যাহা কিছু ভাব তাহা সভোগ করিবার যদি কেছ ছিল তবে দে স্কলপ। প্রভূ মাদশবর্ষকাল নালাচলে থাকিয়া যে ব্রজ্বদ সভোগ করিয়াছিলেন তাহা প্রভূব দেহাবসানের সঙ্গে সঙ্গেই শুকাইয়া ঘাইত, যদি স্কলপ তাহা পুত্কাকারে ক্রফানা করিতেন। বস্তুতঃ মহাপ্রভূ ছিলেন মেঘ, আরে স্কলপ নালাসুধি। মহাপ্রভূর নয়ন দিয়া হে প্রেমরদ বারিয়া পড়িয়াছিল, স্কলপ তাহা আধারে

রক্ষা করিয়া গিয়াছেন। প্রভূ স্বরূপের গলা ধরিয়া নিভৃতে নির্জ্জনে বিদয়া যে ব্রজরস আস্থাদন করিতেন, স্বরূপ ভাহা কড়চা ও সঙ্গীতে জীবন্ধ করিয়া রাখিয়া গিয়াডেন। আজ যে আমরা মহান্রভূর অমৃতোপম লীলাকাহিনী সবিস্থারে জানিতে পারিতেছি, ভাহা স্বরূপ দামোদরেরই অন্ধরে ছাল্য ব্যাপ্তালী লীলাকাহিনী এতদিন পরে আমাদের জানিবার ও শুনিবার স্থ্যোগ্ হইত না।

প্রভুৱ উপর মান করিয়া শ্বরূপ কাশীধামে গিয়া চৈতন্তানন্দ ওকর নিকট সন্ন্যাস গ্রহণ করেন। গুরু তাঁহাকে বেদ পড়িতে বলিয়াছিলেন; কিন্তু শ্বরূপ বেদ না পড়িয়া সকলে। গৌররূপ ধ্যান করিতেন। শেষে প্রভুৱ বিরহ-জালা যথন তাঁহার নিকট অসহনীয় হইয়া উঠিল, তথন শ্বরূপ বারাণসী ত্যাগ করিয়া একেবারে নীলাচলে উপাস্থত হইলেন। তথন প্রভু দক্ষিণভারত ভ্রমণ করিয়া স্বেমাত্র নীলাচলে প্রত্যাগমন করিয়া কাশী মিশ্রের বাটীতে অবস্থান করিয়ে কাশী মিশ্রের বাটীতে অবস্থান করিয়ে ভাগকে দর্শন করিবার জন্য আগ্রন করিয়াছেন, তথন প্রভুৱ আনন্দ আর দেখে কে! উভয়ের নয়নের উপার উভয়ের নয়ন পড়িল। শ্বরূপ ভাবে আল্বেজ্ঞানহারা। অভিকত্তে নিয়লিখিত ক্লোকটি উচ্চারণ করিতে করিতে তিনি প্রভুৱ পায়ে পড়িলেন—

"হে লোদুলিত খেদয়া বিশদয়া প্রোন্মীলদামোদীয়া সাম্যচহাত্র বিবাদয়া রসদয়া চিত্রাপিতোর্মদয়া। শখন্তক্তি বিনোদয়া সমদয়া মাধুষ্যমধ্যাদয়া শ্রীচৈতক্ত দয়ানিধে তব দয়া ভূষাদ মন্দোদয়া।"

— চক্রোদয় নাটক

অর্থাথ হে দয়ানিধি শ্রীচৈত্ত । আমার প্রতি প্রসন্ন হও।

স্বরূপ প্রত্য চরণে পড়িতে গেলে প্রত্ তুই বাছ নিয়া ভাহাকে জড়াইয়া ধরিলেন' উভয়ে উভয়ের আলিগনে অতৈজন হইয়া ভূতকে নিপতিত ইইলেন। কতক্ষণ পরে উভয়ের বাহ্জান ইইল। প্রত্ বলিলেন, "ভূমি আদিয়া ভালই করিয়াছ, তুমি যে আদিরে আদি কহা কাল স্বপ্নে দেখিতে ভিলাম।"

সরপ বলিকেন. "প্রভূ আমি কি আর স্বইচ্ছায় আদিয়াছি। তোমারই কপার অ কর্ষণ শামাকে এখানে টানিয়া আনিয়াছে।" অতঃ বর নিত্যানন্দ ও প্রমানন্দ পুরীকে প্রণাম করিয়া স্বরূপ ভক্তগণের সহিত যথাযোগ্য সম্ভাষণানি করিলেন। প্রভূ স্বরূপকে থাকিবার জন্ম একখানি ধর ও স্বোর জন্ধ একজন ভূত্য দিলেন।

# প্রমানন্দ পুরী

প্রমানন্দ পুরীর নিবাস ছিল ত্রিভত জেলায়। ইনি মাধ্বেল পুরীর শিষা ছিলেন, ঈশ্বর পুরী ছিলেন ই হার ধর্মভাই। প্রমানন্দ দেখিতে পরম আনন্দলায়কই ছিলেন বটে! পুর্বে প্রভুর সহিত ভাঁহার কোন পরিচয় ছিল না, কেবল এীগোরাকের নাম গুনিয়াছিলেন। তথন हिन्तु-मूत्रनभारन চারি। বিবাদ। রাজপথ বিশ্বপরিপূর্ণ। কিন্তু প্রমানন্দ মহাপ্রভুর দিকে এতটা আক্সষ্ট হইয়া পড়িলেন যে, তিনি পথের বাধাবিল্লের দিকে জক্ষেপ ন। করিয়া চলিয়া আদিলেন। পথিমধ্যে ভানতে পাইলেন, প্রভু দক্ষিণদেশে গিয়াছেন। তিনিও তীর্থভ্রমণের ছল করিয়া দক্ষিণদেশে গমন করিলেন। দেখানে গিয়া শুনিতে পাইলেন, প্রভু উত্তর দেশে গিয়াছেন, অমনি প্রমানন্দও উত্তরাভিমুখে গমন করিলেন। কিন্তু সেথানেও মহাপ্রভুর দহিত তাঁহার দাক্ষাৎ इहेन ना! उथन প्रमानन श्रित क्रिलन, महाश्रेष्ठ (वशानहे थाकून, নবদীপে গেলে নিশ্চমই জাঁহার সন্ধান পাওয়া ঘাইবে। ইহা ভির করিয়া প্রমানন্দ নানাস্থান পরিভ্রমণ করিতে করিতে অবশেষে নবদীপে উপস্থিত হইলেন। নবদীপে আসিয়াই একেবারে শচীমাতার গ্রহে সমাগত হইলেন। শচীমাতার গ্রহে তথন প্রায়ই সন্ন্যাসী আসিতেন, সম্যাসীকে দেখিয়া তিনি আর কোন ভয় করিতেন না। সন্মাসী দেখিলেই ডিনি উাহাকে আদর করিতেন, আর বলিভেন, "যাদ নিমাইয়ের ্সহিত ক্থনও দেখা হয়, তাহা হইলে আমার সহিত তাহাকে একবার ্দেখা করিয়া যাইতে বলিস।" প্রমানন্দকে দোখ্যা শ্চীমাতার বোধ হইল, বেন বিশ্বরূপ আসিয়াছেন। পুরা শচীমাতাকে নিমাইয়ের কথা বিজ্ঞাস।
করিলেন, শচীমাতা বলিতে পারিলেন না। তথন পরমানন্দের আশা
নৈরাস্থা পরিণত হইল। পরমানন্দ বিষয়মুথে বসিয়া আছেন, এমন
সময় নিত্যানন্দের প্রেরিত লোক নীলাচল হইতে কিরিয়া আসিয়া
সংবাদ দিল যে, প্রভু দক্ষিণাঞ্চল হইতে নীলাচলে প্রত্যাগমন করিয়াছেন।
তথন নবঘীপের ভক্তপণের মধ্যে সাজ সাজ রব পড়িয়া গেল, সকলেই
প্রভুকে দর্শন করিবার জন্ম নীলাচল-যাত্রার উত্যোগ করিতে লাগিলেন।
কিন্তু পরমানন্দ পুরীর আর বিলম্ব সহিল না। তিনি কমলাকান্ত নামে
প্রভুর একজন ভক্ত ব্রাহ্মণকে সঙ্গে করিয়া নীলাচল যাত্রা করিলেন।
শ্রীক্ষেত্রে ঘাইয়া প্রথমে শ্রীজগরাথের মন্দির পরমানন্দের নয়নগোচর
হইল। পরমানন্দ কিন্তু মন্দিরের দিকে কিরিয়াও তাকাইলেন না।
তিনি বে আসিয়াছেন মহাপ্রভুকে দর্শন করিবার জন্ম। তাই তিনি
মন্দিরকে উদ্দেশ করিয়া বলিলেন—

"আগে না দেখিয়ে প্রভূ লোমার চরণ।
গৌরচন্দ্র দেখিবারে করি অন্তেবণ।
ইথে মোর ষ্মাণি হইল অপরাধ।
তাহা ক্ষমি জগরাথে করিবে প্রসাদ।
তুমি দে সর্বজ্ঞ জান স্বার অন্তর্ক।
মোর উৎকণ্ঠার কথা তোমার গোচর।
উৎকণ্ঠাতে লরে যায় কি করিব আমি।
ইহা জানি মোর অপরাধ ক্ষম তুমি।"

পরমানন্দ মন্দিরের দিকে তাকাইয়া এই কথা বলিতেছেন, এমন সময় দেখিতে পাইলেন, মন্দিরের সমুখে জনতা, আর দেই জনতার মধ্যে একজন দীর্ঘাকৃতি সন্নাদী—এত দীর্ঘ যে সেই জনতা ভেদ করিয়া তাঁহার মাথা দেখা যাইতেছে। সন্ন্যাসার প্রতি অন্ধ-প্রত্যক্ষের দিকে তিনি তাকাইয়। দেখিলেন—যেন সমস্ত অব্দ দিয়া সোণার কণা ছড়াইয়া পড়িতেছে। সন্ন্যাসীর নিকটবর্ত্তী হইয়া পরমানন্দ দেখিতে পাইলেন যে, সন্ম্যাসীর বয়স অন্ধ। ইহা দেখিয়া পরমানন্দ ভাবিলেন, ইনিই তাঁহার হারানিধি গৌরচন্দ্র হইবেন। মহাপ্রভুর রূপ দেখিয়া পরমানন্দ গোঁসাইয়ের চক্ষ্ দিয়া দরবিগলিত ধায়ায় অশ্রু পড়াইয়া পড়িতে লাগিল। তিনি প্রভুর সন্মুখে গিয়া দাঁড়াইতেই কমলাকান্ত মহাপ্রভুকে বলিলেন, ইনি পরমানন্দ পুরী, ইনি ভারতবিখ্যাত।" প্রভু এই কথা ভনিবামাত্র পুরী গোঁসাইয়ের চরণে প্রণাম করিলেন। পুরী আর কি করেন ? প্রভুকে উঠাইয়া তাঁহাকে পাচ় আলিকনপাশে বছ্ব করিলেন। অতঃপর প্রভু তাঁহাকে নিজ্ব বাসায় লইয়া গিয়া একখানি বর ও সেবা-পরিচর্যার নিমিত্ত একজন ভূতা দিলেন।

## ্গোবিন্দ

ইহার পর প্রীপাদ ঈশ্বর পুরীর সেবক গোবিন্দ আদিয়া প্রভুর সমক্ষে দাঁড়াইলেন। গোবিন্দ বলিলেন, "গুরুদেব যথন দেহতাগ করেন, তথন আমাকে ও কাশীশ্বকে আদিয়া আপনার সেবা করিবার প্রভু আদেশ করিয়াছেন। আর তিনি একথাও বলিয়া গিয়াছেন, তিনি যথন গৃহস্থাশ্রমে ছিলেন, তখন আমে তাহার মধুর নটেন্দ্ররূপ দেথিয়াছি, দেথিয়া তাহা হলয়ে অন্ধিত করিলাছি।" ঈশ্বর পুরী মহাপ্রভুর গুরু ছিলেন, পাছে মহাপ্রভু তাহাকে দেথিয়া গুরুভাবে ভক্তি ও প্রণাম করেন, পেই ভয়ে ঈশ্বর পুরী শেষ সময়ে প্রভু নকট নিজে না আদিয়া গোবিন্দ ও কাশীশ্বকে পাঠাইয়া দিলেন। সার্বভৌম গোবিন্দকে জিজ্ঞাসা করিলেন, "তুমি কায়ন্ধ, ঈশ্বর পুরীর কি কি কাজ তুমি করিছে? গোবিন্দ বলিলেন, "ক্রম কায়ন্ধ, ঈশ্বর পুরীর কি কি কাজ তুমি করিছে? গোবিন্দ বলিলেন, "ক্রম কার্মন্ধ একটু বিশ্বিত হইয়া বলিলেন, "পুরী সোসাঞি সর্বশাস্ত্রজ্ঞ হইয়া শুল্ল সেবক রাখিলেন কিরপে।" প্রভু বলিলেন, "মহাপুরুষের। লোকের বিচার করেন না, তাহার মাহাল্মই দেথিয়া থাকেন।" তথন—

"সার্ব্বভৌম বলে প্রভূ এই স্থনিশ্চয়। কৃষ্ণ বৈষ্ণবের চেষ্টা লৌকিক না হয়।"

-- हट्डान्य।

মহাপ্রভূ সার্বভৌমকে জিজ্ঞানা করিলেন, "আছে৷ সর্বভৌম! এখন আমি কি করি ? গোবিন্দ আমার গুঞ্চর সেবা করিয়াছেন মতএব তিনি আমার পুজা। অথচ গুরু ইহাকে আমার সেথা করিবার জন্ত পাঠাইয়াছেন। এখন আমি কি করি ?" সার্কভৌন বলিয়াছিলেন, "গুরুর আজ্ঞা পালন করাই উচিত।" তখন মহাপ্রভূ 'উঠিয়া গোবিন্দকে আলিগন করিলেন। তদবধি গোবিন্দ প্রভূকে সেবা করিতে লাগিল।

অত্যে কাশীখর, দক্ষিণে পুরা গোঁদাঞি, বানে ভারভা গোঁদাঞি, পশ্চাতে হরপ ও গোবিন্দ, মধ্যহানে শ্রীগোবিন্দ এইরপে প্রভু জগরাধ-দর্শনে ষাইতেন।

# ৰাস্থদেব সাৰ্বভৌম

মহাপ্রভু এক্সফটেততা যথন প্রীশ্রীজগন্ধাথমন্দিরে জগন্ধাথের বিগ্রহ আলিঙ্গন করিতে উত্তত হন এবং যথন পাণ্ডার দল তাঁহাকে মারিকার জনা উন্নত হয়, তখন যে ব্যক্তি মহাপ্রভুকে পাণ্ডাদের হাত হইতে উদ্ধার করেন তাঁহার নাম বাস্থদেব সার্বভৌম। এই বাস্থদেব সার্বভৌম পুর্বে নবদাপে টোল করিতেন, উড়িষ্যার রাজা প্রতাপক্ষত্তের আহ্বানে তিনি পুরীধামে আসিয়া তাঁহার দ্বারপত্তিতত্ব স্বীকার করেন. এবং টোল স্থাপন করিয়া বছদংখ্যক ছাত্তকে বেদান্ত শিক্ষা দিতে থাকেন। সাকভোমের পিতা বিশারদ ও মহাপ্রভুর মাতামহ নীলাম্বর চক্রবন্ধী উভয়েই সহাধ্যায়ী ছিলেন। মহাপ্রভুর পিতা জগন্নাথ মিখ সাক্ষভৌমের সহাধ্যায়ী ছিলেন। বাস্থদেব মহাপ্রভুকে নিজ আলয়ে লইয়া আসিয়া বলিলেন, "তুমি আর কথনও মন্দিরাভারেরে যাইও না, তোমার বেরপ ভাব কোন সময় যে জগলাবের বেণীতে উঠিয়া বসিবে, ভাহার শ্বিরতা নাই।" সার্কভৌম ঐশব্য কামনা করিতেন। ঐশব্য ব্যতীত অন্ত কোন মুল্যবান সৃত্যতি যে ত্রিজ্বগতে আছে, ইহা তিনি জানিতেন না। তিনি জাপনি বড় হইবেন, বড় হইয়া অনোর উপর প্রভুষ করিবেন, ইহাই তাঁহার জীবনের আশা। ভাই ভিনি-পরদিবস মহাপ্রভুকে ডাকিয়া তাঁহাকে শিক্ষা দিতে প্রবৃত্ত হইলেন ৷ পক্ষাব্বরে মহাপ্রভু ছিলেন বিনয়ের অবভার। তাঁহার মূলমম ছিল-

> তৃণাদপি স্থনীচেন তরোরিব সহিষ্ণা। স্থনানিনা মানদেন কীর্ত্তনীয় সদাহরি॥

অর্থাৎ সেই ব্যক্তিই শুধু হরি-কীর্তনে অধিকার পায়, যে ব্যক্তি ত্থের ন্যায় দীন ভাব ধরিয়া আপনি অপমান লুইয়া অন্যকে মান দেয়! সার্কভৌমের সকল্প তিনি প্রীগৌরাঙ্গের ভগবন্তা উড়াইয়া দিবেন। অগাধ শাস্ত্রবিদ্যা ও তীক্ষবুদ্ধির তাঁহার অভাব ছিল না। প্রভু আসিলে সার্কভৌম তাঁহাকে লইয়া নিভূতে বসিলেন। সার্কভৌম প্রভুকে বলিলেন, "আচ্ছা চৈতন্ত, তুমি এই অল্প ব্যুক্তের ধর্ম কেন গ্রহণ করিলে? সন্ন্যাসীর পক্ষে নর্ত্তন, গায়ন অতি দ্বণীয় কার্য্য, কিন্তু সেই হইল ভোমার ভজন সাধন। ভোমার বয়স অল্প, ইন্দ্রিয় দমনে রাখিতে হইবে, জ্ঞানের আশ্রেয় ব্যুতীত নর্ত্তন ও গায়নে কিন্তুপে ইন্দ্রিয় বৃত্তি সংষ্ত হইবে গ্

প্রভুবিনয়পুর্বক বলিলেন, "দেখুন আমি নিতান্ত অভঃ; আমি ভাল মন্দ বুঝি না, বুঝি না বলিয়াই আপনার আগ্রের গ্রহণ করিয়াছি।"

সার্কভৌন বলিলেন, "তুমি সন্ধাসীর ধর্মগ্রহণ করিয়াছ, উহা ভাবুকের ধর্ম অপেকাণ্ড অনেক বড়। আমি তোমাকে জ্ঞানমার্গে টানিয়া লইব, তুমি আমার নিকট বেদ শ্রবণ কর, বেদ শুনিতে শুনিতে তোমাতে জ্ঞান ক্রিত হইবে, জ্ঞান হইলেই ইপ্রিয়দমনশক্তি বৃদ্ধি শাইবে। তুমি আমার নিকট প্রতাহ অপরাহে বেদ্পাঠ শ্রবণ কর।"

প্রভাবনেন, "বেশ ভাহাই হইবে, আমি আপনার নিকট প্রতিদিন বেদপাঠ শ্রব করিব।" পরদিবদ শ্রীমন্দিরে সার্বভৌমের সহিত প্রভূ মিলিত হইলেন,উভয়ে সার্বভৌমের বাটাতে আসিলেন। সার্বভৌম বেদ খুলিয়া বসিলেন, প্রভূ একমনে শ্রবণ করিতে লাগিলেন। প্রভূ এক-মনে নিবিষ্টচিত্তে সার্বভৌমের নিকট বেদের ব্যাখ্যা ভানতে লাগিলেন। সার্বভৌম বেদের এইরূপ ব্যাখ্যা করিতেছেন, "জগৎ মায়া, শ্রীভগবান মায়া, ভগবান আর কোন পৃথক বস্তু নাই, তুমি ভগবান।" সার্বভৌমের এই কথায় ভগবান, শ্রীকৃষ্ণ, বৃন্দাবন, গোপাগণ এবং ভগবানে ভব্তি প্রয়ন্ত সমন্ত চলিয়া গেল, প্রভূ যত এ সমন্ত কথা শুনিতে লাগিলেন, ততই তাঁহার সমন্ত শরীর আশীবিষে দংশন করিতে লাগিলে। প্রভূ অসাধারণ ধৈর্যাবলে সমন্ত সহ্ম করিয়া যাইতে লাগিলেন। বিভীয় দিবসেও লাগভোম এরপ বেদপাঠ করিতে লাগিলেন; কিন্তু প্রভূব নার বতা দেখিয়া তাঁহার মনের ফ্রুব্তি নই হইল—তিনি ছংশিত্মনে পাঠ বন্ধ করিলেন। এইভাবে সাতদিন যাবং বেদব্যাখ্যা করিয়াও সার্বভৌম যখন মহাপ্রভূর মুখে হাঁ না কোন কিছু শুনিতে পাইলেন না, তখন তিনি ক্ষমনে ভাবিলেন, এ আবার কি জালাতন! আমি এত করিয়া বেদ পাঠ করিতেছি, লোকটি একবারও আমার নিকট ক্রন্ত্রতা স্বাকার কারল না! যাহা হউক, কাল একবার ইহার কারণটা জানিয়া লইব, যদি দেখি আমার ব্যাখ্যা স্থান্ধসম করিতেছে, তবেই ইহার নিকট বেদ ব্যাখ্যা করিব, নতুবা বেদপাঠ বন্ধ করিয়া দিব।

আট দিনের দিন সাক্ষভৌম বলিলেন, "তোমাকে এই আট দিন যাবং যে বেদপাঠ করিয়া শুনাইতেছি, তুমি ইহাতে হাঁ-না কিছুই বলিভেছ নাকেন ?"

প্রভুবলিলেন, "আপনি আমাকে বেদপাঠ প্রবণ করিতে আদেশ করিয়াছেন, আমি তাহাই করিতেছি।"

সার্বভৌম বলিলেন, "আমি ত শুধু পাঠ করিতেছি না, ব্যাখ্যাও করিতেছি।" প্রভু বলিলেন, "বেদের স্কুগুলি আমি বেশ ব্রিতে পারিতেছি, কিন্তু আপনি যে ব্যাখ্যা করিতেছেন সেই ব্যাখ্যা আমি কোন মতে ব্রিতে পারিতেছি না। শাস্ত্রে দেখিতে পাই, শঙ্করাচার্য্য বেদের প্রকৃত অর্থ আচ্ছাদন করিয়া মনোকল্পিত অর্থ করেন। শঙ্করাচার্য্যের যে ব্যাখ্যা ভাহা মনোকল্পিত, তাহা বেদের স্কু ও

তাঁহার বাংখা। পাঠমাত জানা যায়। স্থাকের এক রূপ অর্থ, আর শকরাচার্যা শল্পন-বলে আর এক রূপ বাংখ্যা করিছাছেন, আপনার ব্যাখ্যা শক্ষণচার্যোর ব্যাখ্যার অনুরূপ।"

সার্বভৌম ইহা শুনিয়া মনে মনে যুঁংপ্রোনাপ্তি ক্রুদ্ধ হইলেন এবং প্রকাশ্যে বলিলেন, "তাই ত কাশী বাঞ্চী ক্রুদ্ধ স্থানের লোক আমার নিকট বেল শিথিয়া গেল, এখন এক বালকের নিকট আমার পরাজঃ শীকার ক'রতে ইইল, বেশ তবে তুমি এখন আমায় বেদ শিখাও।"

প্রভু সংক্রিভানের কথার কোন উত্তর না দিয়া ব ললেন, "শহরাচার্য্যের ইচ্ছা মায়ানাদ-ভাপন। এই উদ্দেশ্যে তিনি যে কোন প্রকারে
হউক মনোকল্লিত অর্থ করিয়াছেন।" এই কথা বলিলা মহাপ্রভু বেদের
বাগ্যা করিতে লাগিলেন। প্রভুর মুথে নৃতন নৃত্ন কথা শুনিয়া
সার্ক্রিটার এককণ চিল না, এখন ক্রমে ক্রমে হউলে লাগিলে। এখন
প্রভুর উপর শার্ক্রিটামের যে ঘুণা ছিল, তাহা দূর হউল, প্রভুকে তিনি
শ্রেদ্ধা প্রদর্শন করিতে লাগিলেন। কিন্তু ওবুও জাহার মনের ভিতর
হুইতে পাত্রিটালিমান গেল না, তিনি নৈয়ারিকদের হায় ক্রমের নিন্তু
তর্কে প্রভুকে পরাভূত করিতে চেটা করিতে লাগিলেন। প্রভু একে একে
সাক্রিটামের যুক্তি-ভর্কসমূল বন্তন করিয়া কেলিতে লাগিলেন। পরিশেষে প্রভু বিলেন, "দেখুন, ভট্টানায়! শ্রীভগবন্ত করিবে পরম
সাধন, বাংলা সমস্ত বন্ধন ছেদন করিয়াছেন উপ্রায়াও ভরবন্ততি
কামনা করেয়া থাকেন।" প্রভু এই কথা বলিয়া ভাগব্যন্তর এই স্লোকটি
পাঠ করিতন্তন—

"আত্মারামশ্চ মৃনগো নির্গন্থ অপ্যক্ষক্রমে কুর্বাস্ত্য হৈতুকীং ভক্তিমিথং ভূজো গুণোহরি:।" সার্ব্যভৌম এই শ্লেণ্কের নয় রকম অর্থ করিলেন। প্রভু সার্ব্য-ভৌমের ব্যাখ্যা শুনিয়া তাঁহার পাণ্ডিভার ভূরদী প্রশংসা করিলেন এবং প্রভু নিজে শ্লোকটির মন্তাদশ প্রকার ব্যাখ্যা করিয়া সার্বভৌমকে চমকিত করিলেন। এই স্কার্যদশ প্রকারের ব্যাখ্যার ভাৎপধ্যুর্থে ইইল — ভগবদ্ধক্রিই সর্ব্যভাবের প্রম প্রক্ষার্থ। প্রভু যে পৃথ্য হইতে ভাবিয়া চিস্তিয়া উক্ত শ্লোকের ঐ প্রকার ব্যাখ্যা করিয়াভিলেন, তাহা নহে; তিনি উপস্থিত মতই শ্লোকটিব ব্যাখ্যা করিয়াভিলেন। ব্যাখ্যা শুনিয়া সাক্ষভৌমের সকল অহলার দৃব হইল। তিনি প্রভুর চরণে পাড়তে গিয়া দেখিলেন, সেই গৌরাজ ত তাহার স্মুথে নাই. এক ষ্টভুজ মুত্তি তাহার স্মুথে। তিনি সেই মুক্তি হইয়া পড়িলেন।

"অপুঠা ষড়ভুজ কোটি স্থাময়। দেখি মুচ্ছো গেলা দাঠাভৌম মহাশয়॥"

সার্কভৌম যে বড়ভূজ মূর্ত্তি দর্শন করেন, তাহা অভাপি ঐীশীজগ-ঃলাথের মন্দিরে অভিত রহিয়াছে।

তার পর ভগবান ঐতিচতন্তের স্পর্শে সার্বভৌম চেতন। লাভ করিলেন। তথন হইতে সার্বভৌম মহাপ্রভুর পরম ভক্ত হইয়া উঠিলেন। তিনি অঞ্জলি পাতিয়া প্রভুর প্রসাদায় গ্রহণ করিলেন। প্রসাদায় গ্রহণের সময় সার্বভৌম তুই হাত জ্বোড় করিয়া মন্ত্র পড়িলেন—

শুকং পর্যাবিতং বাপি নীতমা দ্রদেশত।
প্রাপ্ত মাত্রেন ভোক্তব্যং নাত্রকাল বিচারণ।।
ন দেশ নিয়মগুত্র ন কাল নিয়মগুথা
প্রাপ্তমন্ধ ক্রভং শিষ্টে ভোক্তব্যং হরিবর বীং।

এবার সাকভোম বুলধর্ম ছাড়িলেন। প্রভুর মহাপ্রদাদ গ্রহণের পর ভইছে সাকভোমের মন প্রাণ তাঁহাজেই নিবদ্ধ হইল। তিনি ভূতলে গড়া-গড়ি দিতে লাগিলেন, প্রভূ তাঁহার গায়ে পদাহর বুলাইতে লাগিলেন। তার পর প্রভূ তাঁহাকে বুকে আলিখন করিতে লাগিলেন। প্রভুর সহিত সাকভোম নৃত্য করিতে লাগিলেন। নৃত্য না করিলে সমাজ-বন্ধন ছেদন হট্যাছে, ইহা প্রমাণিত হয় না। সাকভোম অভংপর একটি ফুলীয় শ্লোক রচনা করিয়া মহাপ্রভুর বন্দনা করিয়াছিলেন।

> "সার্বভৌম হইল প্রভুর ভক্ত একজন। মহাপ্রভু সেবা বিনা নাহি অন্ত মন। শ্রীকৃষ্ণ হৈতির শচীস্থত গুণধাম। এই ধ্যান, এই জপ, হয় এই নাম।"

## জয়দেব গোস্বামী

মধ্যবুপের বাঙ্গালার ইতিহাসে হরিনামায়তপানে উন্নান্ত থেনকল ভক্তের ইতিবৃত্ত আছে, তরধ্যে গীতগোবিন্দের রচ্ছিত। জয়দেবের স্থান যে সর্ববি উচ্চে একথা বলাই বাছল্য। বাঙ্গালার হবন লক্ষণ সেনের রাজসভায় যে তাঁহার বিশেষ সমাদর ও প্রতিপত্তি হিল তাহাও জানা যায়। বুলার সাহেব কাশ্মার দেশে একথানি প্রি পান, সেই পুর্থি পাঠে জানা যায়, রাজা লক্ষণ সেন জয়দেবকে "কবিরাজ" উপাধি প্রদান করিয়াছিলেন। জয়দেব স্ক্রবি ছিলেন, স্কর্ত্বাং জয়দেবকে "কবিরাজ" উপাধি প্রদান করিয়াছিলেন। জয়দেব স্ক্রবি ছিলেন, স্কর্ত্বাং জয়দেবকে "কবিরাজ" উপাধি দেওয়া কিছুমাত্র আশ্চর্ণোর বিষয় নহে। সেখ শুভোনয়া পাঠেও জানা যায় যে, রাজা লক্ষণ সেনের রাজসভায় জয়দেব প্রভাগর প্রান্ত প্রদার পরি কর্ত্বাং জয়দেবক প্রতিপত্তি ছিল। ক্ষামরা এছলে বন্নমালী দাস-রচিত জয়দেব-চরিত-জবলম্বনে জয়দেবের প্রত্তি জানা ব্যার বির্বাম।

দ্ধিণ দেশে এক আক্ষণ বাস করিতেন। সেই রাক্ষণে কোন সন্তান-সন্তাত না হওয়ায় আক্ষণ দম্পতী পুরুষোত্তমে প্রীঞ্জিগরাখনেবের নিকট হত্যা দিয়া বলিল, "প্রভূ যদি তোমার কুপায় আমার পুত্রসন্তান হয়, তাহা হইলে উহাকে তোমার দাদ করিয়া দিব, আর যদি ক্রাসন্তান হয়, তাহা হইলে উহাকে তেমোর দাসী করিয়া দিব।" এই সময় এক পাণ্ডা আদিয়া 'তথান্ত' বলিয়া আক্ষণের গলায় মালা পরাইয়া দিল। আক্ষণ মহাহাইচিত্তে গৃতে কিরিয়া আদিলেন। কিছুদিন পরে যথাসময়ে আক্ষী এক ক্যাসন্তান প্রস্ব করিলেন। কন্তার রূপ তপ্তকাঞ্চনসন্ধিত, ভিরসৌদামিনীর ক্রায়। ব্রাহ্মণ সাধ করিয়া কন্তার নাম 'গ্রাব্তা' রাথিলেন। ক্রমে পদ্মাব্তী ধাদশ বর্ধে উপনীত হইল। বিবাহের বয়স চইলাছে দেখিয়া ব্রাহ্মণ ভাষার বিবাহের কন্ত উৎস্ক হইলেন। ব্রাহ্মণী বলিলেন, "মনে আছে, ৺সগন্ধাথের নিকট প্রতিক্তা করিয়া আসিয়াছিলে, কন্তা ক্রান্তহণ করিলে ভাষাকে তাঁহার মন্দিরে দাসী করিয়া দেওয়া হইবে?" স্থতিপথে সেই কথা উথিত হওয়ায় তাঁহারা আর কালবিলম্ব না করিয়া পুরুবোস্তমে আদিলেন। সেই পাধার গৃহে উভয়েই আতিথা স্বীকার করেন। রাজিকালে উভয়ে স্থা দেখিলেন, সমং ক্রান্থাখনেব এক ব্রাহ্মণের তাঁহাদের সমক্ষে উপন্থিত হইয়া বলিভেছেন, "দেখ অজ্যনদের তীরে কেন্দ্বিল নামে এক গ্রাম আছে। তথায় আমার অংশে ক্রমেনের নামে এক ব্রাহ্মণ করিয়াছে, ভাষার নবীন ধৌবন, হরিনামে সে সর্মনা উন্সত, চক্ষে ভাষার সর্মণা অঞ্চ;—

শিসংহনিত আজাফুলখিত তুই বাছ।
চিক্ৰিমা জিনিয়া মুখ তাম পায় বাছ।
নৰমেঘ জিনি আদি আমল শরীর।
উনমত হয়ে কেবে সদাই অস্থির।
আর এক চিক্ক কহি দেখিবে ভাষাতে।
রাধা কৃষ্ণ নাম লেখা সকল অক্তে।
পদ্যাবতী কন্দা লয়ে ভারে কর দান।"

প্রভূম্বাবের স্থাদেশ শুনিয়া ব্রাহ্মন দম্পতী প্রদিনই কেন্দুবিশ অভিমূবে প্রস্থান করিলেন। বিংশতি দিন পদব্রজে চলিবার পর তাঁহারা কেন্দুবিবে উপস্থিত হইলেন। তথার আদিয়া এক ব্যাহ্মণের সূত্র তাহার। আতিবা খীকার ক্রিলেন। ব্রাহ্মণকে জয়দেব সম্বাদ্ধ প্রার্থ কারি বিলিলেন, "জয়দেব যে কার প্রার্থ, কান্ প্রায়ে, তাহা কিছুই জানি না। অবেন্দ দিবস হইতে সে এটা প্রায়ে আছে, ডিক্লা মাসিয়া খায় এবং শিবের মন্দ্রিরে থাকে।" াত্রন ব্রাহ্মণ দশতী সেই ব্রাহ্মণের নিকট নিজের মপ্রকৃত্তান্ত বলিলেন। প্রায়ের অস্তান্ত লোকেরা মকলে ভনিয়া বিশ্বিত হইয়া গেলা। সকলে মিলিয়া পদ্ধাবতীকে সালে লইয়া হেয়ানে অজয়নদের ভীবে কদম্বল্কমূলে জয়দেব বসিয়া তৃই চক্ মূদিত করিয়া ক্রম্ম ধানে করিছেছেন ধ্রথানে সিয়া উপস্থিত হইলেন দ্রাহ্মণ দেবিলেন, স্বপ্রে প্রীশ্রীজসমাথদের তাহাকে ক্রমদেবরে যে যে লক্ষ্ম বলিয়া দিয়াছিলেন তাহাতে সেই সমন্ত লক্ষ্মই বিরাজমান। ভবন ক্রমদেবকে গুরুত্তি করিয়া বাহ্মণ অপ্রকৃত্তান্ত জয়দেবকে আনাইকেন। জয়দেব বলিলেন, "দেব তোমার প্রতি জগলাবদেবের যেরূপ আদেশ হইয়াছে, যদি আমার প্রতি তোমার ক্রাকে বিবাহ করিবার জক্ত তদ্ধ আদেশ হয়, তাহা হইলে মামি তোমার ক্রাকে বিবাহ করিব।"

রাত্রিকালে জরদেব খাপ্লে দেবিলেন, জীলী জগরাথদেব তাঁহাকে বলিতেছেন, "দেব জোমাতে আমাতে অভিন্ন দেহ, এই ব্রাহ্মণ মামাকে কল্পাদান করিতে আসিয়ছিল, আমি তোমার নিকট পাঠাইয়। দিয়াছি, তুমি ইহাকে বিবাহ করিও। আর দেব তুমি কৃষ্ণালীলাবিষয়ক গ্রন্থ করিও, সেই গ্রন্থে কৃষ্ণালীবিষয় গ্রন্থ করিও, সেই গ্রন্থে ক্ষণালীবিষয়ে এমন সমস্ত বিষয় লিপিবছ করিও যাহা সাধারণ লোকে না জানে। ঐ কেন্দ্রির গ্রামে আমি প্রের্থ থাকিতাম, এখন উহা ভোমার স্পানে আবার পবিত্র হইয়া উঠিবে। ঐ ক্রম্পতির ঘাটে জলের মধ্যে বাধাক্ষ ছুই মূর্ত্তি আছে, তুমি তাহাতে হাত দিবা মাত্র ভাহা পাইবে, সেই মূর্ত্তি গ্রন্থ। করিবে।" এই কথা বলিয়া প্রীক্রময়াধদেব অস্ত্রহিত হইলেন।

প্রাত্ঃকালে গাজেখিন করিয়া জয়দেব রাশ্বণকে কহিলেন, "হাজগরাথের আদেশ তইয়াছে, আমি ভোমার কন্যাকে বিবাহ করিব।"
জয়দেব অতঃপর প্রামবাদিগণকে ডাকিয়া কিনিলন, "কদ্বথন্তির ঘাটে
অক্ষ-গভে রাধারুক্ষ মৃত্তি আছে, দেই মৃত্তি আনতে আমার উপর
আদেশ হইয়াছে, ভোমরা সকলে চল, দেই মৃত্তি লইয়া আদি।" তথন
গ্রামের লোকেরা শুল্ল, ঘণ্টা, কালর ইত্যাদি লইয়া হরিনাম করিতে
করিতে অজ্ল-তারে উপন্থিত হইল। জয়দেব জলের মধ্যে হাত
দিবা মাত্র রাধারুক্ষের তুই বিগ্রহ উঠিল, সকলে বিগ্রহমূর্ত্তি আনিয়া
ভাহার পূজা করিতে লাগিল। বাসালার রাজা লক্ষণদেন জয়দেবের
এই মাহাত্মা ভান্যা তাহার সহিত সাক্ষাৎ করিতে আদিলেন, রাজা
নিজবায়ে বিগ্রহ-প্রতিষ্ঠার জন্য মান্দর নিশ্বাণ করিয়া দিলেন, এবার
জয়দেবের বিবাহের আয়োজন হইল। লক্ষণ সেনের ব্যবতায় জ্যদেবের
বিবাহে কোনই অভাব থাকিল না, রাজ্যেচিত আছ্ম্বরে বিবাহকায়
সমাধা হইল।

জয়দেবের তায় পদ্মাবতীও রাধাক্ত-পূজায় আত্মাৎসর্গ করিলেন।
জয়দেব ও পদ্মাবতী থুব প্রত্যে উঠিয়। মঙ্গল আরতি করেন, তার পর
কুষ্ম চয়ন করেন, পদ্মাবতী সেই কুষ্মে নানাপ্রকার ফুলহার সাঁথিয়া
তাহা রাধাক্তের চরণে অর্পণ করেন। অতংপর বেলা এক প্রহর পয়ায়
জয়দেব গাতগোবিন্দ রচনা করেন। নানান্ধান হইতে বছ ভক্ত আর্দিয়া
সেই গীতগোবিন্দ প্রবণ করেন। ইহার পর গঙ্গাস্থান করিয়। জয়দেব
য়রে ফিরিয়া রাধামাধবের সেব। করেন। এদিকে পদ্মারতী স্বহত্তে রজন
করেন। রাধামাধবের ভোগের জন্ম ক্ষার, পুরা প্রভৃতি নানাবিব
মিষ্টায় প্রস্তুত করেন। রাধামাধবের ভোজন-আরতির পর জয়দেব।
গৃহে ফিরিয়া পুনরায় গীতগোবিন্দ-রচনায় মনোনিবেশ করেন। সন্ধান

কালে আবার রাধামাধ্বের আরতি হয় এবং মাধ্য, শর্করা, পর্ক রম্ভা; মছরী, ওলা প্রভৃতি ঠাকুরকে নিবেদন করেন।

এইছাবে জয়দেব ও পদ্মাৰতী ঠাকুরের সেবা করেন। একদিন জয়দেব গাঁতগোৰিন্দে মানভঞ্জন লিখিতে গিয়। "স্মর গরল খণ্ডনং" "মন শির্দি মণ্ডনং" পর্যান্ত লিখিয়া শেষের চরণটি আর নিলাইতে পারিলেন না অথব। শ্রীকৃষ্ণ শ্রীরাধার পদ্দম নিজ মন্তকে স্থাপন করিতেছেন, একথাও লিখিতে ইতন্তভ: করিতে লাগিলেন। নানারূপ ভাবিতে ভাবিতে সানের বেলা হইয়াছে দেখিয়া জ্বয়দেব গলালান করিতে গোলেন; গঙ্গায় অবতরণ করিতেই তিনি এক দৈববাণী শুনিতে পাইলেন। দৈববাণীর মন্ম এইরূপ, "জ্বয়দেব। তুমি প্রতিদিন এত কন্ত করিয়া এতদূর গঙ্গাস্থান করিতে আইদ, আর ভোমাকে এই কন্ত দল্ল করিতে হাবে না ক্রমণ্ডির ঘাটে আমি উজান বহিয়া যাইব।" ক্পিতে আছে, তৎপর্বিন প্রাত্তকোলে সকলে গাজোখান করিয়াই দেখে, জ্বদেবের বাড়ীর নিকটে গঙ্গা প্রবাহিত হইতেছেন: জ্বদেব ইহা দর্শনে গ্লার স্তব্ধ করিলেন—

"চতুর্জাং বিনেতাঞ্চ স্কাব্য়র ভূষিতাম। রত্তক্তাং সিতাস্তোজাং ব্রদামভয়প্রদাম॥ খেতবস্ত্র প্রীধানাং মৃক্তামণি বিভূষিতাম। ততাে ধ্যায়েৎ স্কুর্পাঞ্চ ক্রায়ত সমপ্রভাম॥"

জয়দেবের অবে পরিতৃষ্ট হইয়। মকরবাহিনী গঙ্গাদেবী তাঁহাকে দর্শন দান করিয়াছিলেন। কথিত আছে, গঙ্গাদেবী জয়দেবকে বলিয়াছিলেন, "আমি প্রতি বংসর পৌষ-সংক্রান্তির দিনে এই কদম্বধণ্ডির ঘাটে আবিভৃতি হইয়া হই বাছ দেখাইব।" তদবধি প্রতিবংসর পৌষ-সংক্রান্তির দিনে লক্ষ লক্ষ হিন্দু কদম্বধণ্ডির ঘাটে গঙ্গাবগাহন করিয়া থাকে।

এদিকে জন্মদেব গীতপোবিন্দে মানভঞ্জনের অদ্ধিদ লিখিয়া গ্রহায়

সান করিতে গিয়াছেন, তথন অন্তয়ামী ভগৰান প্রীকৃষ্ণ ভজেও মনোবাঞ্চা পরিপূর্ণ করিবার জন্ম স্বয়ং জন্মদেবের মৃতি পরিগ্রহ করিয়া দিলবসনে যেভাবে জন্মদের গৃহে ফিরিয়া আদেন সেইভাবে জন্মদেব-গৃহে
উপন্থিত ইইলেন। পল্লাবতী মাধার কেশ দিয়া জন্মদেবকণী প্রীকৃষ্ণ
বাধামাধ্যের বিগ্রহ পূজা করিলেন, পল্লাবতী হে অন রাধামাধ্যের
ভোগের জন্ম করিয়াছেন তাহা রাধামাধ্যকে উৎস্প করিয়া দিয়া
নিজে প্রসাদ গ্রহণ করিলেন। তার পর পূঁথি পাডিয়া যেখানে জন্মদেব
ভিষিন্নতিলেন—

"সার গরল ধণ্ডনং

ম্ম শির্সি মণ্ডনং "

তাহার নিমে লিখিয়া দিলেন:-

"দেহি পদপল্লব মুদারম।"

এই কথা লিখিয়া জয়দেবরূপী প্রীকৃষ্ণ গিয়া শয়ন করিবেন। এদিকে পদাবেতী স্থানীর প্রসাদ মনে করিয়া দেই প্রসাদ খাইতে বসিলেন। এমন সময় জয়দেব আসিয়া উপস্থিত। গঙ্গা অস্তর্ভিত। ইইবার সময় বলিয়া গিয়াছেন, আজ প্রীকৃষ্ণ তোমার ঘরে আহার করিবেন, সেই কথা জানিয়া জয়দেব স্থাইচিত্তে ঘরে কিরিয়াছেন। কিন্তু ঘরে কিরিয়াছেন। কন্ধন ভদ্দনে অগ্নেব বলিলেন, "একি পদাবেতী এরূপ ব্যবহার ত ভোমার ক্ষন ও দেবি নাই! তুমি আমার অগ্রেই থাইতে বসিয়াছ। এইরূপই কি তুমি নিত্য কর।" পদাবেণী বলিলেন, "একি ভোমার ছলনা! এইমার যে তুমি আহারাদি করিয়া, গ্রন্থ লিখিয়া গিয়া শয়ন করিলে।" তথ্ন জ্বারাদি করিয়া, গ্রন্থ লিখিয়া গিয়া শয়ন করিলে।" তথ্ন জ্বার সমস্ত ক্থাই ঠিক। সত্য সভ্যই প্রীকৃষ্ণ আজ ভাহার অবর্ভ্যানে আগ্রাণা পদ

শ্রণ করিয়া গিয়াছেন। তথন জয়দেব মন্দিরে পিয়া দেখেন, ভগবান জীক্ষেত্র শয়নের সমস্ত চিছ্ট বহিয়াছে, নাই কেবল জীক্ষণ ভিনি
ছই বাছ ভূলিয়া নাচিতে নাচিত্রে পল্লাবতীর নিকট আসিয়া তাঁহাব
সহিত ভোজনে বসিলেন এবং বলিলেন, "পল্লারে ! তুট বড় ভালাবতী !"
সামীন্ত্রী উভয়ে মিলিয়া সেই প্রসাদ খাইলেন।

ইহার কিছু দিন পরে জয়দেব বৃন্দাবনে বাইবার সকল করিজেন।
প্রাবাতীও কিছুতে স্থামার সংস্পৃতি চাড়িলেন না। কিছু কিছুপে রাধামাধ্যের বিগ্রহ বৃন্দাবনে লইয়। যাইবেন, এই ভাবনা ভাবিতে
লাগিলেন। রাজিকালে উভ্যেই স্থপ্প দেখিলেন, রাধামাধ্য বলিতেছেন,
শ্রামাকে ভোমরা ছাডিলেন্দ ভোমাদিগকে আমি ছাড়িব না। অভ্যান্ত আমাকে লইয়া যাও, আমি অভঃপর নিজ মুন্তি পরিত্যাপ করিয়া ছোট একটি শালিগ্রাম শিলা হইব. ভোমরা অনায়াসে আমাকে বছন করিয়া জাইতে পারিবে।" প্রদিন জয়দেব ও পলাবতী মন্দিরে গিয়া দেখেন, সভ্যা সভাই রাধামাধ্য ছুই মিলিয়া এক শালিগ্রাম শিলায় পরিণত ছুইয়াছেন। জয়দেব ও পলাবতী বছদিন পদরজে চলিয়া বুন্দাবনে উপনীত হইলেন এবং পশ্চিমে ধুমুনার তীরে একটি কুঞ্জ রচনা করিয়া ভন্মধ্যে বাস করিতে লাগিলেন। শালিগ্রামের নিভাসেবা এধানেওল ঘ্রাহীতি চলিতে লাগিল।

### खानमाम

প্রাচীন বৈক্ষব কৰিলের মধ্যে জ্ঞানদাসের স্থান অভি উচ্চে:
ভক্তিরত্বাকর ভিন্ন অক্ত কোন প্রামাণিক গ্রন্থে জ্ঞানদাসের জীবনী
পাওয়া যায় না। জ্ঞেলা বীরভূমের কাঁদড়া প্রামে বাস্থান-বংশে জ্ঞান
দাস জন্মগ্রহণ করেন। এই কাঁদড়া গ্রাম হইতে চুই ক্রোশ দূরে
একচঞা নগর, তথায় মহাপ্রভুর পরম সঙ্গী নিত্যানন্দ জন্মগ্রহণ করিলা
ভিলেন। ভক্তিরত্বাকর প্রশ্নে আছে—

"রাচ দেশে কাঁদড়া গ্রামেতে নাম হয়। তথায় বসতি জ্ঞানদাসের আলর ॥"

বৰ্দ্ধমান ও বীবভূমে জ্বজাপি "মঙ্গল ব্ৰাহ্মণ" নামে এক সম্প্ৰদায় ব্ৰাহ্মণ বাস করেন। জ্ঞানদাস এই মঙ্গল-বংশে জন্মগ্ৰহণ করিয়াছিলেন বলিয়া জাঁহাকে কেহ "মঞ্চল ঠাকুর", কেহ "শ্ৰীমঞ্চল" এবং কেহ বা "মদন মঙ্গল" বলিয়া অভিহিত করিতেন।

জ্ঞানদাস নিত্যানন্দ-পদ্ধী জাহ্নবী দেবীর নিকট মন্ত্রগ্রহণ করিয়া বৈরাগ্যধর্ম গ্রহণ করেন। তাঁহার জ্ঞাতিবর্গও জাহ্নবী দেবীর নিকট মন্ত্রগ্রহণ করিয়াছিলেন, এজন্ত তাঁহাদের বংশকে "গোম্বামী বংশ" বলিত। কাঁদড়ার জ্ঞাপি জ্ঞানদাদের মঠ বিভ্যমান আছে। প্রতি বংসর পৌষ প্রিমায় কাঁদড়ায় জ্ঞানদাদের আবির্ভাব উপলক্ষে মহোৎসব হয় এবং ভিনদিন এতত্পলক্ষে মহামেলা হইয়া থাকে।

জ্ঞানদাস চিরকাল অক্তাদার ছিলেন, তাঁহার পিতামাতার নাম জানিতে পারা বার না। জ্ঞানদাস একজন স্থবিগাত পদকর্তা। বিভাপতি এবং চণ্ডালাদের পদ হইতে জ্ঞানদাদের পদগুলি কোন অংশে নিক্ট নহে। তাঁহার রচিত পদগুলি পাঠ করিলেই বুঝাতে পারা যায় যে, তিনি একজন পঞ্জিত এবং সাধক ছিলেন। ইনি অনেকশুলি প্রশ্নান্তিক। পদ রচন। করিয়া গিয়াছেন। আজকাল এ ভাবের রচনা বড়ই বিরল।

জানদানের যোড়শ গোপাল—গোপালরূপ বর্ণনা অতি চমৎকার।
বৈক্ষব-ছগানে জানগাসই প্রথম এই ষোড়শ গোপালরূপ বর্ণনা
কার্যাছেন। তাহার ম্রলা শিকার পদের তুলনা নাই। প্রবাদ এবং
মাপুর বর্ণনে জানদাস অতি হৃদ্দর নৈপুণ্য প্রকাশ করিয়াছেন। জ্ঞানদানের পদাবলীতে সকল রস্রেরই সমাবেশ দেখিতে পাওয়া যায়।
বস্তুত: ভাষার মধুরতায়, রসের গাঢ়তায় ও ভাবের উচ্ছাসে গৈকব
কবিগণের মধ্যে জ্ঞানদাসের স্থান অতি উচ্চে। বৈক্ষব কবিগণ অনেকেই
স্বীভাবে সাধন করিয়াছিলেন। তাঁহারা আত্মহারা হইয়া স্থীর মত
দশ দশায় প্রীমতীর সেবা করিতেন, তাঁহাদের রচনায় সেকক একটি
জীবস্ত ভাব দৃষ্টিগোচর হয়। সেরপ আত্মহারা হইয়া এক একটি ভাবে
না ড্বিলে কেহ সে ভাবের প্রগাঢ়তা বুঝিতে পারে না, বুঝাইতেও
পারে না। ভক্তি, বিনয় ও পাঙ্জিত্যে জ্ঞানদাস চৌষ্টি মোহাছের
একজন হইয়াছিলেন। এস্থলে জ্ঞানদাসের ছই একটি পদের উল্লেখ
করা হইল:—

স্তুহ

অপরপ তুরা মুরলী ধানি। লালসা বাড়ল শবন গুনি। করণে এরণে দেখিয়া সেই।
উদ্বেগ ধনী না ধরে দেই।
কাগিয়া হইল শরীর ক্ষীণ।
আসিত চান্দের উদর দিন।
জড়িত স্থানের করত ভেদ।
আতি বেয়াকুল করত থেদ।
পাণ্ডুর বরণ বেয়াধি রাধা।
সূরছি নিশাস হরল রাধা।
তব যদি তুই মিল্ম থাই।
গোকুল মঞ্চল স্বাই খায়।
জ্ঞানদাস করে শুনহ শ্লাম।
জ্ঞানদাস করে শুনহ শ্লাম।
জ্ঞানদাস করে শুনহ শ্লাম।

### সুহট

রাই কেনে বা এমন হৈলা।
কিরপ দেখিয়া আইলা ॥
মরম কই না মোয়।
বেয়াধি ঘুচাব তোয় ॥
সব দেখি বিপরীত।
সোণার বরণ তন্তু।
কাজর হৈ গেল জমু॥
নয়ানে বহয়ে ধারা।
কহিতে বচনহারা—

# কানদাদ মনে কাপ। কচিতে ঘুচাবে তাপ।

এই ভাবের নামিকরে প্রবাগ, নামকের প্রবাগ, পোষ্টবিহার, প্রীক্ষের আপ্রত্তী, গোষ্টবিহার, প্রীক্ষের এবং বাড়শ পোণালের রূপ, প্রীরাধিকার জন্মাৎদব, প্রীরাধিকার বাল্যলালা, রাধাক্ষ্ণ মিলন, প্রেম বৈচিত্তা, সন্তোগ-মিলন, রসোদগার, মূরলীশিক্ষা, বসন্তলীলা, রামলীলা, নৌকাবিলাস, দানলীলা, অহুরাগ—নামক-সন্থোধনে, অহুরাগ—স্থাপ্রিলাস, বাদক্ষজ্ঞাতি, অভিসাধ, বাদক্ষজ্ঞা, বিপ্রালভা, প্রিভান, মাপুর, ভাবসন্থিলন, মুগলক্ষ্ণ, প্রিভারন্ত্র, প্রীনিভ্যানন্দচন্দ্র প্রভৃতি বহু কবিত। জ্ঞানদাসের পদাবলীকে সন্ধিবেশিত আছে। এখনে প্রীপৌরচন্দ্র সম্বাদ্ধ জ্ঞানদাসের পদাবলীকে ভিছতে কিয়ুদ্ধ উদ্ধৃত হইল—

কন্ম কিশোর, বয়স অভি রস্ময়
কিয়ে নব কুন্থম ধরু।
লাবণ্য দরে কিয়ে স্থা নির্মিত
গৌর স্থালিত তফু ।
সাধ করি হেন গোরাগুণ শুনি।
শ্বন প্রশে, সরস রস তফু
অন্তরে জুড়ায় পরাণী।
কনক নীপকুল পুলক সমতুল
খেল বিন্দু বিন্দু মুখে।
বিভার প্রেমভরে, অন্তর গর গর
উল্লোর মরমের স্থাধ।

### জ্ঞানদাস

অফণ নয়নে ককণ নির্মিত

সম্বনে বলে হ্রিবোল।


জ্ঞানদাস কহে, প্**ত্**র পদভ্রে

चवनी जानत्म हिलान।

## **' প্রভুপা**দ পণ্ডিত

# শ্রীযুক্ত সত্যানন্দ গোস্বামী সিদ্ধান্তরত্ন


এই মহাপুরুষ বড়দহবাসী শ্রীমন্নিত্যানক প্রভুর বংশে জন্মপ্রহণ করেন। নিত্যানক প্রভু হইতে ইনি অধস্থন ত্রয়োদশ পুরুষ। নিম্নে উহা বংশতালিকায় দেখান যাইতেছে।





সগীয় গোকুলচক্র গোসামী

#### সভাানন্দ গোস্বামী



রুজবিহারী গোত্থামী হইতে ই'হারা কলিকাতার শোভাবাঞার ৪৩নং নন্দরাম সেনের খ্রীটে আসিয়া বাস করেন। এই ছানে ইনি ১২৮৬ সালে মাঘ্যাসে জন্মগ্রহণ করেন। এক্ষণে ইহারা সিন্দ্রিয়াপ্টীতে বাস করিতেছেন।

খড়নতে নিত্যানন্দ বংশের বছবিভৃতি ঘটিলে ইহাদিগের ভারে আনেকেট খড়নতের বাসস্থান ভ্যাগ করিয়া কলিকাভাবাসী হটয়াছেন । তৎকালীন ধনী স্বর্ণবিধিক শিষ্যদিগের আগ্রহেও ষড়ে, খড়দহ গ্রামে ম্যালেরিয়া দেখা দিলে, যেসকল গোস্থামিসভান খড়দহ ভ্যাপ করিয়া কলিকাভায় আসিয়া বাস আরম্ভ করেন, তাঁহারা খড়দহ-বাস পরিভ্যাগ করিলেও, ভাঁহাদিগের কুলদেবভা শীশ্রী৺শ্রামস্কর জিউর সেবা পরিভ্যাগ

করেন নাই; বিগ্রাহের পরিচব্যা উপলক্ষে অনেক সময় খড়দহে পিয়া

নিত্যানল প্রভার ২ শে অনেক বৈষ্ণ্য পণ্ডিত জন্মগ্রহণ করিয়াছিলেন। প্রভণাদ সভাানন্দের পিতা ৺গোকুলচক্র গোস্বামী সর্বান্ধন-স্মাদ্ত ্স্পুপাণ্ডত ছিলেন। বৈষ্ণবদর্শনাদি<sup>।</sup> শাস্ত্রে তাঁহার প্রগাচ পাণ্ডিত্য ছিল। তত্তপরি তাঁহার দৌমা প্রশাস্ত মতি দেখিলে তাঁহার প্রতি ভব্ধিভাবের উদয় হুইত এবং ভিন্ন সম্প্রদায়ের লোকেরাও তাহার ব্যবহারে মুগ্ধ হইত। কি বংশগোরবে, কি পাণ্ডিত্যে, ভিনি যে একজন আদর্শ পুরুষরপে देवश्ववनমাজের শীর্ষ হান অধিকার করিয়াছিলেন বলিলেও অভ্যক্তি হয় না। ইহাদের শিষ্য প্রাতঃশ্বরণীয় একাশীনাথ মল্লিক মহাশয় তাঁহার সমন্ত সম্পত্তি দেবোত্তর করিয়া বড-বাজার সিন্দ্রিরাপটীয় নিজবাদ ভবনে ভগবন্মন্দির ও নিত্যানন্দপ্রভ-ৰংশীয় গোস্বামিৰালকগণের শিক্ষার নিমিত্ত সংস্কৃত দাত্বা বিভালয় স্থাপন করিয়া ব্যবস্থা করিয়া যান। প্রভুপাদ ৺গোকুলচন্দ্র ১২৯১ সাল হইতে ঐ বিদ্যালয়ের পরিচালনভার গ্রহণ করেন এবং স্থপাতির সহিত পরিচালন করিয়া যান। বর্ত্তমানে তাঁহার উপযুক্ত পুত্র পণ্ডিত স্ত্যানন্দ বিভালয় ও ভগবন্মন্দির পরিচালন করিতেছেন।

বস্তমান সময়ে বৈষ্ণ্য জগতে থাঁহারা স্থাপ্তিত বলিয়া স্থারিচিত ও সমাদ্ত তাঁহাদের স্থানেকেই প্রভুপদে গোকুলচন্দ্রের ছাত্র।

সভ্যানন্দের পিতা গোকুলচক্র শ্রীমছলদেব বিভাছ্যণ-ঞ্ত "প্রমেয় রত্বাবলী" সাহ্যবাদ প্রকাশ করেন। তিনি বৈফব্যাধারণের স্থ্যবিধার জন্ত "ব্যবস্থাসারসংগ্রহ" নামে স্থৃতি সংকলন করেন এবং গুরুশিযোর কর্ত্তব্যাক্ত্র্ব্য ও দীক্ষাগ্রহণের আবেশুক্তা বিষয়ে "দীক্ষা তর্প্রকাশিকা" প্রকাশিত করেন। ইনি প্রিতসমাজেই যে কেবল



প্রভুপাদ পণ্ডিত শ্রীযুক্ত সত্যানন্দ গোস্বামী সিদ্ধান্তরত্ন

শশ্বিত কুলান কুটুম-সমাজেও বিশেষ সমাদৃত ও স্মানিত ছিলেন। কোন সামাজিক গোলমোগ উপস্থিত হইলে তিনি ভারার, স্মামাংগা করিয়া দিজেন, তিনি কথন কাহাকেও নেথাজিন করিবার প্রক্ষে থোর দিজেন না, বরং নিথাতিতকে উরোলন ও স্থাজে গ্রহণের প্রক্ষেপ্তামান হইতেন, এ কার্য্যে কতিছাকার করিতেও স্লুব্রেন। প্রস্তুত্ত থাকিতেন বলিয়া সকল স্থালোকই জাঁহার বিশেষ স্মান ও প্রশ্নংয়া করিত। তিনি ৫০ বংসর ব্যবে প্রলোক স্থমন করেন। তাহার পোকে বৈক্ষবসম্প্রদায়ের কথা দ্বে থাক, ইংরাজী শিক্ষিত্রসম্প্রদায়ের ছাহার মৃত্যু জন্ত শোক প্রকাশ করিয়াছিল। প্রসিদ্ধ সকল সংবাদপত্রই জাঁহার মৃত্যু জন্ত শোক প্রকাশ করিয়াছিল। প্রসিদ্ধ শক্তিয়ান নেশ্নেই পরের বিক্ষবর স্পাদক এন্-এন্ ঘোষ মহাশ্যের ভাষা এথানে উদ্ধৃত করিলে হ

"One of the best known men in Vaishnav circles, Pundit Gokul Chunder Goswami, breathed his last on Monday. The deceased was a learned Pundit, well educated in the Shastras and in the literature of Vaishnavism and was esteemed not only by his friends and disciples but by Pundits and society in general. More remarkable even than his learning were the purity and dignity of his character and the modesty of his behaviour. He was a leading and representative member of a certain section of society, and his loss will be keenly felt. He died at the rather early age of 53, from a disease which appeared somewhat suddenly namely paralysis of the brain. He

has left two sons who are likely to prove worthy of himself by their talents and character and the elder of whom is already well educated enough to keep up the tol of the late Goswami."—Indian Nation, 1st June, 1903.

শমুত্রাকার পত্রিকা, ইণ্ডিয়ান মিরার, বঙ্গবাদী, রঙ্গালয় প্রভৃতি পত্রে তাঁহার কথা অলোচিত হইয়াছিল। কি ইংরাজী, কি বান্দল: সকল সাময়িক পত্র তাঁহার মৃত্যুতে শোক প্রকাশ করিয়াছিল।

সভ্যানন্দ পিতার নিকট ব্যাকরণাদি হইতে বৈষ্ণব দর্শনশান্তাদি এবং রায় শিউবক্স্ বগলা মহোদয়ের প্রতিষ্ঠিত প্রসিদ্ধ ৮সংগ্রারারণ ভিউর শ্রীমন্মন্দিরের অধ্যাপক সক্ষদর্শনক্ষা মৈথিলী পণ্ডিত ৮বেণীমাধব শাস্ত্রী মহাশ্যের নিকট প্রাচীন ও নব্য ন্যায় এবং সাংখ্যদর্শন অধ্যয়ন করিয়াছিলেন। সভ্যানন্দ পিতার জীবিত কাল হইতেই তদস্তেবাসি-গণের অধ্যাপনার ভার গ্রহণ করায় তাঁহার পিতা ও শাস্ত্রী মহোদয় সক্ষাই ইইয়া তাঁহাকে পারিতোষিকশ্বরূপ"সেদ্ধান্তরত্ব"উপাধি প্রদান করেন, সভ্যানন্দ উহা গুরুজনের আশীর্কাদরূপে বহন করিয়া আসিভেছেন।

সত্যানন্দ পিতৃপদাকাত্মসরণ করিয়া আজও দেই গৌরব অক্ষ্ণ রাধিবার পক্ষে যথেষ্ট সচেষ্ট। "ভাগবতসন্দর্ভ" নামক প্রসিদ্ধ বৈষ্ণব বট্সন্দর্ভনামক প্রস্থের সাহ্যবাদ ব্যাখ্যা লিখিতেছেন। এই বট্সন্দর্ভন্ত প্রথম "তত্ত্মন্দর্ভ", দিতীয় "ভগবংসন্দর্ভ" তাংপর্য্য-ব্যাখ্যার সহিত প্রকাশ করিয়া বৈষ্ণবসমাজের তত্ত্বিজ্ঞান্তগণের যে কি উপকার সাধন করিয়াছেন উক্ত গ্রন্থপাঠকগণই তাহা অবগত হইতেছেন। ইনি এক্ষণে তৃতীয় "পরমাত্ম-সন্দর্ভ" ও শ্রীমন্তগবদ্গাতার বৈষ্ণবদ্দন-সন্মত ব্যাখ্যা লিখিতেছেন। তাঁহার সহিত আলাপে অবগত হইয়াছি. বদি কোন দৈব প্রতিবন্ধক না ঘটে, তাহা হইলে তিনি তাৎপর্য্য-ব্যাখ্যার

সাহিত বট্শলার্ভ গ্রন্থ সমাপন করিতে বিশেষ সচেষ্ট থাকিবেন। উক্ত গ্রন্থ যেরূপ ভাবে লিখিতেছেন সেরূপে সম্পন্ন হ**ইলে বৈফবজগৎ কেন,** সমগ্র দার্শনিক জগৎ এক অন্তুত দান প্রাপ্ত হইবেন। ভগবান তাঁহার এই মহৎ কাষ্যে সহায় হউন, এই আমাদের প্রাথনা:

ইংগর পিতা যেরপ চারত্রবান, অমাধিক এবং একজন প্রকৃত পণ্ডিত বলিয়া। প্রাণিক ছিলেন ইনিও তজেপ হইয়াছেন। পূরের বলিয়াছি, ইনি বড়বাজার দিন্দুরিয়াপটীস্থ কাশীনাথ মাল্লকের ভগবন্ধান্ধরে শ্রীমন্ত্রাগবতাদি শাস্ত্রের অধ্যাপনা করিতেছেন। ই হার পিতা ৺গোকুল চন্দ্র গোস্বামী ভাগবতধন্ম ওল নামক একটা সভা সংস্থাপন করিয়াছিলেন, ইনি সেই সভা পরিচালন করিয়া আসিতেছেন। চতুদ্বিকে গৌড়ীয় বৈষ্ণবধর্মের আবরণে নানা উপসম্প্রদায় প্রবর্তিত হইতে দেখায়, ইনি বিশ্বদ্ধ বৈষ্ণবধর্মসংরক্ষণ নিমিত্ত নানা চেটাকরিয়াছিলেন। সংস্কৃত পরীক্ষায় বৈষ্ণবশাস্ত্রপ্রস্থাপনা আশাস্তরপ হয় না দেখিয়া শ্রীরসিকমোহন বিভাভ্ষণ, শ্রীভাগবতকুমার শাস্ত্রী এবং অশ্রাম্ব করেকজন বৈষ্ণব পণ্ডিত ও ভক্তগণকে লইয়া আলোচনা করেন এবং সে বিষয়ে ক্বতকার্য্য হন। একণে সংস্কৃত উপাধি-পরীক্ষায় বৈষ্ণবশাস্ত্র তালিকাভ্ত্ত হইয়াছে ও পরীক্ষা গৃহীত হইতেছে।

বৈষ্ণবস্ত্ৰতাদি সম্বন্ধে পঞ্জিকার অনেক সময় দিকনির্ণরের অসামশ্রস্ত দেখিতে পাওয়া বাম বলিয়া ভাগবতধর্মমণ্ডল হইতে তিনি ব্রভতালিকা প্রকাশ করেন এবং বৈষ্ণবগণকে বিনামূল্যে বিতরণ করিয়া থাকেন।

গোস্বামিগৃহে পুরুষেরা বৈষ্ণংস্থৃতি ছরিভব্তিবিলাদ-মতে ও বিধৰারা স্মার্ক্তমতে একাদশী আদি বত পালন করেন জানিতে পারিয়া ইনি বড়ই তৃঃ থিত হন এবং ভারবতধ্বমণ্ডল হইতে প্রকাশিত ব গ্রাজিকার "বিক্সামার দীক্ষিত। ষতিধ্বাপরায়ণ। (বিবরা) দিজপত্নীসংল্রেও এই নিয়মে উদ্বাস হইবে"—এই কথার বিশেষ জোর দিয়া
লিখিয়া থাকেন।

এইবার হঁহার বাল্যজাবনের তুই একটা কথা বলৈব। ইনি কোন প্রচলিত বিদ্যালয়ে শিক্ষাপাভ করেন নাহ, নানাপ্রকৃতির ছাজেগণের সংস্রবে না আসায় চরিত্র স্থানির্মলভাবে গঠিত হইয়াছিল। নিজভবনে পিতার নিকট অধায়ন, সভত তাঁহার সঞ্চলাভ ইঁহাকে পিতার সকল মনোরাত্তর আধকারী করিয়াছে। প্রাকৃতিক সৌন্দর্যাদর্শনে বাল্যে ইঁহার স্থানের হে ভগবন্ধজির উন্মেষ হইয়াছিল বয়োবৃদ্ধির স্থিত তাহা ইঁহার স্থানের দৃদ্ধপ্রপ্রেশন অধিকার করিয়াছে। ইনি চির্দিনই প্রাকৃতিক দৃশ্র দেখিতে ভালবাসেন এবং তদ্ধনি ভগবন্ধহিমায় মুগ্র হইয়া থাকেন। প্রকৃত্রভাবে ইনি জীবন কাটাইয়া আসিতেছেন। সংসার-জীবনে অনেক বাড়-বাঞ্বা সহিয়াছেন; কিছু কিছুতেই তাহাকে বিচলিত করিতে পারে না এবং আমরা তাহাকে কথনই বিষধ্ব দেখি নাই। সর্ব্বদাই তাহার হাসিন্ধ্র দেখিতে পাওয়া যায়।

তাঁহা । সংশার-জাবন সেরপ হ্রের নহে। কারণ একমাত্র পূত্র আকালে কাঁদাইরা চলিয়া সিয়াছে। একমাত্র কলা, দেও আবার দৃষ্টি-শক্তিইনা। ভগবদ্রপায় তিনি বেরপ হৃত্তর প্রসন্ধ্রুরি, সেইরপ গুণবতী প্রমাহত্তরা ভার্যা লাভ করিয়াছেন। এইরপ না হইলে, সংসারজীবনে ঘাত-প্রতিধাত সহু করিয়া দাঁড়াইয়া থাকা অপবের পক্ষে একরপ অসম্ভব। তিনি সংসারী হইলেও ত্যাসী পুক্ষ। "তুঃখেলফুল্গ্নমনাং" ক্র্থাটী তাঁহার প্রতি ষ্থার্থ প্রযুক্ত হইতে পারে।

हैशत्रा अनग्रवमायो इहेरन व मजानन याहारक जाहारक व्यविहरत

শিষাভেণীভক্ত করেন না ংনিব্যক্তিগণের মধ্যে কেহ শিষাত্রগ্রহণে ইচ্ছা প্রকাশ করিলে ইচ্ছামাঞ্জকাংশ তাঁহাকে শিষা করিবার জন্য অন্যান্ত অফাদলের নামে ইনি বাত হল না ব্যান তথন ধনী শিষোর স্বারস্থ হইতে कालवारमस्य माः अभि दक्षरे आशीनरहरू। श्रवक्रमाञ्चविका आसी ভালবাদেন ন।। वन् विश्वाद भवशा खननान कविहा खार भवााना वर्क ক্রিতে স্তত প্রাল্মণ খাকেন। ইয়ার পিতৃশিষ্য কলিকাত। কলুটোলা-নিবাদী প্রসিদ্ধ ধনী ৬ বিহারীলাল পাইন ২৪ প্রগণার স্থবচর গ্রামে এক বৃহৎ নানা আক্রকাখালোভি: জন্মর মন্দির নির্মাণ করাইয়া গুল-দেবের ছারা ৮ রাধারে বিন্দ জিউর শ্রীবিগ্রহমূর্ত্তি প্রতিষ্ঠা করান এবং সেই মন্দিরের দেবদেবাদি প্রাবেক্ষণের ভার গুরুবংশের উপর অভি करत्म। (मकात्रण विस्थाय वृश्विक निष्त्रिक करत्म। (काम मगर्य विश्वाती বাব গুরুপুত্র সভ্যানন্দকে বৃত্তিব উল্লেখে পর্যাবেক্ষণ প্রতি কটাক্ষ করেন। ব্তিউল্লেখে কটাক্ষ করার অর্থক্তি স্বীকার করিয়া স্বীয় মধ্যাদারক্ষাকল্পে শিষ্যকে ভাগে করেন: ইহার এইরপ কার্যো অভাত ধনী শিষোর ভীকে চর্গাহল। কটেকে বংগর পরে বিহারীবাবুর অমুভাপ হওয়ায় তিনি নিজ অপরাধ ব্ঝিডে পারিয়া ক্ষমা ডিক্ষা করিলে সভ্যানন্দ উচ্চাকে ক্ষমা কবেন একেণ শেগস্বা গুরুর শিষ্য হওয়া সৌভাগ্যের ইহার চারত্রবদের একটি কথা না বলিয়া ক্ষাস্ত চইতে পারি না। ইনিও পিতার নাও ধাং। শাস্ত্যুক্তিদমত বলিয়া বুঝিতে পারেন ভাগ্য সম্পাদন কারতে গোকনিন্দা বা সমাজের ভয় করেন না। উৎ-পীড়িত ব্যক্তির পক্ষ অবসন্থনপুরক তাহাকে রক্ষা করিতে পশ্চাৎপদ **ट्रब** ना :

প্তিতপাবন নিতানিক প্রভুর বংশে জন্মগ্রহণ করিয়াছেন বলিয়া গোস্বামিপ্রভুরা নিজদিপকে প্তিত্পাবন বলিয়া মনে করেন এবং সেই ধারণার বশে বেখাকে দীক্ষা দান করিতে সঙ্কোচ বোধ করেন না।
"স্ত্রাচারী বাজিও ভগবন্তক ইইলে সাধুপদবাচ্য হন"—একথা সভ্য;
কিন্তু যে সকল পতিতা তাহাদের নিল্জি বৃত্তি চালাইতেছে, দীক্ষা গ্রহণাস্তে পেশা ত্যাগ করে না, তাহাদিগকে শিষ্যা করা যে কতদ্র সক্ত ভাহা বৃত্তিতে কি বিলম্ব হয়? কিন্তু বড়ই আক্ষেপের বিষয়, প্রভ্রাইহাদিগকে শিষ্যা করিয়া প্রভৃত অর্থ উপার্জন করেন। শিষ্যের ঐহিক ও পার্বিজক মঞ্চল কামনা যথন গুরুর কর্ত্তবা, তথন ঐ শিষ্যার মঞ্চল হউক, আশার্কাদ করিলে কোন ধনিসন্তানের সর্কানাশ না হইলে ত বেখার আধিক উন্নতি ঘটে না ও মঞ্চল হয় না। স্থানন্দ এরপ স্থা কাজ করেন না, এ কারণ আমরা ইহার একটাও বেখা শিষ্যা দেখিতে পাই না।

পূর্বেব বলিয়াছি, ইনি একজন পরম বৈষ্ণব। সদাচার রক্ষা করিয়া বাহারা রাগমার্গের ভজনে উন্নীত হইয়াছেন তাঁহারা ইঁহার আদরণীয় ও নমস্ত, কিন্তু বাঁহারা রাগান্ত্রগা ভজনের ভাগ করিয়া ভক্ত বালয়া পরিচিত হইতে প্রয়াসী তাঁহারা ইঁহার নিক্ট অতীব ঘুণ্য। এমন কি, বাঁহারা বৈষ্ণব আচার্ব্যের পদে প্রভিন্তিত থাকিয়া এইরপ লোকদিগকে প্রশ্রের দেন তাঁহাদিগের সন্ধ পর্যান্ত সভ্যানন্দের অবাহ্বনীয়। তাঁহার অভিমত এরপ হইলেও কাহারও সহিত্ কথন রু ব্যবহার করিয়াছেন বালয়া ভনা বায় না। তিনি অতীব অমায়িক এবং তাঁহার ব্যবহারে সকলেই সম্ভট।

বৈষ্ণবশাস্ত্রবিক্ষ এবং সদাচারবিক্ষ কোন মতেরই প্রশ্রে দিতে ইহাকে কখন দেখা যায় না। এমন কি শাস্ত্রবিক্ষ অয়োজিক বিষয়, যুজিপরম্পরায় লোকমনোহর প্রতীয়মান হইলেও এবং বছলোক তন্মতা-বলছী হইলেও তাহাতে ইনি কখনও যোগ দেন না, একারণ যদি তাহার. পরিচিত এমন বন্ধুরও অপ্রেয় ইইতে হয়, তাহাতেও সভাানন্দের আপত্তি নাই। আমরা বিশ্বস্তুত্তে অবগত আছি, ইনি "গৌরবিষ্ণুপ্রিয়া" যুগল-ভজনের ও পূজার পক্ষপাতী নন। গৌরাক্স দেব যখন একাধারে রাধাক্ষক্মূর্ত্তি "রাধাভবতাতি হ্বনিত: নৌম কৃষ্ণ স্বন্ধার,", "রসরাজ মহাভাব তুই একরপ" তখন রাধাক্ষক যুগল-ভজনের স্থায় গৌরবিষ্ণুপ্রিয়া ভজনের আবশুক্তা নাই, এরপ ভজন বৈষ্ণবশাস্ত্র ও মহাজনগণ-অভিপ্রেত নয়—ইহাই সত্যানন্দের অভিমত।

কাবরাজ গোন্ধামীর প্রীশীটেতভাচরিতামৃত গ্রন্থক প্রকৃত জ্ঞানের ভাণ্ডার বলিয়া বড়ই সমাদর করেন। ত্রধিগমা ভগবদ্তত্ব কিরপ স্থানর ও সহজভাবে শিখিত চইয়াছে, এই কথা বালয়া, ইচাকে শ্লাঘা করিতে জানিতে পাই। দার্শনিক প্রীজীবগোন্ধামীর নামে ইহাকে প্রাকৃতিত দেখিতে পাই। ইনি কীর্ত্তন শুনিতে ভালবাসিলেও রসকীশুন শুনিতে ইহার আগ্রহ দেখা যায় না। নরোত্তম ঠাকুরের প্রার্থনা কীর্ত্তন ইহার বড়ই প্রিয় এবং উচ্চ নামসংকার্ত্তনেরও পক্ষপাতী। রসকীর্ত্তন শুনিবার আমাদের অধিকার হয় নাই এবং আমরা উহার অধিকারী নহি, এই কথা বলিয়া থাকেন।

এইবার নিত্যানক প্রভূর উদ্ধতন বংশাবলী লিথিয়া এই প্রবন্ধ শেষ কবিব।


> শান্তিক্য গোত্ত কান্তকুজবাদী বামদেব কিতীশ

( রাজা আদিশুর কর্তৃক গৌড়ে আনীত )

```
(রাজা আদিশুর কর্ত্তক গৌতে আনীত)
( আদিশুর পত্র ভৃত্তরাস্থ্ ভট্টনারায়ণ ( ইগার যোলটা পত্র-
রাচে আগত এবং ইচার
                             ৷ যাল গাঁঞি বলিয়া পারচিত ৷
বংশধরগণ রাটী বলিয়া
পরিচিত)
                          वदाइ (वन्हाचां है गाँहें)
        वार्ड
                   গাউ
                              धौत्र
                                       হংস
                                                স্থভিক
        হাকুর
                                       হ্মবেশ্বর
                                                 ভগীরথ
                   গঙ্গাধর
                              জহ
                    शरना
                    শকুনি
      জাহুন
                  মহেশ্বর
                   (ইহার। উভয়ে বল্লাল-পুঞ্জিত কুলীন)
                 মহাদেব
        कुर्वा नी
                   তিকুবে
                              পুরাই
                 ( তিৰিক্ৰম অপর নাম )
```

```
বিষ্ণু (ইনি বলালসেন
                   কর্ত্ত পাতত )
                       (नजून
       সোম সিধু লখাই মিহির (বংশঞ্বলিয়া কুলীন
                                          সমাজে অনাদৃত)
  ৰিহির
  ভাস্কর
  স্ষ্টিধর
  মালাধ্র
  ৰুষকেতৃ
  চক্ৰকেতু
স্ক্রামন্ত্র কড়ি বাড়্রী ( কেহ কেহ সিন্দ্রামও বলেন )
   মুকুন্দ ( হাড় ) ওঝা---
```

নিত্যানন্দ ক্ষণানন্দ স্বানন্দ ব্ৰহ্মানন্দ বিশ্বদানন্দ বিশ্বদানন্দ



রামচন্দ্রের বংশধরেরা বটবাালশ্রেণীর বলিয়া পরিচয় দেন। গোপীজনবল্লভ ও রামক্ষের বংশধরেরা নোতা ও মালদহের গোস্থামী

বলিয়া বিখ্যাত এবং স্থন্দরামন্ন বাড়ুঁথীর ( বাড়ুঁগোর সন্ধান বন্দাদটী বলিয়া পরিচিত।

অবধৃত নিত্যানন্দ প্রভু কোন সাম্প্রদাহিক সন্নাস গ্রহণ করেন নাই, ভারতবর্ষের তীর্থসকল সন্ন্যাসীসহ পর্যাটন করিয়া, নবদ্বাপে আসিয়া গৌরাক্ষদেবের সহিত মিলিত হয়েন। পরে প্রীমন্মহাপ্রভুর উপদেশে কালনা-নিবাসী স্থাদাস সারখেলের বস্থা ও জাহ্মবী নামী হুই কল্পাকে বিবাহ করেন। নিত্যানন্দের সহিত কল্পার বিবাহ দেওলায় স্থাদাস প্রভিত্কে তাৎকালিক সমাজে উৎপীতিত হুইতে হুইয়াচিল।

কুলাচার্য্য (ঘটক) গণ তেজীয়ান নিড্যানন্দ প্রভুর বংশধর বীরভজের নামে বীরভজ্রী থাক ঘোষণা করেন। ফুলের মুখটী পার্বতীনাথ বীরভজের কন্থার পাণিগ্রহণ করিলে কুলীনের কুলরক্ষার্থে ঘটকের। ই হাদিগকে বংশক্ষ বাঁড়ুষ্যে হইতে বটব্যাল শুদ্ধ শ্রোক্রিয়ে পরিণভ করিয়াছেন। এই সময়ে দেবীশ্বর ব্রাহ্মণগণের কুলপ্রথার সংস্কার করিয়া

कुनौनशनरक ७७ रमरल वह करतन। वीत्र छत्त्रभुख त्रामहत्त्व रहवीवरत्रत সভায় উপস্থিত ছিলেন, অৱ চুই পুত্র এই সভায় যোগ না দেওয়ায় তাঁহারা উপেক্ষিত হন, সেকারণ তদ্বংশ্ধরগণ সিল্বা ( ফুল্বা ) মলের সন্তান বন্দাঘাটী গাঁই বলিয়া প্রিচ্য দিয়া আসিভেচেন। কিন্ত পড়দহবাসী পোস্বামিগণ ঘটকগণের নির্দ্ধেশমত বটবালে গাঁঞি শুদ্ধ শ্রোতিয় বলিয়া পরিচয় দিয়া থাকেন। ই হারা খডদহ, ফলে, বল্লভী ও मक्रानको এই চারিমেলের কুলীনগণ সহিত বিবাহ সম্বন্ধে আবদ্ধ। এই मकन कुनीन वीवज्जो थारकव कुनीन विनिधा मगरक পविष्ठि। किছ-काल शृद्धि अफ़्त्रवामी शाचामिश्र कुलीन शाद क्लानान खेल वार ছিলেন দেখা যাইত। এক্ষণে ইঁহারা কুলীন ও খোতিয়ে ক্যাদান করিতেছেন, এখানে সভ্যানন্দের একটা কথা না বলিরা থাকা যায় না। কয়কে বংসর পুরের ভাগবত ধর্মমগুলের মধ্য দিয়া এক প্রস্তাব করেন যে, মহাপ্রভুর পার্যদ্বর্গের মধ্যে অনেক রাচী, বারেন্দ্র ও বৈদিক শ্রেণীর ব্রাহ্মণ ছিলেন উচ্চাদের বংশধরের মধ্যে অনেকেই এখন বস্তুগান আছেন, সেই সকল বংশের পরিচয় যিনি সংগ্রহ করিয়া নিদ্ধিষ্ট কালমধ্যে লিখিতে পারিবেন, ভাগবতধর্মগুল হইতে তাঁহাকে ৫০০১ টাকা পুরস্কার দেওয়া যাইবে, কিন্তু তু:খের বিষয় বৈষ্ণৰ সম্প্রদায় হইতে কোন সাড়া পা ওয়া যায় নাই। তাঁহার উদ্দেশ্য বৈষ্ণব সম্প্রদায় মধ্যে আদান-প্রদান প্রচলিত হইলে অনেকের ক্ষোভের কারণ দূর হইবে। কারণ, আজন্ম বৈষ্ণবগ্যহে পালিত। নিরামিঘাশী কন্তা শাক্তগ্যহে গিয়া স্বামীর প্রসাদ-গ্রহণে অসমর্থা হইয়া থাকে: কোন একটা এইরূপ ক্যাকে স্বামীর জন্মাণসাদি রম্বন করায় ও স্বামীর প্রসাদ গ্রহণ করায় ব্যাধিগ্রন্থ হইয়া व्यकारन इंटनीमा मध्यत्र कतिए इंट्रेग्नाहिन। इति এक्कन निष्ठातान् বৈষ্ণব।

ইঁহার সম্বন্ধে আমরা অনেক কথা জানি, ভাঙা লিখিয়া এই প্রবন্ধের কলেবর আর বৃদ্ধি করিব না।

পিতৃত্তক সভ্যানন্দ প্রতিষ্ঠা-প্রয়াগী নন, নিজ কথা কিছুই বলিতে চান ন. তাঁহার সহয়ে লিখিবার অভিলাষ প্রকংশ কবিলে নিজ পিতার কথাই বর্ণনা করেন। কাজেই তাঁহার জীবনের অনেক ঘটনা জানিতে পারা গেল না। তাঁহার বন্ধুবাদ্ধকগণের নিকট হউতে যাহা পাভয়া গেল লিপিবছ করিলাম। তিনি একজন চরিত্রবান উদারহদ্য নিষ্ঠাবান বৈষ্ণব, তিহিবতে কোন সংশয় নাই।

## ব্রহ্মানন্দ ভারতী

কেশব ভারতী গৌরাক প্রভুকে সন্ন্যাসমন্ত্রে দাঁকা দিয়াছিলেন ব্রহ্মানক ভারতী তাঁহাব ধর্মভাই: গোবিন্দ নীলাচলে আগমন করিবার পরই ব্রহ্মানক প্রভুকে দর্শন করিছে আসেন। সমগ্র ভারতবর্ষে তিনি সাধু ও পণ্ডিত বলিয়া বিধাতে, তাঁহার যেমন বিরাট বপু, তেমনি অগতে পাণ্ডিতা। তাঁহার দোষের মধ্যে তিনি ঈশরের সাকারতে বিশাসবান নহেন, তিনি ঈশরের নিরাকার রূপের ধ্যান করেন। তিনি প্রভৃত্তে ইতিপুর্বে কথনও দেখেন নাই, চারিদিকে প্রভুর নাম শুনিয়া এইবার মাত্র তাঁহাকে দর্শন করিছে আসিয়াছেন। মুকুক্দ প্রভুর বারবক্ষা করিছেছেন, এমন সময়ে ব্রক্ষানক্ষর আসমান সংবাদ জানাইলেন। প্রভু বলিলেন, তিনি গুরু, তাঁহাকে কোথায় আমি দর্শন করিছে বাইব, তাহা না ইইয়া তিনিই আমাকে দর্শন করিছে আসিয়াছেন।" এই বলিয়া মহাপ্রভু শিষাগণ সমভিব্যাহারে নিজেই বারদেশে ব্রহ্মানক্ষ ভারতীকে অভ্যর্থনা করিতে চলিলেন। ভারতী দেখেন—

> "চতুদিকে ভক্তগণ মাঝে বিশ্বস্তর । ভারক বেষ্টিত মেন পূর্ণ শশধর । দূর হৈতে ব্রহ্মানন্দ প্রভৃকে দেখিয়া। কহিতে লাগিলা অতি বিশ্বয় পাইয়া।"

প্রভারতীর নিকট উপস্থিত হইয়াই দেখেন, ভারতী একখানি চর্মানিশিত বসন পরিধান করিয়া রহিয়াছেন। দেখিয়াই প্রভূ মনে মনে অভ্যস্ত অসম্ভষ্ট হইলেন। মুকুন্দকে তিনি প্রকাশ্রে বলিলেন, "কৈ তোমার ভারতী গোঁদাই কৈ ?" মুকুন্দ বলিলেন, "ঐ যে প্রভূ আপনার সমক্ষেই ভারতী গোঁদাই দাড়াইয়া রহিয়াছেন।" প্রভূ বলিলেন, "পুরী তুমি অজ্ঞান, যদি উনি ভারতী গোঁদাই হইবেন, তবে উহার দেহে চর্মাম্বর কেন ?"

মহাপ্রভুর কথা ভানিয়া ভারতী গোঁদাইয়ের মুধ ভুকাইয়া গেল: তিনি বড় আশা করিয়া প্রভুকে প্রণাম করিবায় জন্ম আসিয়াছিলেন, এক্ষণে মহাপ্রভুর কথা শুনিয়। তাঁহার সে আশা নিশাল হটল। তিনি মহাপ্রভুকে বলিলেন, "আমি একণে এই চর্মামর পরিত্যাগ করিতেছি।" দামোদর অমনি প্রভুর ইঞ্চিত পাইয়া একখানি বহির্বাস আনিয়া ভারতীকে দিলেন। ভারতী গোঁলাই সেই বহিবাস পরিধান করিলেন। প্রভুকে প্রণাম করিতেই প্রভু বলিলেন, "দেখুন ভারতী গোঁসাই, আপনি সঙ্গাংক আমার গুরু, স্বতরাং আমাকে প্রণাম করিয়া আর গুরুর কাছে আমাকে অবিন্ধী করিবেন না।" এই বলিয়া মহাপ্রভু শিষাগণের নিকট ভারতী গোঁসাইয়ের পরিচয় দিলেন। শিষাগণ একে একে ভারতী গোঁসাইকে প্রণাম করিলেন। অতঃপর সার্বভৌমের দিকে ফিরিয়া ভারতী গোঁ:সাই বাললেন, "দেখুন ভগবান চিরদিনই ভক্তের নিকট মন্তক অবনত করিয়া থাকেন, মহাপ্রভুও তেমনি আছ আমার নিকট মন্তক অবনত করিয়া নিক্ষের ভগবানত্ব প্রমাণিত করিয়াছেন। আজ আর ভগবানের নিরাকার রূপের ধ্যান করিবার প্রবৃত্তি নাই, আজ আমি দিব্যচকে সম্মুখে সাকাররূপে ভগবানকে দেখিতে পাইতেছি।" এতক্ষণ প্রভু ভারতীর অনেক কথা হাসিয়া উড়াইয়া

দিতেছিলেন, কিন্তু একণে ভাবের বসে এমন সমন্ত কথা বলিতে লাগিলেন যে, মহাপ্রভু আর তাহা হানিয়া উড়াইয়া দিতে পারিলেন না । তিনি নিশিমেষলোচনে ব্রহ্মানন্দের ভাবাবেশা পরিদর্শন করিছে লাগিলেন। মহাপ্রভুর একটি মহাগুল এই ছিল যে, লোকে তাঁহাকে ভগবান, শ্রীকৃষ্ণ প্রভৃতি কপে ব্যাখা করিলেও তিনি কিন্তু কথনও নিজেকে ভগবান বলিয়া প্রকটিত অথবা প্রচার কবিবার চেটা করিতেন না। মহাপ্রভু এ বিষয়ে আত্মভাব গোপন করিতে পারিতেন। তিনি কথনও কাহারও নিকট ধরা দিতেন না। তাই ব্রহ্মানন্দ যথন প্ন: প্ন: বলিতে লাগিলেন, "আজ আমার নিরাকার ভাব দ্রে গিয়াছে, আজ আমি সম্মুখে দাকাৎ শ্রীকৃষ্ণ দর্শন করিতেছি" তথন মহাপ্রভু বলিলেন, "দেখুন জীবের যথন ভগবানে অপরা ভক্তির উদয় হয়, তথন সে চারিদিকই কৃষ্ণময় দেখিবেন তাহাতে আর আশ্রেণ্য কি আছে ৮"

সার্বভৌম বলিলেন, "হা তা বটে ! কিন্তু ভক্তি থাকুক আর নাই থাকুক, ভগৰান শ্রীকৃষ্ণ বলি ছলাবেশে তাহার সম্মুখে উপস্থিত হন, তাহা হইলেও তাহার স্বদয়ে ভক্তির ভাব প্রকট হইয়া থাকে, সে চারিদিক রুক্ষময় দেখিয়া থাকে।"

সার্বভৌমের এই কথ। শুনিয়া প্রভু কর্ণে অন্তুলি দিয়া বলিলেন, "সার্বভৌম চুপ কর, চুপ কর, অভিমাত্তায় স্থাত আর নিন্দ। একই কথা, একথা স্কাদা মনে রাখিবে।"

ব্রহ্মানন্দ তবুও বলিতে লাগিলেন, "আন মহাপ্রভুকে দেখিয়া আমার মনপ্রাণ শ্রীক্কঞ্চে এরপ আকৃষ্ট হইয়াছে যে, আর আমার বিন্দুমাক্র সন্দেহ নাই যে, ভগবান শ্রক্ষ ও মহাপ্রভু শ্রীগোরাঙ্গ একই ব্যক্তি। শ্ৰীভগৰান যে স্থৰণ বৰ্ণ ধাৰণ কৰিয়ে৷ কলিতে জীব তৰাইতে অবভীৰ্ণ ভইবেন, ইহা শাস্ত্ৰে উ'লাগত আছে "

নহাপ্রভূভারভার মুধে এইরূপ প্রশংসাবাদ শুনিয়া আর কাল-বিলয়না করিয়া বরের মধ্যে চলিয়া গেলেন।

তদ্বধি ভারতী নালাচলে বাস করিতে গাগিলেন। মহাপ্রভ্ তাঁহার জন্ত একটি বাদা নির্দিষ্ট করিয়া দিলেন এবং পরিচ্ধ্যার জন্ত একজন ভূত্য দিলেন।

# ৺কুষ্ণদাস কবিরাজ গোসামী

যে ভক্তপ্রর কৃষ্ণাসের নয়বৎসরব্যাপী কঠোর সাধনার ফলে নগাপ্র প্রীটেভক্তদেবের পৃত্লীলাকাহিনী আছে বাঙ্গালার ঘরে ঘরে কাজিত হইতেছে, বাঁহার শ্রীটেভক্তচিরিভামুত বাঙ্গালার বৈষ্ণব সাহিত্যাকাশের মধামান ছ্যাভ, ভক্তিশিপাস্থাপ বাঁহার কুপা না হইলে আছে প্রীটৈভক্ত মহাপ্রভুর পবিত্র লীলা জানিবার স্থযোগ পাইতেন না, সেই ভক্তচ্ছামণি কবিবর কৃষ্ণাস কবিরাজের বিশাদ জাবনা জানিবার উপায় না পাকিলেও বভট্কু জানিতে পারা গিয়াছে, এন্থলে ভাহারই উল্লেখ করা হইল।

অনুমান ৫০০ খ্রীষ্টাব্দে কবিরাজ পোষামীর আবির্তার হয় বলিয়।
ক্মনেকের বিশাস। গোষামী মহাশয় বৈজ্ঞকুলস্ভূত এবং বর্জমান
জেলার কাটোয়। মহকুমার ঝামউপুর প্রামে তাঁহার জন্মছান ছিল।
তাঁহার পিতার নাম ভপারশ্ব কবিরাজ এবং মাতার নাম স্থনন্দাদেবা।
স্থানন্দাদেবী নামেও জনন্দা এবং কার্য্যেও স্থানন্দা ছিলেন।
কবিরাজ মহাশ্যের জামলাস নামে একটি কনিষ্ঠ জাতাও ছিল।
তাঁহার পিতা জাতিগত কবিরাজা ব্যবসায় করিতেন বটে, কিছ এই
ব্যবসায়ে তাদৃশ অর্থাগম না হওগায় ভিনি পুরুষ্যকে লইয়া অতি কটে
সংসার-যাজা নির্বাহ করিতেন।

কবিরাজ পোঝামার বয়: ক্রম মাজ ধখন ছয় বংসর, তখন তাঁহার পিতৃদেব অর্গারোহণ করেন। তাহার কিছুদিন পরে তাঁহার জননী দেবীও অর্গারোহণ করেন। বাল্যে ছই জ্রাতা পিতৃমাতৃহীন হইয়া পিতৃষদার আশ্রেয়ে লালিত পালিত হন। বাল্যাবধি কবিরাজ পোঝামা

মহাশয়ের সমল্ল ছিল সংস্কৃতশাল্লে অগাধ বুৎপত্তি লাভ করা। তাঁহার ইচ্ছা ছিল যে, যদি তিনি সংস্কৃতশান্তে অগাধ বাংপত্তি লাভ করিতে পারেন, তাহা হইলে তিনি আয়ুব্বেদশাস্ত্র অধ্যয়ন করিয়া অর্থোপার্জ্জন করিবেন। কিন্ধ কয়েক জন নিষ্কাম, নিস্পৃহ, ভগবত্তত্বপিপাস্থ সাধু-সজ্জনের স্কলাভ হওয়ায় তিনি অবর্থের পরিবর্তে প্রমার্থের বিষয়ই চিন্তা করিতে প্রবন্ধ হইলেন। তিনি দিবারাত্র কেবল হরিনাম সংকীর্নেই অতিবাহিত করিতে লাগিলেন। অন্পর উত্তার বয়স যখন ২৩ বংসর হইল, তথন তাঁহার পিত্যদা অ্পারোহণ করিলেন, তাঁহার ক্রিষ্ঠ ভাতা পিত্রসার বিষয়-সম্পত্তির তত্তাবধান কবিতে লাগিলেন, আর তিনি নিজে মহাপ্রভ-প্রবৃত্তিত নামস্কীর্ত্তন লইয়া দিন-যামিনী অভিবাহিত করিতে লাগিলেন। এইভাবে ধর্মানুশালনের ধার। তিনি কুড়ি বংসর কাল কাটান। মহাপ্রভু-প্রবর্ত্তিত নামকীর্ত্তন যতই তিনি করিছে লাগিলেন, তত্ই তিনি সংসাবের মায়া-পাশ ছিল্ল করিয়া তাঁহার মত দেশে দেশে হারনাম কার্তন করিয়া বেড়াইবার জন্ম উৎস্থক হইলেন। তাঁহার মনে নিশিদিন কেবল ক্লফ-প্রেমানল জলিতে লাগিল। একদিন রাত্রিকালে তিনি শ্রীমন্নিত্যানন্দ মহাপ্রভুৱ প্রত্যাদেশ প্রাপ্ত তন এবং প্রদিন প্রাত:কালেই সংসারের মায়া-জাল ভিন্ন করিয়া. সংসার-মক্ষ ত্যাগ করিয়া বৃন্দাবনে গমন করেন। তথন বুন্দাবনে রপ, দনাতন, রঘনাথদাদ, জাব গোস্বামী, কবি কর্ণপুর, গোপাল ভট্ট ও অন্তান্ত বৈষ্ণব ভক্তগণ অবস্থান করিতেছিলেন। তথায় তিনি রঘুনাথ দাসের নিকট দীক্ষা গ্রহণ করেন এবং শ্রীচৈতভাদেবের শীলা-মাহাত্মাদি পাঠ ও শ্রবণ করিয়া একেবারে তাহাতেই তন্ময় হইয়া পড়েন। ক্রমে লীলাময় মহাপ্রভুর লীলা-কাহিনী গ্রন্থাকারে প্রচার করিবার মহতী বাসনা তাঁহার জন্মে উদ্রেক হয়। তিনি গোবিন্দ- লীলামৃত, কৃষ্ণকর্ণামৃতের চীকা, ভাগবতশান্তগৃচরহস্য, অইছত ত্বের করচা, ত্বরূপ বর্ণন, বুন্দাবন ধ্যান, ছয় গোত্থামীর সংস্কৃত ত্বচক, চৌষট্টি দগুনির্ণয়, প্রেমরত্বাবলী, বৈষ্ণয়ন্তক, রাগমালা, জ্রীরূপ গোত্থামীর গ্রন্থের সংক্ষিপ্তসার, রাগময় করণ, পাষাও দলন, বুন্দাবন পরিক্রম, রাগরত্বাবলী, ভামানন্দ প্রকাশ, সারসংগ্রহ ও সর্বশেষে প্রিক্রম, রাগরত্বাবলী, ভামানন্দ প্রকাশ, সারসংগ্রহ ও সর্বশেষে প্রিক্রিয় তাহ প্রণয়ন করেন । যদিও বার্দ্ধকো উপনীত হইয়া তিনি এই গ্রন্থ প্রণয়ন করিয়াছিলেন, তথাপি চৈতভ্য-চরিতামৃতের রচনা তাঁহার যৌবনের রচনা অপেক্ষা কোন অংশে ন্যুন হয় নাই।

শ্রীপ্রীটেচতক্রচরিতামৃত ভক্তজনের চির আকাজ্যিত অতি স্থাধ্র গ্রন্থ। এই গ্রন্থই কৃষ্ণদাস করিরাজের খ্যাতি-স্তম্ভ। এই চরিতামৃত তিন থপ্তে সমাপ্ত। প্রথম ভাগে আদি লীলা, আদি লীলার সপ্তদশটি পরিছেদ আছে। এই স্থাদশ পরিছেদে শ্রীপ্রীগোরাক্ষের জন্ম হইতে চতুর্দ্দশ বৎসর বয়ংক্রমকাল পর্যান্ত সময়ের বর্ণনা আছে। দ্বিতীয় ভাগে মধ্যলীলা। এই মধ্য লীলায় পঞ্চবিংশতি পরিছেদ আছে। ইহাতে তাঁহার সন্ম্যাস-গ্রহণ হইতে পরবর্তী ছয় বৎসর কালের ইতিহাস বর্ণিত আছে। তৃতীয় ভাগে অন্ত্য লীলা; এই তৃতীয় ভাগ বিংশতি পরিছেদময়। ইহাতে তাঁহার জীবনের শেষ ঘটনাবলীর বিবহণ আছে। শ্রীপ্রটিচতক্রচরিতামৃতের সমগ্র শ্লোকের সংখ্যা ১২ হাজার ১টি মাত্র। এই চৈতক্রচরিতামৃতের সমগ্র শ্লোকের সংখ্যা ১২ হাজার ১টি মাত্র। এই চৈতক্রচরিতামৃতের সমগ্র শ্লোকের সংখ্যা ১২ হাজার হাছকার মহাপ্রভূর লীলা বর্ণন করিয়াছিলেন বটে, কিন্ত কোন গ্রন্থেই মহাপ্রভূর লীলার সবিতার বর্ণন নাই। এই অভাব দ্রীকরণার্থ কবিরাজ গোস্থামী মহাশয় স্থার্থ নয় বংসর কাল পরিশ্রম করিয়া বন্ধ গ্রেষণার পর এই গ্রন্থ প্রণয়ন করেন। এই গ্রন্থে সংস্কৃত, বুন্দাবনী, প্রাচীন বাঙ্গালা ও পার্শী---এই কয়েক ভাষারই স্মাবেশ ও সন্ধিবেশ আছে।

ক্বিরাজ গোস্বামী মহোদয় এ এই চৈত্রচরিতামত রচনা ক্রিয়া তাহার পাণ্ডলিপি শ্রীশ্রীছীব গোস্বামীর হস্তে প্রদানপুর্বক গ্রন্থপানি প্রকাশের জন্ম অমুমতি প্রাথনা করেন। খ্রীজাব গোস্বামী পাওলিপি পাঠ করিয়া ইহার ভাষার লালিতা, বর্ণনা-সৌন্দর্যা ও পাণ্ডিতা দর্শনে অতিমাত্র বিশ্বিত হন এবং মনে মনে ভাবেন যে, এই গ্রন্থ প্রকাশিত হইলে নিশ্চয়ই পূর্বে প্রকাশিত গ্রন্থসূতের মধ্যাদ। লোপ পাইবে। এই ভাবিষা তিনি পাণ্ডলিপিথানি নষ্ট করিতে চেষ্টা করেন। কিন্তু ভাগতে কৃতকার্য হন না। তৎপরে গ্রন্থানির পাণ্ডুলিপি গৌড়ে প্রেরিত হয়, পথিমধ্যে বাঁকুড়া বিষ্ণুপুরের রাজা ইহা লুঠন করেন। তৎপর তাঁহার নিকট হইতে উদ্ধার করিয়া গ্রন্থখানিকে বুন্দাবনে রাখা হয়। অভাপি অবিকৃত অবস্থায় গ্রন্থখানি বুন্দাবনে রক্ষিত হইয়া আসিতেছে। শ্রীশ্রীকবিরাজ গোস্বামীর প্রিয় শিষা মুকুন্দ দত্ত গ্রন্থথানির একটি নকল রাখিয়াছিলেন, অভাপি সেই নকল তাঁহার জন্মছান ঝামটপুরে বিভ্যান আজিও কবিরাজ গোস্বামীর জনায়ান ঝাম্টপুরে রহিয়াছে। ক্রীত্রীগোরালদেবের বিগ্রহের পূজা হইয়া থাকে।


# শ্রীশ্রীউদ্ধারণ ঠাকুর

ভগলী ভেলার ত্রিবেণীতীরস্ব সপ্তথ্যাম নামক নগরে বৈশ্যবংশে ব্রীকর দত্তের উর্বেস এবং ভ্রাবতী দেবার গতে শ্রীমদ্দ্র উদ্ধারণ ঠাকুর মংখাদ্য ১৪০০ শকে জন্মগ্রহণ করেন। তাঁহার পূর্বপূক্ষ ভ্রেশ বা ভবশরণ দত্ত অযোধাার রামগড়ে বাস করিতেন। তথা হইতে তাঁহার বংশধরগণ সপ্তথ্যামে আসেন। বাণিজ্যার্থ বঙ্গদেশে আসিয়া ভবেশ প্রথমে বিক্রমপুরে যান এবং মহারাজা আদিশ্রকে বহুমূল্য ধনরত্বসমূহ উপহার প্রদান করিয়া বসবাসের জন্য একটু স্থান প্রার্থনা করায় মহারাজা তাঁহাকে বন্ধপূত্রনদতীরবন্ধী স্বর্ণগ্রামে বাস করিতে বলেন। স্বর্ণগ্রাম তথন সভ্য সভ্যই "স্বর্ণগ্রাম" ছিল। এই স্বর্ণগ্রাম অযোধ্যানিবাসী রত্বব্রসাগ্থিপা কোটি কোটি টাকার রত্বের ব্যবসাগ্ধ করিতেন; এই জন্ম এই স্থানের নাম স্বর্ণগ্রাম রাধাহয়। রাজা আদিশ্র এই ব্যবসাগ্ধির্দ্দের সম্মানার্থ ইহাদিগকে "স্বর্ণবিণিক" উপাধিদিয়াছিলেন।

আদিশ্রের মৃত্যুর পর বল্লাল দেন স্বর্ণ বিশিকগণের উপর নানারপ অত্যাচার উৎপীড়ন আরম্ভ করায় বাস্থাণার স্বর্ণবিশিকগণ ভারতের নানা স্থানে চলিয়াধান।

মহারাজা লক্ষণ সেন পিতা বলাল দেনের মৃত্যুর পর ১১১৬ খ্রীষ্টাব্দে পিতৃ সিংহাসনে আরোহণ করেন। তিনি গৌড়ের নাম পরিবর্তন করিয়া ক্রীয় নামান্ত্সারে "লক্ষণাবতী" রাখেন। তিনি মিথিলা দেশকে গৌড়ের অস্তর্ভূকি করিয়াছিলেন। মিথিলার রাজপণ্ডিত কৃষ্ণ দত্ত মহাশয় ভবেশ দত্তের পুত্র ছিলেন। ইনি পরম বৈঞ্ব কবি ছিলেন।

তাঁহার মাতৃত্বস্র ছিলেন উমাপতি ধর। উমাপতি জাতিতে স্বর্ণ বণিক ও পরম বৈশ্বব ছিলেন। উমাপতি লক্ষ্ণ সেনের সভাপতিত কবি জয়দেবের প্রতিধালী ছিলেন। রুক্ত দত্ত অতি স্ক্কবি ছিলেন, মহারাজ লক্ষ্ণ সেন ইহাকে প্রাজ্যে আনিয়া স্বর্ণগ্রামে করেক বিছাল জমিদান করিয়াছিলেন। নিয়ে ই হার বংশতালিকা প্রদৃত্ত হইল:—



সপ্তথ্যামের দত্তেরা উদ্ধারণের নিজ বংশ। ই হার পিতা শ্রীকর দত্তের নিকট ইইতে গৌড়ের অধিপতি অর্থাদি ঝণ লইতেন। শ্রীকরের মৃত্যুর পর উদ্ধারণ পিতৃদেবের বিষয়-সম্পত্তি দেখিতেন। তাঁহার বাটীতে হিন্দুর পূঞ্চা-পাকাণ-সমূহ সমাধা হইত।

শ্রীমান্ উদ্ধারণ দক্ত হুদেন সাহের নিকট হইতে একটা জমিদারী ধরিদ করিয়া তাহার নাম "উদ্ধারণপুর" রাখিয়াছিলেন। কাটোয়ার সিমিকটে এই "উদ্ধারণপুর" আজিও বিদ্যমান রহিয়াছে। উদ্ধারণ পরম ভক্ত ছিলেন। দাতাকর্ণ গৌরী সেনের পূর্ব্বপুরুষ হলধর উদ্ধারণের নিকট কম্ম করিতেন। হলধরের ভগিনী স্থপ্রসাকে উদ্ধারণ বিবাহ করেন। শ্রীশ্রীমন্মহাপ্রভু নিত্যানন্দদেব উদ্ধারণের বাটাতে অবস্থান করিন

"সপ্তগ্রামের বণিকের সব ঘরে ঘরে। আপনি নিতাই চাদে কীর্ত্তন বিহরে।"

শ্রীমং উদ্ধারণ মহাপ্রভূ নিত্যানন্দের সহিত রাসেশ্বর শ্রীকৃষ্ণ এবং হলাদিনী রাধারাণীকে দেখিবার জন্য নবছীপে গিয়াছিলেন।

নিত্যানল মহাপ্রভুর বিবাহব্যাপারে উদ্ধারণ দত্ত অনেকপ্রকার
সাহায় করিয়াছিলেন। যথন নিত্যানল প্রভু জানিতে পারিলেন যে,
পূর্ববিতারে তাঁহার দেই প্রেমময়ী পতিপ্রাণা সহধর্ষণী রেবতী দেবীর
অংশস্করপা "বস্তধ্য" অস্বিকনগর নিবাসী প্রীযুত স্ব্যাদাদ পণ্ডিতের
গৃহে অবতীণা হইয়াছেন, তথন নিত্যানল উদ্ধারণকে সজে লইয়া স্ব্যাদাের ভবনে গমন করিয়াছিলেন। প্রভু নিত্যানল উদ্ধারণকৈ স্ব্যাদাদ পণ্ডিতের বাড়ীতে পাঠাইয়া দিয়াছিলেন এবং উদ্ধারণই স্ব্যাদােদের
সাহত কথাবার্ত্তা বলিয়া, নিত্যানন্দের পরিচয় তাঁহাকে দিয়া বিবাহের
কথাবার্ত্তা বলিয়াছিলেন। কিন্তু স্ব্যাদাদ নিত্যানলকে বলিলেন—

শপণ্ডিত কহেন প্রভূ ইহা কৈছে হয়।
বর্ণস্কু গৃহাচারী আছে জাতি ভয় ॥
বদ্যপি সম্মাসীরূপে তুমি নারায়ণ।
তথাপিও বর্ণত্যাগী আমি হে আক্ষণ।
এত শুনি নিত্যানন্দ চলিল ফিরিয়া
লোক সব নিরীক্ষয়ে চমৎকৃত হঞা।

নিত্যানন্দ চলিয়া গেলেন, উদ্ধারণকৈ লইয়া ভাগীরখীতীরে বিশ্রাম করিতে লাগিলেন। এদিকে বস্থাও অপন্মাররোগে মৃত্যুম্থে পতিত হইলেন। তথন গৌরীদাস গিয়া গলাভীরে নিত্যানন্দকে ফিরিয়া আদিতে বলিলেন। ভক্তের ইচ্ছা পরিপুরণের জ্বনা নিত্যানন্দ স্থ্যাদাসের বাটীতে পুনরায় উপন্থিত হইলেন। স্থ্যাদাস তাহার নিকটক্ষমা প্রার্থনা করিলেন। প্রভু বস্থ্যার শ্ব্যাপার্থে গিয়া তাহার অবস্থা দেখিরা বলিলেন—

"এই কন্সা যদি মু'ঞ জীঞাইতে পারি। তবে তুমি কন্সা দিবে কহ সত্য করি। শুনিয়া পণ্ডিত কহে আর বন্ধুগণ। জীঞাইলে কন্সা দিব করিলাম পণ॥"

অতঃপর নিত্যানন্দের স্পর্শে বস্থা পুনজ্জীবন লাভ করিলেন।
বস্থার সহিত নিত্যানন্দের বিবাহ হইল। কুলাচার্য্যাণ নিত্যানন্দকে
তাঁহার পরিচয়াদি জিজ্ঞান। করিলে তিনি বলিলেন, আমার নাম
নিত্যানন্দ, পিতা হাড়াই পণ্ডিত, মাতার নাম পদ্মাবতী, জন্মস্থান রাড়
প্রেদেশস্থ একচাকা গ্রামে। আহারাদি সম্বন্ধে নিত্যানন্দ বলিলেন—

"প্রভুকহে কগন বা আমি পাক করি।
না পারিলে উদ্ধারণ রাধ্যে উত্রি।
এই মত পরিবর্ত্ত রূপে পাক হর্ম।
ভূমিয়া স্বার মনে লাগিলা বিশ্বয়।"

তথন কুলাচার্য্যগণ উদ্ধারণের পরিচয় জিজ্ঞাস। করিলে প্রভূ বলিলেন:—

"প্রভু কহে ত্রিবেণীতে বসতি উহার।
স্বর্ণ বণিক দেখি করিত স্বীকার॥
বৈশা কুলেতে জন্ম হয় সদাচারা।
এজনা উহার আন দ্বণা নাহি করি॥
সেই দিন হইতে নিত্য নিত্য মহোৎসব।
আসিয়া মিল্যে যত আত্ম বন্ধু সব॥
প্রভু আজ্ঞামতে দত্ত কর্মে রন্ধন।
নিত্য নিত্য শত শত ভ্রমে বাক্ষণ।"

শ্রীমদত্ত উদ্ধারণই ঠাকুব নিত্যানন্দকে যজ্ঞোপবীত ও বিবাহাদি দিবার প্রধান উল্লোগী হইয়াছিলেন।

উদ্ধারণ ঠাকুর আটচল্লিশ বংসর বয়:ক্রমকালে সংসারাশ্রম পরিত্যাগ করিয়া বৈরাগাত্রত অবলম্বনপূর্বক ছয় বংসরাবধি নীলাচলে অবস্থান করিয়াছিলেন। নীলাচল হইতে তিনি বৃন্দাবনধামে গমন করিয়া ১৪৬০ শকের অগ্রহায়ণ মাসে দেহত্যাগ করেন। ভীবনের প্রারম্ভ হইতে শেষ পর্যায় তিনি হরিনামেই কালাতিপাত করিয়াছিলেন। হুগলী ও কলিকাতায় আজিও ইহার বংশধর্গণ বাস করিতেছেন। উদ্ধারণের বাসভূমি শ্রীপাট সপ্তগ্রাম আজিও বৈষ্ণবর্গণের পক্ষে মহাতার্থক্তেত্র। এই তীর্ধে মহাপ্রভু শ্রীশ্রীগোরাদ্ধ- দেবের দাক্ষম ষড় হুজ মৃতি প্রতিষ্ঠিত আছে। উদ্ধারণ দত্ত ঠাকুর প্রতিদিন এই মৃতির পূজা করিতেন। আজিও স্থর্ণবিণিক্সমিতির চেষ্টায় এই মৃতির নিতাপুজা হইয়া থাকে। উদ্ধারণের বাসভূমি সপ্তয়াম একসময়ে বাঙ্গালার গৌরবন্ধল ছিল। গন্ধবণিক ও স্থ্বণ বিণিক্গণ সপ্তয়ামে বাস করিতেন, সপ্তয়াম ছাজ্মা তাঁহারা আর কোথাও ঘাইতেন না। শাস্ত্রে আছে, এখানে পূর্বের সপ্ত ঝিষ তপস্যা কারতেন। কলিকাতার অপর পারস্থ হাওড়া ষ্টেশন ইইতে ২৭ মাইল দ্রো অশ বিঘা ষ্টেশন প্রতিষ্ঠিত। এই ষ্টেশনের নিকটেই মৃল সপ্তয়াম অবন্ধিত ছিল। কেহ কেহ বলেন, সাতটি গ্রাম ধরিয়া সপ্তয়ামের নামকরণ করা ইইয়াছিল। সপ্তয়ামে প্রচৌন কীত্তির অনেক ধ্বংসাবশেষ এখনও ভাবুকের চক্ষে অস্থাবার প্রাবিত করায়।

শ্রীপাট সপ্তথাসম শ্রীমং উদ্ধারণ ঠাকুরের শ্রীমন্দিরোম্বান মধ্যে একটি স্পুর কুগু আছে। ইহাকে দেখিলে শ্রামকুগু বা রাধাকুগু অথবা মর্গের অমৃতকুগু বলিয়াই বোধ হয়। এই কুগুের তারবরী নিভ্তকুগ্রে নিত্যানন্দ মহাপ্রভু বাল্যভাবাবেশ উদ্ধারণকে লইয়া শুকোচুর পেলা করিতেন—কখনও সেই কুণ্ডে ঝাঁপ দিয়া জলকাড়া করিতেন চরণ হইতে মুপুর পসিয়া জলে পড়ে। তদবাধ কুগুটির নাম শ্রপুর কু-শহয়।

উদ্ধারণ দত্ত ঠাকুর দাদশ গোপালের মধ্যে অগ্রতম। শ্রীশ্রীমহাপ্রস্থু গৌরালদেবের পূর্বলীলার অথাৎ শ্রীকৃষ্ণলীলার সময়ে তিনি স্থাত্ত গোপ নামক গোপাল ছিলেন। এখন শ্রীকৃষ্ণ অবতারে উদ্ধারণ দত্ত নামে বৈষ্ণব জগতে দাদশ গোপালের মধ্যে একজন গোপাল হইয়া ছিলেন।

#### "হ্বাহর্যো ব্রজগোপে। দত্ত উদ্ধারণাখ্যক:।"

উদ্ধারণ দত্ত স্থান্ধে একটি কিম্বদন্ধী প্রচলিত আছে। একদিন এক শছাবিক্রেতা সরস্বতা নদী নিকট দিয়া শছা<sup>2</sup>বিক্রয় করিবার জন্য সপ্রথান বাইতেছিল। এমন সময়ে একটি প্রমাস্ক্রনী বালিকা আসিয়া তাহাকে বলিলেন, "আমাকে এক জোড়া ভাল শাঁধার'বালা দেও"। শাঁধারী ভাল এক জোড়া বালা তাঁহাকে দিয়া দাম চাহিলে, তিনি বলিলেন, "আমার পিতা উদ্ধারণের নিকট গিয়া তুমি ইহার দাম পাইবে।"

मां शाबी विजन, "जिनि यहि हाम ना तन, जता ?"

বালিকা বলিলেন, "তাঁহাকে বলিবে যে, পূর্ব্যব্রের পশ্চিমে কুলিফার
পাচটি স্বর্ণমূত্র। আছে, তাহা আমাকে ভোমার মেয়ে দিতে বলিয়াছেন। যদি তিনি তোমাকে দাম না দেন, তবে এইখানে আসিলেই
দাম পাইবে।"

শাখারী উদ্ধারণের বাটা ষাইয়া শাঁখার দাম চাহিতেই উদ্ধারণ বিস্মিত হইয়া বলিলেন, "আমার ত কোন মেয়ে নাই!" শাঁখারী বলিল," সে কি অমন ত্থে আলতায় মিশান রং, ভুবনমোহিনা প্রতিমা, আপনি তাঁহাকে মেয়ে বলিয়াই স্বীকার করিতে প্রস্তুত নন! তিনি বলিয়া দিয়াছেন, পূর্ব্বব্রের পশ্চিম কুলুস্থেতে পাঁচটি স্বর্ণমূলা আছে, আমাকে তাহা আনিয়া দিন, আমি হাইচিত্তে ঘরে ক্ষিরিয়া ষাই।" উদ্ধারণ তাহাই করিলেন, যাইয়া দেখেন সভা সভাই কুলুস্থিতে পাঁচটি স্বর্ণমূলা রহিয়াছে। তিনি শাঁখারীকে সেই মূলা পাঁচটি দিয়া মেয়ে দেখিতে গেলেন, কিন্তু পাঁতি পাঁতি করিয়াও তাঁহার দর্শন পাইলেন না। তথান উদ্ধারণ হাহাকার করিতে লাগিলেন; ব্রিলেন, ইহা মহামায়ারই মায়া।

# ্রঘুনাথ দাস

বর্ত্তমান তিশে বিদ্যা হেশনের নিকট পূর্ব্বে সপ্তথ্যাম বলিয়া একটি প্রসিদ্ধ বন্দর ছিল। বাণিজ্য-ব্যবসায়ের জন্ম এই সপ্তথ্যাম তৎকালে অতি প্রসিদ্ধ ছিল। প্রায় চারি শত বৎসর পূর্ব্বে এখানে হিরণ্যক ও গোবর্দ্ধন দাস নামে তৃই জন ধনী বাস করিতেন। ই হারা তৃই ভাই গোড্রের অধিপতি সৈয়দ ছংসন সাহের কর সংগ্রহ করেয়া দিতেন। সপ্তথ্যাম অঞ্চল হইতে ই হারা মোট ২০ লক্ষ টাকা কর সংগ্রহ করিয়া দিয়া অবশিষ্ট আট লক্ষ টাকা নিজেরা গ্রহণ করিতেন। সৈয়দ ছুসেন শাহ ই হাদের সত্যানিষ্ঠা-দর্শনে পুলকিত হইয়া ই হাদিগকে "মজ্বনার" উপাধি প্রদান করিয়াছিলেন।

গোবর্দ্ধন দাসের একটি মাত্র পুত্র ছিল তাহার নাম রঘুনাথ।
হিরণ্যকের কোন সন্তানাদি ছিল না। পিতৃব্য হিরণ্যক অপুত্রক বিধায়
রঘুনাথকে পুত্রের স্থায় স্নেহ করিতেন। রঘুনাথের কোন প্রকার
অভাব-অভিযোগ ছিল না। কিন্তু ধনৈশর্ষ্যের মধ্যে সর্বাদা আকণ্ঠ
নিমজ্জিত থাকিলেও বাল্য কাল হইতে তাঁহার মন কেমন বিষয়-বিরাগী
হইয়া উঠিয়াছিল। পিতার যত্রে বঘুনাথ বাল্য বয়সেই সংস্কৃতশাস্ত্রে
সাতিশয় ব্যুৎপত্তি লাভ করিয়াছিলেন। সেই সময়ে ঠাকুর হরিদাস
হিরণ্যক ও গোবদ্ধন দাসের কুল-পুরোহিত বলরাম আচায়ের গৃহে বাস
করিতেছিলেন। রঘুনাথ বলয়ামের গৃহে শিক্ষার্থ গমন করিতেন,
সেইখানে হরিদাসের সহিত তাঁহার পরিচয় ও তাঁহার ভক্তিভাব-দর্শনে
তাঁহার দিকে রঘুনাথের মন আরুষ্ট হয়। রঘুনাথ দেখিলেন, সংসারে
অনিত্য বিষয়-স্থাপরিহার করিয়া হরিদাস ভক্তি-সরোব্যে সান করিয়া

পরম আনন্দে দিনাতিপাত করিতেছেন। রঘুনাথের প্রাণের জন্তীতেও বেন কোন্ অজ্ঞাত হক ঝকার দিয়া সন্ন্যাস-গ্রহণের জন্ম তাঁহাকে উৎসাহিত করিতেছে।

সেই সময়ে মহাপ্রভু এক্সিফটেডনা সম্ভাস গ্রহণ করিয়া শান্তিপুরে অহৈতের বাটাতে আসিয়াছেন। রঘুনাথ মহাপ্রভুর নাম শুনিয়াছিলেন, তাঁহাকে দর্শন করিবার জন্ম তাঁহার প্রাণ বড় ব্যাকুল হইয়া উঠিল। রঘুনাথ পিতার অভুমতি প্রার্থনা করিলেন, গোবর্দ্ধন দাদের প্রাণ কি আর সন্ন্যাসী দর্শনে পুত্রকে যাইতে দিতে চাহে? তিনি নিভান্ত অনিচ্ছাপুৰ্বকৈ কেবল পুত্ৰের মনে বাথা লাগিৰার ভয়ে তাঁহাকে শান্তিপুরে যাইতে অল্পমতি দিলেন। রত্মাথের জক্ত একখানি শিবিক: আসিল, নানা দ্রবাস্ভার তিনি মহাপ্রভকে নিবেদন করিবার জন্ত লইলেন, অভঃপর দারবান প্রভৃতি সঙ্গে লইয়া রঘুনাথ শান্তিপুরে উপস্থিত হইলেন। মহাপ্রভু গাঢ় আলিখনপাশে রঘুনাথকে আবস্ধ করিলেন: রন্থাথ মহাপ্রভুর নিকট স্থ্যাসাভাম অবলম্বন করিবার জন্ম ইচ্ছা প্রকাশ করিলেন। কিন্তু মহাপ্রভু তাঁহাকে অনাসক্তভাবে সংসারাশ্রম করিবার জন্ত উপদেশ প্রদান করিলেন। রঘুন্থে মহাপ্রভুর উপদেশ শিরোধায় করিয়া গুড়ে ফিরিয়া আসিলেন বটে, কিন্তু মনপ্রাণ তাঁহার বাঁধা থাকিল মহাপ্রভুর এচিরণে। পিঞ্চরাবদ্ধ বিহঙ্গম যেমন একবার উন্মক্ত বাতাদে উডিয়া বেডাইবার স্কুয়োগ পাইলে আর পিঞ্রে আবদ্ধ হইতে চাহে না, সন্ন্যাদের শৃভাস্বিধীন ধর্মজীবনের আমাদন পাইয়া রঘুনাথের মনপ্রাণও আর সংসাব-পিঞ্বরে আবদ্ধ থাকিতে চাহিল না। গোবর্দ্ধন্যাস পুত্রের এই প্রকার বিষয়-বৈরাগ্য-দর্শনে চিন্তিত হইলেন এবং রঘুনাধ তাঁহাদিগকে ফাঁকি দিয়া পলাইতে না পারে এঞ্চল্য পাঁচজন পাইককে সর্বাদ। তাঁচার উপর দৃষ্টি রাখিবার জন্ত

নিযুক্ত করিলেন। রঘুনাথের বাহ্নিক দেহ আজ পিতৃ-প্রাসাদে অবক্র এইল বটে, কিন্তু তাঁহার মন খাধীন রহিল।

রঘুনাথ শুনিতে পাইলৈন, মহাপ্রভু শান্তিপুর হইতে নীলাচলে চলিয়া গিয়াছেন। শুনিয়া তাঁহার বড় ইচ্ছা হইল নীলাচলে বাইতে। তিনি হযোগ পাইলেই নীলাচলের দিকে ছুটতেন, পাইকেরা তাঁহাকে ধরিয়া লইয়া আদিত। পাড়ার সকলে আদিয়া বলিল, রঘুনাথ পাগল হইয়াছে, উহাকে রজ্জু ছারা বাঁধিয়া রাখ। গোবর্জনদাস তাহাই করিলেন। কিন্তু ভাহাতেও রঘুনাথের পাগলামী কমিল না। তিনি বন্ধনাবভাতেও শুত্রীগোরাক্ষ" বলিরা অহনিশ চীংকার করিতেন—তুই গগু দিয়া অশ্বদারা বিগলিত হইত। রঘুনাথের এইরপ অদম্য ভগবং-পিপাদা-দর্শনে গোবর্জনদাস ভাবিলেন, হায়! অনিক্যন্ত্রকারী ভাগা এবং অনপ্র বিষয় বাখাকে বাঁধিয়া রাখিতে পারিল না, দামাল রজ্জু তাহাকেকিরপে বাঁধিয়া রাখিবে গু তিনি রঘুনাথের বন্ধন-রজ্জু খুলিয়া দিলেন। এই সময়ে মহাপ্রভুর আদেশে শ্রীমন্নিত্রানক্ষ প্রভু বৈক্ষবধর্ম প্রচার

তহ সময়ে মহাপ্রভুর আদেশে আমারভ্যানন্দ প্রভু বেক্ষবধ্য প্রচার
করিতে করিতে পাণিহাটি গ্রামে আদিয়াছিলেন। রঘুনাথ বন্ধনমুক্ত
হইয়াই পাণিহাটিতে নিত্যানন্দ মহাপ্রভুর সহিত সাক্ষাং করিলেন।
জহুরী জহুর চিনে। নিত্যানন্দ মহাপ্রভু রঘুনাথকে দেখিয়া একজন
অকপট ভক্ত বলিয়া চিনিতে পারিলেন। অতঃপর নিত্যানন্দের
আদেশে রঘুনাথ পাণিহাটিতে একটি দ্ধি-চিড়ার মহোৎস্ব দিলেন।

পাণিহাটি হইতে রঘুনাথ গৃহে ফিরিয়া গেলেন। আবার ঠাহার প্রতি সতর্ক দৃষ্টি রাখিবার জন্য প্রহরীর ব্যবস্থা হইল। তখন আর তিনি অফঃপুরে থাকেন না। পত্নীর সহিত তিনি রাজিতে বাক্যালাপ পর্যান্ত না করিয়া বহির্বাটীতে আসিয়া শুইয়া থাকিতেন। নালাচলে ঘাইবার জন্ম তাঁহার প্রাণ ছট্ফট্ করিতে লাগিল। একদিন প্রত্যুবে প্রহরিগণকে নিজিত দেখিয়া রঘুনাথ ধীরে ধীরে বাটী পরিত্যাগ করিয়া গেলেন। যে সময়ে রঘুনাথ নীলাচলে যাইতে ছিলেন, সেই সময়ে গৌড়ীয় বৈষ্ণবগণেরও মীলাচলে যাইবার কথা। রঘুনাথ দেখিলেন, তিনি রাজপথ ধরিয়া গেলে কাহারও না কাহারও নয়নগোচর হইবেন, এই ভাবিয়া তিনি বন জঙ্গলের পথ ধরিয়া নীলাচলাভিমুখে যাইতে লাগিলেন। রাজিতে এক গোয়ালার বাটীতে থাকিয়া রঘুনাথ পরদিন আবার নীলাচলাভিমুখে যাইতে লাগিলেন।

প্রভাতে উঠিয়া গোবর্দ্ধনাদ দেখিলেন, বঘুনাথ ঘরে নাই। তথন তাঁহার মনে হইল, রঘুনাথ নিক্ষই নীলাচলাভিম্থে যাত্রা করিয়াতে। তথন শিবানন্দ দেন গোড়ীয় বৈষ্ণবগণের অধিনায়ক হইয়া গোড়ীয় বৈষ্ণবগণের অধিনায়ক হইয়া গোড়ীয় বৈষ্ণবগণের অধিনায়ক হইয়া গোড়ীয় বৈষ্ণবগণের অধিনায়ক হইয়া গোড়ীয় বৈষ্ণবগণের অবিষান শিবানন্দের নামে একখানি চিঠি দিয়া দশজন লোক রঘুনাথের অব্সক্ষানে পাঠাইলেন। ঝাকরা নামক স্থানে শিবানন্দের সহিত গোবর্দ্ধনদাস-প্রেরিজ লোকদের সাক্ষাং হইল। শিবানন্দ পত্র পাঠ করিয়া বলিলেন, তাঁহাদের সহিত রঘুনাথ আসেন নাই, দ্তেরা নিরাশ হইয়া গৃহে ফিরিয়া আসিয়া গোবর্দ্ধনদাসকে এই সংবাদ দিল। গোবর্দ্ধন নাথায় হাজ্বাসিয়া পড়িলেন। তাঁহার বাটীর আবাল-বৃদ্ধ-বনিতা কাঁদিতে লাগিল। রঘুনাথের যুবতী স্ত্রা বক্ষে করাঘাত করিয়া কাঁদিতে লাগিলেন।

এদিকে রঘুনাথ ঝড়, বৃষ্টি, পথপ্রান্তি, বন, জ্বল কিছুতেই ক্রুফেপ না করিয়া উদ্ধানে নীলাচলাভিমুথে ছুটিতে লাগিলেন। বার দিনের দিন তিনি নীলাচলে উপস্থিত হইলেন। বলা বাছলা, এই দাদশ দিনের মধ্যে তিন দিন মাত্র তিনি অলাহার করিয়াছিলেন। বাকী কয়েক দিন তাঁছার একরূপ উপবাসেই কাটিয়াছিল।

পুরুষোত্তমে পৌছিয়া রঘুনাধ একেবারে মহাপ্রভূর নিকট উপস্থিত-

হইলেন। তথন মহাপ্রভু শ্বরূপ দামোদর, মুকুল দত্ত প্রভৃতি ভক্তগণের সহিত কথাবার্ত্তা বলিতেছিলেন। রঘুনাথকে দেখিয়াই মহাপ্রভু উঠিয়া তাহাকে আলিখন করিলৈন। মহাপ্রভু বলিলেন, "শ্রীক্ষেত্র রূপাই আজ তোমায় বিষয়-বিরাগা করিয়। তুলিয়াছে।" রঘুনাথ বলিলেন, "ঠাকুর আমি শ্রীকৃষ্ণ বৃঝি না, আপেনার দয়ায় আমি বিষয়ের আকর্ষণ ইইতে অবাাহতি লাভ করিয়াছি।"

অতঃপর মহাপ্রভু স্বরূপের হস্ত টানিয়া লইয়া রঘুনাথের হস্ত তাহাতে অপনি করিয়া বলিলেন, "আমি আজ ১ইতে রঘুনাথকে তোমার হস্তে অপনি করিলাম, তুমি ইহার যাহা কিছু সেবার ভার গ্রহণ কর।" স্বরূপ দামোদর নতুমস্তকে প্রভুর আজ্ঞা শিরোধার্য করিলেন।

রখুনাথ প্রতিদিন সমুদ্র-স্নানান্তে জগন্নাথদেবের সিংহছারে আসিয়া ভিক্ষার্থীর মত দাঁড়াইয়া থাকিতেন, যাত্রিগণ যেমন অন্যান্য ভিক্ষার্থীকৈ দেয়, সেইরূপ রঘুনাথকেও কিছু কিছু প্রদান করিত। ধনী বিলাসীর পুত্র রখুনাথ ইহাতে একটুও লজ্জিত হইতেন না। কিন্তু জন্মে যাত্রীরা তাঁহার পরিচয় পাইয়া ক্রমে তাঁহাকে নানাপ্রকাষ উপাদেয় ভোজ্য আনিয়া দিতে লাগিল। রঘুনাথ দেখিলেন, মহাবিপদ, উপাদেয় ভোজ্য থাইতে হইবে, এই আশ্বর্ধায় স্বরূপ দামোদরের বাটীর আহায়্য ছাড়িলাম, এখানে আসিয়াও দেই বিপদ। মহাপ্রভুর নিকট তত্ত্বথা শিখিতে গেলে তিনি বলিয়াছিলেন, "ক্থনও গ্রাম্য কথা ভানবে না, আর ভাল থাইবে নাও ভাল পরিবে না, নিজে অমানী হইয়া অপরকে মান দান করিবে এবং রাধা-ক্লফের যুগলমুর্জি ধ্যান করিবে।" কিন্তু দিংহছারে তাহার বিপরীত হইতে চলিল। রঘুনাথ অগত্যা সিংহছারে ভিক্ষাবৃত্তি পরিত্যাগ করিলেন।

এদিকে গৌড়ীয় বৈক্ষবগণ নীলাচলে পৌছিলেন, রঘুনাথের সহিত তাঁহাদের সকলের পরিচয়ও হইল। চারিমাস কাল তাঁহারা নীলাচলে অবস্থান করিয়া গৌড়লেশে ফিরিয়া আসিলেন। গোবর্জনদাস তথন শিবানন্দ সেনের নিকট চিঠি লিখিয়া জানিলেন যে, তাঁহার পুত্র রঘুনাথ পুরাঁধানে অতি কঠোর বৈরাগ্য সাংখন করিভেচে। পুত্রের অবস্থা শুনিয়া তৃংবে কপ্টে গোবর্জনের হৃদয় বিদীর্ণ হইবার উপক্রম হইল। যে গোবর্জনদাসের ছারে শত শত লোক প্রতিদিন অকাতরে অয়বস্ত্র পাইতেছে, সেই গোবর্জন দাসের পুত্র রঘুনাথ আজ এমমৃষ্টি অয়ের জন্ত শীতাতপের মধ্যে কত না কট পাইতেছে, এ চিস্তা যে তৃংস্থ হইতেও তৃংস্থ! কিন্তু কি করেন। পুত্র যে পথে গিয়াছে, সে পথ হইতে ও সে শীঘ্র ফিরিবে না, অগত্যা গোবন্ধনদাস পুত্রের আহার-বিহারের অন্ত চারিশত স্থবর্গ মুদ্রা রঘুনাথের নিকট পাঠাইয়া দিলেন।

রখুনাথ পিতার মনস্তাষ্টির জন্য মূজাগুলি গ্রহণ করিলেন। পিতৃ-প্রেরিত লোকেরা ফিরিয়া আদিশে রখুনাণট দেই মুজা দিয়। মাসে তৃই দিন করিয়া মহাপ্রভূকে ভিক্ষা দিবার অর্থাৎ আহার করাইবার ব্যবস্থা করিলেন। মহাপ্রভূ প্রতিমাধে তৃইদিন করিয়া রখুনাথের গৃহে ভিক্ষা গ্রহণ করিভেন। পরে রখুনাথ বিষধার অর্থে গৌরাঙ্গদেবের ভিক্ষা দেভ্যা দ্যীচান নহে বিবেচনা করিয়া তাঁহাকে আমন্ত্রণ করা বন্ধ করিয়া দেন।

এখন হইতে রঘুনাথ ছত্তে গিয়া ভিক্ষা করিতে আরম্ভ করিলেন।
মহাপ্রভু গ্র্নাথের ভক্তিভাব-দর্শনে তাঁহার প্রতি প্রীত হইয়া তাঁহাকে
গোবর্দ্ধনশিলা ও গুল্পমালা দান করেন। রঘুনাথ ছত্তে ভিক্ষা করিয়াও
সন্তুষ্ট হইতে পারিলেন না, কেন না ছত্তে লোকে তাঁহাকে ভাল চাউল,
ভাইল দেয়। তাই তিনি মন্দিরের চারি পার্থে পশারীরা যে সমস্ত পচা প্রসাদায় ফেলিয়া দিত, হুর্গদ্ধে যাহা গক্তেও প্রয়ন্ত থাইত না,
রঘুনাথ ভাহা লইয়া রাত্তিতে জলে ভাহা থোঁত করিয়া ভন্মধ্যে যেগুলি একটু শক্ত শক্ত থাকিত, তাহা খাইতেন। রঘুনাথ এইরপ খাদ্য খান, তাহা শুনিতে পাইয়া মহাপ্রভু একদিন রাজিকালে হঠাং রঘুনাথের কুটীরে উপস্থিত হইয়াং রঘুনাথের হাত হইতে প্রথম গ্রাদ কাড়িয়া লইয়া ভক্ষণ করেন। অতঃপর যখন দিতীয় গ্রাদ খাইতে যাইবেন, তখন স্বরূপ দামোদর মহাপ্রভুর হাত হইতে সে গ্রাদ কাড়িয়া লইয়া বলিলেন, "এরপ ক্ষম্য অন্ন আপানার থাইতে নাই।" মহাপ্রভু তাহা শুনিয়া বলিলেন, "আমি নিত্য নিত্য যে অন্ন খাই, তাহা হইতে ইহা শতগুণে উপাদেয়।"

রঘুনাথ এই ভাবে যোল বৎসরকাল নীলাচলে বাস করিয়াছিলেন।
মহাপ্রভু অস্তুহিত হইলে এবং তৎপরে স্বব্ধপ দেহ ত্যাগ করিলে রঘুনাথ
নীলাচল হইতে বৃহ্মাবনে চলিয়া যান। একদিন তিনি মহাপ্রভুর শোকে
গোবর্দ্ধন পর্বত হইতে লক্ষ্ক দিয়া পড়িবার স্কল্প করিয়াছিলেন,
ক্রপ-স্নাতন তাঁহাকে সে স্কল্পচাত করেন।

বৃদ্ধাবনে তিন সামান্ত "মাঠা" খাইয়া জীবন ধারণ ও কঠোর সাধনা করিতেন। কথনও আর জল গ্রহণ করিতেন না। ঠাকুব হরিদাসের ন্যায় তিনিও একলক বার হরিনাম জপ করিতেন। রখুনাথের কয়েকখানি অতি মূল্যবান সংস্কৃত গ্রন্থ আছে, বৃদ্ধাবনধায়ে অবস্থানের সময় তিনি ইহা রচনা করেন। প্রীশীটেতন্সচরিতামৃতকার কৃষ্ণদাস কবিরাজ ইহার মন্ত্রশিশ্য ভিলেন। ৮৫ বংসর ব্যুক্ত রুদ্ধাবনধামে দেহত্যাগ করেন।

## শ্ৰীজীব গোস্বামী

মহাপ্রভর প্রিয়তম শিষ্য রূপ-স্নাত্ন গোম্বামীর ক্রিষ্ঠ ভ্রাত্য বল্লভের পত্র একীব গোন্ধামী। জীব গোন্ধামী ভাষ, দর্শন, ব্যাকরণ প্রভৃতি নানাশান্তে স্থপণ্ডিত ছিলেন। জীব গোমামী শৈশবাবধি পিতব্য রূপ গোস্বামীর নিষ্ট থাকিতেন, তাহার ফলে ভক্তি-বীজ উাহার শৈশ্ব-হাদয়েই অঙ্কুরিত হইয়াছিল। বংশের একজন যদি সংপ্রাবলম্বী হয়, তদ্দুটে অক্ত সকলেও ধীরে ধীরে তাঁহার পথ অহুসরণ করে। হতরাং স্নাতনের পত্র জীব গোস্বামীও যে ভক্তিধনের অধিকারী হইবেন, তাহাতে আর সন্দেহ কি আছে? রূপ-সনাতন যথন বুন্দাবনে গিয়া বসবাস করেন, বল্লভও সেই সময় বুন্দাবনে গিয়া বসবাস করিয়াছিলেন। তথায় বল্লভের ঔরুদে শ্রীজীবের জন্ম হয়। শ্রীজীব ক্থনও দারপরিগ্রহ করেন নাই। জীব গোস্বামী তদানীস্কনকালে প্রসিদ্ধ পণ্ডিত বলিয়া খ্যাতি লাভ করিয়াছিলেন। রূপ-স্নাত্নের দেহত্যাগের পর জীয গোস্বামীই বুন্দাবনে বৈফব-সমাজের নায়ক হইয়া মহাপ্রভ শ্রীগৌরালের বৈষ্ণবধশ্ব প্রচার করিয়াছিলেন। শ্রীজীব গোস্বামীর "ষ্ট্রসন্দর্ভ" নামক পুত্তকথানি আজিও বৈষ্ণব সম্প্রদায় কর্তৃক সমানরের সহিত পঠিত হইয়া থাকে।

রপ-সনাতনও অসাধারণ পণ্ডিত ছিলেন। তাঁহাদের পাণ্ডিত্যের কথা শুনিয়া একদিন এক দিখিজ্মী পণ্ডিত তাঁহাদের সহিত বিচার বিতর্ক করিবার জন্ম আসিয়াছিলেন। রূপ-সনাতন পরম বিনয়ী ছিলেন, ভাই তিনি দিখিজয়ীর সহিত বিচার না করিয়। তাঁহাকে পরাজয়-পত্র লিখিয়া দেন। জীব গোস্বামী যে সময়ে যম্নায় স্বান করিতেছিলেন, রূপ-সনাতনের নিকট জ্যু-পতাকা পাইয়া দিখিজয়ী পণ্ডিত ভাবিলেন, যদি জীব গোস্বামীকে পরাজিত করিতে পারি, তবেই আমার দিখিজয় সার্থক হয়। ভানিয়াছি, জীব গোস্বামী নাকি আয়, দর্শন, ব্যাকরণ প্রভৃতি নানাশাস্ত্রে অগাধ পণ্ডিত। ইহা ভাবিয়া দিখিজয়ী সেই যম্নার তটে উপস্থিত হইয়াই হস্কার করিয়া জীব গোস্বামীকে বলিলেন, "তুমি যদি আমার সহিত বিচারে প্রবৃত্ত হইতে চাও, তবে হও, না হয় আমাকে পরাজয়-পত্র লিখিয়া দিয়া আপন মান রক্ষা কর।"

দিবিজয়ীর দান্তিকতা-পূর্ণ কথাগুলি জীব গোস্বামীর প্রাণে বড়ই লাগিল। তিনি ব্ঝিলেন, দান্তিক দিবিজয়ী রপ-সনাতনের বিনয় ব্ঝিয়াও ব্ঝিতে পারে নাই। তাই তিনি দিবিজয়ীর গর্ক ধর্কা করিবার জন্ম তাঁহার সহিত বিচারে প্রবৃত্ত হইলেন ও তাঁহাকে পরাভূত করিলেন।

শ্যম্নায় জীজীব পোসাঞি স্নান করে।
হস্তী অথ সহ দিখিজয়ী গিয়া তীরে ।
কহে রূপ-সনাতন বিচারের ডরে।
জয়পত্র লিখি দোঁহে দিলা যে আমারে ।
তুমিহ বিচার কর নহে দিখি দেহ।
গোসাঞি শুনিয়া কিছু হইল অসহ।
মনে মনে চিস্তে এই পণ্ডিতাভিমানী।
রূপ-সনাতনের মহিমা নাহি জানি ।
পরাভব হৈল বলি করিয়াছে গর্বা।
ভাহার উচিত আজি করিব যে শ্বর্ম।

ইহা ভাবি কহে তুমি রূপ-সনাতনে।
বিনে শাস্ত্র প্রসঙ্গেতে জিনিলে কেমনে।
সে বা হউ তাঁহা সবা সহিত বিচারে।
তুমি ত না হও যোগ্য তেঁই থাক দ্রে।
আাম তাঁহা সভার ক্সে শিষ্য অভিমানী।
মোরে পরাভব কর, তবে তোমা জানি।
এত কহি বিচার তাহার সনে কৈল।
দিখিজয়ী বিচারে হারি দেপ-বর্ষ হৈল।"—শীশীভক্তমাল।

দিখিজয়ী পরাজিত হইলেন বটে, কিন্তু রূপ এই সংবাদ শুনিয়া
বড়ই ব্যথিত হইলেন। তিনি তৎক্ষণাৎ জীবের নিকটে পিয়া
বলিলেন, "তুমি বৈষ্ণব হইয়া এইরূপ দান্তিকতার পরিচয় দিলে
কেন? তুমি কি জান না তৃণ হইতেও স্থনীচ হইয়া বৈষ্ণবের
থাকা উচিত? তুমি বৈষ্ণবের নীতি লভ্যন করিয়াছ, অতএব আমি
আর তোমার মুখদর্শন করিব না।" এই বলিয়া রূপ ব্যথিত-অস্তঃকরণে,
অভিমানভরে বম্নাতটে পিয়া আশ্রম গ্রহণ করিলেন, অয়জল ত্যাপ
করিলেন, শ্রীজীব পোত্থামীর জন্ম অশ্রুণ করিলেন, অয়জল ত্যাপ
করিলেন, শ্রীজীব পোত্থামীর জন্ম অশ্রুণ করিতে লাগিলেন।
এদিকে সনাতন লাতা রূপের এইরূপ কঠোর উপবাস দর্শনে যম্নাতটে
গিয়া রূপকে বলিলেন, "জীবের প্রতি কিরূপ ব্যবহার করা কর্তব্য ?"
উত্তবে রূপ বলিলেন, "জীবমাত্রকেই দয়া করা কর্তব্য ।" উত্তর শুনিয়া
সনাতন বলিলেন, তাহা হইলে জীবের প্রতি দয়া কর, উঠিয়া অয়জল
গ্রহণ কর।"

রূপ ব্ঝিতে পারিলেন, জীবের পক হইতেই সনাতন তাঁহার নিকট জীবের জন্ম ক্মাভিক্ষা করিতেছেন, তাই তিনি উঠিয়া অল্লজন গ্রহণ করিলেন।

"এ কথা ভনিয়া রূপ গোসাঞি কুপিয়া : জীব গোসাঞি কছে ভর্পন করিয়া। তুমি ত বৈরাগী হারি ব্রিত তেজি হৈলে : তবে কেন জিভিবারে আগ্রহ করিলে। সেই বাজি হারি জিত অভিমান ময়। ভাহার হৃদয়ে হয় জয়-পরাজয় । ত্মি কেনে পরাভব আপনি হইয়া। না দিলে ভাহার মান দীনতা করিয়া ৷ তেঁহ কহে কৈল মোর গুরুর নিন্দন। বিধি অনুসারে তার করিল শাসন। দ্বীব গোসাঞির কভু অভিমান নাই। তাহাও বুঝিয়াছেন শ্রীরূপ গোসাঞি। তথাপিত শাসন কর্য্যে ভঙ্গি করি। লোক শিখাবার হেতু তাহার উপরি। কহে আজি হৈতে তব না হেরিব মুধ। বজ্রতুল্য বাক্য শুনি কাঁপি গেল বুক। কাতর ২ইয়া বছ স্থতি নতি কৈলা। ষ্মপি গোসাঞি ভাহে প্রসন্ন হইল। । অম জল তেয়াগতে যমুনার তীরে। গোসাঞির পদ মাত্র ধেয়ান অন্তরে । পড়িয়া রহিলা তুনয়নে ধারা বহে। বিশীর্ণ হইল দেহ প্রাণমাত্র রহে ॥ কথোক দিবস ব্যাজে বিশেষ কথন। শুনিয়া খোদিত হৈলা শ্রীল স্নাতন ।

শ্রীরূপ নিকটে যাইয়া ধীরে ধীরে।
বাক্য ছল করি তাঁরে এক প্রশ্ন করে।
সদাচার যতেক তাহার মধ্যে প্রেষ্ঠ ।
কিবা স্থির করিয়াছ সকলের ইষ্ট ।
শ্রীরূপ কছেন প্রভু মোর বিবেচনে।
জীবে দয়া সর্বল্রেষ্ঠ শাস্ত্রেতে বাধানে।
গোসাঞি কছেন তবে কেনে নাহি হয়।
বাক্যের শ্লেষেতে তেঁহ ব্রিলা হলয়॥
"বে আজ্ঞা" বলিয়া জীব গোসাঞিরে ডাকি।
ভালিম্ন করি দিলে ছল ছল আঁবি।"

—শ্ৰীশীভক্তমাল।

রপ-সনাতনের দেহত্যাগের পর জীজীব গোসামীই বৈফ্বৰশ্বের খারক ও বাহক ছিলেন।

### শ্রীনিবাস আচার্য্য

শ্রীশ্রীমহাপ্রভুর ভক্তগণের মধ্যে শ্রীনিবাদ আচার্য্য অক্সভম: তাঁহার পিতা গদাধর ভট্টাচার্য্য বর্দ্ধমান জেলার চাকনী গ্রামে বাদ করিতেন। গদাধর অতি স্থপণ্ডিত ছিলেন, অনেক ছাত্র ভাঁহার চতু-শাঠীতে অধায়ন করিত। গদাধর মহাপ্রভুর দীলা-কাহিনী শ্রবণ করিয়া তাঁহার প্রতি আরুট হইয়াছিলেন এবং মহাপ্রভূকে দর্শন করিবার অক্সও অভ্যন্ত ব্যাকুল হইয়াছিলেন। কিন্তু তাঁহার ছাত্রগণ মহাপ্রভুকে বড় ভক্তির চক্ষে দেখিত না, কাচ্ছেই গদাধর নিজের ইচ্ছা সত্তেও এত দিন শ্রীগৌরাঙ্গ দর্শন করেন নাই। স্বব-শেষে শ্রীগৌরাক মহাপ্রভু ষধন কাটোয়ায় কেশব ভারতীর নিকট দীক্ষা-গ্রহণের জন্ম উপস্থিত হন, ক্ষৌরকার যথন কাঁদিতে কাঁদিতে মহাপ্রভুর চাচর চিকুর কেশ মুগুন করিয়া দেয়, তথন গলাধর কাটোয়ায় উপস্থিত হইয়া প্রথমে খ্রীগৌরাঙ্গ দর্শন করেন। অন্তান্ত ভক্তগণের স্থায় তিনিও মহাপ্রভুর সন্ন্যাসত্রত অবলম্বন দর্শনে কাদিয়া ষ্মাকুল হন। সন্ন্যাস-গ্রহণান্তর মহাপ্রভু কাটোয়া হইতে শান্তিপুরে पारमन এवर माखिशूरत माठा महीरमवीत निकर हहेरछ विमाय खहन করিয়া নীলাচলে চলিয়া যান। এদিকে গঙ্গাধর গুহে ফিরিয়া কেবল প্রীকৃষ্ণচৈততা নাম জপ করিতে থাকেন। তাঁহার সম্ভানাদি ছিল না, সম্ভানাদি হইবারও কোন লক্ষণ হয় নাই। তাই তিনি মহাপ্রভুর অহুগ্রহ-লাভাশায় সহধর্মিণী লক্ষীপ্রিয়াকে সকে লইয়া নীলাচলে যাইয়া মহাপ্রভুর পাদপদ্মে পড়েন। মহাপ্রভু অন্তর্যামী, তিনি গঙ্গাধর ও তদীয় পত্নীর আগমনের কারণ ব্ঝিতে পারিয়া গোবিন্দকে বলিলেন, "দেখ এই ভক্ত-দম্পতীকে বল, তাহারা যে উদ্দেশ্যে এখানে আসিয়াছে তাহাদের সে উদ্দেশ্য সিদ্ধ হইবে।" মহাপ্রভুর কথা শুনিয়া গদাধর ও তদীয় পত্নী স্বইচিত্তে স্বদেশে ফিরিয়া আসিলেন। অভঃপর শুভদিনে শুভক্ষণে লক্ষাপ্রিয়ার পর্তে একটি স্থানর স্ঠাম নয়নাভিরাম পুত্র-রত্ব প্রস্ত হইল। পিতা মাতা আদর করিয়া ভাহার নাম রাধিলেন শ্রীনিবাদ।

পিতা মাতার শিক্ষাদীক্ষার উপরই পুত্রের ভবিয়াৎ নির্ভর করে। পিতা মাতা যদি ভক্তিমান, পুণাবান ও ধার্মিক হন, তাহা হইলে জাঁহাদের সম্বান-সম্বতিতেও যে সেই গুণ বর্তিবে ইহা স্থানিশ্চিত। শ্রীনিবাস-জননী শিশুর আধ আধ কথা শুনিয়া তাহার নিকট ভগবৎ-বিষয়ক শ্লোকসমূহ বলিভেন। শিশু শ্রীনিবাসও আধ আধ খরে যথন সেই শ্লোকসমূহ আবৃত্তি করিত, তথন পিতা মাতার আর আনন্দের অৰ্ধি থাকিত না। কাল্ক্ৰমে শ্ৰীনিবাস যথন বালা দশায় উপনাত হুইলেন, তথন এই শ্রীচৈত্যুভক্তি তাঁহাতে দেদীপামান হুইয়া ফুটিয়া উঠিল। শ্রীনিবাদ বাল্যাবস্থাতেই জ্ঞানপিপাস হইয়া উঠিলেন। গঙ্গাধর শ্রীনিবাদকে চতুষ্পাষ্ঠীতে অধ্যয়নার্থ পাঠাইলেন। বালক শ্রীনিবাদ অল্পদিনের মধ্যে কাব্য, অলভার ও দর্শনে এত প্রগাঢ় ব্যুৎপত্তি লাভ করিলেন এবং এরপ প্রতিভার পরিচয় দিলেন যে, দেরপ প্রতিভা जनकरन त्कर कथन । भूर्ति (मर्थ नारे। अधु देशरे नर्द, अधायन-स्पृश्ति সঙ্গে সঙ্গে তাঁহার মনে ভক্তির ধারাও ফক্ক-প্রবাহে প্রবাহিত হইতে লাগিল। শ্রীনিবাস বেখানেই দেখেন শ্রীকৃষ্টেচতন্ত্র-কথা অথবা कौर्ञन इहेट उद्दूर, भाक काक किला महिशा प्रतिशा जिला जिला के पश्चिक इन। একদিন যাজিপ্রামে ঘাইতেছেন, এমন সময় শ্রীনিবাসের সহিত পধিমধ্যে কাটোয়া-নিবাসী ভক্তপ্রবর নরহরি সরকারের সাক্ষাৎ হইল।
নরহরি ইতিপূর্বেই শ্রীনিবাসের প্রতিভা ও অনক্সসাধারণ ভক্তির
কথা শ্রবণ করিয়াছিলেন, শ্রীনিবাসেও নরহরি ঠাকুরের ভক্তির কথা
শ্রবণ ছিলেন না। উভয়ে উভয়কে দর্শন করিবার জন্ম বিশেষ
ব্যাকুল ছিলেন। আজ ঘটনাচক্রে পথিমধ্যে উভয়ের সহিত সাক্ষাৎ
হইল। শ্রীনিবাস বিশেষ আকুলভাবে নরহরিকে শ্রীকৃষ্ণতৈতন্মপ্রসক্ত বিশেষ
বালতে একেবারে কাঁদিয়া আকুল হইলেন। নরহরির সেই ভর্গবৎ
ভক্তি—সেই তৈতন্মপ্রীতিদর্শনে শ্রীনিবাসের প্রাণে ভক্তির বন্ধা
শ্রমণ্ড উবেলিত হইল। তিনি নরহরির নিকট হইতে বিদায় গ্রহণ
করিয়া বাটীতে আসিয়াই পিতা গদাধর বা "তৈতন্মলাসের" নিকট
শ্রীচৈতন্মের মহিমা জিক্সাসা করিলেন।

পুত্রম্থে চৈতন্ত-কথা শ্রবণ করিয়। চৈতন্ত দাদের আনন্দের আর সীমা থাকিল না। নিশিদিন যে চৈতন্ত ছাড়া তিনি কিছু জানেন না, যে চৈতন্ত তাহার ধ্যান-জ্ঞান, সেই চৈতন্ত-কথা আজ তাঁহার পুত্র জিজ্ঞানা করিছে-ছেন, পিতার নিকট ইহা অপেক্ষা আনন্দের বিষয় আর কি আছে ? চৈতন্ত দাস বলিলেন, "বাবা! সে গোরার কথা আর কি বলিব ? সে গোরার অস্ত্র নাই, শত্র নাই, অথচ তিনি তুরু প্রেমদান করিয়া পাণী তাপী নারকীকে উদ্ধার করেন। দহ্য তাঁহাকে দর্শন করিয়া দহ্যতা পরিত্যাগ করে—ঘাতক তাঁহাকে দর্শন করিয়া শাণিত অল্ত্র পরিত্যাগ করে,—মাতাল তাঁহাকে দেখিয়া মত্তভাগু দ্বে নিক্ষেপ করিয়া সাধু হয়,—লক্ষপতি ধনী তাঁহার পদম্পার্শে ছিয়কন্তাধারী সয়্যাসীতে পরিশত হয়। বাবা! আমি সেই ভ্রনমোহন অপরপ্রপ

রূপ দেখিয়ছি, দেখিয়া সেই রূপদাগরে ডুবিয়াছি, বোধ হয় জীবনে তেমন রূপ আর দেখিব না।" বলিতে বলিতে রুদ্ধ হৈতক্সদাদ একেবারে ভাবাবেশে আইচতক্স হইয়া পড়িলেন, শ্রীনিবাদও পিতার অবস্থা দেখিয়া নিজে অজ্ঞান হইয়া পড়িলেন। পিতাপুত্র উভয়েই ভাবে বিভোর।

এইভাবে পিতাপুত্তের কিছুদিন চৈত্যপ্রসঙ্গে কাটিল। তার পর শ্রীনিবাদের পিতা চৈত্রদাস জ্বরোগে আক্রান্ত হইয়া স্বর্গারোহণ করিলেন। শ্রীনিবাস ম্থারীতি শান্ত্রীয় বিধানমতে পিতার পারলৌকিক ক্রিয়াদি সমাপ্ত করিলেন। মাতা লক্ষীপ্রিয়াকে তিনি নানা প্রবোধ-বাক্যে আখাস দিলেন। এই সময়ে অশুভের মধ্যেও একটা শুভ ঘটনার উৎপত্তি হইল। পিতার মৃত্যুর পর শ্রীনিবাদ মাতাকে সঙ্গে লইয়া মাতৃলালয়ে যাজিগ্রামে বলরামাচার্যোর বাটীতে উপস্থিত হইলেন। মাতামহের প্রভৃত সম্পত্তিও তিনি পাইলেন। কিন্তু পাইলে কি হয়? টাকা-কডি অর্থ বিত্ত সম্পদ উপভোগ ত তাঁহার জীবনের উদ্দেশ নহে। তিনি যে শৈশব হইতে শ্রীক্ষটেডজের অপুর্ব ভ্যাগময় জীবনের লীলা-কাহিনী শুনিয়া থাপন মন হইতে কামনা বাদনা প্রভৃতি দমন্ত ভশ্মীভূত করিয়াছেন। তাই মাতামহের অতুল সম্পত্তির উত্তরাধিকারী হইয়াও তিনি প্রাণে শাস্তি পাইলেন না। সোনার গৌরাঞ্কে দর্শন করিবার জনা তাঁহার প্রাণ সদাই অন্তির চইয়া উঠিতে লাগিল। একদিন, তুই দিন করিয়া কয়েক দিন গেল, অবশেষে গৌরাল-দর্শন-লালদা তাঁহার মনে এত তীব্রতর হইয়া উঠিল যে, তিনি আর ঘরে থাকিতে পারিলেন না। অচিরাং পুরুষোত্তম-অভিমুখে প্রস্থান করিলেন। ভক্তপ্রবর নরহরি সরকার বা "সরকার ঠাকুর" তাঁছার সঙ্গে একজন লোক দিলেন, শ্রীনিবাস সেই লোক সঙ্গে করিয়া পুরুষোত্তমে যাত্র। করিলেন।

পথিমধ্যে গিয়া তিনি শুনিতে পাইলেন যে, শ্রীগোরাঙ্গদের আবার নীলাচলে নাই, শত সহস্র ভক্তকে কাঁদাইয়া তিনি গদাধর-মন্দিরে অদুশু হুইয়াছেন।

বছদিন পরে পতি-সন্দর্শনে যাইতে যাইতে পথিমধ্যে যদি যুবতী স্ত্রী তাহার স্বামীর মৃত্যু-সংবাদ পায়, তাহার মনের ভিতর তথন যে ভাবের উদয় হয়, এীগৌরাঙ্গ মহাপ্রভু অদৃষ্ঠ হইয়াছেন ভুনিয়া এীনিবাদের মনেও ঠিক সেই ভাবের শোক উপস্থিত হইল। তাঁহার পা আর অগ্রসর হয় না, আর ভিনি চলিতে পারেন না, প্থিমধ্যে তিনি মুচ্ছিত হইয়া পাড়লেন। মৃচ্ছাভঙ্গে তিনি পুনরায় পুরুষোত্তমাভিমুথে যাইতে লাগিলেন। পথিমধ্যে যে কেই তাঁহার অঞ ও বিষাদপুর্ণ মুখ দেখিতে লাগিল, সেই তাঁহার জন্য বিলাপ করিতে লাগিল। কেহ বা বলিতে লাগিল, "না জানি এই স্থকোমল যুবকের বুকে কে শেল হানিয়া অন্তহিত হইয়াছে।" এইভাবে কাঁদিতে কাঁদিতে শ্রীনিবান পুরুষোত্তমে গিয়া গদাধরের আশ্রমে উপনীত হইলেন। গদাধর গৌরাঞ্চ বিচ্ছেদা-বধি তঃখে কালাভিপাত করিতেছেন। সমুদ্রের তীরে স্থন্দর আশ্রম আজ গৌরাল অভাবে যেন বিষাদের মক্ত্মিতে পরিণত হইয়াছে। श्रमाथरवत मृत्य ভाषा नाइ-नग्रत्न मीखि नाइ-भर्म ठनष्ट् जि नाइ। তিনি অহনিশ "গৌরাজ" "গৌরাজ" বলিয়া কাঁ'দতেছেন। এমন সময় শ্রীনিবাস গিয়া "গৌরাঙ্গ" "গৌরাঙ্গ" বলিয়া কাঁদিতে কাঁদিতে উপস্থিত হইলেন। গদাধর কাঁদিতে কাঁদিতে বলিলেন, "আহা ! কে আমায় এমন মধুর নাম শুনাইল রে !" এই বলিয়া গদাধর শ্রীনিবাসকে গাঢ় আলিজন-পাশে আবদ্ধ করিলেন। গদাধবের তাপিত দেহ সেই স্থখণীতল স্পর্শে স্থশীতল হইল। অতঃপর গদাধর একএন ভক্তকে সঙ্গে দিয়া বলিলেন. "এই ভক্তপ্রধানকে পুরুষোত্তমের যাবভীয় ভক্তবুন্দের নিকট লইয়া যাও।"

শ্রীনিবাস তাঁহার সহিত পুরুষোত্তমের যাবতীয় দ্রষ্টব্য স্থান দর্শনিক্ষিলন এবং সর্বভৌমাচার্য্য, রায় রামানন্দ প্রভৃতি যাবতীয় ভক্তের সহিত সাক্ষাথ করিয়া আদিলেন। অভংগর ইরিদাদের সমাধিষ্ঠনে উপস্থিত হইয়া শ্রীনিবাস সেই ভক্তপ্রবরের আহৈতুকী ভক্তিকথা প্রবণ্ণ করিয়া অবোরে কাঁদিতে লাগিলেন।

হরিদাসের সমাধিক্ষেত্র হইতে প্রত্যাগমন করিলে পর গদাধর **জ্ঞীনিবাসকে বলিলেন, "দেখ** তুমি রূপ-স্নাত্ন-বির্চিত ভাগ্বতশাস্ত পার্ম করিয়া গৌড়ে গিয়া বৈষ্ণবদ্দা প্রচার কর।" গদাধরের আজ্ঞা শিরোধার্য্য করিয়া শ্রীনিবাস গৌড়দেশাভিমুখে প্রস্থান করিলেন। এখানে আসিয়া প্রথমে শ্রীধণ্ডীতে নরহরি সরকার ঠাকুরের সহিত তিনি সাক্ষাৎ করিলেন এবং তাঁহাকে গদাধরের পত্রখানি দিয়া পুনরায় নীলাচলে যাতা করিলেন। পথিমধ্যে শুনিলেন, ইত্যবসরে গুল্ধির ঠাকুরেরও তিরোভাব হইয়াছে: তুখন তাঁহার হৃদয় ভাঙ্গিয়া গেল। তিনি আর নীলাচলে না গিয়া পুনরায় গৌডে প্রত্যাবর্ত্তন করিলেন এবং প্রীথণ্ডে সরকার ঠাকুরের সহিত সাক্ষাৎ করিতে যাইবার সময় পথিমধ্যে ভানিতে পাইলেন যে, অবৈভাচার্যা ও নিভ্যানন্দ মহা প্রভুও দেহভাগে করিয়াছেন। একে গ্লাধর নাই, ভারপর অধৈত ও নিত্যানন্দ ও নাই, এ সংবাদ ভক্ত শ্রীনিবাসের প্রাণে শেলের ন্যায় বিদ্ধ হইল। ভিনি কাঁদিতে কাঁদিতে মহাপ্রভুর লীলাক্ষেত্র নবছীপ-দর্শনে থাতা করিলেন। নবছীপ-দর্শনে তিনি ভাবিলেন, হায় । এই সেই ভাগাবতী নব্দীপ নগ্রী ৷ এইখানেই আমার ত্রিভাপহরণ সোনার গৌরান্স লীলা পরিগ্রহ করিয়া হরিনামামূত-দানে জগদাসীকে উদ্ধাব কবিয়া গিয়াছেন। হায়। কেন আমি আর কিছুদিন পূর্বে সংস্বাত্রাত্রম ত্যাগ করিলাম না, তাহা তইলে ত স্বচকে প্রভূব লীলা দর্শন করিয়াজীবনকে ধন্যও ক্লভার্থ করিতে পারিতাম ! আমি অতি অভাজন, তাই মহাপ্রভুর দয়া আমার উপর ববিত হইল নাং

নৰদ্বীপে গিয়া খ্রীনবাস প্রথমে বিষ্ণুপ্রিয়া দেবীর পাদপল্পে প্রণাম করেন। স্বামীর স্র্যাস-গ্রহণের পর হইতে বিফুপ্রিয়া দেবী কঠোর সংঘম ও ব্রহ্মচর্ষাব্রত অবলম্বন করিয়া অসুর্যাপার্যা ইইয়া কালাতিপাত করিতেছিলেন। বিষ্ণুপ্রিয়া দেবী দাদীদিগের খারা শ্রীনিবাসকে আশীর্বাদ জ্ঞাপন করেন এবং শ্রীনিবাসকে শান্তিপুর ও খডদহে যাইতে বলেন। শ্রীনিবাস মহাপ্রভুর বহির্বাটীতে কয়েকদিন অবস্থান করিয়া এবং মাতা বিষ্ণুপ্রিয়ার স্বহস্তে প্রস্তুত প্রদাদ গ্রহণ করিয়া শান্তিপুরে অহৈত-ভবনে গমন করেন। এখানেও সীতাদেবী ্তাহাকে মহাসমাদরে গ্রহণ করেন এবং স্বহস্তে নানাবিধ ভোজ্য প্রস্তুত করিয়া ঠাহাকে থাওয়াইয়া নিজে তৃপ্তিলাভ করেন। তথা হইতে শ্রীনিবাস শ্রীমন্নিত্যানন্দের লীলাভূমি থড়দহে গমন করেন। নিত্যানন্দ-পুত্র বীরভন্ত তাঁহাকে অতি সমাদরে আহার করান। তথায় কিয়দিবস অবস্থান করিয়া শ্রীনিবাদ খানাকুল ক্লফনগরে অভিরাম স্থামীর আশ্রমে গমন করেন। অভিরাম স্বামী ও তৎপত্নী মালিনী দেবী তাঁহাকে পরমাদরে গ্রহণ করিয়া কয়েক দিবস নানা ভোজাদানে তাঁহাকে পরিতৃপ্ত করেন। অভিরাম স্বামী তাঁহাকে বলিলেন, "তুমি শীঘ্র ্বন্দাবনে যাইয়া গোপাল ভটের নিকট দীক্ষা লইয়া গৌড়ে ফিরিয়া স্মাসিবে এবং ভক্তিধ<sup>্</sup>ব প্রচার করিবে।"

শ্রীনিবাস তাঁহার আজ্ঞা শিরোধার্য্য করিয়া বুন্দাবনে প্রস্থান করিলেন। বুন্দাবনে বাইবার সময় ভিনি মাতার অন্থমতি লইয়া গোলেন। বুন্দাবনের পথে তিনি প্রথমে নিত্যানন্দ মহাপ্রভুর জন্মস্থান একচক্রো, তার পর গয়া, তৎপর প্রয়াগ ও অ্যোধ্যা হইয়া বুন্দাবনে

উপস্থিত হইলেন। পথিমধ্যে তিনি শুনিতে পাইলেন, রঘুনাথদাস ও রূপ পোস্বামীও পরলোক গমন করিয়াছেন। তিনি বুলাবনে শুশ্রীজীব গোস্বামীর আশ্রমে উপনীত হইলেন। জীব গোস্বামী তাঁহাকে ভক্ত-প্রবর গোপাল ভট্টের নিকট লইয়া গেলেন। গোপাল ভট্ট তাঁহার হন্তে একখানি লিপি দিয়া বলিলেন, "এই লিপি শ্রীকৃষ্ণতৈতক্ত তোমার সম্বন্ধোলখিয়া রাখিয়া গিয়াছেন।" মহাপ্রভুর স্বহন্ত-লিখিত প্রদর্শনে শ্রীনিবাস একেবারে সংজ্ঞাহীন অবস্থায় ভূতলে পতিত হইলেন। আনকক্ষণ পরে তাঁহার সংজ্ঞালাভ হইলে শ্রীনিবাস দীকা লইলেন। লইয়া গেলেন। পরদিন গোপাল ভট্টের নিকট শ্রীনিবাস দীকা লইলেন।

অতঃপর শ্রীনিবাসকে জীব গোস্বামী স্বর্গতিত ও রূপ-স্নাত্ন-র্গিত নানা ভক্তিগ্রন্থ পাঠ করাইতে লাগিলেন। প্রীনিবাদ যথন ভক্তিগ্রন্থে অসাধারণ ব্যুৎপত্তি লাভ করিলেন, তথন এীশ্রীজীব গোস্বামী তাঁগাকে বলিলেন, "এইবার তুমি গৌড়দেশে গিয়া বৈষ্ণবধর্ম প্রচার কর।" বুন্দাবনের অন্তান্ত বৈষ্ণবাচার্য্যগণ্ড এজীবের এ প্রস্থাব সমর্থন করিলেন। অতঃপর নরোত্তম ও খ্রামানন্দকে গলে লইয়া গুরুচরণে প্রণাম করিয়া শ্রীনিবাস গৌড়াভিমুখে প্রস্থান করিলেন। একটা সিলুকে পুরিয়া বহু মূল্যবান গ্রন্থমূহ একখানি গো-শকটে চাপান হইল, দশজন সশস্ত্র প্রহরী সেই গো-শকটের সঙ্গে সঙ্গে আসিতে লাগিল। কিন্তু পথিমধ্যে একটা মহা তুর্ঘটনা ঘটল। তুর্ঘটনাটি এই—দেই সময়ে বাঁকুড়া জেলার বনবিফুপুরে বীর হাম্বির নামে এক পরাক্রান্ত রাজা ছিলেন। বীর হাহিরকে দ্যাদলের স্লার বলিলেও অত্যাক্ত হয় না। নিরীহ পথিকের সর্বান্ধ লুট করিতে বীর হাম্বিরের অত্ন্তরেরা বিন্দুমাত্র বিধা বোধ করিত না, কাহারও ধনসম্পদ লইয়া বীর হাছিরের রাজ্য দিয়া নিরাপদে কোথাও যাইবার উপায় ছিল না।

পুস্তকের পেট্রা বা সিন্দুক লইয়া ২থন গো-শকট বাঁকুড়া জেলাম উপনীত হইল, তথন বার হাছিরের অন্তরের। সেই সিন্দুকে বহু ধনরত্ব আছে, এই আশে। করিয়া তাহা বার হাছিরের নিকট লইয়া গেল। খ্রীনিবাস এই ঘটনায় অত্যন্ত মগ্মাহত হইয়া সেই দশজন প্রহরীকে বৃন্দাবনে খ্রীজীব গোন্ধামীর নিকট সেই সংবাদ দিবার জন্য পাঠাইলেন, আর শ্রামানন্দ ও নরোত্তমকে গৃহে ফিরিতে বলিয়া একাকী উদাসভাবে বাঁকুড়া জেলায় বনবিষ্ণুপুরের পথে পথে ঘ্রিয়া বেড়াইতে লাগিলেন। তিনি প্রহরীদিগকে ও নরোত্তমকে থলিলেন, শ্রিদ পুস্তকগুলি অবিকৃতভাবে উদ্ধার নাহয়, তাহা হইলে তিনি আর লোকালয়ে মুধ দেধাইবেন না। এই বনেই জনাহারে প্রাণ ত্যাগ করিবেন।

এইভাবে ছিল্ল ও মলিন বসন পরিধান করিল। শ্রীনিবাস বন বিষ্ণুপুরের বনে বনে ঘূরিয়া বেড়ান। ক্থিপিপাসায় তাঁহার দেহ ক্ষাণ হইতে ক্ষাণতর হইয়াছে। তাঁহার শাতাতপ, কি আহার-নিজা, কোন দিকেই ল্রাক্ষেপ নাই। কেবল কি উপায়ে দক্ষ্যরাজের কবল হইতে প্রাণাপেক্ষা প্রিয়তম পুস্তকগুলি উদ্ধার করিবেন, ইহাই তাঁহার একমাত্র কামনা। কভকদিন এই ভাবে গেল। অবশেষে রুষ্ণুলাস নামে এক ব্রাহ্মণকুমারের সহিত তাঁহার পরিচয় হইল। ক্ষুণ্ণাস নামে এক ব্যাহ্মণার কাহিনী শ্রবণ করিয়া তাঁহাকে রাজ্মভায় লইয়া গেলেন। রাজ্মভায় তখন একজন ব্রাহ্মণ করেকদিন হইতে ধারাহাহিকভাবে ভাগবত পাঠ করিতেছিলেন। শ্রীনিবাস মলিনবসনে দীনহানের ন্যায় এক পার্যে গিয়া বসিলেন। ব্রাহ্মণ ভাগবতের শ্লোক ব্যাখ্যা করেছেহেন। কিন্তু ব্যাখ্যা করিলে কি হয় পু ব্রাহ্মণের ব্যাখ্যা অসংখ্য ভুলভ্রান্তি। অন্যান্য শ্লোভারা উৎকর্ণ হইয়া ব্রাহ্মণের

ব্যাখ্যা শুনিতেছেন, শ্রীনিবাস কিছু আর চুপ করিয়া থাকিতে পারিলেন না। তিনি উঠিয়া আহ্মণের ভূল-ল্রান্তি দেখাইয়া ছিলেন। প্রাহ্মণ ত চটিয়াই অন্থিয়। প্রাহ্মণ একবারে রক্তচকু হইয়া বলিলেন, "তুমি কে হে, এইভাবে আমার ন্যায় পণ্ডিতের ভূল ধরিতে সাহস কর? বামন ইইয়া চাঁদে হাত।"

কৃষ্ণাস তথন বলিলেন; "আছে৷ ঠাকুর তুমি ইংার উপর
অত চটিতেছ কেন? তোমার ব্যাখ্যা ত শুনিলাম, এইবার ইংার
ব্যাখ্যা শুনিতে আপত্তি কি ? আশা কবি রাজা মহাশয় এই অতিথিকে
ব্যাখ্যা করিতে আদেশ দিবেন।"

কৃষ্ণদাদের কথায় বীর হাস্থির শ্রীনিবাসকে ভাগবতের শ্লোক ব্যাখ্যা করিবার জন্ম আদেশ দিলেন। তাঁহার আদেশে শ্রীনিবাস শ্লোকের ব্যাখ্যা করিতে লাগিলেন। সে ব্যাখ্যা শুনিয়া রাজার চক্ষ্ দিয়া দর-বিগলিত ধারায় অশ্রু নির্গত হইতে লাগিল। ভাগবত-পাঠক ব্রাহ্মণ গল-লগ্নীকৃত-বাদে শ্রীনিবাসের নিকট ক্ষমা ভিক্ষা করিলেন।

অতঃপর রাজা বারহাধির শ্রীনিবাদকে বনবিষ্ণুপুরে আদিবার কারণ জিজ্ঞানা করিলেন। শ্রীনিবাদ তপন দজলনমনে রাজদমীপে দফা কন্তৃক তাঁহার গ্রন্থরাজির "পেটিকা-লুঠনের দমন্ত কথা বিবৃত করিলেন। রাজা বীরহাধির শ্রীনিবাদের কথা শুনিয়া তৎক্ষণাৎ তাঁহাকে প্রকোঠের চাবি দিয়া বলিলেন, "পেটিকা বেরপ অবস্তায় আনা ইইয়াছিল, ঠিক সেইরপ অবস্থায় রহিয়াছে। আপনি উহা স্বচ্ছন্দে লইয়া যাইতে পারেন।" বছ দিনের পর প্রিয় দন্দর্শন হইলে প্রিয়ার যেরূপ আনন্দ হয়, লুক্তিত গ্রন্থসমূহ পাইয়া শ্রীনিবাদেরও তক্রপ হইল। তিনি পুন: পুন: সেই গ্রন্থরাজির সম্মুথে প্রণাম করিতে লাগিলেন। আনন্দাশ্রু ভাঁহার বক্ষঃম্বল ভাসাইয়া প্রবাহিত হইতে লাগিল। রাজা বীর হাদির অতঃপর শ্রীনিবাসের সেবার জন্ম যথারীতি ব্যবস্থাকরিয়া দিলেন। রাজা শ্রীনিবাসের নিকট ভাগবত-পাঠ শ্রবণ করিতে লাগিলেন। রাজা তাঁহাের মুখে ভাগবত-পাঠ শ্রবণ করিতে করিতে ভক্তিধারায় অভিদিঞ্চিত হইতে লাগিলেন। অতঃপর সেই রাজ-দম্পতী শ্রীনিবাসের নিকট দীক্ষা গ্রহণ করিলেন।

বনবিষ্ণপুর হইতে শ্রীনিবাস যাজিগ্রামে প্রত্যাগমন করিয়া জননী শন্মীপ্রিয়ার চরণে প্রণিপাত করেন। বছদিন পরে পুত্রমুখ নিরীক্ষণ कतिया जनमी नक्षी श्रियात श्राप्त (य विश्वन जनस्मत উদ्ध्यक इटेया हिन, একথা বলাই বাছলা। অতঃপর তিনি যাজিগ্রামে একটা চতুপাঠী প্রতিষ্ঠা করিয়া বসিলেন। বছ স্থান হইতে পাঠাথীগণ যাজিগ্রামে আসিয়া তাঁহার নিকট শিক্ষা লাভ করিতে লাগিল। স্থামানন্দ ও নরোত্তম আসিয়া এই সময় তাঁহার সহিত মিলিত হইলেন ় তিনি একদিকে ছাত্রগণের সহিত গভীর জ্ঞানের আলোচনায়, অন্তদিকে খ্যামানন এবং নরোত্তমের সহিত স্থমধুর কীর্ত্তনে দিনাতি পাত করিতে লাগিলেন। জ্ঞান ও ভক্তির সংমিশ্রণে তাঁহার বাটী সত্য সত্যই এক রমণীয় স্থান হইয়া উঠিল। অতঃপর কিছু দিন পরে জননী লক্ষ্মীপ্রিয়া স্বর্গারোহণ করিলেন। জীনিবাস ষ্থারীতি শাস্ত্রীয় বিধানাক্ষ্পারে মাতার পর-লৌকিক ক্রিয়াদি সম্পাদন করিয়া নরহরি সরকার বা "সরকার ঠাকুবে"র অফুরোধে পরিণয়-পাশে আবদ্ধ হইলেন। মধন তিনি দার পরিগ্রহ করেন, তাঁহার তাঁহার বয়স ৪০ বংসর। স্থাপে স্বচ্ছন্দে ধর্মামুষ্ঠানের ভিতর দিয়া তাঁহাদের সংসার-যাতা চলিতে লাগিল। কিছু পরিণয়-পাশে আবন্ধ হইলেও আবাল্য-পোষিত ভক্তিভাব তাঁহার মন হইতে ্রীভূত হইল না। কিছুদিন সংসারাশ্রমে থাকিবার পর তিনি বুন্দাবন-

ধামে গমন করিলেন। তথন তাহার দীক্ষাগুরু পোপাল ভট্ট দেহত্যাগ করিয়াছেন; কিন্তু ভক্তকু চূড়ামণি শুশ্রীজীব গোলামী জীবিত আছেন। তিনি শুশ্রীজীব গোলামীর নিকট কৈছুকদিন অবস্থান করিয়া শুক্তিশাস্ত্রের আলোচনা করিতে লাগিলেন। এবার জীব গোলামী তাঁহাকে আরও কয়েকখানি ভক্তিগ্রন্থ উপহার দিলেন। অতঃপর পবিত্র বুলাবনধামে কিছুকাল অবস্থান করিয়া শ্রীনিবাদ আচার্য্য গৌড় দেশাভিমুখে প্রস্থান করিলেন এবং যাজিপ্রামে উপন্থিত হইলেন। এবার আদিনের মধ্যে তিনি মহাপ্রভু-প্রবৃত্তিত বৈষ্ণবধর্মকে গৌড়ে দ্র্মীবিত করিয়া তুলিলেন। গৌড় স্মাজেও বৈষ্ণবর্গণ তাঁহাকে নেতার স্থায় শুক্তা করিতে লাগিল। অতঃপর স্থাপ্রিক রাম্চক্র কবিরাজ তাঁহার নিকট দীক্ষা গ্রহণ করিলেন।

শ্রীনিবাস পুনরায় দারপরিগ্রহ করিলেন বটে, কিন্তু সংসারে আনাসক্ত হইয়াই বাস করিতে লাগিলেন। বনবিষ্ণুপুরের রাজা তাঁহার বাটাতে আসিয়া সন্ত্রীক তাঁহার প্রসাদার ভক্ষণ করিলেন এবং বন-বিষ্ণুপুরে শ্রীনিবাসের জন্ম একটি অট্টালিকা নির্দ্ধাণ করিয়া দিলেন। শ্রীনিবাস তথায় থাকিয়া অনেক সমরে রাজাকে ভাগবত পাঠ করিয়া অনাইতেন।

অতঃপর বৃদ্ধ বন্ধদে জীনিবাস পুনরায় বৃন্ধাৰনে গমন করেন এবং তথায় নরলীলা শেষ করেন ।

## নরোত্তম দাস

কল-কল-নাদিনী স্বোত্ত্বিনী পদ্মানদীর তীরে খেতরি গ্রাম। এই গ্রাম রামপুর বোয়ালিয়ার অন্তর্ভুক্ত। প্রায় চারি শত বংসর পূর্ব্বে এই খেতরি গ্রামে রুঞ্চানন্দ দত্ত নামে এক কারস্থ রাজ। রাজত্ব করিতেন। উাহাদের উপাধি ছিল "মজুমদার"। রাজা রুঞ্চানন্দের ঔরসে এবং পত্নী নারায়ণার গর্কে সাধু নরোত্তমের জন্ম হয়। মহাপ্রভু প্রীপৌরাল ফান্ত্বণী পূর্ণিমা তিথিতে অন্মগ্রহণ করেন, আর নরোত্তম অনিয়াছিলেন মান্বী পূর্ণিমা তিথিতে অন্মগ্রহণ করেন, আর নরোত্তম অনিয়াছিলেন মান্বী পূর্ণিমা তিথিতে ! ইতিপূর্বের রাজার আর কোন পুত্রসন্তান অন্মগ্রহণ করে নাই। সেই ত্বংধে রাজ-পরিবারের সকলেই সাতিশয় ব্রিয়মান ছিলেন। কাজেই এই নকজাত কুমারের জন্মগ্রহণে রাজপ্রীতে আর আনন্দের সীমা রহিল না। রাজা ব্রাম্বণ পঞ্জিত হইতে বৈঞ্ব ও ভিধারীদিগকে পর্যাস্ত অকাতরে অন্ধ, বন্ধ ও প্রো দান করিলেন।

দেশিতে দেখিতে শুরুপক্ষের শশধরের ন্যায় নরোভ্রম মাতৃক্রোড় সংশোভিত করিয়া রৃদ্ধি পাইতে লাগিলেন। রাজা ক্রফানন্দ পুত্রের হাতেখড়ি দিয়া তাঁহাকে উপযুক্ত শিক্ষকের শিক্ষাধীন রাখিলেন। নরোভ্রম অতি অল্পনের মধ্যে ব্যাকরণ, সাহিত্য প্রভৃতি নানাবিষয়ে ব্যংপত্তি লাভ করিলেন। তাঁহার প্রভিত্তা-দর্শনে আবাল-বৃদ্ধ-বনিভা সকলে যুগপৎ বিশ্বিভ ও অভিত হইল। পুত্র বয়ংপ্রাপ্ত হইয়াছে দেখিয়া রাজা ক্রফানন্দ তাঁহাকে পরিণীত করিবার জন্য চারিদিকে ঘটক প্রেরণ করিতে লাগিলেন। যেখানে সর্বাক্রন্দরী, সর্বা স্থলক্ষণা-ক্রান্থা কন্যা পাওয়া যার, দেখানেই বেন নরোভ্রমের জন্য পাত্রী দেখা

ভয়, রাজা কৃষ্ণানন্দের এইরূপ আদেশ ছিল। ঘটকেরা রাজাদেশ শিরোধার্য্য করিয়া ইতন্ততঃ ঘুরিতে লাগিল। এদিকে নরোভ্রম পিতার উদ্দেশ্য ব্ঝিতে পারিয়া মনে মনে ভাবিতে লাগিলেন, আমার এই তুলভি মানবজনা কি কেবল কৃচ্ছ বিষয়-সভোগেই কাটিবৈ ? বে হরিনামে প্রাণ স্বশীতল হয়—বৈকুঠের ধার উন্মুক্ত হয়, একবার মুক্তপক্ষ বিহলমের ন্যায় কি সেই প্রাণারাম হরিনাম করিতে পারিব না ? আর কি ৰৈফৰ সাধকদের মত গৌরাক্সপ্রেমে ধুলায় গড়াগড়ি দিয়া এই অকিঞিৎকর মানবজীবনকে ধন্ত ও কতার্থ করিতে পারিব না ? ইতা-কার অনেক কথা ভাবিতে ভাবিতে বিষয়ের প্রতি নরোক্তমের জীব ঘুণা উপস্থিত হইল। কবে এই বিষয়-বন্ধন হইতে মুক্ত হইয়া ভিনি ছবাছ তুলিয়া বুন্দাবনে যাইতে পারিবেন, কেবল দেই স্থােগ খ্রিজতে লাগিলেন। মালুষের স্থপ কাহার মনের অভিব্যক্তি। কোন মালুষের ভিতর কি ভাবের থেলা খেলিতেছে, তাহা তাহার মধের প্রতিচ্চবি দেখিলেই স্পষ্ট প্রভায়মান হয়। কাম. ক্রোধ. লোভ, হিংসা, মদ, মাৎ-স্থা এক একটি ভাবে লোকের মনের ভাব এক এক রকম হয়। নবো-ভ্রম যে বিষয়-বাসন। পরিত্যাগ করিয়া বুন্দাবনে যাইতে সকল করিয়াছেন এবং বিবাহ করিবেন না বলিয়া প্রতিক্ষা করিয়াছেন, তাহা ব্রিতে রাজা ক্রফানন্দের অধিক বিলম্ব হইল না। তিনি নরোত্তমের উপর কঠোত প্রহরা রাখিবার জন্ম হৃদক প্রহরীদিগকে নিযুক্ত করিলেন। নরোভ্রম আৰু রাজপুত হইয়াও নিজের ঘরে নিজে বন্দী হইলেন। কিছু লৌহ-কারাগারে রাথিয়। লোকের দৈহিক স্বাধীনত। হরণ করা যাইতে পারে. मनाक ज कथन अ ज्योन कता शाय ना। नात्राखामत मन-প्रांग ममछ हे সেই নবছীপচন্দ্র শ্রীগোরাকের চরণে পড়িয়া রহিল। আমরা বে সম-্যের কথা বলিতেছি, সে সময়ে মহাপ্রভু লীলা সাম্ব করিয়া তিরোহিত

इहेशाह्न-श्विमान, अन, ननाजन ७ त्रधनाथ हैशावा अवक একে অন্তহিত হইয়াছেন : নরোত্তম যথনই ইহাদের কথা ভাবিতেন, তখনই তাঁহার প্রাণ ফাটিয়া ঘাইত, তিনি ইহাদিগকে যে স্কাক্ষে দেখিতে পায়েন নাই,এই তঃপের জালায় ভািন নিশিদিন জ্বালয়া পুড়িয়া মরিভেন। ष्परामरह जिनि य कान जार इंडिक वृक्तावरन अलाहेश हाहेरवन, সকল্প করিলেন। মালুয়ের মনে যদি ভীবভাবে কোন সংকার্য্যে সকল্পের উল্লেক ২য়, তাথা হইলে পুথিবীতে এমন কোনু শক্তি আছে যে তাহা, প্রতিহত করিতে পারে ? কাজেই রাজা ক্ষণানন্দ ষ্টেই চেষ্টা ক্রুন. নরোভমকে তিনি গুহে রাখিতে পারিলেন না ৷ নরোভম একদিন বুনাবনে পলাইয়া গেলেন। নরোত্তম চলিয়া গেলে রাজা কুঞানন পুত্রের বিরহে বছ বিলাপ করিলেন, মাতা নারাঘণীও নক" "নক" विश्वा कम्पन क्रियान। ठाँशास्त्र कम्पन वरन्त्र भ्रष्टभूकी श्र्याख्य কাঁদিতে লাগিল। যোল বংসরের পুত্র নরোত্তম কি প্রকারে তুর্গম পথ অতিক্রম করিরা অনাহারে, অনিস্তায় থাকিয়া বুন্দাবনে উপন্থিত হইবেন. এই চিক্তার নরোত্তমের পিতা মাতা আহার-নিত্রা ত্যাগ করিলেন। এদিকে তুর্গম পথ দিয়া যাইতে যাইতে নরোজমের পুদত্র ক্ষত বিক্ষত হইল। তিনি অতি কটে বারাণদীধামে উপস্থিত হইলেন। এই বারাণদীধামে চক্রশেখরের বাটাতে অবধান করিয়া শ্রীশ্রীমহাপ্রভ -- একফাচৈত্র দান্তিক বৈদান্তিক প্রকাশানন্দ সরম্বতীকে ভক্তিময়ে দীক্ষিত করেন এবং এইথানেই সনাতন আসিয়া তাঁহার নিকট সন্নাস-গ্রহণ করেন। নরোত্তম কিছুদিন কাশীধামে থাকিয়া প্রয়াগ ও তথা হইতে মথুরায় যান। মথুরায় গিয়া তাঁহার শরীর অনবরত পরিভামে ও ভ্রমণে এতদুর ক্লান্ত হইয়া পড়ে যে, তিনি বুন্দাবনে ষাইবার শক্তি পর্যান্ত হারান। অবশেষে অনেক কট করিয়া, প্রাণ পর্যন্ত পণ করিয়া নরোভ্রম

কোন রূপে বুলাবনের ঘাটে গ্রিয়া উপস্থিত হন। প্রীশ্রীজীব গোস্থামী তাঁহার আগমনবার্ত্তা শুনিতে পাইয়া তৎক্ষণাৎ তাঁহাকে আপন কুল্লে লইয়া যান; তথায় কয়েক দিন অবস্থান করিয়া নরোত্তম স্থেষ্থ হইলে জীব গোস্থামী তাঁহাকে লোকনাধ গোস্থামীর নিকট লইয়া যান।

লোকনাথ গোস্বামীর পরিচয় ইহার পরবন্তী অধ্যায়ে দেওয়। গেল। লোকনাথ এক জনমানবশুৱা প্রাশ্বরে বিসয়া অহনিশি কৃষ্ণ আরাধনা করিতেছিলেন ; ভিনি একে একে শিশুদের মৃত্যুসংবাদ শুনিয়া এতই কাতর হইয়াছিলেন যে, তিনি প্তির করিয়াছিলেন, জীবনে আর কাহাকেও শিল্প করিবেন না। কিন্তু শ্রীশ্রীক্ষাব গোন্ধামা যথন নরোভ্রমকে সঙ্গে করিয়। তাঁহার নিকট উপস্থিত হইলেন, তথন ভিনি আপন প্রতিজ্ঞার কথা সম্ব্রুই বিশ্বত হুইলেন। নরোত্তমের হৃদ্দর, মনোহর আকৃতি ও অকপট ভক্তিভাব-দর্শনে মোহিত হইয়া তিনি নরোভ্রমকে গাত আলিঙ্গন করিলেন। নরোভ্রমের পরিচয় শুনিয়া লোকনাথের চক্ষ দিয়া দর-বিগলিত ধারায় অঞা নির্গত হইতে লাগিল। নরোভ্রম লোকনাথের আশ্রমে একবংসরকাল অতিবাহিত করিয়া তাঁহার মলম্মাদি পরিষ্কার করা হইতে সেবাশুলাবা পর্যান্ত করিতে লাগিলেন। নবোত্তমের এই প্রকার অকপট গুরুভজ্জিদর্শনে প্রীত হট্টয়। লোকনাথ এক বংসর পরে নরোভমকে বুন্দাবনে আসিবার কারণ জিজ্ঞাসা করিলেন। নরোত্তম অতি বিনীতভাবে বলিলেন, "প্রভুর নিকট দীকা গ্রহণ্ট আমার বুন্দাবন আগমনের উদ্দেশ্য।" লোকনাথ পূর্বেট সুক্রর করিয়া রাধিয়াছিলেন যে, তিনি জীবনে আর কাহাকেও শিশ্বতে বরণ করিবেন না; তাই তিনি নবোত্তমকে আপাপনার বক্তব্য স্পষ্ট করিয়াই জানাইলেন। নরোভ্তম সেক্থা শুনিয়া কাঁদিতে কাদিতে তাঁহার পায়ে পড়িলেন। তাঁহার অপার ভক্তিভাব এবং গুরুর প্রতি প্রগাঢ় নিষ্ঠাদর্শনে লোকনাথ অভিভূত হইলেন, তাঁহার দ্বির সহর আজ একজন ভিথারী-বেশী রাজপুত্রের দীনতার নিকট পরাজয় স্বাকার করিল। তিনি-নরোত্তমকে জিজ্ঞাসা করিলেন, ''আচ্ছা তোমাকে যদি শিশুত্বে গ্রহণ করা হয়, তাহা হইলে তুমি মছা, মাংস গ্রহণ না করিয়া নিরামিষ-ভোজীরণে জীবন কাটাইতে পারিবে ? তুমি কি দারপরিগ্রহ না করিয়া চিরকৌমাধ্যন্ত অবলম্বন করিয়া জীবন কাটাইতে পারিবে ?'' নরোত্তম বলিলেন, ''হাঁ, প্রভু, যদি আপনার দয়া থাকে, তাহা হইলে নিশ্চমই আমি এ সমক্ষ আদেশ প্রতিপালন করিতে পারিব।"

লোকনাথ অতঃপর তাঁহাকে দীক্ষা দিতে স্বীক্বত হইলেন। প্রাবণ মাসের পূর্ণিমা তিথিতে শুলদিন শুভলগন। লোকনাথ ঐ দিনেই নরোত্তমকে দীক্ষা দিবেন স্থির হইল। দেখিতে দেখিতে সে সংবাদ চতৃদ্দিকে রাষ্ট্র হইল। দীক্ষার দিন বছ ভক্ত-সমভিব্যাহারে শ্রীঞ্জীব গোস্বামা, শ্রীনিবাস আচাষ্য প্রভৃতি গৌরভক্তেরা দীক্ষাস্থানে উপস্থিত হইলেন। মহাসমারোহে দীক্ষাকাষ্য সমাপ্ত হইল। বে নরোত্তম রাজপুত্র হইন। রাজপ্রাসাদে বাস কার্যা কত প্রকার ঐহিক স্থভাগ কার্বেন, সেহ নরোত্তম আজ প্রের ভিষারা হইলেন, কৌপান ও বাহ্বাস তাঁহার অক্ষের ভ্রাণ হহল—তিনি ভাক্তপথের পথিক হইলেন।

দাক্ষাকাষ্য সমাপ্ত ২হলে শ্রীশ্রীর পোস্থামী নরোত্তমকে আপন আশ্রমে লছায় আসিপেন শ্রীশ্রীকাব গোস্থামার নিকট নরে।তম, শ্রীনেবাস ও শ্রামানন্দ এই তিনজনে ভাক্তশাস্ত্র অধ্যয়ন করেন। তার পর শ্রীকাবের আদেশে শ্রীনেবাস আচাধ্য যথন সৌড়দেশে থাগমন করেন, তথন তাঁহার সহিত নরোত্তম ও শ্রামানন্দও প্রোরত হন। পথিমধ্যে বনবিষ্ণুপুরে দক্ষ্য কর্তৃক গ্রন্থের পেটিকা শুক্তিত হইলে শ্রীনেবাস আচাধ্য নরোত্তম ও শ্রামানন্দকে স্থান্ত ফ্রিতে আদেশ করেন।

সে কথা শ্রীনিবাস আচার্য্য-প্রসংক বিস্তারিত ভাবে বলা হইয়াছে।
নরোক্তম শ্রীনিবাসের আদেশে মনোক্ষ্য অবস্থায় থেতরি গ্রামে আসিয়া
উপস্থিত হন। তথায় তিনি পৌছিবামাত্র রাজ্য কৃষ্ণানন্দের নিকট
এই সংবাদ যায় যে, আপনার পুত্র ফিরিয়া আদিয়াছে। সেই
হারানিধিকে দর্শন করিবার মানসে রাজ্য কৃষ্ণানন্দ ও মহিষী ছুটিয়া
আসিলেন। নরোক্তম পিতামাতাকে প্রণাম করিলেন। মাতাকে
সংখাধন করিয়া তিনি বলিলেন, "আমি এখন সয়াাস গ্রহণ করিয়াছি,
সয়্লাসীর পক্ষে সংসারাশ্রমে প্রবেশ করা নিষেধ। অভএব আমি
সংসারাশ্রমে প্রবেশ করিব না। প্রভূপাদ লোকনাথ গোত্মায়ী
বৃন্দাবনে আমাকে দীক্ষা দান করিয়াছেন, আমি কামিনী-কাঞ্চন
স্পর্শ করিব না বলিয়া তাহার নি ইট প্রতিজ্ঞাবদ্ধ হওয়তেই তিনি
আমাক্ষে মন্ত্রদান করিয়াছেন।"

রাজা ক্লফানন্দ ও রাণী পুরের প্রতিজ্ঞার কথা শুনিয়া আর কিছু বলিলেন না। পুরুকে সকল্পত্য করিতেও টাহারা চেটা করিলেন না। তবে মাত। পুরুকে এইমাত্র অমুরোধ করিলেন "অতঃপর বাছ। আমাদের রাজবাটীর সল্লিকটেই তুমি বাস কর, যাহাতে তোমার মুখারবিন্দ দেখিয়া এই দক্ষপ্রাণ শীতল করিতে পারি।" মাতার এই অমুরোধ নরোভ্রম লজ্জ্বন করিলেন না। রাজ্ববাটীর সন্নিকটেই জাঁহার জন্ম আশ্রম নির্শ্বিত হইল। নরোভ্রম সেই আশ্রমে অবস্থান করিলা পিতামাতার আনন্দ ক্লাইতে লাগিলেন। জাঁহাকে দর্শন করিবার জন্ম বছদ্র হইতে দর্শক্ষণ খেতরি গ্রামে উপন্থিত হইতে লাগিল। নরোভ্রম যখন বৈরাগ্যণথ অবলম্বন করিয়াছেন, তথন রাজা ক্ষানন্দ পত্যন্তর না দেখিয়া নরোভ্রমের কনিষ্ঠ ভ্রাতা পুক্ষ্যোভ্রমের পুত্র সন্ধোষ্ঠ দত্তকে রাজপদ্ধ অভিষক্ত করিলেন। শ্রামানন্দ ঠাকুর নরোভ্রমের সহিত থেডরি গ্রামে

পশ্মানদার তারে বাস করিতে লাপিলেন। তুই ভক্তে নিলিয়া নিশিদিন ভরিনাম করিতেন, বড়ই আনন্দে তাহাদের দিনাতিপাত হইত। নরোত্তম পিতামাতার সন্তোষ-বিধানের জন্ম প্রতিদিনই তাহাদিগকে একবার করিয়া দেখা দিয়া আসিত্তন।

কিন্তু এদিকে হরিবে বিষাদ উপস্থিত হইল। এতদিন যে আমানন্দের সহিত তিনি অভিনাত্ম হচয়। হরিনাম কার্ত্তন করিতেছিলেন, সেই আমানন্দ উড়িষ্যায় বাইতে মানস করিলেন। বৃন্দাবন ইইতে গোড়ে আসিবার সময় শ্রীশ্রীক্ষীব গোস্থামী আমানন্দকে উড়িষ্যায় গিয়া বৈক্ষবধশ প্রচার করিতে আদেশ করিয়াছিলেন। আমানন্দ এতদিন নরোজ্যের সহিত নামকীস্তনে বাস্ত ছিলেন, গোঁদাই প্রভুর আজ্ঞা পালন করিতে পারেন নাই। এতদিনে সেই কথা স্থবণ হওয়তে তিনি আর কালবিলম্ব করা যুক্তিসন্ধত মনে করিলেন না। আমানন্দের আসের বিচ্ছেদ-শোক নরোজ্যের প্রাণকে অস্থির করিয়া তুলিলেও তিনি গোনান্দে এ কার্যো অসুমতি দিলেন; কারণ আমানন্দ যে মহাপ্রভুর লীলাকাহিনী প্রচারের জন্ম যাইতেছেন। নরোত্তম ও যুবরাজ সজ্যেষ দত্ত উভরে পদ্মতীর দিয়া কিয়জ্ব আমানন্দের সঙ্গে গেলেন। আমানন্দ যাহাতে নিবিজ্মে পৌছিতে পারেন, এজন্ত তাঁহার সহিত তুইজন লোকও দিলেন। আমানন্দ উৎকল বাইবার সময় পথিমধ্যে নবছাপ, শাস্তিপুর প্রভৃতি তার্বস্থানসমূহ দর্শন করিয়া গেলেন।

শ্রামানক্ষকে হারাইয়া নবোভ্রমের প্রাণ যেন কেমন কাক। ফাক। বাধ হইডে লাগিল। খেতরি গ্রাম আর তাঁহার ভাল লাগিল না। তিনি তীর্থ-পর্যাটনে বাহির হইবার সহল করিলেন। মহাপ্রভূ যে যে হানে লীলা করিয়া তাহা তীর্থক্ষেত্রে পরিণ্ড করিয়াছেন, নরোভ্রম স্কাপ্রে সেই সেই হানে গমন করিলেন। তাঁহার পিতামাতা এবার

আর তাঁহার এই সাধু উদ্দেশ্যের প্রতিবাদী হইলেন না। নরোভ্যন প্রথমে নবদীপধানে উপস্থিত হইলেন। এই নবদীপে মহাপ্রস্থু শৈশব, বাল্য ও কৈশোরে কত লীল। করিয়াছেন, সে কথা স্থারণ করিছে নরোভ্যমের ছই চকু দিয়া প্রেমাঞ্চ গড়াইয়া পড়িতে লাগিল। নবদীপে নরোজ্যের সহিত এক বৃদ্ধ রাহ্মণের সাক্ষাৎকার হইল। পরিচয়ে জানিলেন, ইনি শুক্রাম্বর বাহ্মারী। মহাপ্রভুর তিরোধানের বার্দ্ধা শুনিয়া তাঁহার দেহে এখনও প্রাণ আছে সত্যা, কিন্তু তিনি জীবন্মৃত বলিলে অত্যুক্তি হয় না। শুক্রাম্বর প্রেই নরোভ্যমের নাম শুনিয়াছিলেন; এখন স্থাচকে তাঁহাকে দর্শন করিয়া তাঁহাকে ছই বাছ দিয়। আলিকন করিলেন। উভয়ে উভয়ের গলদেশ ধরিয়া কাঁদিতে লাগিলেন। তার পর শুক্রাম্বর নরোভ্যমকে সঙ্গে লইয়া মহাপ্রভুব বাটী দেখাইতে গেলেন। "এইখানে মহাপ্রভু শুচীমাতার গর্ভ হইতে প্রস্তুত হইয়াছিলেন, এইখানে মহাপ্রভু একদিন ছাইসাদার উপর গিয়া বসিয়াছিলেন"— শুক্রাম্বর বতই ইত্যাদি প্রকার কথা বলিতে লাগিলেন, তত্তই নরোভ্যমের ছই চক্ষু দিয়া প্রাাশ্ব গড়াইয়া পঞ্চিতে লাগিল।

অতঃপর নবদ্বীপে কয়েকদিন অবস্থান করিয়া নরোভ্তম শান্তিপুরে গমন করিলেন। নিত্যানক মহাপ্রভুর সহধর্মিণা জীহনী দেবী এবং পুত্র বারচন্দ্র অতি সমাদরে তাঁহাকে প্রহণ করিয়া নানাবিধ ভোজ্য-সম্ভারে তাঁহাকে পরিভূপ্ত করিলেন। অতঃপর আরও নানাস্থান পরিভ্রমণ করিতে করিতে নরোভ্তম নীলাচলে আদিলেন। নীলাচলে যদিও তথন মহাপ্রভূ ছিলেন না—ঠাকুর হরিদাস ছিলেন না; তথাপি ভক্ত গোপীনাথ ছিলেন, আর ছিলেন সেই কাশী মেশ্র বাটীতে থাকিয়া মহাপ্রভূ অস্টাদশবর্ষ কাল হরিনামে দেশকে প্লাবিত করিয়াছিলেন। কাশী মিশ্র ইতিপুর্বেই নরোভ্রমের নাম ভনিয়াছিলেন, তথন চাকুষ তাঁহাকে পাইয়া

তাঁহার যে কত আনন্দ হইল, তাহা বর্ণনাতীত। কাশী মিশ্রের সহিত নরোত্তম খ্রী শ্রী জগরাপদে বের মন্দিরে প্রবেশ করিয়া বেলার উপর সমাসীন জগরাপ, বলগম ও স্কভ্রাকে দর্শন করিয়া রুত্র রুতার্থ হইলেন। অতঃপর কাশী মিশ্রের ভবনে প্রত্যাগমন করিয়া নরোত্তম ঠাকুর মহাপ্রত্ বেখানে কদলা শত্রে শন্ধন করিতেন, সে স্থান দর্শন করিলেন। যে কস্থা তিনি গায়ে দিতেন, তাহাও দর্শন করিলেন। আর যে থড়ম তিনি পারে দিতেন তাহা দর্শন করিতেও ক্রটি করিলেন না। অতঃপর সমূলতেটে গঙ্গাধরের আশ্রমে যে গোপীনাথ-মন্দিরে বসিয়া মহাপ্রত্ গণাধরের মুখে ভাগৰতপাঠ শুনিতেন তাহা দর্শন করিলেন। অতঃপর শ্রামানননের সহিল তাহার সাক্ষাৎ ইইল। বহুদিন পরে অভিন্নহাদয় নরোত্তমকে পাইয়া শ্রামানন্দের আনন্দ আর দেখে কে! শিশু বেমন মিরীর পাইলে পৃথিবীর সকল কথা ভূলিয়া যায়, নরোত্তমকে পাইয়া শ্রামানন্দ তেমান সকল কথা ভূলিয়া গেলেন। শ্রামানন্দ জাতিতে সদ্গোপ হইলেও নরোত্তম দেখিলেন, অনেক ব্রাহ্মণ প্রায়ন্ত তাঁহার দ্বিভাবে মুগ্ধ হইয়া তাঁহার নিকট হইতে দীকা গ্রহণ করিয়াছেন।

ক্ছিলিন পুরুবোত্তমে বাস করিয়া নরোত্তম গোড়াভেম্থে ফিরিয়া আসিলেন। যাকিগ্রামে শ্রীনবাস আচার্য্যের গৃহে উপস্থিত হইলে শ্রীনবাস অধ্যাপনা ফেলিয়া রাথিয়া তাঁহাকে গাঢ় আলিজন-পাশে আবদ্ধ করিলেন। সেই যে বনবিষ্ণুপুরে শ্রামানন্দ ও নরোত্তম তাঁহাকে চাড়িয়া গিয়াছেন, ভদবধি এ পর্যন্ত আর উভয়ে সাক্ষাৎকার হয় নাই। তাই আদ্ধ বছদিন পরে নরোত্তমের সাক্ষাৎকার পাইয়া শ্রীনবাসের প্রেম-সিন্ধু উথলিয়া উঠিল। নরোত্তমন্ত বছদিনের পর শ্রীনবাসের সাক্ষাৎকার পাইয়া আনন্দে বিহ্বল হইলেন। অতঃপরুনরোত্তম তথা হইতে কাটোয়া, একচাকা প্রভৃতি বৈষ্ণবভীর্থ-দর্শনাস্তরঃ

স্বগ্রাম থেতরিতে প্রত্যাবর্ত্তন করিলেদ। রা**জা রুফানন্দ** ও রাণী আবার তাঁহাকে,ফিরিয়া পাইয়া বিপুল আনন্দসাগ্রে ভাসিতে লাগিলেন।

খেতরিতে প্রত্যাগমনের পর সাধু নরোভম স্বপ্নে দেখিলেন, যেন মহাপ্রভু তাঁহাকে থেডরিগ্রামে যুগল মুর্ত্তি দ্বাপন করিতে ধালতেছেন : নরে ভ্রম সেই অপ্ল আরণ কার্য়া খেতরিছে মহাপ্রভুর যুগলমূর্তি স্থাপনে কৃতস্বল্প করিলেন। পিত। রাজা কুফানন্দকে এই কথা বলিতেই তিনি जानत्म जाहारज वाकि इटेरनन এवः चिक ममारवाइमध्कारत कालनी পূর্ণিমা ভিথিতে যোদন মহাপ্রভু নবদীপে আবিভৃতি হইয়াছিলেন, সেইদিন খেতরিপ্রামে তাঁহার যুগল মৃতি স্থাপন করা হইল। এই মৃতি-প্রতিষ্ঠা উপলক্ষে থেতরি গ্রামে যে প্রকার উৎসব হইয়াছিল, সেরুপ উৎসব আর কথনও হয় নাই-এই উৎসব উৎকল, বুলাবন, নবছীপ, শান্তিপুর, খড়দহ প্রভৃতি নানাম্বান হইতে শত সংস্র ভক্ত আসিয়া যোগদান করিয়াছিলেন। এমন কি আচার্য্য শ্রীনিবাদ প্রভু প্রান্ত এই উংস্বে যোগদান করিয়াছিলেন। এই উৎস্বে এমন প্রাণমন-মাতোয়ারা কীর্ত্তন হইয়াছিল যে, স্বয়ং রাজ। কৃষ্ণানন্দ কার্ত্তনে মাতিয়া . ভূমিতে পাড়য়া লুটাইয়াছিলেন এবং বর হইতে বহুমূলা জিনিষপত্ত আমিয়া কীর্ত্তনের স্থানে ছড়াইয়া দিয়াছিলেন। কভ স্থানের কভ বড় বড়মোহান্ত আসিয়াছিলেন। রাজা কুফানন্দ প্রভাক মোইস্তকে প্রচর পরিমানে অর্ণ ও রৌপ্য দান করিলেন। প্রা-বক্ষ দিলা শত শত সহস্ৰ সহস্ৰ নৌকা তাঁহাদিগকে লইয়া স্ব স্ব গম্ভব্য স্থানে পৌহাইগা দিল, রাজ। কৃষ্ণানন্দ তাহাদের প্রত্যেকের ব্যয়ভার বহন করিলেন। এই মহোৎসবের জন্ম দেশ-দেশাস্তরে নরোত্তমের নামাবস্তুত হৃহয়া পড়িল। বহুলোক তাঁহার শেষ্যত্ব গ্রহণ করিল। এমন কি, বাল্পণ বলরাম মিশ্র প্ৰান্ত তাঁহার শিষ্যত্ব গ্ৰহণ করিতে বিন্দুমাত্র বিধা বোধ করিশেন না।

শিবানন্দ নামক একজন উচ্চশ্রেণীর রাহ্মণের দুই পুত্র হরিবাম ও রামকৃষ্ণ ঠাকুর নরোত্তমের শিষাত্ব গ্রহণ করিলেন। বাহ্মণ হইয়। তাঁহারা বীতিমত শৃজের নিক্ট দীক্ষা পথান্ত গ্রহণ করিলেন। ইহাতেই বুঝা যায়, ভক্ত নরোত্তম অকপট ভক্তিপ্রভাবে গৌড়ে তখন কিরূপ প্রভাব বিস্তার করিয়াছিলেন।

বালুচরের নিকটবত্তী গান্তিলা গ্রামের গঙ্গানারায়ণ চক্রবর্ত্তী তথনকার সময়ে গৌড়দেশে একজন প্রখ্যাতনামা পণ্ডিত ছিলেন। নারোন্তমের ভক্তিভাবের কথা শুনিয়া তিনিও নরোত্তমের নিকট গিয়া দীক্ষা গ্রহণ করিলেন এবং ক্লেকথায় নিশিদিন যাপন করিতে লাগিলেন। ব্রাহ্মণেরা ইহাতে কুপিত হইয়া প্রকালীবাসী রাজা নরসিংহের শরণাপন্ন হইলেন; কিন্তু রাজা নরসিংহ তাঁহার ভক্তিভাবে মুগ্ধ হইয়া তাঁহার নিকট দীক্ষা গ্রহণ করিলেন।

অতঃপর সংবাদ আসিল থে, বুন্দাবনে শ্রীনিবাস আচার্য্য দেহত্যাগ করিয়াছেন, এই সংবাদ শুনিয়া নরোত্তমের শরীর ভাঙ্গিয়া পড়িঙ্গ এবং তিনিও অন্নাদিন পরে দেহতাাগ করিলেন।

আজিও প্রতি বংসর কার্ত্তিক মাসে ক্লফা পঞ্চমীতিথিতে খেতরিতে 
ামলা হইয়া থাকে।

## গোপাল ভট্ট

মহাপ্রভু জীক্ষটেতের পুরুষোভ্য হইতে দাকিণাতাভ্যণে যান অমণ করিতে করিতে তিনি শীরকক্ষেত্রে উপনীত হন। এই শ্রীরঞ্ ক্ষেত্র কাবেরীনদীর তীরে অবস্থিত। শ্রীরঙ্গক্ষেত্রের নিকটে বলংগ্র নামক গ্রামে তথন বেছট ভট্ট নামে একজন অতি নিষ্ঠাথান ব্রাহ্মণ বাস করিতেন। মহাপ্রভ বধন শ্রীরঙ্গক্ষেত্রে রঙ্গদেবের নিকট উপস্থিত হইয়া নানা প্রকার নৃত্যগীতাদি করিতেছিলেন, তথন বেঙট ভট্ তথায় উপস্থিত ছিলেন। তিনি এই নবীন মনোহর যুবাপুরুষের ভক্তিভাব-দর্শনে এতদুর প্রীত হইলেন যে, তিনি মহাপ্রভুর চরণ আর কিছতেই ছাড়িলেন না। তিনি মহাপ্রভুকে খাপন ভবনে লইয়া গেলেন। মহাপ্রভু তথায় চারিমাস কাল অবস্থান করিয়। হরিনাম-কীৰ্ত্তনে দিনাতিপাত করেন। বেঙ্কট ভট্টের ৰাড়ী মহাপ্রভুর আগমনে অসংখ্য ভক্তের সমাগমক্ষেত্র হইয়া উঠে। মহাপ্রভ ভক্তদের লইয়া মধুর হ্রিনামে প্রমত্ত থাকেন: এই কীর্ত্তনের সময় বেষ্ট ভট্টের পুত্রের বয়স ছিল ১২ বৎসর মাত্র: গোপাল ভট্ট মহাপ্রভুর कीर्डन-मर्नाम এতটা আকৃষ্ট হইয়া পড়িতেন যে, সর্বাদা গোপাল মহাপ্রভুর নিকটে ৰসিয়া থাকিতেন, এক নিমিষের জন্ম মহাপ্রভুকে চক্ষের অন্তরালে ধাইতে দিতেন না। বেছট ভট্ট পুত্তের এবস্থিপ ধর্মভাব-দর্শনে বিন্দুমাত ব্যথিত হটলেন না। সাধারণতঃ পুরের ধর্মভাব, বিষয়-বৈরাগ্য, নামামরাগ দর্শন করিলে বৈষয়িক পিতামাভার মনে ৰষ্ট হয়, তাঁহার। পুত্রকে বৈরাগ্য ও ভক্তির পথ হইতে ফিরাইয়া আনিবার চেষ্টা করেন; কিছ এ কেত্রে বেকট ভট্ট তাহার উলটা করিলেন। তিনি পুত্তকে ভগবিষ্ঠ দেখিয়া বরং আর ও নানা উপদেশ

দিয়া মহাপ্রভুর সেবা করিবার জন্ম তাঁহাকে নিযুক্ত করিলেন।
গোপালও অত্যক্ত আনন্দের সহিত মহাপ্রভুর সেবা করিতে লাগিলেন।
মহাপ্রভূও গোপালের অনাবিল ভক্তিভাব আরও বিকশিত করিবার
জন্ম তাঁহাকে নান! ভক্তিতত্ত্বের কথা শিক্ষা দিতে লাগিলেন। অবশেবে
স্বয়ং মহাপ্রভূ গোপালকে হরিনামে দীক্ষিত করিলেন।

একদিন মহাপ্রভূ বেকটকে ডাকিয়া বলিলেন, "তোমার পুর গোপালকে উত্তমরূপে শাস্ত্রাদি শিক্ষা দিবে।" বেকট ভট্ট মহাপ্রভূর আজ্ঞা শিরোধার্য করিয়া লইলেন। গোপালকে মহাপ্রভূকেন শিক্ষা দিতে বলিলেন? তিনি বালক গোপালের ভক্তিভাব ও প্রতিভা-দর্শনে ব্রিয়াছিলেন, এই বালকের দারা ভবিষ্যতে বৈফ্রশাস্ত ও বৈফ্র-সমাজের প্রভূত কল্যাণ সাধিত হইবে।

মহাপ্রভু বেষটের গৃহে চারি মাস অবস্থান করিয়া পুরুষোত্তমে ফিরিয়া আসিবার কালে গোপালকে বলিয়া আসিলেন, "তোমার পিতান্মান্তা অর্গাবোহণ করিলে তুমি বৃন্ধাবনে যাইও এবং রূপ ও স্নাতনের নিকট ভক্তিতত্ব শিক্ষা করিয়া সাধন-ভক্ষন করিবে।" গোপাল নতন্মস্তকে মহাপ্রভুর আজ্ঞা গ্রহণ করিলেন।

বেকট ভট্ট অতঃপর গোপালকে শিক্ষালাভার্থ চতুপ্পাঠীতে প্রেরণ করিলেন। গোপাল অতি অল্প দিনের মধ্যেই সাহিত্য, ব্যাকরণ প্রভৃতি নানা শাল্পে ব্যংপত্তি লাভ করিলেন। গোপালের পাণ্ডিত্যের কথা অল্পদিনেই সর্বাত্ত প্রচারিত হইল। চারিদিক হইতে বৌদ্ধ ভিক্ষু ও শ্রমণেরা তাঁহার সহিত তর্ক-বিতর্ক করিতে আসিভেন, অকাট্য যুক্তিভর্কের বলে তিনি তাঁহাদের সকলকে ভক্তিপথের পথিক করিলেন। তাঁহার ভক্তিভাব ও কীর্ত্তনাম্বাগদর্শনে বাহারা ক্রমণ্ড একদিনও হ্রিনাম করে নাই, তাহারা পর্যন্ত

হরিনাম করিত। কালক্রমে কালের আহ্বানে গোপালের পিতামাতা ব্যারোহণ করিলেন। গোপালও ধথাবিহিত শাস্ত্রীয় অন্ত্র্পানে তাঁহাদের শ্রাদ্ধাদি ক্রিয়া সমাপন করিলেন। মহাপ্রভূ তাঁহাকে বলিয়া গিয়াছিলেন, পিতামাতার মৃত্যুর পর ধেন তিনি র্ন্ধাবনে গিয়া সাধন-ভদন করেন, মহাপ্রভূর আদেশে তথন তিনি সম্বত হইয়াছিলেন, এখন সেই আদেশ পালনের অন্ত তিনি বৃন্ধাবন্যাত্রা করিলেন। বৃন্ধাবন্ যাইলে রূপ, সনাতন প্রভৃতি তাঁহাকে মহাসমাদরে গ্রহণ করেন। মহাপ্রভূর নিকট তাঁহার আগমন্বার্ত্তা পৌছিলে তিনি আপনার বিস্বার আসন ও ডোর গোপালের জন্ত প্রেরণ করেন। গোপাল সেই আসনে উপবেশন করিয়া এবং সেই ডোর মন্তক্তে দিয়া সর্বাদ্ধ ভগবৎ আর্চনা করিতেন।

অতঃপর সনাতনের আদেশে গোপাল ভট্টজা "হরিছক্তিবিলাস" নামক প্রস্থ সম্বলন করেন এবং স্থ প্রসিদ্ধ "রুফাকর্ণামৃত" প্রস্থের টীকা প্রস্তুত করেন। শ্রীশ্রীনিবাস আচার্য্য তাঁহার শিষ্য ছিলেন। ভট্টজা যতদিন বৃদ্ধাবনে ছিলেন, শ্রীনিবাস আচার্য্য ততদিন প্রভ্ ভক্ত ভৃত্যের স্থায় তাঁহার সেবা করিয়াছিলেন।

স্থাসদ্ধ ভক্তমাল গ্রন্থে গোপাল ভট্টের সম্বন্ধে নিম্নলিধিত উক্তি আছে:—

শশ্রীমান্ গোপাল ভট্ট অভ্ত চরিতা।
ভ্বন মঙ্গল কথা পরম মহত্ত্ব।
শ্রবণ মঙ্গল ভববন্ধ বিমোচন।
কৃষ্ণ প্রেমরসময় ভক্তির জনন।
ভট্ট গোন্থামী মহাপ্রভুর প্রিয়পাতা।
প্রীত হইয়া দিলা হরিনাম মহামত্ত্ব।

বিষয় ছাড়িয়া বৃন্দাবনে আক্ষিণা।
প্রীরাধারমণরপে বড় রুপা কৈলা।
নিজ শিব্য প্রীল ভক্তিদাস পূজারিরে।
সেবা সমর্শিরা প্রভু গেল নিজ পুরে।
তাঁহার সম্ভান তাঁর দৌহিত্রসম্ভান।
অ্যাপি করেন সেবা শ্রীরাধারমণ।
অ্যাবধি সেই রাধারমণ বিরাজে।
বৃন্দাবনচক্ষ শ্রীবৃন্দাবন মাঝে।
ননীর পুতুকী যেন দেখিতে কোমল।
সং-চিং-আনন্দময় অঙ্গ ঝলমল।"



স্বগীয় দীন নাথ মণ্ডল।

## কলশুর মণ্ডল-বাট্ট্ স্বৰ্গীয় দীননাথ মণ্ডল

[ জন্ম ১২২৮ मान, মৃত্যু ১৩১২ मान। ]

আমর। বাঁহার জাবন-কথা সাধারণের গোচর করিতেছি, ভিনি
সচ্চামা সম্প্রদায়ের সামাজিক ইতিহাসে একটি বিশিষ্ট স্থান অধিকার
করিয়াছিলেন। অগীয় দাননাথ মণ্ডল মহাশয় জেলা ২৪ প্রগণার
অস্তর্গত কলগুর গ্রামে বিখ্যাত মণ্ডল বংশে জন্মগ্রহণ করেন।

কলগুরের মগুলেরা একটা বিশেষ সম্লাস্ত ও প্রাচীন পরিবার।
আপ্রিভ-প্রতিপালক, অতিথি-বংসল ও পরোপকারী বলিয়া বছকাল
হইতে ইহাদের খ্যাতি আছে। ইহারা সচ্চাষী সম্প্রদায়ের অন্তত্ম
সমাজ-পতি। সমস্ত সচ্চাষী সম্প্রদায়ের বিশিষ্ট পরিবারসমূহ ইহাদিগের
সহিত বৈবাহিক-স্ত্রে সংশ্লিষ্ট। স্বর্গীয় দীননাথ এই পরিবারে
বাঙ্গালা ১৯২৮ সালে জন্মগ্রহণ করেন। লোকে কুল-পাবন প্রেরে কামনা
করে। দীননাথ যে কেবল স্বীয় কুলই পবিত্র করিয়াছিলেন তাহা নহে,
যক্তঃ তিনি এ প্রদেশটাই অলক্ষত করিয়াছিলেন। তাহার পিতা
স্বর্গীয় বংশীধর মণ্ডল মহাশয় একজন সদাশয় ও বৃদ্ধিমান্ ব্যক্তি
ছিলেন। দীননাথ ভালার পিতাদেবের যাবতীয় সদ্ভাণের অধিকারী
হইয়াছিলেন।

তিনি বাল্যকালে স্থানীয় বন্ধবিভাল্যে পাঠাভ্যাস করেন। তৎকালে দেশে ইংরাজী শিক্ষার প্রচলন ছিল না বলিলেই হয়। কাজেই দীননাথ দেশ-প্রচলিত বন্ধভাষা বিশেষরপে শিক্ষা করেন। কিন্তু তিনি অচিরে ব্যায়ছিলেন যে, ব্রহান কালে ইংরাজী ভাষা ও দেশ-কালোপযোগী শিক্ষা লাভ না করিলে উন্নতি অসম্ভব। তাই তিনি যতদিন বাচিয়া ছলেন, আধুনিক শিক্ষার উন্নতির জন্ম প্রাণপণে চেটা করিয়া গিয়াছেন।

স্বানীয় দীননাথের মণ্ড সামাজিক ও স্থামিক লোক স্থামর। ধ্রক্ষই দেবিয়াছি। এই স্থাফলে যেখানে কোন বড় সামাজিক ক্রিয়া অফুন্তিত হইত, তিনি সেইখানেই সসম্থানে আহুত হইতেন ও ঐ সমস্ত সামাজিক ক্রিয়া বিশেষ কৃতিত্বের সহিত তক্তাবধান ও সম্পাদন করিতেন। ধানাকুড়িরার প্রাতঃম্মরণীয় দানবীর স্থনামধন্য শ্রামাচরণ বল্লভ মহাশয় তাঁহার মাতৃশ্রাকোপদকে যে দানসাগর যক্ত করেন, এই দীননাথ মণ্ডল মহাশয়ই সেই বিপুল যক্তের ভত্তাবধায়ক ছিলেন। স্বর্গীয় শ্রামাচরণ বল্লভ মহাশয়ের এই বিপুল যক্তের ভত্তাবধায়ক ছিলেন। স্বর্গীয় শ্রামাচরণ বল্লভ মহাশয়ের এই বিপুল যক্ত যে এরপ দক্ষতার সহিত স্থাম্পাদিত হইয়াছিল স্থামাদের এই ভাগ্যবান্ দীননাথের কায়্যকুশলতাই তাহার স্থাত্ম কারণ। স্থাক্ষ শ্রামায়ের শ্রাদ্ধ এ স্থাক্ত বিষয় হইয়াছে।

হিন্দুশান্ত্রে ও পুরাণে তাঁহার প্রচুর জ্ঞান ও অধিকার ছিল। উপাদেয় পৌরাণিক গল্পগাথার তিনি অফুরন্ত ভাগুরে ছিলেন। তিনি এমন মঞ্জলিশী লোক ছিলেন যে, যে কোন শ্রোতৃস্ভ্যকে তিনি গল্পে ও আলাপে বহুক্ষণ পর্যান্ত মন্ত্রমুগ্ধ করিয়া রাখিতে পারিতেন। আমরা তাঁহার এই অপুর্বে ক্ষমভার পরিচয় বহুবার পাইয়াছি।

স্বর্গীয় দীননাথ ধর্মজগতের একজন নিত্ত সাধক ও কর্ম-জগতের একজন নীরব ও অনাড়দ্বর ক্মা ছিলেন। কোন বাধা বা বিপত্তি তাঁহাকে কর্ত্তব্য হইতে বিচলিত করিতে পারিত না। স্বর্গীয় দীননাথ মগুল মহাশয় একজন পরম ভক্ত বৈষ্ণব ছিলেন। তাঁহাদের গৃহদেবতা শ্রীশ্রীশ্রামস্কর জীউ তাঁহার প্রাণাপেক্ষা প্রিয় বস্ত ছিলেন। আজ কাঞ্চন-কৌলিজ্যের মুগ। অর্থ, পদগৌরব ও বাহ্যিক চাক্চিক্যই এখন মাহ্যকে প্রতিষ্ঠা-ভাজন করে। এই অর্থ, পদগৌরব ও



শীযুক্ত রাসবিহারী মওল।

ৰাহ্যিক চাকচিকা দীননাথের ভদ্রপ না থাকিলেও তাঁহার আর একটী সম্পদ ছিল যাহাকে প্রম সম্পদ বা স্পর্মাব বলা ঘাইতে পারে। তাঁহার হৃদয়ে তাঁহার কুলদেবতার প্রতি ঐকাঞ্চিক নিষ্ঠা ও অচলা ভক্তি ছিল। শ্রামম্বন্ধরের প্রতি তাঁহার "মমতা" ছিল—এই স্বর্গীয় ভক্তি ও নিষ্ঠা বা মমতাকে আজকাল সম্পদ বলিয়া মনে করা হয় মা। আজকাল হয়ত এটা একটা দৌর্বলা বলিয়া বিবেচিত হয়। কিন্তু ইহাই মামুষের পরম সম্পদ-জগতে ইহাই ম্পর্শমণি। যাহা কিছু ইহার সংস্পর্শে আদে--সোণ। হইয়া যায়। স্বর্গীয় দীননাথের এই স্বর্গীয় অলেণকৈক সম্পদ বিশেষরূপে ছিল। সংসারের কাষ্য তিনি শ্রামস্তন্তরে কার্য্য বলিয়া মনে করিতেন। তিনি গীতার শ্লোক আওড়াইয়া "কর্মণ্যে বাধিকারস্তে" ইত্যাদি পাণ্ডিভার পরিচয় দিতেন ন।। কিছু তাঁহার প্রতি কার্যো এমন একটা নির্লিপ্ততা ছিল, পরমেশরের প্রতি এমন একটা নির্ভা প্রকাশ পাইত, যাহাতে তাঁহাকে সাংসারিক সামাতা লাভ-ক্ষতির ও মায়ামোহের বহু উর্দ্ধে অবস্থিত বলিয়া মনে হইত। সংসারে সমন্ত কাৰ্য্যে লিপ্ত থাকিয়াও তাঁহার নিলিপ্ত ভাব ও নিশ্চিন্ততা, এই তাঁহার পরম সাধনা, ভগবানের প্রতি তাঁহার এই একান্ত বিশ্বাস ও সভান্ধ নির্ভারতা তাঁহাকে তাঁহার আরম কায্যে সাফল্য দান করিয়াছিল-তাঁহার ক্ষদয়ে শান্তি দিয়াছিল। আবার তাঁহার এই ভগবন্তক্তি, অনুরাগ ও নীরব সাধনাই তাঁহার পুত্রদিগকে কালোচিত কর্ম্ম সাধনে প্রেরণা ও সাফল্য দিয়া তাঁচাদিগের নাম কয়খ্রী-মণ্ডিত করিয়াছে। আজ যে তাঁহার পুতাদিগের নাম যশংসৌরতে পরিপুরিত ও কীতিশ্রী-মণ্ডিত তাহা তাঁহারই ভগবছাক্তি · ८ माधना-श्रमारम ।

ুকুলদেবতা ৺ খ্যামগুন্দরের দেব। তিনি কায়মনোঝাকো করিতেন— তাঁহার প্রাণাপেকা প্রিয় দেবতার সেবা বাহাতে স্থনিয়মে চলে ভিছিন্নে ভাষার অতি ভীক্ষ দৃষ্টি ছিল। তাঁধার রুতী পুত্রগণ তাঁধানের পিতার ঠাকুর প্রামন্ত্রর জন্ম স্থান বেবালয় প্রতিষ্ঠা করিয়া তাঁধানের স্বর্গীয় পিতার চরম কামনা পূর্ণ করিয়াছেন। এখনও শ্রীশ্রীস্থামস্থলরের "বারমানে তেরপার্কণ" বিশেষ জাকজমকের সহিত চলিয়া আদিতেতে।

দীননাথ সার্থক-নাম। পুরুষ ছিলেন। তিনি কলগুরের আত্রয়-তক্ষ ছিলেন। যে কোন ব্যক্তি হুরবন্ধার পতিত হইয়া তাঁহার শরণ লইতেন ভাঁহাকে তিনি স্কাতোভাবে বক্ষা ক্ষিতে চেষ্টা ক্ষিত্তন ৷ সাধারণের নিকট তাঁখার ৫ ডত স্থান ও প্রতিপত্তি ছিল। স্থানীয় বিবাদ বিসং-ষানের মীমাংসায় তিনি অন্বিতীয় ছিলেন। তাঁহার শালিসীতে যে স্থানীয় ক্ত জটিল মোকৰ্দ্দমাও বিবাদের নিষ্পত্তি ইইয়া বত পরিবার অনুর্থক দর্বনাশকর মোকদ্দার হাত হইতে নিস্তার পাইয়াছে তাহার ইয়ন্তা মাই। তিনি নিজের গ্রামকে আদর্শ গ্রাম করিবেন, ইহা তাঁহার একান্ত চেষ্টা ছিল। তিনি তাঁহার পুলুগণকে সর্বাদা এই উপদেশ ও উৎসাহ দিভেন যে, যেখানে যাহা কিছু ভাল দেখিবে গ্রামে সেইরূপ করিতে চেটা করিবে ও যাহা কিছু মন্দ দেখিবে বা ব্রিবে গ্রাম হইতে ভাহা বে কোন উপায়ে দুর করিতে চেষ্টা কবিবে। তিনি স্বীয় জীবনে, বাক্যে ও কর্মে এই মল নীতির অনুসরণ করিয়া গিয়াছেন—ভাঁহার পুরেরাও পিতৃ-পদাস্ক অন্তুসরণ করিতেছেন। জনহিতকর কার্য্যে তাঁহার প্রভুত অমুরাগ ছিল—দেশে কোন জনহিতকর কার্যা অমুষ্ঠিত হইবার প্রস্থাব হইলে তিনি দর্ম্ম কার্য্য পরিত্যাগ করিয়া দেখানে উপস্থিত হইতেন। নিজের ব্যবসায় প্রভৃতির জন্ম কঠোর পরিশ্রম করিয়াও ভিনি স্বলের মঙ্গলকার্য্য করিবার স্ময় করিয়া শইতেন।

দেশে তথন স্থপেয় পানীয় জলের বিশেষ অভাব ছিল। এই অভাব



জীয়ক ধতাক নাথ মওল।

দ্রীকরণ-মানসে তিনি প্রবিদ্ধ গৌড়বন্ধ রাস্তার উভয় পার্ছে ও তাঁহার প্রজাদের গ্রামে বহু জলাশয়ের প্রতিষ্ঠ করিখা দেশের দংশর কলাগ-লাধন করিয়াছেন।

তাঁহার আতিথেয়ত। শ কুট্ছ-প্রতি হতি গ্রাদিন। অতিথি সেবা না করিয়া তিনি জলপ্রহণ করিতেন না সরিজ্ঞ-নার্বায়ণের সেবা তাঁহার কাছে তাঁহার প্রাণের ঠাকুর খ্যামন্ত্রের স্বোরই অন্তর্ম ছিল। অয়েয়গণকে বিপদে আপদে সাহায়। করিতে তিনি সর্বাদা মুক্তহন্ত ছিলেন। কোন কুট্ছ বা আত্মান্ন তাঁহার ঘাটাতে গেলে তাঁহার সহজে ফিরিবার উপায় ছিল না, তুই চার্নিদন তাঁহার আলমে সংকার গ্রহণ করিয়া তবে তাঁহাকে ফিরিতে হইত। স্লেহের এই প্রকার অত্যাচার হইতে নিজ্তি লাভ করিবার জন্ত তাঁহার কুট্ছ-সজ্জন তাঁহাকে এড়াইয়া চলিবার চেষ্টা করিতেন, কিন্তু এবিষয়ে তাঁহার দৃষ্টি এত প্রধার ছিল যে, তাঁহার হাত হইতে নিভার পাওয়া সহজ ছিল না। তাঁহার আদর-আপ্যাধনে কুট্ছ-সজ্জন প্রতি ও মুগ্ধ হইতেন।


যথন তাঁহার স্বগ্রামে ব্যাধির প্রকোপ রাদ্ধ পাইল, তথন হইতে তিনি কল্পনা করিলেন যে, দেশে একটা চিকিৎদালয় প্রতিষ্ঠা করিবেন। তাঁহার সে আশা ও কল্পনা পূর্ণ করিয়াছেন তাঁহার স্থোগ্য পুত্র শ্রীযুক্ত রাসবিহারী মণ্ডল মহাশয়। তিনি কৃতী পিতার উপযুক্ত ও আদর্শ সন্তান। তিনি তাঁহার পিতার বাসনা স্থাবন করিয়া স্থায় প্রামে জেলা বোর্ডের সাহাব্যে দাত্র্য চিকিৎদালয়ের প্রতিষ্ঠা করিয়া দেশের ও দশের কৃতজ্ঞভাও বাশীর্কাদভাজন কইয়াছেন। মহলন্পুর-বাত্ডিয়া রাস্তাটী পূর্বে অতি কদ্যা ছিল। রাসবিহারী বাব্র উল্লোগে ও চেষ্টায় শ্রহাতি এখন একটা অতি ক্ষরের পাকা রান্ডায় পরিণত ইইয়াছে। রাসবিহারী বাব্র উল্লোগে দেশে আরও বছ জন-হিত্তকর প্রতিষ্ঠানের,বছ

স্থন্দর হৃদ্দর রান্তার, কৃপ ও বাপীর সৃষ্টি সম্ভব হুইয়াছে। দেশের উন্নতিকল্লে তাঁহার প্রচেষ্টার ও আশার যেন অন্তনাই।

রাসবিকারীবাবু পিতৃপদাক অন্তসরণ করিয়া স্বীয় গ্রামে বালিকঃ বিভালয় ও পভীর নশকুণ প্রতিষ্ঠা করিয়া দেশের অশেষ কল্যাণ সাধন করিয়াছেন। তিনি স্থানীয় বিভালয়ের প্রভৃত উন্নতি সাধন করিয়াছেন।

দীননাথ ৫ পুত্র রাখিয়। ১৩১২ সালে স্বীয় সাধনোচিত ধামে প্রস্থান করিয়াছেন। তাঁহার পুত্রগণের মধ্যে রাসবিহারী বাবু ও যতীক্ত বাবুবছ জনহিতকর কায়ের সহিত সংশ্লিষ্ট। এ বিষয়ে তাঁহাদিগের উল্লোগ সমধিক প্রসিদ্ধ ও প্রশংসনীয়। রাসবিহারী বাবু বারাসত লোকাল বোর্ডের চেয়ারম্যান ছিলেন। একণে তিনি ডিপ্লিক্ট বোর্ডের সদস্য, দমদম মিউনিসিপালিটার চেয়ারম্যান এবং বারাসতের স্পনারারি ম্যাজিপ্টেট্। যতীক্রবাবু একজন বিখ্যাত চিত্তকের।

ষণীয় দীননাথ বাবুও তাঁহার প্রাতিভালন পুত্রগণের জনহি ।থে ঐকান্ধিক চেষ্টা, অনক্রসাধারণ ও অক্লান্ত অধ্যবসায় ল কতকার।তা, পরোপকারিতা, আাশ্রিত-বাৎসল্য ও আতিথেয়তা পিতাপুত্রের নাম এদেশে চিরস্বরণীয় ও চিরবরণীয় করিয়া রাখিবে।



## প্রোদার জমিদার-বংশ

পয়োদার জমিদার-বংশ পাবনা জেলার মধ্যে অভীব প্রাচীন। ইহারা বারেন্দ্র কায়স্থ। পূর্বের শৈব ভিলেন, পরে নিরামিষাশী বৈষ্ণব হইয়াছেন। ইহারা কাশ্রুপ গোতে, নন্দীবর। কানাকুজ প্রদেশাস্তর্গত রামাংণ-বর্ণিত নন্দীগ্রাম-নিবাদী ৮চিত্রগুপ্ত-বংশীয় মহাত্মাভুগু নন্দী এই বংশের মুঙ্গ পুরুষ। রাজা বলাল সেনের রাজত্বকালে ভুগু নন্দী কর্ম্মোপলকে বঙ্গদেশে আসিয়া উক্ত রাজার অন্যতম মন্ত্রী হয়েন । পরে কোন কারণে ঐ কার্যা ত্যাগ করিয়া প্রথমত: শৈলকুপা, পরে পাবনা জেলার বলা বা পোতাজিয়ায় বাস করেন। ই হার চতুর্থ পুত্র শহর নন্দী বেপু-রিয়ায় বদতি করেন। তাঁহার বংশধর গঞ্চাতারে, পরে যুগাবাড়ী বাদ करतन ७ यूनीवाड़ी अलम्पूत, जायना, जायना, नःश्मभूत, थाइनी अङ् ভূসপতি অর্জন করেন। এই বাড়ীর ধ্বংশাবণেষ এখনও বর্ত্তমান। বোধন বিলবুক্ষটা চমংকার। অক্যান্ত বিলবুক্ষের নত এ বুক্ষের পাতা সব একদকে ঝরিয়া পড়িয়া "নাড়া"হয় না । মগুপের আসন খুব জাগ্রত । ঐ আদনে বাধিক ৺কালাপুজা ইইয়া থাকে। শহরের একজন বংশধর সপরিবারে গুলাবাস করিতে বীরভূম জেলার গোকুলপুরে বাড়ী করেন। কয়েক পুরুষ তথায় বাস করিবার পর পুনরায় পাবন। যুগীবাড়ী আসেন। পোকুলপুর হংতে কামদের নন্দী ৮৮২ সালে বছভীর্থ ভ্রমণ করেন। পরে ইহার বংশধর কেশব রায় যুগাবাড়ী পরিত্যাস করিয়া পয়োদা গ্রামে ভদ্রাসন করেন। এই সম্বান্ধ প্রবাদ আছে ধে, কাঠের কারবার এবং অফ্র কার্য্যোপলকে উত্তর হইতে দক্ষিণ অঞ্চলে নৌকাষোগে যাইবারী সময় বিলের মধ্যে তাঁহার হু কার উপর চইতে কলিকাটি জলে পড়িয়া

যায়। সংস্কারবশত: ইহা বিশেষ দ্ধণীয় মনে করিয়া ঐ কলিকা উদ্ধারকল্পে বহু যত্ন করেন; কিন্তু বিফল হওয়ায় অবশেয়ে শীতকালে জল কমিলে, উহা উদ্ধার-মানসে ঐ স্থানে একটা নৌকার নগি পুঁতিয়া রাখিয়া যান। দৈৰক্ৰমে সেই বৰ্ষায় ঐ ভানে বহু বালি জমিয়া চরা পড়ে এবং ক্রমে কয়েক বংসরে উহ। উচ্চভূমিতে পরিপত হয়। এই সমহ উক্ত কেশব রায় মহাশয় কৃষ্ণনগ্র-মহারাজের প্রয়োজনে প্রেরিত ১ইয়া নাটোর-মহারাজ-দরবারে উপস্থিত হয়েন ৷ রাজকার্যা সম্পন্ন কবিয়া প্রস্কারস্বন্ধপ এই নগি-প্রোথিত ছান সহ প্রগণে নাজিরপুর ইত্যাদি ভ্সম্পত্তি এবং তংসহ দেবদেবাও লাভ করেন। পণ্ডিতগণের বাবস্থাম-ষায়ী ঐ স্থানে ভদ্রাসন ও ঐ নির্দিষ্ট কলিকা-পতিত স্থানে সন ১৯৮ সালে তাগোপীনাথ জাউর বর্তমান পঞ্চরত শ্রীবন্দির নির্মাণ করেন। ঐ সনের কার্ত্তিক মাসের ভরাসপুর্ণিমায় এীশ্রীতগোপীনাথ জীউকে শ্রীমন্দিরের রত্ববেদীর উপর সিংহাদনে স্থাপন করেন। ইনি বাকলা, সংস্কৃত ও পারতা ভাষায় স্থপণ্ডিত ছিলেন। থাঠের কারবার ও ভসম্পত্তির আয় দারা অধিক আড়ম্বরের সহিত্ত দেবসেবাদি কাষ্য চালান। কুচবিহার কারবারের একটি প্রধান কেন্দ্র ছেল। জল-পরিবেষ্টিত ভানে বদতি ভাপন করেন বলিয়া গ্রামের পয়োদ। নামকরণ করেন। কেশব রায়ের পূত্র মহেশ রায় ও তৎপুত্র ক্ষেবল্লভ রায় উভয়েই পঞ্জিত ও পরম ধার্মিক ছিলেন। বাযার লাথ তেপার গজারী নাটোর-রাজের প্রদত্ত প্রায় ২ লক্ষ মুদ্রা আঘের ভূদম্পত্তির ম্যালক হইয়া দেবদেবা, অতিথিদেশা, গোদেবা, তীর্থদর্শন এবং অন্যাদ্য সংকার্য্যে প্রচুর অর্থবায় করিয়া / পিলাছেন। তাঁহারা বংশপরম্পরায় "দান্দাগর" করিবার ালমুম করিয়াছিলেন। এই নিয়ম চন্দ্রমণি চৌধুরাণীর আক্রের পর ্হইতে আর প্রতিপালিত হয় নাই; কিছু সেইদেবদেবাদি অভাপি সাধ্যা-

মুসারে ষংকিঞ্চিং রক্ষিত হইতেছে। রুফাবলভের পুত্র গোপালবলভও ৰুয়েকটা ভাষায় স্থপণ্ডিত ছিলেন। তিনি কাৰ্যাগতিকে কুচৰিহার যাতা-য়াত করিতেন। একদা কুচবিহার রাজদরবারে, দিল্লীর বাদসাহের দরবার হইতে সমাগত পারস্মভাষায় লিখিত একখানি পরোয়ানার অর্থোদ্ধার কইয়। অমাতারুন্দের মধ্যে আলোচনা চলিতে থাকে। পোপালবলভ ভংকালে রাজসভায় উপস্থিত ছিলেন। স্থপতিত বলিয়া তাঁহার প্যাতি থাকায় রাজমন্ত্রীর আদেশে তিনি ঐ পরোয়ানার অর্থো-দ্ধার করেন। ঐ অর্থ রাজার এবং মন্ত্রী প্রভৃতি সভাসদর্বের মতে সমীচীন হওয়ায় রাজ্যজ্ঞাক্রমে তাঁহাকে অমাতাশ্রেণীভুক্ত করা হয় এবং পরে তাঁহাকে রংপুর জেলার কাজির হাট পরগণাস্তর্গত সোণাথুলী ও জামিরবাড়ী নামক ছুইটী মহাল এবং তংসহ "জড় ধরিদা দেবোত্তর ধামার" আধ্যাযুক্ত বহু নিষ্কর ভূমি সন ১০১৩ সালে বা তাহার কিঞ্চিৎ অগ্র-পশ্চাৎ কুচ্বিহার-রাজ হইতে পুরস্কার দান করা হয়। এই প্রায় ২০ হাজার টাকা আয়ের ভ্ৰমপত্তি লাভ করিয়া তিনি রংপুরে চিনাপাড়া নামক স্থানে বাটী নিশাণ ও বিগ্রহ স্থাপন করেন। তিনি চিনাপাড়া ও প্রোদা উভয় স্থানেই বাস করেন।

সোপালবল্লভের পুত্র রামচন্দ্র পণ্ডিত, সমর-কুশল এবং স্থবলিষ্ঠ ছিলেন। কুচবিহার রাজ্যের ইনি সেনাপতি ছিলেন। যুদ্ধকালীন ব্যবহৃত লৌহবর্ম ইহার প্রপৌত্রের সময়ও পয়োদার তোষাধানায় ছিল। ইনি ভগিনীর বা ক্যার বিবাহে পয়োদা প্রভৃতির অন্তর্গত মৌজা চক তারাপাশা, চণীপাশা এবং কেদারপাড়া যৌতুক দেন। সামচন্দ্রের পুত্র শামচন্দ্র কুচবিহারের দেওয়ান ছিলেন। ১৬৮৭ খুটাকে স্মাট আওরক্জেবের সেনাপতি এবাদং থা রক্ষপুর আক্রমণ করেন। তৎকালে ইনি কুচবিহার হইতে ফৌজ আনাইয়া, নিজ বাড়ী চিনাপাড়ার

এবং অক্তান্ত নানাস্থানে রাথিয়া মোগল পেনার সহিত বছকাল ধ্রিয়া युक्ष करत्रन । २८।२६ वदमत युरकत भन्न व्यवस्थाय ३१३८ बुद्धारम এই दिन अवान স্থামটালের সহায়তায় রাজা শাস্তনারায়ণ মোগলগণকে সন্ধি করিতে वाधा करत्रन। উক্ত त्राका चग्रःहे এই युद्ध चवजीर्ग इहेग्राहित्मन। শ্রামটাদ রায় মহাশয়ের বিষয় গ্লেক্ষার সাহেবের রক্ষপুর জেলার গেজে-টিয়ারে উল্লিখিত আছে। ইনি স্বাধীন কুচবিহারের অধীন করদ মিত্র বা সামস্ত ভ্রমামী ছিলেন এবং স্বপ্রকার দেওয়ানী ফৌজনারী মামলা-দির বিচার ও শাসন সংরক্ষণ করিতেন ৷ শুনা যায়, প্রতি বৎসরে ইঁ হার ছইজনকে ফাঁসি দিবার ক্ষমতা ছিল। তদভিবিক্ত প্রাণদণ্ড করিতে হইলে কুচবিহারে একালা দিয়া করিতে হইত। পরে ইংরাজ-রাজের সময়ে ইহার বংশধরগণ জমিদাররূপে পরিণত হয়েন। কিন্তু পূর্বতন বিচারের নিয়ম ষৎকিঞ্চিৎভাবে এ যাবৎও বর্ত্তমান ছিল। শ্যামটাদের মৃত্যুর পর ইহার প্রত্রহয়ের নাম জারির বাবদ উদ্দৃভাষায় লিখিত সনন্দ আছে। উহাসন ১১৭২ সালে লিখিত। এত্ব্যতীত তৎপূর্কের বা পরবর্তী-কালের উদ্দুভাষায় লিখিত বহু দলিল আছে। তবে বর্ত্তমানে ঐ সকল দ্বিল পাঠ করিবার লোকই এদেশে বিরল। বর্তমান বংশধর বংগকবাব চেষ্টা করিয়া কয়েকটা মৌলভীর সহায়তা গ্রহণ করেন বটে, কিন্তু ঐ সকলের মর্মোদার হয় নাই। আরও বছ প্রাচীন দলিল, পাঞ্জা ও সনম্বাদি, এমন কি বংশের পুরুষামুক্রমে হন্তলিখিত ইতিহাসের খাতা-শানিও সন ১৩∙৪ সালের ভূমিকম্পে তোষাখানা ভূমিসাৎ হওয়ায় নই হট্যাছে।/এই জমিদারীর বর্তমান মালিক বহু চেটায় যাহা সংগ্রহ করিয়াচুনি, তাহাই মাত্র সম্বল।

"বংশের মধ্যে দেওয়ান শ্যামচাঁদই কেবলমাত্র বিশেষ প্রকারে মংখ্যাশী ছিলেন। তাঁহার উর্দ্ধতন বা অধ্স্তন পুরুষগণ সকলেই নির!-

মিয়াশী। শামিচাদ আবার এতাদৃশ মংস্তাশী ছিলেন যে, এক সন্ধাণ বিনা মৎস্যে আর গ্রহণ করিতেন না। কোন ও স্থানে যাইতে হইলে তাঁহার যান-বাহনের সঙ্গে সঙ্গে ভারে করিয়া মংসা যাইত। পরে আবার ঈশ্বর-ইচ্ছায় তিনি যাবজ্জীবন নিরামিষাশী হয়েন। ইহার মৎস্য-ত্যাগের বিষয় এইরূপ জানা যায় যে, ইহার কুট্র বর্ত্তমান প্রোদা-নিবাসী সাধুধালীর দাস-বংশীয় শ্রীমান হুংীরকুমার মজুমদারের পুর্ব পুরুষ নিজ বাটা পয়োদা মোকামে একবিন শ্যামটাদকে আহার করিবার নিমন্ত্রণ করেন। ভিনি ঐ নিমন্ত্রণরক্ষার্থ কুট্মবাড়ী যাইয়া দেখেন যে, বদিবার ঘরের বারাল। হ সাঁড়কের সঙ্গে একটা পাঠা চামডা-ছাডানো অবস্থায় টাকান বহিয়াছে। তাহার পার্থে একটি শকুল মংশু ঠিক ঐরণ ভাবে ছাল-ছাডানো অবস্থায় টাঞ্চান রহিয়াছে। খ্যামটাদ ইহার তাৎপর্যা কুটম্বকে জিজ্ঞান। করিলে তিনি উত্তরে বলেন যে, "ভূমি আগে বল কোনটা থাইবে" ? খামচানের এই কুটুম্ব বংশামুক্রমে শাক্ত, স্বতরাং শামটাদ বৈষ্ণৱ হইয়াও ঘোর মংস্থাশী, এজন্ম রহস্থ-মান্দে এরপ করিয়াছিলেন। কিন্তু শাম্চাদ মনে মনে বিচার করিয়া तिथलन, आिय देवछव विषया शैठि। वा अन्न मान्य वित्मव प्रता कति. অথচ মংসা বিনা এক সন্ধাতি চলে না। ইহা আমার বভ অন্যায়। আর দেখিতেছি যে, উভয় দ্রবাই একরপ্র রক্তবর্ণ। স্থতরাং মংস্ত-নাংসে পার্থক্য কোথায় ? অভএব আর মংস্ত খাইব না ৷ এই বিবেচনা ক্রিয়। বলিলেন যে, "এ ছুইয়ের কোনটাই থাইব না।" তাঁহার এই কথাই ২ৎস্ত-ভাগের কারণ ১ইল। সেদিন তাঁহার **জন্ম ওংহার** কুট্র মংস্তের নানা প্রকার ব্যঞ্জনাদি করিয়াছিলেন, সে সকল খ্যামটাল স্পর্শন্ত করিলেন না। পরে আজীবন মংশু গ্রহণ করেন নাই। প্রোদার বীষ্টীর ্দীঘিতে মৎস্তের আক্ষালন দেখিয়া তাঁহার মনে লোভের সঞ্চার হয়। ইহা

বুঝিতে পারিয়া, তিনি সর্বজনসমক্ষে এই দীখির মাছ সম্বন্ধে দিব্য দিয়া গিয়াছেন যে, "যে হিন্দু এই দীঘির মাছ ধাইবেসে গোমাংস ধাইবে, মুসলমান খাইলে শুকর খাইবে।" অভাপি সেই দিবা অমুযায়ী কেহই এই দীবির মংস্ত ভক্ষণ করেন নাঃ যদি কথনও কোন বড মংস্ত মরিয়া ভাসিয়া উঠে, তাহা তুলিয়া মাঠে বা জঙ্গলে ফেলিয়া দেওয়া হয়। যদি কেই বিশেষ লোভবশতঃ ধমহানির ভয় পরিত্যাগ করিয়া কথনও ঐ মংসা গোপনে লইয়া গিয়া রম্বন-ভোজন করে, তাহা হইলে মংস্ত আস্থানহীন হয়। যাহারা এইভাবে ভক্ষণ করিয়াছে তাহারা সকলেই বলে "মংস্য স্বাদশুভা"। এরপ ঘটনা কয়েকবার হইয়াছে। যদিও শ্রামচাদ মৎস্য ভ্যাপ করিয়াছিলেন বটে, কিন্তু মৃত্যুকালে তাঁহার পুত্রহাকে বলিয়া যান যে, "যদিও আমি প্রতিজ্ঞা করিয়ামৎস্য ত্যাগ করিয়াছি বটে, কিছু মনের লোভ একেবারে যায় নাই। স্থতরাং আবার যাহাতে মৎসাভোতী হইয়া জন্মগ্রহণ করিতে না হয়, এজন্ম আমার প্রান্ধে এবং বাষিক একোদিষ্টাদিতে যেন প্রচুর মংস্যের ধারা আহ্মণ-ভোজন করান হয়।" অভাপি ভাঁহার একোদিট দিবদে বান্ধাকে মংস্য ভোগন করান হয়। শ্রামন্টাদ শেষকালে ৬মঙ্গলচন্তী ঘটমর্ত্তি পুন: প্রতিষ্ঠা করিয়া তাঁহার জন্ম সন ১১৬৬ সালে বর্তমান "বাঞ্চল।" শ্রীমন্দির নিম্মাণ করেন। সন ১১•১ সালে বর্দ্ধনকুটা রাজার আলিহাট পরগণা নিলাম হয়। ভাজতাট এপ্টেট ত্ইতে উত্থাপরিদ করা হয়। কিন্তু বর্দ্ধনকুটীর প্রতাপে দখল করিতে না পারিয়া, ১১১০ দালে বা তাহার কিঞিং পূর্বে দেওয়ান স্থামটাদের সহায়ত। গ্রহণ করেন। স্থামটাদ কুচবিহারের ফৌজ স্থানিয়া উহা দুর্গল করিয়া দেন। এজন্ত তাজহাট হইতে আম্চাদকে প্রগণে আলীহাটের অদ্বাংশ দেওয়া হয়। পুর্বের এজমালি ছিল, পরে ইহার পৌত্র হৈত্রবাব দন ১২৫২ সালে ভাহাম করিয়া লইয়াছেন। খামটাদ ও ্টিহার পিত। রামচাদ এমন উচ্চকঠে লোককে ধমক দিতেন, যে লোক কিংকঠব্যবিষ্টু হইয়। পড়িত। এজক "ভাষ ভাড়া" ও "রাম ভাড়া" প্রবাদ-বাক্টের সৃষ্টি ' হইয়াছে বলিয়া আনেকে মনে করেন। ভামিটাদ ছই পুত্র রাখিয়া ১১৭১ দালে প্রলোক গমন করেন। ইহার মৃত্যুর পর ১১৮৪ সালে কোম্পানী বাহাতুর রঙ্গপুর জিলার ইজার। वत्मावछ करत्न। अधावर त्रम्भूत कृष्ठविशात्त्र भूखात श्रामन छिन, এই সময় হইতে ভাহা রহিত হয়। মুদলমানের আমলের পর কোম্পানীর আমলে বহু স্থানের প্রজা বিজ্ঞোহী হইয়া কোন কোন জমিদার-ৰাড়ী লুট করে, কিন্তু ইহাদের তখনও প্রবল প্রতাপ থাকায় কোনও অনিষ্ট হয় নাই বা কোম্পানীর ইজারার জন্মও অন্ত কেহ ইহাদের সম্পত্তি বন্দোবস্ত করিয়া লইতে সাহস করে নাই এবং দেবী সিংহের জুলুম ও সর্বাথা বিষ্ণল হইয়াছে। শ্রামটাদ রায়ের জ্যেষ্ঠপুত্র গোকুল চাঁদ কু5বিহার রাজ্যের ম্যাজিষ্টেট বা বিচারক ছিলেন। ইনি নাকি মাত্র ৩১ বা মতান্তরে ৫১ বংসর বয়সে এক মাত্র নাবালক পুত্র রাখিয়া মারা যান। ইনি অতি স্থপুরুষ ছিলেন,এজন্ত ইহার মৃত্যুর পর ইহার বুদ্ধামাতা আর কার্ত্তিক দর্শন করিতেন না। গোকুলটাদ নাটোর-রাজসরকারে দণ্ড জন্ম আহুত হয়েন; কিন্তু দণ্ডের পরিবর্তে পুরস্কার লাভ করেন। গৌরাষ্টাদের কাহিনী মধ্যে তাহা বিস্তৃতভাবে উল্লেখ করা হইল। গোকুলচাদ কুচবিহার-রাজের অতিশয় প্রিয় ছিলেন। রাজা ইঁহার প্রতিকুলে কোন কথাই শুনিতেন না। বুদা রাজ্মাতাও তাহাকে পুত্রবং স্নেহ করিভেন। এজনা অভাক্ত অ্মাতাবর্গের বিশেধ ঈর্ব্যা হয় এবং সেই ঈর্ব্যা পরে আকোশে পরিপত হয়। ফলে যড়যন্ত্রমূলে ভৃত্যের সাহায্যে ত্থের মধ্যে ই হার মৃত্যু হইলে, ই হার মন্তক ছেদনপূর্বক রাজার শয়নমন্দিরে

খাটের নীচে রাধা হয়। এই ভৃত্যের দৌহিত্ত-পুত্র বর্ত্তমান রহিমপুরনিবাসী রক্তনী দাস। রাজা গোকুলচাঁদের মৃত্যুতে বিশেষ শোক পান
এবং ই হার নাবালক পুত্রের জন্য কতকগুলি • সোনার পাটা পাঠাইয়া
দেন। গোকুলচাঁদের এইরূপ মৃত্যুই বিধিলিপি, কিন্তু এই শির একবার
নাটোর-রাজ্যভা হইতে রাজাকে বাঁচাইয়া আনিয়াছিল। তৎকালে
সম্ভবতঃ শনির কোপে বৃহস্পতির কুপাদৃষ্টি ছিল। বিস্তৃত বিবরণ পরে
লেখা হইল। গোকুলচাঁদের মৃধ শেখিয়া নাটোর-মহারাজ্ঞীর প্রাণে
পুত্রস্থেহের সঞ্চারই তাঁহার প্রাণরক্ষার স্বভ্তম কারণ।

শ্রামটালের কনিষ্ঠ পুত্র গৌরাফ্টান নিষ্ঠাবান, ধান্মিক, দীর্ঘকলেবর এবং অত্রান্ত বলবান ছিলেন। পিতা ও পিতামতের ন্যায় ই হারও পলার আওয়াজ ক্রোধের সময় বহুদুর হইতে শুনা যাইত। তিনি যেমন ধার্মিক তেমনি আবার দোর্দণ্ড-প্রতাপও ছিলেন। এমন ধার্মিক ছিলেন যে, তাঁহার জীবদশাতেই তাঁহার নামে মানস চলিত এবং এখনও চলে। বিশেষতঃ গাছে যদি ফলনা ধরে, তবে "বুডাকঠা" গৌরাঙ্গটাদের নামে মানস করিলে গাছে ফল অভাপি ধরে। ক্ষমা ্যায় যে, একটি বন্ধ্যা নারী মানস করায় পুত্রলাভ করিয়াছিল। পরে দে ঐ পুত্র লইয়া গিয়া "বুড়াকর্তা"র দাস্তকার্যো তাহাকে নিয়োগ করিয়াছিল। ক্থিত আছে, ইনি এতদুর বলশালী ছিলেন যে, বুদ্ধ বয়নেও বড কাগজী লেবু হাতের তর্জনী ও মধামা অপুলীর মধ্যে রাথিয়া কাঁচি দিয়া কাটিলে যেমন হয় তদ্ৰূপ ভাবে দ্বিপণ্ডিত করিতেন এবং নিজ ভজনী অস্থলী কলাগাছের মধ্যে থোঁচা দিয়া প্রবেশ করাইয়া দিতেন: হিন্দুস্থানী বলবান কু;ক্তিগণ দারবানের উমেদার হইয়া উপস্থিত হইলে তাহাদিগকে গৌরাস্টাদ নিজ অসুশী বক্ত করিয়া তাহা সোজা করিতে দিতেন। যে পারিত তাহাকে চাকরীতে বাহাল করিতেন। তিনি একাহারী

ছিলেন। ৺গোপীনাথের পায়স অন্ধ্রপাদ (৴১া৽ বা ৴১॥০ চাউলের, পাকি ওজনের এক পোয়া মুত্ত এবং তৎদক্ষে এক কড়াই চুধ ১৮ আঠার সের ক্লীর করিয়া সেই প্রসাদ পাইতেন। কোনও কারণে অন্ত খাত গ্রহণ না করিয়া ৭ দিন বা ১৫ দিন কেবলমাত্র ঘত ও চিনি খাইতেন এবং তাহাতে স্বাস্থ্যের কোনও বিক্ষতি ঘটিত না। ই হার একমাত্র কলার বিবাহে জামাতাকে পয়োদা নিগবের অন্তর্গত ছিট্ খাহুলীদিপর ভসম্পত্তি যৌতক দেন। তাঁহার বংশধর পর্যোদা-নিবাসী বীরেশ মজুমদার অত্যাপি ঐ সম্পত্তি পত্তনী দিয়া ভোগ করিতেছেন। গৌরাঞ্চাদের প্রৌচাবস্থায় ঐ যুবতী করা এবং কিশোরবয়স্ক পুত্রন্বয় ও তাহার অতাল্প-কাল মধ্যেই দ্বিতীয়া সহধর্মিণী পরলোক গমন করায় ইনি নিঃসন্তান) হয়েন্। ক্রমে সংসারে বীতস্পৃহ হইয়া, বিষয়-কর্মের ভার দেওয়ানের প্রতি **অর্প্**ণ করিয়া, সংস**ঙ্গে ধর্মকর্মে ব্যাপ্**ত থাকিতেন। জীবনের অব্শিষ্ট কাল এইরূপ অনাসক্তভাবে বিষয় ভোগ করিয়া গিয়াছেন। তিনি নামমাত্র বিষয় দেখিতেন ৷ স্বতরাং উপযুক্ত তত্বাবধানের অভাবে নাজিরপুর প্রগণা পথ-করের নামে নিলাম হইয়া যায়। এই সম্পত্তি ষধারীতি পুনরুদ্ধারের জন্ম লোকে অমুরোধ করিলে "লাঠিসে লে लाइ विवास निए हे थाकितन अवः छाक काजित ममनम है।का মাতদেথীর দানসাগরশ্রাদে ব্যয় করিয়া ফেলিলেন। তিনি দানে চির্দিনই মুক্তহন্ত। বিশেষতঃ বৃদ্ধ বয়সে বিশেষ প্রকারে মুক্তহন্ত হয়েন। তিনি মাথায় তৈল মাখিতেন না ; লম্বা চুলের মধ্যে উকুন পরিপূর্ণ থাকিত। যদি হঠাৎ একটি উকুন মাটিতে পড়িত তাহা আবার তৎক্ষণাৎ তুলিয়া মাথায় রাখিতেন। জীবে দয়া, নামে ফচি এবং দাধু দেবা তাঁহার স্বভাব-সিদ্ধ ছিল। জীবিত মৎস্য দেখিলেই জলে ছাড়িয়া দিতেন। সম্পাইন-মোতাবেক সম্পত্তি উদ্ধারে তিনি উদাসীন থাকিলেন বর্টে. কিন্তু ইংরাজের

আমান পভাষ আর লাঠির জোরে ঐ বিষয় উদ্ধার করিতে পারেন নাই। গৌরাক্টাদ একদা নৌকাযোগেে রংপুর ষাইবার পথে ৺রাজরাজেশব শাৰগ্ৰাম বিগ্ৰহ প্ৰাপ্ত হয়েন। পরে নাটোর-রাজ হইতে সম্পত্তি প্রাপ্ত হুইয়া এই বিগ্রহের নামে দেবোত্তর করেন। তার পর নাজিরপুর প্রগণার সঙ্গে সঙ্গে এই বামন গাঁও গ্রুবহ দেবোত্তরও বেদ্ধল ২য়। প্রবাদ আছে যে, নৌকাযোগে রঙ্গপুর যাইবার কালে নিজ চাকরের ক্রটিতে বাঁটনা বাটিবার নোডাটী নদীর জলে পড়িয়া খায়। এজন্ত নিকটম্ব নালিয়াপাড়া গিয়া জনৈক নালিয়ার নিকট একটা নোড়া চান! কিন্তু উহারা মৎস্যাশী বলিয়া উহাদের ব্যবস্থত নোড়া না লইয়া উহাদের নল ছেচিবার পাথরের শিল্টী চাহিত্ব। আনেন। তার পর কার্যান্তে উহা নাধুয়াই রাধিয়া দেন। এদিকে গৌরাকটাদ মধ্যাহে প্রসাদ পাইয়া নিডা ঘাইতে বাইতে এরণ স্বপ্লাদেশ পান:--"ন'লে বাড়ী ছিলাম ভাল। আমার দারা বেশ ঠাওায় ঠাওায় নল টেচিত। নলের রুসে আমার শরীর বেশ শীতল থাকিত আর নল ছেঁচিবার কালে রাম রাম শক কবিহা আমাৰ নাম কবিত। তাহাতেও আনন্দ পাইতাম। ভোর চাকর আমাকে আনিয়া লক। বাঁটিয়া না ধুইয়াই রাখিয়া দিয়াছে। ঁ আমি জলিয়া পুড়িয়া ছার্থার হইলাম। উঠিয়া আমাকে দেণ্, আর ঐ গোয়ালা বাডীর কাঁচা চধ আনিয়া আমাকে আন করাইয়া জালা নিবারণ কর্।" গৌরাস্টাদ এই অপ্রাদেশে জাগরিত হইয়া চাকরকে ভাকিয়া নোড়া চাহিয়া লইয়া দেখেন বে, শালগুলান। তথনই সাত কলসী কাঁচা হুধ ছারা স্নান করাইলেন এবং স্বপ্রাদিষ্টমত সব ব্যবস্থা क्तिलन। ये नानियाक छाविया गव कानाहरतन। छाहात नन-एक्ँछ। পাথর পালগ্রাম জানিয়া সে উহা লইতে রাজী হইল না , গৌরাস্কটাদকে দান করিলঃ তিনিও প্রমার্থ পাইয়া সামাল অর্থের আশা ত্যাগ

कतित्तन ও तक्षश्रत ना याहेया महानत्न भानधाममह वाड़ी कितित्नन। তদবধি এরাজরাজেশ্বর এগোপীনাথের দিংহাদনে বিরাজ মানা বিগ্রহের পূর্ণ লক্ষণও ই হাতে আছে। স্বতরাং শান্তামুষায়ী "গৃহীনাঞ্চ স্বপ্রসদ্ম এবং "পঞ্জ বৈরাগ্যদে। নৃণাম্" এই উভয় প্রকার ফলই ইনি দিতেছেন। ইহার দেবাইতগণের মধ্যেও এই উভয় প্রকার ফলই প্রতিফলিত দেখা যায়। এ বংশের স্ত্রীপুরুষ সকলেই সংসার-স্থওভার করেন অথচ মনে মনে বৈরাগ্যভাব স্পষ্টই পরিলক্ষিত হয়। এরাজ-রাজেশ্বর বড়ই জাগ্রত ঠাকুর। বহু লোককে বহু স্বপ্লাদেশ করেন। ব্রহ্ম বারী হইয়। ই হার সেবা করিতে হয়। সেবকের অপরাধাত্মঘায়ী সময় সময় দণ্ডেরও ব্যবস্থা করেন। অনাবৃষ্টি সময়ে ই হাকে আনজলে ডুবাইয়া রাখিলে স্থবৃষ্টি হয়। যে সম্পত্তি হ'হাকে দেবোভার করিয়া দেওমা হয় তংশস্বন্ধেও প্রবাদ আছে বে, একদা গৌরাঙ্গটাদ পরোদার দূরবন্ত্রী ইচ্ছামতা নদীতে রাধিয়া থালীরঘাটে স্নান করিয়া সন্ধ্যা আহ্নিক করিতেছিলেন। ইংার স্থান-আহ্নিকরও বিশেষত্ব ছিল। একটা বড় দাঁতওয়ালা হাতীকে গলাজলে নামাইয়া তাহার দম্ভ-যুগলের উপর জলচৌকী রাধিয়া তত্ত্পরি বদিয়া হুই হাতে হুইটী বড় কল্সী লইয়া, দেই কলসী ভরিগা জল তুলিয়া, মাথায় পর্যায়ক্রমে অনবরত ঢালিতেন। আবার এই "কমলে কামিনী"-স্বান-সম্ভে ঐ ভাবেই ভিজা কাপড়ে বদিয়া সন্ধ্যা-আহ্নিক পূর্ব্বক শুবপাঠ করিতে করিতে ঐ ভাবেই বাড়ী ফিরিতেন। এইরপে একদিন দম্ব্যা-আফিক করিবার সময় একখানি নৌকা নদীর স্রোতের বেগে আদিয়া তাঁহার গায়ে লাগে। ঐ ধাকায় তাঁহার ধ্যান ভঙ্গ হওয়ায় ক্রোধ্বশতঃ নৌকাথানি টানিয়া তিনি **षाचा**ध कुनिया स्म्लन। পরে জানা গেল যে, নাটোর-রাজের কোনও বড় কর্মচারী কোনও রাজকুটুম্বসহকারে ঐ নৌকায় যাইতেছিলেন।

এই কথা নাটোর-রাজের গোচর হওয়ায় রাজকোপের কারণ হয়। এ প্রদেশ নাটোর-রাজ্যভক্ত থাকায় রাজাজ্ঞায় গোকুলটাদ কনিষ্ঠের দোষ মার্জনার জন্ম নাটোর রাজদরবারে হাজির ভাষেন এবং অনাবভ মন্তকে রাজসভায় দ্রায়মান থাকেন। ইহার প্রতি আর্ভ একটি গুরুতর খপরাধ আরোপিত ছিল যে,একদা কোনও কারণে নাটোর-রাজ কুচবিহার রাজনরবাবে নীত হয়েন। গোকুলচাঁদ নাকি তথন নাটোর-মহারাজকে দেখিয়া গাত্তোখান করেন নাই। আবার এখন এই অনাবৃত মস্তকে রাজসভান্ত ২ওয়া হইল তৃতীয় অপরাধ। এজন্য প্রথমে রাজমন্ত্রী "এই নৃতন অপরাধের কারণ ও এই অপরাধের কি দণ্ড তাহা জানেন কি না"-এরপ প্রশ্ন গোকুলটাদকে করেন ৷ গোকুলটাদ উত্তর করেন, 'আমি জানি যে রাজদরবারে উষ্ণার ব্যবহার না করিলে শিরচ্ছেদ হয়। কিন্তু থেদিন আমি কুচবিহার রাজ্যের প্রতিনিধিম্বরূপ নিজ এললাদে আমার ভূষামী নাটোর-মহারাজকে পাইয়াও গাত্রোখানপুর্বক সম্মান প্রদর্শন করি নাই, জানি সেইদিন চইতেই আয়ার নাথা নাই। অত্এব উষ্ণায় বাঁণিব কোথান্ত পার সেদিন নিজ মনিব ও ভ্রামী কুচবিহাব-রাজ্যের সম্মান রক্ষা এবং নিজ ক্ষমতাত্বযায়ী নিজ ভূমানী নাটোর-রাজের প্রাণ ও স্থানরকা সমত বিবেচনায় নিজের প্রাণদঙ স্বেচ্চাপুর্বার বরণ করিয়াছি। তৃতীয় অপরাধ ধাহা আমার কনিষ্ঠের ধারা সংঘটিত হইয়াছে, দেইজনাও আমি নিজে দুওগ্রহণার্থ হাজির হইয়াছি। দে এখন ধ্বক, তাহার বৃদ্ধি পরিপক্ষ হয় নাই। পুরাঝালে ধাান ভঙ্গ করিলে মুনি-ঋষিগণ ধ্যানভঙ্গকারীকে ভত্ম করিতেন, শাল্পে দৃষ্ট হয়। দে স্থলে আমার কনিষ্ঠ গুরুপাপে অত্যন্ত नचु मंख, अमन कि यांश मंख नम वनितनहें ठतन, माज जाहारे कतियाह । নিজ দেহে ধ্যানাবস্থায় বিশেষ আঘাত প্রাপ্ত হওয়ায় এক ধাকা দিয়া

तोकाश्रानि मात छात्राय जुलियारे काछ रहेग्राष्ट्र। हेराए कानरे অভায় করে নাই। আর নাটোর-মহারাজের ও বিশেষ আনন্দের বিষয় এই যে, তাঁহার একটি প্রজা এরপ বলশালা যে, প্রকাণ্ড নৌক। একার্চ তারে টানিয়া তুলিয়াছে এবং তাহার নিকট নাটোর-রাজের নৌকান্ত সিপাহীগণও পরাজিত হইয়াছে। এমন প্রজা কোনও দিন মহারাজের বহু কার্য্য সাধন করিবে। স্থতরাং আমার প্রতি দণ্ডবিধান হউক এবং আমার কনিষ্ঠ যাহাতে তথ থাইয়া আরও বলবান হইতে পারে ভন্মত রাজাদেশ প্রচার হউক। অতঃপর রাজাদেশে বামনগাঁ ও গ্রুরহ গৌরাজ চাঁদকে হুধ খাইবার জন্ম কেসিদ দেওয়া হয়। আর গৌরাকটালও এই সম্পত্তি লরাজরাজেশরের দেবোত্তর করেন। এই বিগ্রহ তাঁহাকে বছ স্বপ্ন দিতেন ও যথন যিনি সেবাইত হয়েন তাঁগাকেই স্বপ্নাদেশ করিয়া থাকেন। গৌরাঙ্গটাদ বাদিয়াখাগাতে একটা এবং পয়োদার সদর शास्त এकि हो छ । जानाशक शासन करतन । भरतामात अर्थेशसन ধরের জমি ছিল তাহার উপস্বত্ব দার। হনুমানজীর সেবা-পূজা হইত। ইনি ঐ স্থানে হাট স্থাপন করিলেন এবং দেবা-পূজার ব্যয় এট্রেট হইজে চালাইলেন : এই স্থানের সংলগ্ন অপথপার্শ্বে গৌরালটালের প্রকান পুরুষের প্রতিষ্ঠিত বটবুক্ষের চতুর্দ্ধিকের জন্ম পরিষ্কার কর্মাইবার সময় নিক্ষাবিভায় ব্যিয়া বুসিয়া নথের ছার। ঐ বুক্ষে একটি হতুমানের মুখাবয়ব অন্ধিত করেন। সেই রাভেই তাঁহার প্রতি স্বপ্রাদেশ হয় যে, ''আমি বছদিন হইতেই এই বুকে অধিষ্ঠিত আছি, তুমি আমার খবয়ব অত্বিত করাতে আমি ঐ স্থানে প্রকট হইলাম ." পরদিন প্রভাতে দেখা পেল, বুক্ষের এ স্থানের বন্ধলাদি উচ্চ হইয়া হনুমানের অবয়ব প্রকট হইয়াছে। তথন মহাসমারোহে পূজা, ভোগ-রাগাদি হয় এবং অভাবধি শনি, মঙ্গলবার ভোগ-পূজাদি হইয়া থাকে। অভাভ দ্রব্যের

মধ্যে "মগধের লাড়" ভোগই ৺হতুমানজীর প্রিয়। ইহা প্রসিদ্ধ স্থান। থুব জাগ্রত ঠাকুর। থিনু মুসলমান সকলেই মানসিক্রের। গৌরাঙ্গলৈর নায়ের প্রান্ধের 'যাড' জোয়ারদহের কোনও অবস্থাপর মুদল্যান মুন্দি সাহের ধরিয়া লইয়া গিয়া হত্যা করিবার মতলব করে। গৌরাঞ্চাদ 'হাতিঘারবন্দ' হইয়া ব্হলোকজন-সহকাবে ঐ গ্রাম লঠন পুৰুক ঐ ধন্মের যাঁড় উদ্ধার-মানদে যাত্রা করিলেন। এদিকে উক্ত মুন্দি সংবাদ পাইয়া প্রাণভৱে ষাঁড় তাড়াইয়া দেয়। হামিদপুরে ঐ ষাড় পাওয়া যায় : তার পর স্থানীয় লোকের বত চেষ্টায় লুট না করিয়া যাঁড সহ বাড়ী ফিরিয়া আসিলেন। এইরূপ তাঁহা ছারা আরও বহু ফৌজদারী দশুবিধির আমলযোগ্য কার্য্য মধ্যে মধ্যে ঘটিত। এজন্য একবার ভ্রাতৃপুত্তের পরামর্শে কিছুদিন বিলসোণা পাত্লিয়ার মধ্যে নৌকায় এবং পরে প্রবদিন মালাঞ্চিতে ভ্রামলাল সরকারের 'বার্ডছারী' ব্ববে গোপনে বাদ করেন। তিনি মালাঞ্চিতে শিবমন্দির প্রতিষ্ঠা ও শিব স্থাপন করেন ৷ সেই শিব বহুপরে হৃষীকেশ ভট্টাচার্য্য চুরি করিয়া পাগল হতেন। নাজিরপুর পরগণা নিলাম হওয়ায় এ প্রদেশের আয় • এককালীন খুব কম হইয়া যায় এবং দেই সময় রঙ্গপুর অঞ্চেও ততা-বিধানের বিশেষ শৈথিলা হওয়ায় নিজ ভাতৃপুত্র তৈত্ত্যচন্দ্রকে বয়:প্রাপ্ত ত্তি গ্রাহ কিঞ্চিৎ পূর্বেই **স্থাশিকা** দিয়া রঙ্গপুরের সম্পত্তি রক্ষণাবেক্ষণের জন্ত পাঠান। নিজে দেবদেবা লইয়াই পয়োলায় থাকেন। ভ্রাতৃপাত্র স্বেচ্ছা পুর্বাক যাতা দিতেন, ভদ্মারাই দেবদেবা, অতিথিদেবাদি করিয়া প্রসাদ পাইয়া নংসঙ্গে জীবন অতিবাহিত করিতেন। অবশেষে ৮৫ বংবর বয়সে স্জ্ঞানে এগোপীনাথজীউকে দর্শন করিতে করিতে সন্মানসদুশ ব্যাধি আশ্রমে অস্থান প্রয়াণ করেন। হৃত্ত শরীরে মধ্যাকে প্রসাদ পাইয়া নিজা গেলেন। হুই ঘণ্টা পর জাতুপুত্রকে ডাকিয়া বলিলেন,

"আমার মাণা ঘুরিয়া দেহ অবশ চইতেতে। আমি চলিলাম।" ৬ গোপীনাথ ভাউকে দর্শন জন্ম ইঞ্চিত করায় ৮ বিগ্রহ আনিয়া সন্মুখে ধরা হইল। ঠাকুর দর্শন কিরিয়া চক্ষে বালা বহিতে লাগিল। সেই সময়ই তিনি অমরধানে গমন করিলেন। আতাই ও ইচ্চামতীর সঙ্গমন্ত্রে যে প্রাচীন শুশান সেধানেই ভাঁহার পঞ্জোচিক দেহের অবসান হয়।

৺গোকুলটাদের পুত্র চৈতভাচন্দ্র নন ১২:৩ সালে জন্মগ্রহণ করেন -হৈতভাচন্দ্র মাত্র ১৪ বংগর কালে কাষ্ট্রীয়া বিভাগের পরিভাগে করেন। ইতিমধ্যেই তিনি বাঞ্চলা, সংস্কৃত উদ্দিও কিঞ্ছিং ইংরালিও শিক্ষা করেন এবং এই বয়সেই বিষয়কম্মশিক। আবেজ্ঞ হয়। তিনি এরণ দক্ষবিষয়ে পরিপক হলেন যে, ঠাছার জীবনকালে ছিনি সমসাময়িক ভ্যাধিকারিগণের মধ্যে সর্বাপেক্ষা বৃদ্ধিমান এবং সর্বা-শ্রেষ্ঠ ব্যক্তি বলিয়া বিখ্যাত হয়েন। বয়ঃপ্রাথ্য হুইবার পর ঘরে বসি-য়াই স্কুপ্তিত হুইয়াছিলেন। ইনি যৌবনের পের সময় পর্যান্ত বৃদ্ধপুরেই বাদ করেন। নুতন সম্পত্তি ধরিদ করিয়া আয়ে বহু বৃদ্ধি করেন। পরে পাবনা জেলাতেও সম্পত্তি বুহ্নি করিয়া প্রোদায় আসিয়া বাদ করেন। ইনিও একাধারে ভক্ত এবং অস্ত্রবিদ্যা-বিশাবন ছিলেন । অসমসাহসিক ছিলেন: রাত্রিকালে একাকী অসিহত্তে ব্যাছের সমুখীন হইয়া ব্যাঘ্রকে বধ করিয়াছিলেন | আরও বছ বীরত্ব-কাহিনীর জন্ম ইনি প্রসিদ্ধ ছিলেন । ইহার নাম শুনিয়া এখনও রঙ্গপুরের প্রাচীন লোকে ভয়ত্তক ভাষা প্রযোগ করে। বগীর নাম করিয়া বঞ্চদেশের ছেলেদের ভয় দেখায়, রঙ্গপুরে চৈত্নাবাবুর নাম তেমনি ছিল। ইনি বছপ্রকার ভক্ত-মন্ত্র অভ্যাদ করিয়াছিলেন। তিনি মন্ত্র-চিকিৎসা করিতেন। এরপ মন্ত্র শল ছিলেন যে, মন্ত্রশক্তিতে অবাধ্য সাধন করিতেন। উাহার দংগৃহীত মন্ত্রের খাতা অদ্যাপি তাঁহার পৌত্রের নিকট আছে এবং সে সকল কতক কতক প্রয়োগ করিয়া দেখা গিয়াছে মন্ত্রগুলি প্রতাক্ষ ফলপ্রদ। তিনি দর্পদিষ্ট বছ ব্যক্তির প্রাণরক্ষা করিয়াছেন। মৃত সঞ্জীবনী বিদ্যা-প্রয়োগে বলাই দাদকে পুনজ্জীবিত করেন। দে ছাদের উপর হুইতে পড়িয়া মারা গিয়াছিল। চৈত্তুবাবু বহু পরিশ্রমে এক দিনের চেষ্টায় প্রাণদান করেন। আবার ইনি এতাদশ মাতৃভক্ত ছিলেন ষে, মাতার জীবিত কাল প্র্যুম্ত তাঁহার চর্ণোদক পান না করিয়া জল গ্রহণ করিতেন না। প্রয়োজনাত্যায়ী বিদেশে ঘাইতে হইলে গোময়ের ভন্ম মাতৃপদোদকে সিঞ্চিত পরতঃ ভাহাই সঙ্গে লইতেন এবং যথারীতি পান করিতেন। এদিকে যেমন ভক্ত তেমনি আবার দোদিও প্রতাপ-শালীও ছিলেন। শত্রুদমনে কিছুতেই দ্বিধা বোধ করিতেন না। তাজ-হাটের রামস্থলর বাবুর সঙ্গে প্রথম যৌবন হইতে বিশেষ সৌহান্য ছিল। উভয়ে একসঙ্গে বহুদিন শীকার আদি ও গীত-বাদ্যাদি নানা প্রকার আমোদ-প্রমোদ করিতেন। উভয়ের "বন্ধু" পাতান ছিল। কোনও কারণে আবার তেমনি মহাবৈরভাব হয়। উভয়েই উভ-মের ভীষণ শক্র হয়েন। অবশেষে এই বৈরভাবের ফলে এক তুর্ঘটনা ঘটে ; জলঙ্গা ও ছাপঘাটির মধান্তলে পদ্মার চরাতে বিপ্রহরে ঘেরা স্থানের উপর দিয়া "মাডিয়া"দের নৌকায় গুণ টানিয়া যাইতে বরকলাজদের সহিত "মাডিয়া"দের বচসাহয়। ফলে তিনি ৬ থানি নৌকা আক্রমণ করেন ও এ৪ জন বরকলাজকে তরবারির আঘাতে কাটিয়া ফেলেন। পরে দলপতির দেহ দ্বিথণ্ডিত করেন। উহার। পলায়ন করে। শীকার-ছলনায় রামস্থলরবার চৈত্তভাবারুর প্রাণনাশের যুক্তি করেন। চৈত্রতারু অজ্ঞাতসারে ফাঁদে পা দেন এবং তাঁহার প্রভুভক মাহুতের বুদ্ধিতে রামস্থন্দর বাবু এবং হৈচতক্সবাবু উভয়েরই প্রাণরকা হয়। এই আক্রোশের ফলে ভাজহাট

লুট হয়। শক্রণমন জন্ম তাজহাট, তুষভাগুার, টেপার এক তরফের ধনরত্ব, এমন কি একটা হাতি পর্যান্ত লুট করিয়া একেবারে পয়োদার আনিয়াছিলেন। এই তাজহাট লুটের মোকদ্মার তাঁহার নিজ ক্বানবন্দির নকল এযাবংও ছিল। ইহা এক বিশ্বাস্ঘাতক বেনাম দার ক্র্যান্ত্রী রাজসাহী জিলার বিলকুড়ী "আতাই কুপা" বা তদ্রেপ নামধারী সম্পত্তি ত্বলহাটী রাজাকে কবালা করিয়া দিয়া পলাতক হয়। চৈতন্মবাবু তাহাকে ঝুঁজিয়া ধরিয়া আনিয়া ফাটক্রখানায় আবদ্ধ রাথিয়া যথোচিত সাজা দেন। ইনি সপরিবারে গঙ্গা ধারা করেন, পথিমধ্যে ত্র্টিনা ঘটায় ফিরিয়া আইসেন। পরে আবার স্বপ্রাদেশে মৃত্যু নিশ্চম জানিতে পারিয়া একসপ্তাহ পূর্বে মুর্শিন্বাদ গিয়া গঙ্গান্তজলে দেহত্যাগ করেন। তিনি ও কলা ও ১ নাবালক পুত্র রাথিয়া যান।

এই পুত্র কৃষ্ণচন্দ্র রায় যেমন রূপবান, গুণবান, তেমনি বলবান ছিলেন। তিনি মাত্র ২৪ বংসর জীবিত ছিলেন। আসন, নেতি, পৌতি, ত্রাট্, ক্রাস, প্রাণায়ম প্রভৃতি যোগের ক্রিয়া জ্ঞাস করিয়া ছিলেন। ৪ অঙ্গুলী চওড়া ১৫ হাত লম্বা বস্তুথগু উক্ত কার্য্যে ব্যবহার করিতেন এবং প্রাণায়মে ৪ অঙ্গুলী পর্যান্ত উর্দ্ধে উঠিতেন। রাত্রি ৪টার সময় গিয়া বাদিয়াধালীর নদার জলে নামিয়া বস্তি প্রভৃতি ক্রিয়া করিতেন এবং প্রাণায়মে এ৪ বন্টা শবের মত নিশ্চেট্ট অবস্থায় জলের উপর ভাসিতেন। এই সব কাজের বিদ্ধ হওয়ায় ব্যাধিগ্রন্ত হয়েন ও কলিকাতায় বছ চিকিৎসার পর গলাস্তজ্বলে দেহ ত্যাগ করেন। মৃত্যুর অব্যবহিত পূর্ব্বে হাসিয়াছিলেন। হ্রষীকেশ ঠাকুর কারণ জিজ্ঞাসা করেন, তাহাতে বলেন, "এ বড় স্ব্রেষ্ব সমর। হাসিতে হাসিতে গিয়া দাড়াইব।" ইনিবি-এ, এম্-এ, প্রভৃতি ডিগ্রীলাভের জ্বল্ল ইংরাজা কলেজে পড়েন নাই। পাবনা জিলা স্কুনেই ইহার পাঠ সমাধা হয়। পরের স্বরে

বসিয়া পড়িয়া সংস্কৃত ভাষায় স্থপণ্ডিত হইয়াছিলেন। বহু শাস্তগ্ৰন্থ এবং অক্তান্ত নানা পুত্তক সংগ্রহ করত: লাইবেরী স্থাপন করিয়া গিয়াছেন। ইহার হস্তাক্ষর স্থন্দর ছিল এবং অনেক গ্রন্থ লিখিয়া দিতেন। ইনি বিতোৎ-সাহী ও মুক্তহন্ত ভিলেন। অক্তান্ত বহু সংকার্য্যের মধ্যে পাবনা সহরেও ইঁহার বহু কীর্ত্তি বর্ত্তমান। ১৮৮২ খুষ্টাব্দে ঘখন Sir Rever Thomsom তদানীস্তন বল্লের পাবনায় আইসেন, তগন পাবনা সহরে কেবলমাত্র জিলাফুল ভিন্ন আর কোন বিতালয় না থাকায় সাধারণের অভাব দুরীকরণ জন্ম লাট সাহেবের উপদেশনত বহু অর্থব্যয়ে বিভালয়ের জন্ম পাবনা সহরে পাকা বাড়ী কার্যা দিয়াছেন। প্রথম দফার ১০০০ এক হাজার টাকার বাবদ লাট দাহেবের প্রাইভেট সেক্রেটারা প্রাপ্তিমীকারপর্ব্বক ধলুবাদপত দেন। পরে ৺ বাদ্র পণ্ডিত মহাশ্রের ততাবধানে ২৮০০, টাকা ব্যয় করতঃ বাড়ী নির্মাণ করেন। কিন্তু পরোপকার বা লান করিয়া নাম জাহির করা তাঁহার মত যোগীপুরুষের অভিপ্রেত না হওয়ায়, ঐ লালানে নিজ নাম লিখিতে দেন নাই। বিভাশিক্ষার কার্য্যে ব্যবহার করিবার জন্ম সহরের কয়েক জন উপযুক্ত ব্যক্তিকে ট্রাষ্ট নিকাচন করত: ঐ বাড়ী সাধারণের হাতে ছাডিয়া দিয়াছেন। প্রথমে ঐ বাডীতে ছাত্রবৃত্তি স্থল হইত,পরে উচ্চ ইংরেজী বিত্যালয় হয়। কিছুদিন জাতীয় বিছালয়ও হয়। বৰ্তমানে মহাকালী পাঠশালা ও কংগ্ৰেস কমিটিব বয়ন বিতাল্য ও অকিস ঐ বাডীতে প্রতিষ্ঠিত আছে। কয়েকবার সহরের মাতব্বৰ ভদ্ৰলোকে দাতাৰ পুত্ৰকে লইয়া সভা কৰতঃ যাহাতে এই কীৰ্স্থি লোপ না হয় ভজ্জন্ত একথানি পাথৱে "The Krishna Chandra Educational Institute" লিখিয়া উহা ঐ বাডার শিখর দেশে স্থাপন করিতে তাঁহাকে সতপদেশ দেন, কিন্তু পিতার নারব দানের পক্ষপাতী ছিলেন বলিয়া পুত্র তাঁহার ইচ্ছার বিরুদ্ধ কার্য্য এ যাবৎ করেন নাই।

ক্ষ্ণচন্দ্র জ্যোতিবশাস্ত্রে ব্যুৎপন্ন ছিলেন, এবং এতদ্বারাও বহু পরোপকার করিছেন। পিতার মন্ত্রপুস্তক বাতীত আরও শাবর তন্ত্র প্রভৃতি কতকগুলি মন্ত্রপুত্তক সংগ্রহ কবতঃ পরোপকার করিতেন। ক্ষণ্ডন্দ্র সাজ-পোষাক করা দুরের কথা, জুভা পর্যান্ত পায়ে দিতেন ন।। মাজায় বাঁধিয়া কাণ্ড পরিতেন, কোঁচাও লিতেন না। ইহার সঙ্গে আলাপে লোকের অধ্যা দূর হইত। ইহারই সঙ্গগুণে তাড়াসের রাজ্যি রায় বন্মালী রায় বাহাদুর প্রথমে ব্রাহ্মধর্ম পরিভ্যাগ করত: নৈষ্ণৰ হছেন। ১৮৮২ গুষ্টাব্দে প্ৰথম পরিবর্ত্তন আরম্ভ হয়। পরে উর্ব-নিয়ার ৮ রায় মহাশ্যের। শিক্ষা পান : প্রোদার নিজ বাড়ীতে এলো প্যাথিক ডাব্রুার ও কবিরাজ বেতন দিয়। রাশিয়া দাত্রতা 5িকিৎসালয় স্থাপন করেন। নিজেও আয়ুর্কোদে ব্যুৎপন্ন ছিলেন এবং বছ ক**ঠি**ন রোগীকে ঔষধ দিয়া নিরাময় কারতেন। পার্বত্য প্রদেশ ও নানান্তান হইতে তুম্প্রাপ্য ঔষধদকল সংগ্রহ করত: ভৈষজ্য উদ্যান করিয়াভিলেন। প্রােদাতে ছাত্রবৃত্তি স্কুল করিয়াছিলেন। ফিল্টার, বক্ষম্ব প্রভৃতি আনিয়া বৈজ্ঞানিক প্রণালীমতে বিশুদ্ধ ঔষধাদি প্রস্তুত করিয়া পরোপ-কার করিতেন। কয়েক রক্ম স্থর ও লয় যন্ত্র শভ্যাস করিয়াছিলেন, তর্মধ্যে সেতার ও খোল তাঁহার স্বাপেকা প্রিয় ছিল। মুদ্র বাদ্যে ও কীর্ত্তনে তিনি বিশেষ পারদশী ছিলেন। জীবে দয়াবশতঃ জীবিত মংস্ত চাহিয়া লইয়া জলে ছাড়িয়া দিতেনা কৃষ্ণচল্ৰ একমাত্ৰ পাঁচ মাদ বয়স্ক শিশুপুত্র বালিয়া ১২৯৫ দালে প্রলোক গমন করেন। তথন ইংার বুদ্ধা মাতা রাগমঞ্জরী চৌধুরাণী জীবিতা ছিলেন। তিনিই কৃষ্ণচন্দ্রে নাবালকত্ব সময়ে এবং পরে বুন্দাবনচন্দ্রের নাবালকত্ব সময়েও এটেটের একজিকিউটা কৃষ্ ছিলেন। পুরুষদিংহ স্বামী চৈত্ত চল্রের দেবদেব। ও মানগৌরবাদি রাসমঞ্জরী দাধ্যাত্মদারে রক্ষা করিয়া

গিয়াছেন। উপযুক্ত জামাতা সাধুখালীর দাস-বংশীয় ঈশানচক্র মজুমদারের সহায়তায় এটেটের কার্য্যাদি পরিচালনা করেন। প্যোদার
সদর স্থানে নৃতন পুন্ধরিণী প্রতিষ্ঠা করতঃ পথিক ও সাধারণের জলকট্ট
নিবারণ করিয়া গিয়াছেন। পুত্রের কৃত স্ক্ল, দাতব্য চিকিৎসালয় ও
ভৈষজ্য উদ্যানের উচিত তশ্বিরের ব্যবস্থা করিয়াছিলেন। নিজেও
বহু জটিল রোগে ঔষধ দিয়া আরোগ্য করিতেন।

৺ রাসমঞ্জরী ততাদৃশী অতিথিপরায়ণ ছিলেন যে, প্রান্তাহ দেবসেবা-কাৰ্ষ্যে ও ভজনসাধনে সারাদিন কাটাইয়া রাত্তি এক প্রহর গতে ৺গোপী নাথের বৈকালী ভোগ ছয়ে সমস্ত অভিথি সেবা হইয়াছে কি না এবং বাড়ীতে বা প্রামে কেই অভক্ত আছে কি না সংবাদ লইয়া তবে দিপ্রহর সেই শুষ্ক অন্নপ্রসাদ গ্রহণ করিতেন। প্রভের প্রলোকগমনের পর বিরাগবশতঃ সক্ষপ্রকার ভোগস্থপ পরিত্যাগ করিয়াছিলেন। অন্তরের বাগানের এককোণে থডের ঘর প্রস্তুত করিয়া ভাহাভেই বাস করিতেন এবং কলার পাভায় প্রসাদ পাইতেন ও নারিকেলের মালাতে জল ধাইতেন। দালানে বাদ এবং ধাটে, চৌকীতে শয়ন ও ভাল বিছানা বাসনপত্র পর্যাম্ভ বাবহার কবিতেন না। প্রতি বংসর গ্রীমকালে ৮ হতুমানতলাতে জ্লুসত্ত দিতেন ৷ ৬ ৭টা বাগানের আম. কাঁঠাল ও অন্তান্ত ফলাদি বংসরে এক দিন মাত্র দেষদেবার জন্য আনিয়া অবশিষ্ট সূব খয়বাতি করিয়া দরিক্রসাধারণের জন্ম ছাড়িয়া দিতেন। এমতাবস্থায় নিজের বাগানের আম নিজের হাটেই নিজের চাকরের দ্বারা পরিদ করিয়া আনিয়া দেবদেবা করিতেন। তাঁহার এই স্কল নিষ্ম অভাপি বলবৎ আছে। বাল্যকাল হইতে আমরণ প্রাণপণে দেবদেব। করিয়া গিয়াছেন। দেবদেবা সম্বন্ধে এবং অক্সান্ত বিষয়ে বছ অপ্নাদেশ পাইতেন। অপ্নাত ঔষধে বছ জটিল ও মারাত্মক

ব্যাধি আরাম করিয়া লোকের প্রাণরক্ষা করিতেন। প্রয়োজনামুষায়ী বিশেষ প্রতাপেরও পরিচয় দিতেন।

গ্ৰুষ্টীরে বাস করিবীর জন্ম রাসমঞ্জরী নবছীপ্ধামে গোরাচাঁদের আর্থড়ার পার্যবর্ত্তী বাগানে থানিকটা স্থান লইয়া একটি ছোট পাকা-বাড়ী করেন এবং সন ১৫ • ২ সালে সেই বাড়ীতেই গলালাভ করেন। পরে ইতার পৌতের নাবালকত সময়ে উতা বেদপল হট্যা যায়। নবদীপের ধনী জমিদার শ্রীযুক্ত কালী বাকচি মহাশয় ঐ স্থানে প্রাপাদোপম অটা-লিকা করিয়াছেন বটে, কিন্তু ও রাসমঞ্জরীর সেই কুন্তু কোঠ। অভাপি ফটকের নিকট বর্ত্তমান আছে। রাসমঞ্জরীর পরলোকগমনের পর ভদীয় পুত্রবধু শশিমুখী চৌধুরাণী নাবালক পুত্র বুন্দাবনের অভিভাবিকা হয়েন। ইহার মত ধশুশীলা আজকাল কমই দেখা যায়। ইনিও খাভড়ীর মতই নিয়ম ব্রতাদি পালন করেন। খাভড়ীর শিক্ষায় তাঁহার**ই** মত দেবসেবা করেন ও ওজপই অতিথিপরায়ণা ইইয়াছেন। তেমনি রাজি এক প্রহর গতে অতিথিসেবাদির সংবাদ লইয়া তবে মধ্যাহ্বের সেই অন্নপ্রসাদ পান। কায়মনোবাকো দেবদেবা বালাকাল হইতেই করায় ইনিও বছ স্বপ্রাদেশ পাইছা থাকেন। স্বপ্রাপ্ত বছ ত্রারোগ্য, উৎকট রোগ্যের ঔষধ দিয়া সহম্র সহত্র রোগীর প্রাণ রক্ষা করেন। মহামারীরও স্বপ্লান্ত ঔষণ দিয়া এষাবং বহু লোকের প্রাণ রক্ষা করিয়া-ছেন। স্বামী কৃষ্ণচল্লের প্রলোকগ্মনের পর হইতেই একমাত্র শিশু পুত্র ও একটা নাবালিকা কলা লইয়া শক্রচক্রে বহু ক্লেশ পান ৷ প্রাতা চাকী-বংশীয় চঙীপুর্নিবাদী ৺ মতিলাল মজুমদারের স্হায়তায় নাবালকের প্রাণরক্ষা ও বিভাশিক্ষার মানদে খাশুড়ীর অনুমতি গ্রহণে কলিকাভায় গিয়া তুইবৎদর বাদ করেন। শত্রুগণ চক্রাস্ত করিয়া দেপানেও নাবালককে জুয়াটোর ছারা চুরি করায়: ভগবং কুপায় দেই জুয়াটোর

নাবালককে প্রাণে না মারিয়া সোনা রূপা ঘাহা গায়ে ছিল লইয়া প্লায়: সেই সংবাদে পরাসমঞ্জরী বিশেষ ব্যাকুলাবস্থায় কলিকাভায় গিয়া নাবালক भूजवधुरक नहेंग्रः आहिरान अवः भरमानाम आनिरान भूकविर नावानरकत প্রাণের আশ্রম জন্ত প্রিনা সহরে বাদ করতঃ নাবালকের বাদের ও বিভাশিক্ষার ব্যবহ। করিয়া দেন। কয়েক মাদ মধ্যেই শশিমুখীর ভাতে ও নাবালকের তৎকালীন অভিভাবক ও একমাত্র আশ্রয়স্থল মাতুলকেও শক্রগণ গুপ্ত হতা। করে। পরে পরাসমঞ্জরীর দেহতা।গের অবাবহিত পরেই নাবালকসহ শাশমুখী পয়োদায় আসিয়া বাস করেন। এটেটের ভার গ্রহণ করতঃ শত্রুচক্রে শশিমুখী মাত্র ৩৮৮ তিন টাকা সাত আন: ভহবিল পান ৷ পরে বছ আয়াদে শত্রুগণকে দমন করেন এবং ভগবং কুপার অর্থ সংগ্রহ করতঃ দেও বংসরেই পুত্রের চুড়াকরণ, বাস্ত্রচীর মহাসমারোহে সাপগুকরণ এবং ক্সারও সমারোহ্যহ বিবাহ দেন। পর বৎসর ২টা বড় পুকুর (দীবি ও মহল পুছরিণী) প্রোদায় করেন : পোড়াদহনিবাসী ভবিশ্বনাথ সিংহকে ফানেজার নিযুক্ত করতঃ সুশৃত্যভায় এটেট পরিচালনা করিতে থাকেন ৷ পরে প্রবাদেউলার ঘতীক্রমোধন রায় মহাশয় এটেট ম্যানেজ করেন। স্থানীয় জলকষ্ট নিবারণ করত: পয়োদ। হইতে বাজিলাখালী প্রান্ত ১মাইল রান্তা উচ্চ করিয়া বাবেন। শক্রচক্রে কয়েকটী মহলের প্রজা বিজোগী হইয়া আনেক দিন ধরিয়া বহু মানলাদিতে গোল্যোগ করে, পরে তাহারা ব্যীভূত হয় : নাবালক বয়ঃপ্রাপ্ত হইলে ভারাকে বিবাহ দিয়া সংসার-বন্ধনে আবদ্ধকরভঃ ভারার হাতে ১৩১৩ সালে এষ্টেটেং কার্যাভার দিয়া নিজে ধর্মকর্ম ও সংসারের ভার গ্রহণ করত: শুখ্যলাসহকারে দেবসেবা করিতেছেন। ৺রাসমগ্রা চৌধুরাণীর নবদ্বীপস্থ কোঠা বেদখল হইবার পর শশিমুখী ১৩০৭ নালে নব্দীপে ১টী বাড়ী খরিদ করতঃ তাহাতে পাকা বাড়ী নির্মাণ পুরুক

নিজ নাতাঠাকুরাণীকে ঐ বাড়ীতে রাধিয়া গন্ধাবাস করান। ২২ বংসর গঞ্চাবাস করিবার পর তিনি ৺ গঞ্চা লাভ করিলে, অধুনা স্বন্ধাতীয় নিরাশ্রয়া বিধবাগণ ঐ বাড়ীতে তার্থবাদ করিতেছেন। নিজ ভাতৃষ্পুত্র বীরেশচন্দ্র মজুমদারকে পয়োদাতে নিজ বাড়ার পার্ষে নিষ্কর ও বছ জোত দিয়া বাড়ী ঘর প্রস্তুত করিয়া দিয়াছেন এবং সকা প্রকারে প্রতিপালন করিতেছেন। পুত্রবধুর প্রতি সংসারের ভার দিয়া শাশমুখাও নবদ্বীপে গিয়া তীর্থবাস করিতে মানস করেন, কিন্তু পুত্রবধু হঠাৎ প্রলোক গমন করায় ই হার ভীর্থবাদ ঘটে নাই। ইনি বাল্যা-বধি বহু শোক পাইয়াছেন ও পাইতেছেন। এখন বুদ্ধাবস্থায় হন্তোগ ও অত্যাত্ত তুল্চিকিংশ্য বছ জটিল রোগে জরাজীণ ও খাস্থ্য-হীনা হওয়ায় চিকিৎসক ও পুত্রাদির বিশেষ উপরোগাদিতে কথনও কথনও দিবা ৩য় প্রহরে অভিথিসেবার সংবাদ লইয়া প্রসাদ পাইয়া থাকেন। প্রতি বংসরই সপরিবারে তীর্থযাত্তা করিয়া বছতীর্থ ভ্রমণ করিয়াছেন। পুত্রের পুনরায় বিবাহ দিয়াছেন। পৌত্রমূথ দর্শন করিয়াছেন। এখন পোল্রাকে পাত্রস্থ করিয়া তীর্থবাস করিতে যাইবেন, তাহার উত্তোগে আত্রেন। স্বামীর আশ্রিত পুর্ব্বোক্ত হৃষীকেশ অধিকারী ( বিছাবিনোদ ভট্টাচার্য্য) মহাশয়কে তাঁহার মাতৃবিঘোগের পর সংসারশুক্ত অবস্থায় উচ্ছুজ্জল হইবার সংবাদ পাইয়া, শশিমুখী বহু অর্থবায়ে সন ১৩০৮ সালে ইঁহার বিবাহ দিয়াছেন। পরে উঁহাকে পৌরহিত্যে নিয়োগ করত: ও অভাভ নানাভাবে সপরিবারে প্রতিপালন করিয়া আসিতেছেন। তিনি বছ অর্থসাহায্য করত: হুষ্টাকেশের কন্যার বিবাহ দিয়াছেন। বর্ত্তমান বংশধর বুলাবনের বাল্যকাল শক্রচক্রে কটে গিয়াছে। ক্ষেক্বার থান্যস্তবেঃ বিষপ্রদান এবং ক্লিকাতাম গুণু। প্রভৃতির দারা ও অক্যান্ত নানা প্রকারে প্রাণনাশের চেষ্টা হয়। অবশেষে বয়ঃপ্রাপ্ত



শ্রীযুক্ত বৃন্দাবন চন্দ্র রায় চৌধুরী।


হইয়া এটেট হাতে লইয়াছেন। প্রথমা কলার বিবাহ দিবার পর **তাঁহার** হ**ই** পুত্র ও এক কলা জন্মিয়াছে। বিতীয়া কলাটী অন্টাই আছে। দন ১৩৩২ সালে বিতীয়া পত্নীর গর্ভে এক পুত্র জন্মিয়াছে। নাম বিধানচক্র রায়।


বর্ত্তমাম বংশধর বুন্দাবনচন্দ্রের জন্ম স্ন ১২৯৪ সালের ১০ই অগ্র-হায়ণ। ইহার জন্মকলৌন সেই মুহুর্তের কথা ধঁহার এখনও বেশ মনে আছে: স্তিকা-গৃহে ধেখানে ধে শিষ্ধী ইইয়া ভূমিষ্ঠ ইয়েন, সেখানে অগ্নিকুণ্ড, যেগানে চৌকী-বিছানাদি ও ঘরে যে ২:৩ জন লোক ছিল এবং বরের দরজার দামনে জ্যোৎস। রাজিতে যে যে অবস্থায় বসিয়াছিল বেশ স্থারণ আছে। তার পরই আর স্থারনাই। একথা লোকে শুনিলে বিশ্বাস করে না বলিয়া কাহারও নিকট প্রকাশ করেন না। পরে ৬ বংদর বয়দে নাতুল অভিভাবক হইয়া ই হাকে কলিফাডায় লইয়া যান। সেধানে হাতে থজি হয় ও ৭ বংগব বয়দে কলিকাভার মহাকালী ইনষ্টিটিউন্নে 9th class এ ভক্তি হয়েন। এক বংসর ঐ স্থলে অধ্যয়ন-কালে প্রতাহ হিন্দু দেবদেবীর স্তোত্রাদি পাঠ ও আর্রত্তি করিতে হইত। প্রশোত্রমন্ত্রী ও স্থতিমালা নামক ছইখানি এত ঘাহাতে ধ্যান-প্রণাম এবং শুবাদি ছিল উহা দৈনিকই খানিকটা মুখন্থ করিতে ইইত। এই-রূপে শিশুকালেই বছ দেবতার ভোত্রাদি অভ্যাস করত: মনে দুচুরূপে ধমভাব এবং ভক্তিভাব জন্মে এবং ক্রমে তিনুধর্মের অনুকুল শিক্ষা ছার। এই ভাবের উৎকর্ষ হইতে থাকে। ৮ বংসর বয়দে কলিকাতায় জুয়াচোরে ইহাকে চুরি করিয়া লইয়া যায়। তাহার কয়েক দিন পর পিতামহী রাসমঞ্জয়ী চৌধুরাণী গিয়া লইয়া আইসেন এবং পাবনাতে বাদা করিয়া জিলা স্থলে 8th classo ভর্ত্তি করিয়া দেন। বাড়ীতে দৈনিক দেবদেবা থাকাতে এবং দৈনিক দন্ধীর্তনের নিয়ম থাকায় এই বাল্যকালেই কীর্ত্তন ও

মুদস্বাত অভ্যাস আরম্ভ হয়। পরে ঢাক, ঢোল, ঢিপায়া বা ভন্ধা, এমন কি, জয়ঢাক প্রভৃতি য়য়ও অভ্যাস হয়। পরে কিশোর বয়সে ভূলি, তবলা ইত্যাদি ও বাঁশী, হারমোনিয়ম, বেহালা, সেতার, এসরাজ প্রভৃতি কয়েক রকম স্করয়প্র অভ্যাস করেন। কণ্ঠসঙ্গীতও অভ্যাস হয়। কিন্তু কীর্তুনই বিশেষ প্রকারে শিক্ষা করেন। এজন্ত নবছাপধামে গিয়া উচ্চাঙ্গের কীর্ত্তন ও মৃদস্বাত্ত অভ্যাস করেন। এজন্ত নবছাপধামে গিয়া উচ্চাঙ্গের কীর্ত্তন ও মৃদস্বাত্ত অভ্যাস করেন। নিতান্ত অনিচ্ছা সত্ত্বেভ এনট্রান্স পর্যান্ত পড়িয়াই বিভাভাগে পরিত্যাগ বাধ্য হইয়া করিতে হয়। বাল্য হইতেই সংস্কৃত সাহিত্যে অনুরাগ থাকায় ঘরে বিদিয়া তাহারও কিঞ্চিৎ অনুশীলন করিয়া কথঞিৎ জ্ঞান জয়ে। পূর্ব্বপূক্ষগণের সর্ক্ প্রকার দোষ ও গুণাদির অস্থিমজ্ঞাগত সমাবেশ স্পষ্টই ইহাতে দেখা যায়। ১৮ বংশর বয়সে বিভালয় পরিত্যাগকরতঃ এইটের কাজ হাতে লইয়াছেন। শৈপত্রিক সম্পত্তির আয় বৃদ্ধি করতঃ এবং নৃতন সম্পত্তি করতঃ পূর্ব্যাপেক্ষা সম্পত্তির পরিমাণ অনেকট। বৃদ্ধি করিয়াছেন।

## পয়োদার জমীদার-বংশ

কুলজী





अबरफ खनीम

·新刊5日

## মহামহোপাধ্যায় প্রমথনাথ তর্কভূষণ

জিল। চবিশ পরগণার অন্তর্গত ভট্রপল্লার স্থপ্রসিদ্ধ গুরুবংশে তর্কভ্ষণ মহাশয় জন্মগ্রহণকরিয়াছেন। পাণ্ডিত্য ও দ্বাচারের জন্ম এই বাশিষ্ঠ গুরুবংশের প্রতিষ্ঠা বঙ্গদেশে অধিতীয় বলিলেও অত্যক্তি হয় না। রাটীয়, বারেন্দ্র ও বৈদিক শ্রেণীর অসংখ্য ভ্রান্ধণ-পশ্বিরার এই বংশের বলিয়া আপনাদিগকে গৌরবানিত বোধ কবেন: এই বংশের আদিপুরুষ গদানত্র ঠাকুর কান্যকুজের বাশিষ্ঠ গোতের ব্রাহ্মণ ছিলেন। প্রায় চারিশত বংসর পুরের, তিনি পুরীধামে ঞীভগরাধ-দর্শন-ব্যুপদেশে পত্নীর সহিত, মেদিনীপুর জেলার অন্তর্গত বগড়ী নামত প্রাথিক স্থানে আগমন করেন। সেই সময় তাঁহার পতা আসম্প্রস্ব। হওয়ায় এক-জন প্রসিদ্ধ সদবাহ্মণ বন্ধুর গতে উচ্চিকে রাগিয়া, একাকী ভিনি শ্রীপুরুবোল ভম অভিমুখে যাত্র। করিছে বাধ্য হন প্রে ব্যাকালে শ্রীপুরুষোত্তম হইতে প্রত্যাগমন করিয়া তিনি দেখিতে পাইলেন যে, উচ্চার একটি পুরুসন্তান ভূমিষ্ঠ হইয়াছে: গদাধৰ ঠাকুরের অসাধারণ পাণ্ডিত্য, খলৌ-কিক তপস্থা ও বিশিষ্ট সদাচার প্রভৃতি গুণাবলী বিলোকন করিয়া, বগড়ী প্রদেশের আন্তিক ব্রাহ্মণরণ তাঁহাকে তথায় চিরস্থায়িভাবে বান করিবার জন্ম একান্ত অন্তরোধ করেন। বছ বিশিষ্ট সম্ভান্ত লেকের অন্ত-রোধ উপেক্ষা করিতে না পারিয়া, তিনি তথায় বাস করিতে আরম্ভ করেন। পদাধর ঠাকুরের ছুইটি সন্তান জ্মিয়াছিল। প্রথমটার নাম বিষ্ণু ও দিভীয়টির নাম জনার্দন। জনার্দন বগড়ী পরিভাগে করিয়া ষশোহর জেলার অন্তর্গত ধূলিপুর পরগণায় ধলবেড়ে নামক গ্রামে কোন কার্যোপলক্ষে আগমন করেন। তথায় তৎকালে বহু বেদজ্ঞ বাক্ষ্

বাদ করিতেছিলেন এবং বৈদিক স্মাজও দেখানে স্প্রতিষ্ঠিত দেখিয়া তথায় ধর্মাস্কান ও গাইস্থার স্থবিধা বৃঝিয়া, বস্ত শিষোর অকুরোধে তিনি তথায় স্থায়িভাবে বাদ করিতে আরম্ভ করেন। এই জনাদ্দন ঠাকুরেরই পুত্র মহাপুক্ষ নারায়ণ ঠাকুর। খৃষ্ঠীয় অষ্টাদশ শতাকীর প্রথমভাগে লক্ষ্ণ বাচস্পতি মহাশয় তদীয় পাশ্চাত্য কুলপঞ্জিকা নামক গ্রন্থবন্ধে পাশ্চাত্য বৈদিকগণের পরিচয়-প্রাদঙ্গে, নারায়ণ ঠাকুর দম্বন্ধে এইরূপ ব্লিয়াছেন—

"বশিষ্ঠজোহভীষ্টবিশিষ্টনিষ্ঠ: নরেশ নারায়ণ ঠাকুরাখ্য:"।

নারায়ণ ঠাকুর স্বীয় বাসগৃহের প্রাঙ্গণে একটি বিল্বক্ষ প্রতিষ্ঠা ফরিয়া, তাহারই মূলে বসিয়া সাধনা আরম্ভ করেন। প্রবাদ আছে. এই সাধনাতেই তাঁহার সিদ্ধিলাভ হইয়াছিল। যে বিল্বক্ষের মূলে বেদী নির্মাণপূর্বক মহাপুরুষ সাধনায় রত হইয়াছিলেন, সেই বৃক্ষটি কালে লুপ্ত হইলেও তাহারই মূল হইতে যে দ্বিতীয় বৃক্ষ উৎপন্ন হইয়াছে এখনও তাহা ধলবেড়ে প্রামে বিদ্যমান আছে এবং তাহারই চতুঃপার্যন্তিত তা৪ বিঘা জমী নারায়ণ ঠাকুরের ভিটা বলিয়া প্রসিদ্ধ আছে। সেই ভিটাকে এখনও লোকে বেলবাড়ী বলিয়া নির্দ্ধেশ করে। নারায়ণ ঠাকুর মন্ত্রসাধনার ফলে প্রটিকাসিদ্ধি প্রভৃতি কয়েকটি সিদ্ধিলাভ করিয়াছিলেন। তিনি ধলবেড়ে গ্রাম হইতে ৩০ ক্রোশ পশ্চিমে অবন্ধিত ভট্টপল্লীর তলবাহিনী ভাগীরথীতে প্রভাহ রাক্ষমূহুর্ত্তে স্বান করিছে আসিতেন এবং তথায় সন্ধ্যা-তর্পণাদি নিত্যক্রিয়া সমাপনপূর্বক স্থানাদমের পূর্বেইই স্বসানে প্রত্যাবর্ত্তন করিছেল। গুটিকাসিদ্ধির প্রভাবেই তাঁহার এই গ্রমনাগমন অতি অল্পকাল মধ্যেই সাধিত হইত। ভট্টপল্লীয় যে ঘাটে নারায়ণ ঠাকুর প্রভাহ স্বান করিতেন, সেই ঘাটেরই নিকটে মাধব নামে

এক কুন্তকার বাস করিত। সে প্রতাহই প্রত্যুধে সেই তেঙ্গ:পুঞ্জ-কলে-বর সাক্ষাংব্রহ্মণ্যদেবস্বরূপ নারাহণ ঠাকুরকে দেখিত, কিন্তু নিকটে ষাইয়া আলাপ করিতে সাহদী হইত না, অথচ চেষ্টা করিয়াও তিনি কোন পথে কোথা হইতে আলেন বা যান তাহাও খুঁজিয়া পাইত ना। এই ব্যাপার ক্রমে সে ভটপল্লীর জ্মীলার প্রমানন হাললার মহাশয়কে জানাইয়াছিল। এই প্রমানন হালদার যশোহর জেলার ভূগীর হাটের স্থাসিদ্ধ ভট্টাচার্যাক্তলে জন্মগ্রহণ কবেন। প্রমানন্দ হালদার নবাব সরকারে চাকরী করিতেন এবং নবাবের অভ্যাহে ১০০০ সনে ভাটপাড়া তালক জমীদারীরূপে প্রাপ্ত ইইয়া তথায় গঙ্গাতীরে বাস করিতে আরম্ভ করেন। তিনি মাধবের মুথে নারারণঠাকুরের এই প্রকার পরিচয় প্রাপ্ত হইয়া, একদিন প্রত্যুবে সেই মহাপুরুষের সন্মুখীন হন এবং তাঁহারই মূথে তাঁহার সমাক পরিচয় অবগত হইয়া আপনাকে কুতার্থ মনে করেন। হালদার মহাশয় নারায়ণ ঠাকুরকে গঙ্গাতীরে বাস করিতে অনুরোধ করেন। নারায়ণ ঠাকুর কিন্তু গঞ্চাতীরে কোন প্রকার প্রতিগ্রহ-লব্ধ ভূমিতে বাদ করিতে অসমত হন। হালদার মহাশয় তথন তাঁহার নিকট দীক্ষাগ্রংণের প্রস্তাব করেন। নারায়ণ ঠাকুরও তাঁহাকে উপযুক্ত পাত্র বিবেচনা করিয়া দীক্ষা দান করেন। এইভাবে হালদার-বংশের সহিত সম্বন্ধ স্থাপিত হওয়ার পর, তাঁহাদিগেরই অত্বোধবশত: নারায়ণ ঠাকুর মধ্যে মধ্যে ভাটপাড়ায় আসিয়া বাস করিতেন। হালদার মহাশয় তাঁহাকে স্থায়িভাবে ভাটপাছায় বাস করিতে বছবার অনুরোধ করার পর শেষে তিনি বলিয়াছিলেন, "না, আমার পৌত্র হইতে এখানে আমার কংশের স্থায়িবাদ হইবে" : তাঁহার পৌত্র চক্রশেশ্বর বাচম্পতি স্থায়িভাবে ভাটপাড়ায় বাস করিতে আরম্ভ করেন। নারায়ণ ঠাকুর যে কেবল অধ্যাত্মবিতাতেই পারদর্শী ছিলেন

তাহা নহে তিনি বেদ ও শাস্ত্রেও অসাধারণ পাণ্ডিতাসম্পন্ন চিলেন। তাঁহার প্রণীত 'ব্রহ্মসংস্কারমঞ্জরী" নামক উৎকৃত্র স্মৃতি-নিবন্ধ গ্রন্থই উহার প্রমাণ। এই গ্রন্থ অনুসারেই ভাটপাড়ার গুরুঠাকুরগণ এখনও তাঁহাদিগের সকল সংস্কারকার্য্যের অনুষ্ঠান করিয়া থাকেন। এই গ্রন্থের ভূমিকায় তিনি লিখিয়াছেন:—

> "মুরারিভাষ্যাবট ভাষ্যসারসঙ্কেতত: শাতপথ শ্রুতীশ্চ। বিলোক্য পারস্কর গৃহভাষাণাশেষ দেশাৎ পরিসঞ্চিতানি তম্মতে স্থায়চার্কস্পী শ্রীনারায়ণ শর্মণা। প্রীতয়ে ধর্মভীরূণাং ব্রহ্মসংস্থারমঞ্চরী॥"

নারায়ণ ঠাকুরের তৃতীয় পুল্রের পুল্র চন্দ্রশেখর বাচম্পতি ভাটপাড়ায় আসিয়া স্থায়িভাবে বাস করিতে আরম্ভ করার পর হইতেই, এই বংশের প্রতি পশ্চিম বঙ্গে প্রতিষ্ঠিত আত্তিক ব্রাহ্মণগণ বিশেষ প্রাধানস্পন্ন হইয়া এই বংশের শিষ্যত্ব গ্রহণ করেন। ক্রমে অর্দ্ধ বঙ্গের আন্তিক ব্রাহ্মণকুলের গুরুবংশ বলিয়া ভাটপাড়ার ঠাকুরগণ প্রায় ২০০ বংসর ব্যাপিয়া বঙ্গের বর্ণাশ্রমধর্ম্মের ব্যবস্থাপক ও বিধায়করণে সম্মানিত হইয়া আসিতেছেন। চক্রশেখর ঠাকুরের পৌত্র রামগোপাল বিভাবাগীশ বলের স্থাসিত্র স্থায়াচার্য্য গদাধর পণ্ডিতের সমসাময়িক ছিলেন। প্রসিদ্ধি আছে যে, কুমারহট্টের কোন এক সভায় রামগোপাল ঠাকুরের ন্যায়শাস্ত্রে বিচার-পরিপাটি দেখিয়া, গুদাধর ভট্টাচার্য্য অতিশয় সমষ্ট হইয়াছিলেন এবং সভা-यासा मुक्ककार्थ विनयाहित्नन त्य, तामरशालान यथार्थहे देनशायिक হইয়াছেন। রামগোপাল আপনার বিভা ও পাণ্ডিভাের বলে ২০০০ বিঘা জনী অৰ্জন করিয়াছিলেন এবং ১০০০ ব্ৰাহ্মণকে দীক্ষা প্ৰদান করিয়া-ছিলেন। বান্ধালা ১১৬০ দনে রামগোপাল ঠাকুর রাজা যাদবরাম চৌধুরীর ানকট হইতে ৭০০ বিঘা ভূমপত্তি প্রাপ্ত হন এবং ঐ সম্পত্তি রামগোপাল

চক নামে অভিহিত এবং উহা আজও তাঁহার বংশধরগণ ভোগ করিতেছেন। রামগোপালের সময় হইতেই ভাটপাড়ায় ন্যায়শাস্ত্র অধ্যাপনার আরম্ভ হয় এখং পশ্চিম বংগর মধ্যে ক্রমে ভাটপাড়া প্রধান ন্যায়শাস্ত্রসমাজ ৰলিয়া পরিগণিত হয়। এই রামগোপালের পৌত গোপী নাও ঠাকুর বিশেষ ধার্ম্মিক বলিয়া প্রতিষ্ঠিত ছিলেন। তাঁহার পুত্ত সীতানাথ বিছাভূষণ ধর্মশাম্বের প্রাপিক ছিলেন। সীতানাথ विकाज्यत्वेत (कार्ष भूव महाभरहाशाधाध अ ताथानवाम नाम्बत्य । মহামহোপাধ্যায় ৺রাধালদাস ন্যায়রত্বের ন্যায়শাস্ত্রে অসাধারণ পাণ্ডিত্যের কথা বালালী ব্রাহ্মণপণ্ডিত কুলের মধ্যে কাহারও অবিদিত নহে। কায়রত মহাশয়ের কায় কায়শাস্ত্রে পাণ্ডিত্য তৎকালে তাঁহার পমসাময়িক কোন পণ্ডিতের ছিল না বলিলে অত্যক্তি হয় না। কেবল বঙ্গদেশেই নহে, ভারতবর্ষের সর্বামাই অভিতায় নৈয়ামিক-রূপে ক্যায়রছ মহাশয় যে বিমল প্রতিষ্ঠা অজিন করিয়াছিলেন, তাহা আর কথন কোন वाकानी देनशाशित्कत जात्या घिटित कि ना जाश जगवानरे कातन। আয়রত্ব মহাশয়ের মধ্যম ভ্রাতা ততারাচরণ তর্করত্ব; ইনিও ভাষশালে জ্যেষ্ঠের তুলাই ছিলেন এবং সংস্কৃত ভাষাম অতুলনীয় পাণ্ডিত্যের প্রভাবে, ইনি সমগ্র ভারতের পণ্ডিত্যমাজে বিশেষ সম্মান-ভাজন হইয়া-চিলেন। ইনি কাশীতে পরমহংস পরিবাদক স্বামী বিশুদ্ধানন্দ পরস্বতীর নিকট বেদান্ত ও মীমাংসাশাত্র অধ্যয়ন করেন। ই হার পাণ্ডিত্য ও অসাধারণ বাগ্মিতায় আৰুষ্ট হইয়া কাশীর মহারাজ ঈশবীপ্রসাদ নারায়ণ সিংহ ইহাকে সর্বপ্রধান সভাপণ্ডিতরূপে নিযুক্ত করেন। তর্করত্ব মহাশয় একাধারে কবি, আলম্বারিক ও দার্শনিক ছিলেন। আধাসমাজের স্থাপমিতা দয়ানন্দ সরস্বতীর সহিত তর্করত্ব মহাশ্যের যে শাস্ত্রীয় বিচার ' इरेबाहिन তाशां नशानन मनवरो भनाज्य खाश इरेबाहित्नन,

ইহা এখনও কাশীর প্রাচীন পণ্ডিভগণ মুক্তকণ্ঠে ঘোষণা করিয়া থাকেন। এই বিচারের আম্ল রুভান্ত তৎকালে প্রচারিত সত্যব্রত লামজ্রী-সম্পাদিত প্রত্নক্তরনন্দিনা নামক সংস্কৃত পত্তে বিস্তৃতভাবে প্রকাশিত হইয়াছিল। কেবল কাশাতেই নহে, বঙ্গদেশে চুচ্ডায় ৺ভূদেৰ মুখোপাধ্যায় মহাশয়ের যত্ত্বে দয়ানন্দ সরস্বতীর সহিত ওকরিত্ব মহাশয়ের, সাকার নিরাকার সম্বন্ধে এক বিচার হইয়াছিল। সে বিচারেও তক্রত্ব মহাশয় জয়ী হইয়াছিলেন। এই বিচারের বিবরণ শাকার-নিরাকার-বিষয়ক বিচার" নামকস্থ সংস্কৃত গ্রন্থে লিখিত হইয়াছে ৺ভূদেৰ মুখোপাধ্যায়ের যত্ত্বে পুস্তক সম্পাদিত হইয়াছিল। তক্রত্ব মহাশয় সংস্কৃত ভাষায় বহু গ্রন্থ লিখিয়া গিয়াছেন। ভাহার মধ্যে কতকগুলির নাম নিয়ে প্রদন্ত হইল:—

- ১। কাননশতকম-কাবা
- ২। রামকর ভাণম্—দৃশ্যকাব্য
- ৩। শুলাররত্বাকর:--অলকার
- । मुक्तिमौमाःन।—नर्मन
- ৫। विभना ভाষাম--- केरनाश्रीनयन् ভाষা
- ৬। তর্করতাকর:-- ভাষদর্শন
- ৭। বত্তনপরিশিষ্টম—ক্যায়মভবত্তন
- ৮। পরমাণুবাদ পত্তনম্--- ঐ
- ন। নীভিদীপিকা—নীভিশাস্ত্র
- ১০। কলাতত্বম--দৰ্শন
- ১২। বৈদানাথভোত্তম

বঙ্গের পণ্ডিতকুলগোরেব এই তারাচরণের কনিষ্ঠ পুত্র মহামহো-পোধ্যায় শ্রীপ্রমধনাথ তর্কভূষণ মহাশয় পঞ্চদশ বর্ষেই পিতৃহীন হন। যত দিন তর্করত্ব মহাশয় জাবিত ছিলেন, ততদিন প্রমথনাথের লেখাপড়া বিষয়ে বিশেষ মনোযোগ ছিল নাঃ পিতার কাশীলাভের পর তিনি অধ্যয়নার্থ ভাটপাড়ার স্বপ্রদিদ্ধ দাহিত্যাধ্যাপক ওজয়রাম আয়ভ্যণ ও ৺ তারাপ্রণন্ধ বিভারত্বের নিক্ট সাহিত্য ও অলঙ্কারশাস্ত্র অধায়ন করেন। ভৎপরে ভাটপাভার স্থপ্রসিদ্ধ নৈয়ায়িক মহামহোপাধ্যায় এশিবচন্দ্র সার্বিভৌগ মহাশয়ের নিকট নবা ক্রায়শাস্ত্র অধ্যয়ন করেন। অল্ল কালের মধ্যে সাহিত্য, অলম্বার ও ক্যায়শান্তে ব্যংপত্তিলাভ করিয়া, তিনি বেদাস্ত ও মীমাংদাশাল্প অধ্যয়নের জন্য কাশীতে প্রত্যাবর্ত্তন করেন। কাশীতে ষাইয়া তর্কভ্ষণ মহাশয় স্থীয় অসাধারণ বৃদ্ধিমত্তা ও পাণ্ডিত্যের প্রভাবে তাঁহার পিতৃ-গুরু স্বপ্রদিদ্ধ বৈদান্তিকপ্রেষ্ঠ স্বামী বিশুদ্ধানন্দ সরস্বতীর রুপাদৃষ্টি-আকর্ষণে সমর্থ হইয়াছিলেন। স্বামীঞ্জ নিজেই যত্ন করিয়া তাঁহাকে পূর্ব্বমীমাংসা ও বেলারশান্ত্র পড়াইয়াছিলেন। তর্কভূষণ মহাশয়ের যথন ব্যস একবিংশতি বুর্গ সেই সময়েই স্বামীজি তাঁহাকে কাশীর স্বপ্রসিদ্ধ দারভাঙ্গা সংস্কৃত কলেজের দর্শন ও অনস্কারশান্তের অধ্যাপক নিযুক্ত করিয়াছিলেন ৷ অল্পদিনে মধ্যেই এই অধ্যাপনাকার্য্যে তিনি মহাযশস্বী হইয়া উঠেন। এই সময়ে তিনি প্রাতঃকালে ছয়টা হইতে বেলা দশটা প্রান্ত দারভাঙ্গা সংস্কৃত কলেজে অধ্যাপনা করিতেন এবং বেলা তুইটা হইতে চারটা পর্যন্ত স্বামীজির নিকট মীমাংসা ও বেদান্ত भाक्ष व्यवस्था क्रिटिंग । योगाः मानात्व्यत्र भाक्षतीर्थिकाः, सास्त्र स्थानाः, শাবর ভাষা প্রভৃতি এবং বেদান্ত শাস্ত্রের অবৈতদিদ্ধি, চিৎস্থী,শারীবক ভাষা ও বুহদারণাকভাষা প্রভৃতি তুরুহ গ্রন্থনিচয় তিনি স্বামীজির নিকট অধায়ন করিয়াছিলেন। বিচার-সভায় কাশীর তৎকালীন স্থপ্রসিদ্ধ-শান্ত্রী মহামহোপাধ্যায় শ্রীযুক্ত শিবকুমার শান্ত্রী,মহামহোপাধ্যায় গঙ্গাধর পণ্ডিত, নৈয়ায়িকধুরদ্ধর সীতারাম শান্ত্রী প্রমুখ অধ্যাপকগণের সহিত

নানা শান্ত্রীয় বিষয়ে বিচার হইত। ঐ সকল বিচারে তাঁহার কল্পনাশক্তি, প্রতিভানেপুণা ও বিচারকৌশল দেখিয়া ঐ সকল মহামহোপাধায় পণ্ডিত তাঁহার প্রতি নিতাম প্রসন্ম চইয়াছিলেম এবং পিতার উপযুক্ত পুত্র বলিয়া সর্বসাধারণে নিঃদক্ষোচে তাঁহার ভয়সী প্রশংসা করিতেন । ন্থায়শাম্বের শ্রশক্তিপ্রকাশিকা, শক্তিবাদ বাংপত্তিবাদ ও বাংসাায়ন ভাষা প্রভৃতি তুর্ত গ্রন্থলি ভিনি মহ্যিকল মহামহোপাধ্যায় ৺কৈলাশচন্দ্র শিরোমণি মহাশ্রের নিকট অধ্যয়ন করিয়াভিলেন ፣ এই সময়েই উাহার জোষ্ঠতাত মহামহোপাধাায় পরাধালদাস আয়িরত্ব মহাশয় কাশীতে আসিয়া বাস করিতে আরম্ভ করেন। এই শুভ অবসর লাভ করিয়া তর্কভ্ষণ মহাশ্য তাহার চরণোপান্তে উপবেশনপুর্বক তার শাস্ত্রের তর্ক, প্রামাণ্যবাদ, অবয়ব ও অমুমিতি প্রভৃতি স্কঠিন গ্রন্থনিচয় বিশেষ যতুসহকারে অধায়ন করিয়াছিলেন। ভাটপাড়ার প্রথাণ অধ্যা-পক পণ্ডিতপ্রধর শ্রীযুক্ত বীরেশ্বর স্মৃতিতীর্থ মহাশয়ের নিকট তিনি স্মৃতি-শাস্ত্র অধ্যয়ন করিয়াছিলেন। এই সকল অধ্যয়ন ও অধ্যাপনাকাথো নিয়ত ব্যাপত থাকিয়াও তিনি কাব্যশান্তের আলোচনায় ও কবিতাগ্রন্থ নিশাণে অত্যক্ত আনন্ত অফুভব করিতেন। এই সময়েই তিনি কোকিলদুত, বিজয়প্রকাশ ( স্বামী বিশুদ্ধানন্দ সরস্বতী জীবনচরিত ), রাসরসোদ্য নামে তিন্থানি সংস্কৃত কাব্য রচনা করিয়াছিলেন। কাশীর মহারাজ ৺ঈশ্বরীপ্রদাদ নারাঘণ দিংহ এবং বর্তমান মহারাজ শ্রীল শ্রীযুক্ত প্রভুনারাংণদিংহ ঐ কয়েকখানি কাবাগ্রন্থ তাঁহার মূপে আমূল শ্রবন করিয়া নিতান্ত প্রীতিলাভ করিয়াছিলেন, এবং ঐ কয়েকখানি কাব্য গ্রাম্বের মৃত্রণভার স্বয়ং সম্ভোষপুর্ব্ধক গ্রহণ করিয়াছিলেন। এইভাবে বত্তিশ বংসর প্রান্ত ভর্কভূষণ মহাশয় প্রম আনন্দের সহিক শাস্ত্রচর্চ্চায় নিবভ থাকিয়া কাশীর বিদ্যান্ত পণ্ডিতকুলের মধ্যে অলম্বাররূপে পরিগণিত

হইয়াছিলেন। এই সময় কলিকাতা হাইকোর্টের অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতি দার রমেশচন্দ্র মিত্র মহোদয় অধৈতবেদান্তশাস্ত্রের অনুশীলনের জন্ম কিছুকাল কাশীবাস করিতে প্রবৃত্ত হন। তর্কভ্ষণ মহাশয়ের সর্বাশায়ে অসাধারণ পাণ্ডিত্য ও বৃদ্ধিমত্তার বিষয় অবগত হইয়া, তিনি তাহার নিকট শ্রীমদভগবদগীতার শান্ধর ভাষা অধ্যয়ন করিতে আরম্ভ করেন। স্তার রমেশচন্দ্রের সহিত কবিবর উকীল ৺অমদাপ্রসাদ বনেদ্যাপাধ্যায় মহাশয়ও তর্কভূষণ মহাশয়ের নিকট গাতার শান্ধর ভাষা অধ্যয়ন করিতে আরম্ভ করেন। স্যার রমেশচন্দ্র মিত্র মহোদয়ের স্থযোগ্য কনিষ্ঠ পুত্র অধুনা স্যুর প্রভাসচন্দ্র মিত্র মহোদয়ও ঐ সময় কাশীতে উপস্থিত ছিলেন, তিনিও জাঁহার পিতৃদেবের অধায়নকালে তথায় উপস্থিত থাকিয়া বছই আনন্দের সহিত বেদাস্থের আলোচনায় যোগদান করিতেন। গীতাভাষ্যের অধ্যয়ন সমাপ্ত হইলে কলিকাতায় ফিরিবার সময় সার রমেশচক্র মিত্র মহোদয়, তাঁহার অবৈত্রিক অধ্যাপক তর্কভ্ষণ মহাশয়কে বলিয়াছিলেন যে, তাঁহার ন্তায় স্থপণ্ডিভের পক্ষে এ সময়ে কাশীতে বিদেশীয় ছাত্রদিগের মধ্যে বিভাপ্রচার অপেক্ষা, স্বদেশে স্বজাতীয় বিভার্থীদিপকে বিভাপ্রদান করাই একান্ত বাঞ্জনীয় বলিয়া তাঁহার দৃঢ় বিশাস। তর্কভূষণ মহাশয় যদি সম্মতি প্রদান করেন, তাহা হইলে তাঁহার কলিকাতায় যাইয়া অধ্যাপনার স্থবিধার জন্ম তিনি সাধ্যমত চেষ্টা করিতে পারেন। ইহার উত্তরে जर्क छ्रव भश्र का ना है ग्रां कि तन ८४, छे श्र क व्यां भारत अप न भाई तन,
 स्वां स्वां का ना है ग्रां कि स्वां का स्व তিনি কিছু কালের জক্ত কলিকাতায় যাইয়া অধ্যাপনা করিতে প্রস্তুত আছেন। মিত্র মহাশয়ের কলিকাতায় প্রত্যাবর্তনের কিয়দিনের পরেই কলিকাতা সংস্কৃত কলেকের ধর্মশাস্তাধ্যাপক অশেষশাস্ত্রপারদর্শী

মহামহোপাধাার ৯/চন্দ্রকান্ত তর্কালন্ধার মহাশন্ত রাজকীয় কার্যা হইতে অবসর গ্রহণ করিতে উল্লভ হন ৷ সার রমেশ্চন্তের চেষ্টায় মহামহো-পাখ্যায় মতেশচক্র ন্যায়রত্ব, সি-আই-ই মহাশ্যের পূর্ণ সম্মতি অনুসারে এবং মহারাজ শুর যতীন্রনোহন ঠাকুর মহোদয়ের আগ্রহের আতিশযো তর্কালম্বার মহাশয়ের পদে তর্কভ্ষণ মহাশয়কে তৎকালীন ডাইরেক্টর মার্টিন সাহেব নিযুক্ত করিয়াছিলেন। সংস্কৃত কলেক্ষে তর্কাল্কার মহাশ্রের পদে নিযুক্ত হটয়া ভক্ত্রণ মহাশয় স্মৃতি, বেদান্ত, অলমার ও ন্যায়শাস্ত্রের অধ্যাতনায় যে অসামান্ত খাতি অর্জন করিয়াছেন ভাষা সকলেই বিদিত আছেন। তিনি কেবল অধ্যাপনাকাযে।ই ব্যাপুত থাকিতেন তাহা নচে, ঐ সময়ে তিনি সংস্কৃত ও বঞ্চাযায় বহু উংকৃষ্ট পুত্তক বচন। করিয়াছেন। লোগাক্ষি ভাস্কর-কৃত স্থপ্রিদদ্ধ মীমাংদাগ্রন্থের কমলা নামী যে দীকা তিনি প্রণয়ন করিয়াছিলেন ঐ টীকা মহারাজ সার ঘতীক্রনোহন ঠাকুরের বায়ে প্রকাশিত হইয়া ছিল। বাঙ্গালা দেশে মীমাংসাশাস্ত্রের প্রচার সে সময়ে একপ্রকার ছিল না বলিলে অত্যাক্তি হয় ন।। এই নৃতন টীকাখানির প্রচারে দে সময়ে তর্কভূষণ মহাশন্ন বিশেষ যশোলাভ করিয়াছিলেন। বেদান্তশান্তের গীভাশক্তিকরভাষ্ট্রের তাংপর্যা সহিত সরল বঙ্গাহ্রবাদ ব্রহ্মতুত্র শাহরভার্য্যের ও তাহার বিখ্যাত টীকা ভামতীর বিশদ ও বিস্তৃত তাৎপথ্য সহিত বিশ্ব বঙ্গান্ধবাৰ বাঙ্গাৰা ভাষায় তৰ্কভূষণ মহাশয়ের অমৃল্যদান বলিলেও অত্যক্তি হয় ন।। তাঁহার প্রণীত বৌদ্ধ যুগের হুই-থানি উপতাস মণিভজ্র ও চুকুলবারিক। তাঁহার ঐতিহাসিক গবেষণা ও উপসাদ-রচনার প্রকৃষ্ট পরিচয় প্রদান করিয়া থাকে ।

তর্কভূর্বণ মহাশয় কেবল গ্রন্থ লিথিয়াই ক্ষাস্ত নহেন, বাঙ্গাল', সংস্কৃত, হিন্দী ও ইংরাজী ভাষায় তিনি একজন স্থশ্রসিদ্ধ বক্তা।

কলিকাতা নগরে বিবেকানন সোসাইটা, গীতাসভা, বান্ধণসমাজ প্রভৃতি প্রতিষ্ঠানপ্রণিতে ধর্ম, সমাজ ও দর্শন বিষয়ে তাঁহার বক্তা শুনিবার জন্ম লোকে লোকারণ্য হইত। গৌড়ীয় বৈষ্ণবদমিলনীর প্রতিষ্ঠা-কাল হইতে এপর্যান্ত গৌড়ীয় বৈষ্ণবধর্মের গভীর রহক্ত ব্যাথ্যা করিয়া তিনি যে কতবার বক্তৃতা দিয়াছেন তাহার ইয়ন্তা নাই। ঐ সকল বক্ততা শুনিয়া ভক্ত ভাবুক শিক্ষিত বাঙ্গালীগণ বিশেষ আনন্দ লাভ করিয়া থাকেন। কুচবিহার, ঢাকা নৈমনিদংহ, শীহ্ট, মূর্শিদাবাদ, যশোহর, সিরাজগঞ্জ, বীরভ্ম, মেদিনীপুর, পুরী, বর্দ্ধমান, হুগলী প্রভৃতি ন্থানে নিমন্ত্রিত হইয়া ধর্ম ও সমাজ সম্বন্ধে তিনি যে সকল সারগর্ভ ও স্থললিত বক্ত তা করিয়াছেন তাহা শুনিয়া সকলেই মুগ্গ হইয়াছেন,কলিকাতা সংস্কৃত কলেজে অধ্যাপনাকাৰ্য্যে নিষ্কু থাকিয়া তৰ্কভূষণ মহাশন্ত্ৰ মাতৃভাষাৰ চরণাম্বজে ভাবপুপাঞ্জলি উপহার দিতে একদিনের জ্বন্ত উদাসীন হয়েন নাই। কলিকাত। ইউনিভাগি টির নব-প্রবর্ত্তিত পোষ্ট গ্রাড়য়েট বিভাগে অধ্যাপক-পদে নিযুক্ত হইয়া তিনি সংস্কৃত দর্শন সম্বন্ধে যে সকল 'লেকচার' দিয়াছিলেন, ভাহার মধ্যে হিন্দু দর্শনের কার্য্যকারণভাব সম্বন্ধে লেক্চারগুলি শিক্ষিতস্মাক্তে বিশেষভাবে সমাদৃত হই থাছিল। কলিকাতা ইউনিভার্সিটির কর্ত্তপক্ষ এই সকল লেকচার হইতে বাছিয়া তাঁহার মায়াবাদ নামক লেকচারটি পুস্তকাকারে মৃদ্রিত করিয়া প্রকাশ করিহাছিলেন। পুণালোক বঙ্গের শিক্ষিতকুলাগ্রণী শুর গুরুদাস বন্দ্যোপাধ্যায় মহাশয় এই মায়াবাদ পৃত্তক পাঠ করিয়া একান্ত প্রীতি অমুভব করিয়া বলিয়াছিলেন, তর্কভূষণমহাশয়ের মায়াবাদ বাঙ্গালার দার্শনিক সাহিত্যে নবযুগের প্রবর্ত্তন করিয়াছে, শিক্ষিত বান্ধালীমাত্রেরই এই গ্রন্থথানি পাঠ করা উচিত। বৌদ্ধদাহিত্যের রতভাগুার হইতে নানা সমুজ্জল রত্মরাঞ্জি বাছিয়া তাহার অভুপম মালা সাঁথিয়া মাতৃভাষাকে গাজাইবার জন্ম তাঁহার চেষ্টা অতুলনীয় বলিলেও অত্যুক্তি হয় না। তৎকালে নবপ্রচারিত 'সমাজ' নামক মাসিক পত্রিকায় এবং 'শিল্প ও সাহিত্য' নামক স্থপ্রসিদ্ধ নাসেক পত্রে তিনি ধারাবাহি জভাবে বৌদ্ধ জাতক গ্রন্থ অবলম্বনে যে সকল প্রবন্ধ, উপন্যাস ও কবিতা লিথিয়া প্রকাশ করিয়াছিলেন, চিরনিন সেগুলি বঙ্গভাষার রক্ষভাশ্তারে অমূল্য রক্ষাজ্বর শোভা বহন করিবে। তাঁহার 'মণিভড্র'ও 'তুকুল পারিকা' প্রভৃতি বৌদ্ধ উপন্যাসগুলি মানিক পত্র হইতে সংগৃহীত হইয়া পুন: মুজিত হইয়া পুন্তকাকারে প্রকাশিত হইলে তাহা পাঠ করিয়া সাহিত্যরসামোদী বন্ধীয় পাঠকগণ বড়ই আনন্দ লাভ কারয়াছিলেন; দৈনিক ও মানিক পত্রসমূহে ঐগুলি বিশেষ প্রশংসার সহিত আলোচিত হইয়াছিল। তর্কভ্ষণ মহাশ্যের রচিত শক্ষানিংহ নামক ইতিহাস গ্রন্থখানি পাঠ করিয়া তৎকালে কলিকাতা বিশ্ববিচালয়ের অদ্বিতীয় শক্তিমান নেতা ভাইস্-চালেলর স্তর আশুতোষ মুখোপাধ্যায় সরস্বতা মহাশ্য অপ্রার্থিত হইয়া উক্ত গ্রন্থখানিকে বিশ্ববিচালয়ের আই-এ পরীক্ষার বাঞ্চালা পাঠ্য পুপ্তকের মধ্যে সন্ধিবেশিত করিয়াছিলেন।

ইহা ব্যতীত উদ্বোধন, সংহিতা-সংহিতা, জন্মভূমি, ভারতবর্ষ, জগজ্জ্যোতি:, বঙ্গবাণী, মাসিক বসুমতী, শিল্প ও সাহিত্য প্রভৃতি মাসিক পত্রসমূহে তিনি ধারবাহিকভাবে দর্শন, সলন্ধার, ইতিহাস ও ধর্মবিষয়ে কত যে গভীর গ্রেষণাপূর্ণ প্রবন্ধ লিখিয়াছেন তাহার নাম নির্দেশপূর্ণক পরিচয় দিবার যোগ্য স্থান এই সংক্ষিপ্ত পরিচয়-গ্রন্থে অসন্তব, তাই আমরা আপাততঃ তাহা করিতে পারিলাম না।

১৯১১ খৃষ্টাব্দে যথন সমাট্ পঞ্চম জ্বজ্জ অভিষেকের জক্ত ভারতবর্ষে আসিয়াছিলেন সেই উপলক্ষে ভারত গ্রুমেণ্ট তাঁহাকে মহামহোপাধ্যায় উপাধি-দানে সম্মানিত ক্রিয়াছিলেন। কলিকাতা এসিয়াটিক সোদাইটির প্রকাশিত বহু সংস্কৃত গ্রন্থ তাহার দারা সম্পাদিত হই য়াছিল। তর্মধ্যে কতকগুলির নাম দেওয়া যাইতেছে—কালবিবেক ( জীমৃতবাহন-ক্লত ), নীমাংসা-ভট্টরহস্ত, হেমাদ্রিক্বত চতুর্ব্বর্গচিন্তামণি, প্রায়শ্চিভ্রখণ্ড ইত্যাদি। ইহা ছাড়া অনিক্ষন্ধ ভট্টক্বত সাংখ্যস্থ ত্রবৃত্তির একগানি বিস্তৃত দিকা প্রশন্ধন করেন, ঐ গ্রন্থ ৺জীবানন্দ বিভাসাগর মহাশয়ের প্রেমে পুস্তকাকারে মৃদ্রিত হইমা প্রকাশিত হইমাছিল।

শুধু বাঙ্গালা ও সংস্কৃত ভাষায় গ্রন্থ লিখিয়াই তিনি কর্ত্তব্য শেষ করেন নাই; এই সময়ে ধর্ম ও সমাজসংক্রান্ত বড় বড় বিশিষ্ট সভায় তাঁহার বাঙ্গালা ভাষায় উদ্দীপনাময়া অথচ মধুর বক্তৃতা-ধ্বনিতে বঙ্গের একপ্রাস্ত হইতে আর এক প্রাস্ত পর্যাপ্ত মুখরিত হইতেছিল; বান্ধালার প্রায় প্রত্যেক জিলায় বড় বড় ধর্ম্মণভায় সাদরে আছত হইয়া তিনি বক্তা করিতে যাইতেন। তাঁধার বক্ততা শুনিবার জন্ম তৎকালে শিক্ষিত বাঙ্গালী সমাজ ব্যাকুল হইয়া থাকিতেন। ৪।৫ হাজার লোকের-সমক্ষেত্ই তিন ঘণ্টা ব্যাপিয়া অনুষ্ঠা বক্তুতা করিয়া অদেশবাসীর প্রীতে সাধন করা তাঁহার প্রায়ই প্রাত্যহিক কার্ষ্যের মধ্যে পরিগণিত হইয়া हिल। दक्षीय बांक्रण महा, बांक्रणमहामिल्या, विद्यकानन सामाहि है. বৌদ্ধর্মাঙ্কুর সভা, গীতাসভা প্রভৃতি প্রতিষ্ঠানগুলির াস্কৃতি, উন্নতি ও প্রচারকল্পে তিনি কত বক্তা যে করিয়াছেন তাহার ইয়তা নাই বলিলেও অত্যক্তি হয় না। ১৯২২ খুষ্টাব্দে তিনি সংস্কৃত কলেজ্ হুইতে অবসর গ্রহণ করিয়া নিয়মিত ভাবে কাশীবাস করিতে আরম্ভ করেন। কাশীতে তাঁহাকে পাইয়া হিন্দুবিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা বর্ত্তমান হিন্দুস্মাজের অবিসম্বাদিত প্রধান নেতা মাননীয় পণ্ডিত মদনমোহন মালব্য মহাশন্ন বড়ই উৎসাহ ও আনন্দসহকারে হিন্দুবিশ্ববিভালন্তের প্রাচ্যবিদ্যা-বিভাগের অধ্যক্ষপদে নিয়োগ করেন। ঐ পদের বেতন

মাসিক ৫০০, টাকা হইলেও তর্কভূষণ মহাশয় জীবনের শেষভাগে বেজন লইয়া কার্য। কবিতে অস্বীকার কংগতে মালবা মহাশয় তাঁহাকে হিন্দু-জাতির প্রধান প্রতিষ্ঠানস্বরূপ তিন্দ্বিশ্ববিভাল্যের স্বেচ্ছাদেবকরূপে এ পদে তাঁহাকে নিয়োগ করিতে বাধ্য হন ৷ এখনও তর্কভ্ষণ মহাশ্য ঐ সম্মানার্ছ পদে অধিরত হটয়া কায়মনোবাকে হিন্দবিশ্ববিতালয়ের সংক্ষত বিভাগের উন্নতির জন্ম বিশেষভাবে চেষ্টা করিতেছেন। তাঁহার কর্ত্তথাধীনে হিন্দুবিশ্ববিভালয়ের প্রাচ্য বিভাগের প্রভত উন্নতি সাধন হইয়াছে ও হইতেছে। তাঁহারই আমলে সংস্কৃত বিভার্ষিগণের পাশ্চাক্য বিষ্ণালাভের দৌকর্যার্থ প্রাচা বিভাবিভাগে সংস্কৃত ও ইংরাজী উভয় ভাষার স্থনিপুণ অধ্যাপক নিযুক্ত হইয়াছেন। মিথিলা দেশের বর্ত্তমান সময়ে সর্ববিধান নৈয়ায়িক সর্বাশান্ত্রপারদর্শী পণ্ডিত বালকৃষ্ণ মিশ্র-প্রমুখ অধ্যাপকগণ প্রাচ্য বিভাগে অধ্যাপনা-কার্য্য করিভেছেন। হিন্দু-বিশ্ববিদ্যালয়ের কোর্ট, দিণ্ডিকেট, কাউন্সিল প্রভৃতি সকল কার্ঘ্য-নিৰ্বাহক সমিতিতে সদস্তৱপে নিৰ্বাচিত হইয়া ভিনি সকল প্ৰকাৰ প্রয়েজনীয় কার্যো বিশিষ্ট সহায়তা প্রদান কেবল গ্রীম্মকালে দারুণ গ্রীম সময়ে বিশ্ববিজ্ঞালয়ের অবসর সময়ে প্রায় তিন মাদের জন্ম তিনি কলিকাতা ভবানীপুরস্থ স্বীয় ভবনে আদিয়া বাস করিয়া থাকেন। তর্কভূষণ মহাশয়ের এই বুদ্ধ বয়সে কাশীবাদ কাশীবাদী পণ্ডিত ও ভক্তবন্দের বিশেষ আনন্দের বিষয় হইয়াছে। প্রাত:কালে গঙ্গাসান, শ্রীবিশ্বের, শ্রীমনপুর্ণাদি দর্শন পুর্বক আহ্নিক-পূজাদি নিত্যকর্ম সমাধা করিয়া প্রত্যহ হিলুবিশ্ববিদ্যালয়ে গমন করিয়া তিনি অধ্যক্ষের কার্যা ও বেলাছ, মীমাংদা প্রভৃতি তুরুছ শাস্ত্রের অধ্যাশনা শেষ করিয়া বেলা ১১টার সময় কাশীতে বাসায় ফিরিয়া আদেন। সায়ংকালে বাস-ভবনে প্রভাহ ভাগবতখাস্ত্রের ব্যাখ্যা করিয়া থাকেন। বারাণদীর বছ অধ্যাপক ও ভক্ত বিষ্ণির্বর্গ উাহার ভক্তিরসাত্মক দার্শনিকতাপূর্ণ ভাগৰতব্যাখ্যা-শ্রবণে অপার আনন্দ উপভোগ করিয়া থাকেন। তর্কভূষণ মহাশ্রের বয়স বর্ত্তমান সময়ে ৩০ বংসর ।

তাঁহার চারিটি পুত্র ও পাঁচটি কলা। পুত্রগণের মধ্যে জ্যেষ্ঠ ত্রীযুক্ত বটুকনাথ ভট্টাচার্যা এম-এ, বি-এল কলিকাতাম্ব রিপণ কলেজের ইংরাজী ভাষার অধ্যাপক-পদে নিযুক্ত আছেন এবং ভদ্তির কলিকাতা হাইকোর্টে ওকালতীও করেন। মধ্যম পুত্র প্রীষ্ঠ ফটিকচক্র ভট্টাচার্য্য সংস্কৃত ভাষায় কলিকাতা বিশ্ববিদ্যালয়ের এম-এ পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন। তৃতীয় পুত্র শ্রীযুক্ত বৈদ্যনাথ ভটাচাৰ্যা কলিকাতা সংস্কৃত কলেজে বি-এ প্ৰয়ন্ত অধ্যয়ন করিয়া এক্ষণে পিতার চরণোপাস্তে বসিয়া বেদাস্ত ও মীমাংসা প্রভৃতি অধ্যয়ন করিতেছেন। তিনি পিতৃদেবের পদাক অনুসরণ করিয়া অধ্যাত্ম-শাল্কের ব্যাখ্যায় ও অনুশীলনে জীবন নিয়োগ করিয়াছেন। ইনি বিবাহ না করিয়া নৈষ্ঠিক ব্রহ্মচর্য্যের জীবন যাপন করিতেছেন। কনিষ্ঠ পুত্র শ্রীমান শিশিরকুমার ভট্টাচার্য্য বি-এ পরীক্ষার চতুর্ব বার্ষিক শ্রেণীতে অধ্যয়ন করিতেছেন। তর্কভূষণ মহাশয়ের জ্যেষ্ঠ জামাতা শ্রীযুক্ত হরিপদ কাবাস্থতিমীমাংসাভার্থ সংস্কৃত কলে**জের** অধ্যাপকের কার্য্য করিতেছেন। মধ্যম জামাত। এীয়ক্ত পোপালচক্র ভট্টাচার্য্য এম-এ চট্টগ্রাম কলেজের ইংরাদ্ধী ভাষার অধ্যাপক 1 তৃতীয় জামাত৷ প্রীযুক্ত অভয়াপদ চক্রবন্তী এম-এ, বি-এল কলিকাতার লর প্রতিষ্ঠ উকীল। বছাই ছঃখর বিষয়, আল দিন হইল, ই হার ধর্মপত্নী তর্কভূষণ মহাশ্যেষ তৃত্যায়া করা লাগাবতী দেবী অকালে ব্দমরধামে প্রয়াণ করিয়াছেন। ইঁথার অকালবিয়োগজনিত শোকে ভক্ত্বণ মহাশয় ও তাঁহার পরিজনবর্গ যে দারুণ মানসিক আঘাত প্রাপ্ত হইয়াছেন, তাহা বলাই বাছলা। তর্কভ্বণ মহাশয়ের চতুর্ব জামাতা প্রীয়ক্ত ননীগোপাল চক্রবর্ত্তা; ইনি সৈদাবাদের প্রসিদ্ধ ভূমাধিকারী ধার্মিকপ্রবর শ্রীয়ক্ত শ্রীরুক্ত চক্রবর্ত্তা মহাশয়ের একমাত্র পূত্র। পিতার বিপুল সম্পত্তি রক্ষা করিবার ভার ই হার উপর ন্যুম্ভ হইয়াছে। তর্কভ্ষণ মহাশয়ের পঞ্চম জামাতা শ্রীয়ুক্ত হরিপ্রসাদ ভটাচার্য্য এম এ, বি-এল আলিপুর কোর্টের একজন উদীয়মান উকীল। কনিষ্ঠ জামাতা শ্রীমান অমরনাথ ভট্টাচার্য্য বি-এস্ সি, ভাটপাড়ার ক্রপ্রসিদ্ধ জ্যোতির্বিদ পরম ধার্মিক জ্যোপক পণ্ডিত শ্রীযুক্ত ক্ষেত্রনাথ জ্যোতিরিদ পরম ধার্মিক জ্যোপক পণ্ডিত শ্রীযুক্ত ক্ষেত্রনাথ জ্যোতিরত্ব মহাশয়ের কনিষ্ঠ পুত্র। ইনি বৈকালে নিজ্বাসগৃহে ভাগবত ব্যাপ্তায় ভক্ত ভারুক-মণ্ডলীকে প্রায়ই পরিতৃপ্ত করিতেছেন। তাঁহার শেষ জীবনের এই সকল কার্য্য বাঙ্গালীমাত্রেরই গৌরবজনক, ইহা সকলেই একবাক্যে স্বীকার করিয়া থাকেন। ব্রাহ্মণপিণ্ডিতকুলে প্রমথ নাথের স্থায় চরিত্রবান্ যুশস্বী পণ্ডিভের সংখ্যা বৃদ্ধি হইলে স্থদেশের প্রভূত কল্যাণ স্থিত হইবে।

## কলুটোলার স্বনামধ্য

## ⊍বিহারীলাল পাইন

বিহারীলাল পাইন ১২৪৮ সালের ১০ই বৈশাধ কলুটোলার চ্লাপ্রকিন্ধ প্রদিক পাইন-বংশে স্থবর্ণবিক জাতিতে জন্মগ্রংশ করেন।
ইহার পিতা শহারনারায়ণ পাইন সামান্ত গৃহস্থ লোক ছিলেন। যংসামান্ত পৈত্রিক সম্পত্তি ও নিজের পরিশ্রমে পুত্রক্তা। প্রভৃতি লইয়া
সংসার নির্বাহ করিতেন। ই হার চারি কলা ও তিন পুত্র, পুত্রদের
মধ্যে বিহারীলাল জােষ্ঠ ছিলেন। হরিনারায়ণ ধনী বলিয়া পরিচিত না
হইলেও ভগবদ্ধনে ধনী ছিলেন। তিনি একজন নিষ্ঠাবান্ হিন্দু ও
ভগবদ্ধনে ধনী ছিলেন বলিয়া তাঁহার সংসারে কিছুরই অভাব
বােধ হইত না। এই জগবদ্ধিার ফলে তিনি সকল অবস্থায় সম্ভাই
থাকিয়া নিজ কর্ত্ব্য প্রতিপালন করিয়া ষাইতেন, পুত্রগণকে তিনি
বিশেষ স্নেহের ও অবস্থান্থসারে যতদ্র হইতে পারে সেইভাবে পালন
করিয়াছিলেন। পুত্রেরা সংপ্রে থাকিয়া সংসার্থান্তা নির্বাহ করিতেপারে এই তাঁহার এক মাত্র আশা ছিল।

বিহারীলাল প্রথমে পাঠশালায়, পরে মেধ্য ইংরাজী মাইনর স্কুলে বিভাশিকা করেন। পরিশেষে হাড়কাটাগলির প্রসিদ্ধ স্থনামধ্য ৮প্রেমটাদ বড়ালের নিকট ইংরাজী ভাষা শিক্ষা করেন। এই শিক্ষায় তিনি



স্বগীয় বিহারী লাল পাইন

দাহেবদের সহিত উত্তম কথাবাস্থা কহিছে পারদর্শিতা লাভ করেন। তথকালে স্থাবিধিক লাভির নিজন বি-এ, এম-এ প্রস্তৃতি বিশ্ববিভালয়ের ছাপের তাত আলর ি চনা। যে দক্র ইউরিপীয় বনিক্ বাবসাবাপদেশে এদেশে আনিতেন তিংকালে তাহারা বি এ, এম- লগা করা মাধারণ নোকালে ত্রেদ করিছেন। কথের প্রিচালনে সমর্থ বানমানী মন্তের তথ্যক নিজন লিখিছেন। এই হুলে লখনালে স্থাপনিক আতির ইংরাজী-মভিজ্ঞ ব্যক্তিয়া তাহাদিগের নিজনি সনাদৃত হন লকারণ হিলোল একন ও সভলগের অকিলে ইলারাই স্নাদৃত হন লকারণ বিহারীলালের সম্যো স্থাপ্রবিধিক আতির মধ্যে উচ্চ ইংরাজী শিক্ষার মছল প্রচান ব্য নাই। বিহারীলালাভ উচ্চ ইংরাজী শিক্ষার বছল প্রচান ব্য নাই এবং তাহার পিতা ও পুত্রকে ত্র চারিটী পাসকগ্রহীর জন্ম চেন্তের জন্ম চেন্তি ব্যবন নাই।

বিধারীলাল থেরপ শিক্ষালাভ করিয়াছিলেন, তাহাতে উপযুক্ত অর্থ জ্ঞমা দিতে পারিলে, কোন সভদাপর আফিদে কেনিয়ারের পদ লাভ করিতে পারিলেন। কিন্তু তাঁহার পিতার সেরপ অর্থও ছিল না এবং তাহা সংগ্রহের নিমিত্ত পিতাকে কোনরূপ অন্থরেষেও করেন নাই। বিধারীলাল অভ'তিগণের হারম্ব হউতে কেববারে অপচ্ছেন্দ করিতেন। কালেন কালেন কালেন বিভান্তবায়ী এনটা ১৬২ টাকা বেভনের নামান্ত চাকুরী থিদিরপুর ভাকে সংগ্রহ করেন।

. বিদিনপুর বলুটোলা হৌতে প্রায় ৬। মাইল দুরে। এতাহ বাড়ী হুটাও এই ফুদীর্ঘণণ পদ্রাল যহিয়া কর্মছানে উপ্তিত হওয়া বড় সহজ্ঞাধ্য নয় বলিয়া, তাঁহার পিতা পাথেয়স্বরূপ উাহাকে তিন আনা গ্রুমা দিতে চাহিলে, বিহারীলাল উত্তর করেন, এই নামাল ১৬২ টাকা ব্যুত্ন, তাহা হুইতে মাদিক আগ চাঁকা পাথেয়ন্ত্রণে ধর্চ করিলে কি পাকিবে ? আমি ইাটিয়া আফিসে যাইব এবং ইাটিয়াই ঘরে ফিরিব। পরে পিতার নির্বন্ধাতিশয়ে কেবল পাঁচ পরসা গ্রহণে স্বীকৃত হন। ধর্মতল। হইতে সেরারের ভাড়ায় খিদিরপুর যাইতেন এবং পদক্রজে বাড়ী ফিরিতেন। তিনি যে কিরুপ পরিশ্রম ও ক্ট্রসহিষ্ণু ছিলেন, প্রথম বয়স হইতেই ভাহার পরিচয় পাওয়া যায়।

উপার্জ্জনের সমস্ত অর্থ পিতার হতে আনিয়া দিতেন। বিহারীলাল যে নিতান্ত মেধাবী বালক ছিলেন না, শিক্ষা করিলে তিনি যে উচ্চ ইংরাজী শিক্ষালাভ করিতে পারিতেন না, তাহা নহে; তবে তাঁহার পিতাকে সাহায্য করাই তাঁহার উদ্দেশ্য হওয়ায় যে কোন কর্ম সংগ্রহ করিতে চেষ্টা করিয়াছিলেন এবং কুতকার্য হইয়াছিলেন। তিনি এক্ষণে কর্মে নিযুক্ত হইয়া বিশেষ দক্ষতার সাহত কন্ম করিতে থাকেন এবং জন্মকাল মধ্যে কার্য্যকারিতা আয়ত্ত করিয়া ফেলেন।

বেশী দিন তাঁহাকে এ কর্ম করিতে হয় নাই। ভগবান তাঁহার প্রতি বরাবরই সদয় ছিলেন, এই কর্মকালে তাঁহার কর্মকৃশলতার কথা সকলেই অবগত হন। এখানে ছইবংসর কর্ম করার পর, ঝামাপুকুর-নিবাসী প্রসিদ্ধ ব্যবসায়ী তাঁহার মাতৃলপুত্র কানাইলাল চক্র মহাশয় বিহারীলালকে নিজ অধীনে মেসাস আর্জেনটীন সিলজার কোম্পানির ওদামে একটী উচ্চবেতনের কর্মে নিযুক্ত করিয়া দেন। এখন হইতে তিনি প্রত্যাহ ধিদিরপুরে ইাটিয়া যাইবার কই হইতে মৃক্ত হন এবং পুর্বাপেক্ষা অধিক বেতন লাভ করেন।

এই কাষ্যে বিহারী সাল নিজের কৃতিত্বের পরিচ্য দিবার অবকাশ লাভ করেন এবং অল্পদিনের মধ্যেই উক্ত কোম্পানির সাহেবের দৃষ্টি আকর্ষণ করিতে সমর্থ হন। এদিকে বিহারীলাল স্থলাসরী কার্য্যে বিশেষভাবে উপযুক্ত ইইবার নিমিত্ত কানাইলাল চল্ডের নিকট লিভশাক্ষা করিতে থাকেন এবং কানাইবাবৃও তাঁহার ব্যবহারে মৃগ্ধ ২ইয়া তাঁহাকে যথোচিত শিক্ষা দিতে বিরত হয়েন নাই।

ষে অন পরিশ্রমী ও ভগবদ্বিশ্বাসী দৈব তাঁহার সহায় হন। তাঁহার ভাগাচক্র এইবার তাহার অহুকুলে ফিরিল। তিনি স্থায়োগও পাইলেন। আরজেনটিন সিলজার কোম্পানির শীলার নামক একজন সাহেব উক্তকোম্পানি হইতে বাহির হইয়া আহিয়া বার্দিউল সীলার কোম্পানি (Bardule Siller & Co.) নাম দিয়া একটি ভিন্ন অফিস্বান্ হাউসের (Bonded warehouse) নিকট খোলেন এবং বিহারীলালকে নিজের অফিসে আনিয়া একেবারে মুংস্থানির পদে বসাইয়া দেন। সাহেব বিহারীলালের কার্যকুশলতার ও তংপরভার বিষয় অবগত ছিলেন বলিয়া তাঁহার নিকট বিহারীলালকে আবেদন করিয়া কর্ম গ্রহণ ক্রিডে হয় নাই।

বিহারীলাল অধিক আয়ের কর্ম পাইলেন বটে, কিন্তু একটা অফিসের মৃথস্থলির পদ চালাইবার তথন তাহার উপযুক্ত অর্থ ছিল না। এই পদ পাইয়া তিনি সাহেবকে যথোচিত ধলুবাদ দিলেন এবং বলিলেন যে, "আপনি আমার প্রতি অয়াচিত অন্ধ্রাহ করিলেন বটে, কিন্তু আমি কিন্তপে বিনা অর্থে এ কার্য চালাইতে সমর্থ ইইব ? আমাকে আপনি এ পদে বরণ করিয়া লোকের নিকট কি হাস্তাম্পদ করিবেন ?" তাঁহার এই স্পষ্টবাদিতায় শীলার সাহেব বড়ই সম্ভব্ত হন এবং বিহারীলালকে উৎসাহ দিয়া বলেন, "তোমার প্রয়েজন হইলে কর্ম-পরিচালনার্থ আধীনভাবে আমার ক্যাস ইইতে অর্থ লইতে পারিবে।" সাহেবের এইরপ সাহস-প্রদানে তিনি বিশেষ দক্ষতার সহিত কর্ম চালাইতে থাকেন, তাঁহার অধ্যবসায় ও ক্রতিম্বের এটনে উত্রোজ্বর কার্যে তাঁহার প্রসারতা হইতে লাগিল। এই

সময়ে এমন একটা কাষ্য আসিয়া উপস্থিত ইইল যাহাতে শীলার সাহেব বিহারীবাবুকে এক রাত্রে আশী হাজার টাকা পাঠাইয়া দিলেন। সাহেব তগন "Behari Babu, you can easily fight now" বলিয়া আপ্যায়িত করিয়াছিলেন। পুক্ষকার বৈবসংযোগে অসম্ভবকে সম্ভব করিতে পারে ইহা উাহারই প্রকৃষ্ট প্রমাণ।

এখনে আর একটা কথা না বালয়া থাকা যায় না। যথন কুলুটোলানিবাসী কালিদাস ধরের কলা। শ্রীনতা কুস্থনকুমারা দাসাকে বিবাহ
করেন তথন তিনি শীলার সাহেব কর্ত্ত্ব আছত হইয়া বারদিউল
শীলার কোম্পানীর আফিসে আইসেন। তাঁহার স্মী যে লক্ষ্মীস্বরূপিণী
ছিলেন তাঁহাতে আর ভূল নাই। এ সময় হইতে তাঁহার ভাগ্যের
পরিবর্ত্তন হইতে থাকে উপরের ঘটনা হইতে তাহার পরিচয় পাওয়া যায়।
তাঁহার স্মী আক্রতি ও প্রকৃতি সকল বিষয়ে স্থানরী ছিলেন।
শ্রীভাপ্যে ধন' যে প্রবাদ প্রচলিত আছে তাহা সার্থক হইয়ছিল।
কুস্থাকুমারীকে বিবাহ করার পর বিহারীলাল যে কার্য্যে হাত
দিত্তন তাহাতেই ক্ষম লাভ করিতে থাকেন এবং এখন হইতে
প্রভূত অর্থ উপার্জ্জন করিতে আরম্ভ করেন।

তাঁথার ম্নমন্ত ছিল পরিখন ও স্পাইবাদিতা। ব্যবদাক্ষেত্রে কখন প্রবঞ্চনা করিতেন না। তিনি ভোর পাঁডটা হইতে রাত্র ১০টা পর্যান্ত প্রতিদিন পরিশ্রম করিতেন এবং সমস্ত কার্য্যনিক্ষ তত্বাবধানে সম্পান্ন করিতেন।

কোন সময়ে তিনি কর্মান্তরে হান্ত থাকায় একটা সিপ্মেণ্টের মাল তত্বাবধান করিতে পারেন নাই। সেই স্ববোগে কর্মচারীরা একটা exporteর মাল সিপ্মেণ্ট দেয়। তাহাদিগকে জিজাসা করিয়া উপযুক্ত প্রকারের মাল সিপ্মেণ্ট দেওয়া হয় নাই সম্বেহ হওয়য়, বাড়ী আদিয়া রাত্রে ফিরিয়া গিয়া অয়ং আহাজে উপদ্বিত হন
এবং সেই সব মাল পর্যবেক্ষণ করিয়া বৃদ্ধিতে পারেন যে, কর্মচারীরা
প্রথকনা করিয়াছে, তৎক্ষণাথ সেই দিপ্রেলট cancelled করিয়া
মমন্ত মাল জাহাজ হইতে নানাইতে আদেশ দেন, এ কার্য্যের জভ্
ডেমারেজ ও বহনী থরচা প্রভৃতি তাঁহার স্কল্পে পতিত হয়। তিনি
প্র সকল ক্ষতি স্বীকার করিয়া উপযুক্ত প্রকারের মাল পুনশ্চ দিশ্মেন্ট
করান। তিনি যে কিল্লপ প্রকৃতির লোক ছিলেন এই ঘটনায় তাহা
বিশেষ বুঝা যায়। বিদেশী কোম্পানার নিকট কোনলপ অপ্রথশ
হইবে, ইহা তিনি সন্ত্ করিতে পারিতেন না। কর্মক্ষেত্রে প্রবিতেন
বিলয়া তাই প্রিলস করেও জক্ষতি স্বীকার করিয়াছিলেন। সে কারণ
তাঁহার এইরূপ উন্নতি হইয়াছিল। সদ্ভেশ ও কর্মদক্ষতার নিমিন্ত
তিনি Messrs. Rhimhold & Co., Shiller Co., Struther
and Co., এবং Vaight and Co., চারিটি সন্ত্রাগর অফিনের প্রক্রালে
মুহুদ্ধি ও বেনিয়নক্রপে কার্য্য করিতে সক্ষম হইয়াছিলেন।

এই সকল কর্মে নিযুক্ত থাকা সত্ত্বেও সমন্তদিনব্যাপী পরিশ্রমের পর প্রত্যাহ তদীর গুরুদের পণ্ডিত ৮ গোকুলচন্দ্র গোষামীর নিকট ভাগবত্ত্বাঠ শ্রবণ করিতেন। কথনও তাঁহাকে ক্লান্ত দেখিতে পাওয়া যাইত না।

্ স্বাধীন ভাবে ব্যবসা করিবার নিনিত্ত তিনি এদেশে চুইটি কলও করিয়াছিলেন। তথন বাদালীদের কর্তৃক স্থাপিত তত কল ছিল না। তিনি একটি ঢাল ও ধানের কল ও একটি কাচ (Glass) প্রস্তুতের কল স্থাপন করিয়াছিলেন। এদিকে এত কার্য্যের ভার, তাহার উপর কল চালাইবার তত্বাবধান করিয়া উঠা একজন মহযোর পক্ষে

শসম্ভব হওয়ায় কাব্দেই ছুইটি কলই তাঁহাকে উঠাইয়া দিতে হইয়াছিল। এ ব্যবসায়ে তাঁহার কাভের শহু দেখা দেয় নাই।

ভারতবর্ষে কাচ প্রস্তুত করার চেষ্টায় তিনিই প্রথম ব্যক্তি।
টিটাগড়ে Pioneet Glass Factory নাম দিয়া তিনি কাচের কারথানা
খাপন করেন। বিদেশ হইতে উচ্চ বেতন দিয়া সাহেব কারিকর
আনয়ন করান। সাহেব ইঞ্জিনিয়াররা এদেশীয় কারিকরদিগকে
প্রস্তুতপ্রণালী, প্রব্যের ভাগ প্রভৃতি কিছুই শিথাইতে রাজি হইতেন
না। তাঁহার এদেশীয় কারিকর প্রস্তুত করিবার অভিপ্রায়
ব্যর্থ হয়, ভাহার উপর এদেশীয় লোক অত্যধিক তাপ সভ্
করিতে অপারগ বিধায় অস্তুত্ব হইয়া পড়ায়, তিনি কল
বন্ধ করিয়া দেন। এই কল প্রচলনে তাঁহাকে প্রচুর অর্থ বয় করিতে
ইইয়াছিল। মনোমত কর্মী জুটিলে কাচ প্রস্তুতকরণের কলটী
রাখিতেন। কিছু এ কার্যো কেহু তাঁহার সহায় না হওয়ায়
ক্রমনে একার্য্য হইতে নিরস্ত হন।

প্রথমে উল্লেখ করা গিরাছে, তাঁহারা তিন ভাই—বিহারীলাল, কুঞ্জলাল ও রিসকলাল। কুঞ্জলাল কিছু ভিন্ন প্রকৃতির লোক ছিলেন। জ্যেষ্ঠন্রালার সহিত একবােগে কর্মনা করিয়া ভিন্ন আফিসে কেসিয়ারী চাকুরী করিতেন। ছোট ভাই রিসকলাল বড় ভাইয়ের দক্ষিণহন্তম্বরূপ হইয়া উঠিতেছিলেন। এমন সময় পিতা, মাতা, পত্নী ও আত্মীয়ম্মজনকে কাঁলাইয়া কালগ্রাসে পতিত হন। রিসকলালের কোন সন্ধানাদি হয় নাই। কুঞ্জলালের পুক্রকলা হইয়াছিল। বিহারীলালের পুক্র নাহওয়ায়, অনেকে তাঁহাকে আতুস্কুদিগের মধ্য হইতে একজনকে পোষপুক্র গ্রহণ করিয়ার জঞ্জ অফুরোধ করিয়াছিলেন, কিছু তাঁহার প্রতিনীয় পত্নীর পোষাপুক্র গ্রহণে আদি ইচ্ছা হয় নাই। তাঁহার স্বী

বলিতেন, আমি এখন ছেলে চাই বাহার হারা ঐছিক ও পার্ত্তিক মঞ্চল শাধিত হইবে, নতবা বিষয় রক্ষার্থ অর্থাৎ অপবায়ার্থ পোষাপুত্র গ্রহশের আয়োজন নাই! পত্নীর হৃদরের ভাব জানিয়া ২৪ পরগুণা জেলার স্থা-**চর গ্রামে** গলানদীর উপকূলে প্রায় তিন লক্ষ টাকা বায় করিয়া এক দেবালয় নির্মাণ করান এবং তাঁহার গুরুদেব পণ্ডিত তাগোকুলচন্দ্র গোস্বামী হারা সন ১২৯০ সালের ১৯শে মাঘ ভারিবে শ্রীশ্রীরাধাগোবিন্দ সেবা প্রতিষ্ঠা করান । ঐ দেবদেবা, অভিথিদেবা এবং রাস, দোল, জনাষ্ট্রমী প্রভৃতি পর্বা বিশেষ সমাবোহের সহিত সম্পন্ন হইবার জন্ত প্রায় ৪ লক্ষ টাকার সম্পত্তি ও নগদ এক লক্ষ টাকা দেবোত্তর করিয়া যান। দেবসেবার কার্যাদি পরিদর্শনের ভার গুরুদেবের উপর ৰংশাহুক্তমে ক্তম্ভ করিয়া যান : পুজারী, হৈলিয়া প্রভৃতি দেবদেবার বাল্পদিগের কাহাকেও স্ববর্ণের ব্রাহ্মণ হইতে নিযুক্ত করেন নাই। রাচী শ্রেণী বান্ধণ হইতে পাচক ও পুজারা প্রভৃতি নিযুক্ত করিবার উদ্দেশ্য যে. ঠাকুরবাড়ীতে সকলেই প্রসাদ পাইতে পারিবেন। এটাও তাঁহার দ্রদৃষ্টির পরিচায়ক। গঙ্গানদীর উপর হইতে ঠাকুরবাড়ীর দৃশ্য কিরুপ ভাহার চিত্র দেওয়া গেল।

এপানে আর একটা কথার উল্লেখ করা ঘাইতে পারে।
বিহারীবাবু যথন উন্ধতির শিধরে উঠিতেছিলেন, তখন
স্থবর্ণবিধিক জাতির মধ্যে স্থবর্ণবিধিক জাতি বৈশ্ব, শৃদ্র নহেন,
তাঁহাদের বৈশ্যাচার রক্ষার্থ উপনয়ন সংস্থারের প্রয়োজন বলিয়া এক
সামাজিক আন্দোলন উপস্থিত হইয়াছিল। তিনি জাতীয় উন্ধতির পক্ষপাতী
হইলেও উপনয়ন-সংস্থারের পক্ষপাতী ছিলেন না। তিনি তাঁহার
অক্ষদেবের নিকট অবগত হইয়াছিলেন, জাতীয় উন্ধতি করিতে হইলে
স্বর্ণের প্রোহিতগণের উন্ধতি হওয়া প্রথমে আবশ্যক। যদি স্বর্ণ-

ষণিকের ব্রাহ্মণ দিপের সহিত রাটী শ্রেণীর ব্রাহ্মণেরা আদান-প্রদানে সংগ্রিষ্ট না হন, এবং উহোদিপকে বর্ণের ব্রাহ্মণ বলিয়া উপেক্ষা না করেন, তবে স্থববিধিকৃষ্ণাতি উপনহন-সংস্কার প্রহণ করিতে পারেন। ঠাকুববাড়ী প্রতিষ্ঠা করিয়া নিজের গৌরবর্দ্ধিমানসে সামাজিক নিয়ম উল্ভয়ন করেন নাই। গুরুদেবের নামে ঠাকুরপ্রতিষ্ঠা, রাচ্টশ্রেণীর সদ্ধাহ্মণ হইতে পুলারী প্রভৃতি শিষ্ককরণ এবং ঠাহালের নিয়েগের ভাব গুরুদেবের বংশের উপর হাস্ত করায় উহোর বিচক্ষণতার প্রমাণ প্রাধ্যায়।

বিহারীলাল সাত্মায়স্কলে পরিবেষ্টিত হইনা বাস করিতেন।
এক শ্রেণীর স্বার্থপর লোকের ন্যায় একাকী থাকিতে ভালবাসিতেন
না। ভাতা, ভগ্নী ও তাঁহাদিগের সস্তানসম্ভতি প্রভৃতিকে
লইয়া নিজবাড়ীতে রাঝিয়া প্রতিপালন করিয়াছিলেন, তাঁহার মধ্যসভাতা কুঞ্জলালের পুত্রগণের শিক্ষার সকল ব্যয়ভার বহন করিয়াছিলেন এবং তাহাদিগের শিবাহাদিও বড় বড় ঘরে দিয়া দিয়াছিলেন।

অ্বচরে দেবপ্রতিষ্ঠার সমস্ত আয়োজন হির হওয়ার পর, প্রাবণ মাসে বিহারীলালের পিতৃবিয়োগ হয় এবং ঠাকুর প্রতিষ্ঠার একমাস পরে কাজন মাসে তাঁহার মাতৃবিয়োগ হয়। তৎপর বৎপর অগ্রহায়ণ মাসে পতিপরায়ণা লক্ষীয়রুপিনী পত্নী কুর্মকুমারী ইহলোক ত্যাগ করেন। উপর্যুপরি এইরূপ শোক প্রাপ্ত হইলেও বিহারীলালের ভগবস্তুজির বা কর্তব্যের কোন বৈলক্ষণ্য দেখা য়ায় নাই। তিনি অবশ্ব আত্মীয়ন্তর্মসগতে লইয়াই শাস্ত ছিলেন। কিন্তু তাঁহার জ্যেষ্ঠা ভগিনী পীড়া-প্রীদ্ধি করায় বিহারীলাল পুনশ্চ দারপরিগ্রহ করেন। কালাটার পাইন মহাশ্রের কল্প। প্রীমতী সর্বস্থেকরী দাসীকে বিবাহ করেন। এই স্থাণী কাল




লী লারাধ। গোলিন্দ জাট

তাঁহার প্রথমা পদ্ধীর গর্ভে কোন সম্ভানাদি হয় নাই ; এক্ষণে গোবিন্দ্র দেবের রুপায় তাঁহার দিভীয়া স্ত্রীর গর্ভে একপুত্র সম্ভান জন্মগ্রহণ করে। গোবিন্দদেবের রুপায় পাওয়া বলিয়া ইহার গোবিন্দদাস নাম রাথেন। গোবিন্দদাস এক্ষণে পিত। বিহারীলালের পদাকাত্সরণে দেবসেব। ও দিবসেবা প্রতিটোর পরিচালনা করিতেছেন।

গোবিন্দদাস জন্মগ্রহণ করার পর হইতে ঠাহার প্রাতৃপ্রগণের আচরণ বিসদৃশ হইয়া পড়ে। কুচক্রীর পরামর্শে তাহারা বিষয় ভাগের নিমিন্ত জ্যেষ্ঠ ভাতের নামে আদাসতে অভিযোগ করিতেও পশ্চাৎপদ হয় নাই। কালের বিচিত্র গতি। বিহারী বাবু আপোষে তাহা মিটাইয়া দেন। বিহারীবাবু বেশ রামভারি লোক ছিলেন। তাঁহার নিকটে কেহ সহজে অগ্রসর হইতে পারিত না। তিনি গন্তীরপ্রকৃতি লোক বিলয়া তাঁহার হৃদয় নীরস ছিল না। দাও রায়ের পাঁচালি শুনিতে বড়ই ভালবাসিতেন। প্রসিদ্ধ পাঁচালী-গায়ক বক্রেশর মুখুয়ের স্থাচরের ঠাকুরবাড়ীতে পর্বাদিতে গান করিত। ভূত্যগণ মধ্যে কেহ তাঁহার আদেশ-পালনে অবহেলা করিলে কিংবা আদেশমত কর্ম করিতে না পারিলে, তিনি বিশেষ ভর্মনা করিতেন এবং সেই তিরস্কারে কেহ মর্মাহত হইলে পুনশ্চ তাঁহাকে ভাকিয়া অর্থাদি দিয়া সম্ভই করিছেন। গোপনে তাঁহার যথেষ্ট দলে ছিল। নিজে চিরদিন কর্ম্মী ছিলেন, সংকার্যোর পুরস্কারে তিনি কথন কুন্তিত হইতেন না। কর্ম্ম কুরিয়া তাঁহার সস্তোহ বিধান করিলে কেহ বঞ্চিত হইতেন না। কর্ম কুরিয়া তাঁহার সস্তোহ বিধান করিলে কেহ বঞ্চিত হইতে না।

ে বেশভ্ষায় বিহারীলালের পারিপাট্য ছিল না। তিনি বিলাসী বেশ ভাল বাসিতেন না। সাদাসিদে চালের উপর বস্ত্রাদি পড়িতেন। তাঁহাকে কথন মিছি দেশীধুতি, মূল্যবান শাল ও হীরকালুরী প্রভৃতি ব্যবহার করিতে দেখা যায় নাই। উপরের প্রতিক্রতিতে তাঁহার অনাড়য়র পরিছেদ লৃষ্টি করিলে বৃঝিতে পারিবেন। সদাই তিনি পরিকার ও পরিক্ষর থাকিতেন, তাঁহার নিজ বসত-বাটী হইতে ঠাকুরবাড়ী পর্যান্ত কোথার কোন একটু ধূলা পড়িয়া থাকিতে দেখা যাইত না! বিশেষ শৃত্যালার সহিত নিজে যেমন সকস কর্ম করিতেন, ভ্তাালিও সেইরপ শৃত্যালার সহিত কাজকর্ম করিতে শিক্ষা পাইত। আলশু কি বস্ত, তিনি তাহা জানিতেন না বলিলেও হয়। একারণ তৎকালে তাঁহার কর্মচারীবৃদ্ধ সকলেই কর্মাতৎপর ছিল। ইংরাজী কথায় যাহাকে Routine বলে, সেই ক্ষতিন অহ্যায়ী কার্য্য এবং যাহাকে Discipline বলে সেই ভিলিপ্রিন রক্ষা করাই তাঁহার উদ্দেশ্ত ভিল। একারণ কুড়ে ও বিলাসা ব্যক্তি তাঁহার অপ্রিয় হইত বলিয়া লোকে তাঁহাকে সিংহরাশি লোক বলিত। কঠোর কর্ম্ময় জীবন হইতে যথনই অবকাশ পাইতেন, হুখচর নিজ ঠাকুর বাড়ীতে যাইয়া কাটাইতেম। বসত্বাড়ীতে যে বন্দোবস্ত ছিল না, ঠাকুরবাড়ীতে তাহা আছে। যাঁহারা ইহার ঠাকুরবাড়ীতে কখন গিয়াছেন তাঁহাদের নিশ্চয়ই একবাক্যে বলিবেন যে, এরপ বন্দোবস্ত বিশ্বের কোন ঠাকুরবাড়ীতে বিরল।

তিনি বারাকপুর ও পাণিহাটী মিউনিসিপালিটীর কমিশনর ও চেয়ারমাান হইয়াহিলেন এবং বিশেষ শৃষ্ণলা ও সংখ্যাতির সহিত সে কার্য্য সম্পাদন করিয়াহিলেন। গ্রাপ্ত ট্রাঙ্ক রোডে গবাদি পশুর জলপানের নিমিত্ত ২৫টা পাখবের জলাধার নিজবানে প্রস্তুত করাইয়া দিয়াছিলেন, স্থত্তের বক্ত রাস্তা ঘূরিয়া ঠাকুর বাড়ী পৌছিতে বিলহু হয় বলিয়া, একটা সরল রাস্তা নিজবায়ে প্রস্তুত করাইয়া দিয়াছিলেন। তিনিমনে করিলে এবং চেষ্টা করিলে জনেক সাধারণের কর্মে যোগ দিতে পারিতেন। কিন্তু এভগুলি অফিষের কর্ম্ম পরিচালন ভত্নপরি তীহার রাধাপোবিন্দের পারিপাটা, অতিথিসেবা প্রভৃতি স্কল বিষয়ের



ভত্তাবধান লইয়া পুনশ্চ কোন অবৈতনিক সাধারণের কর্ম হাতে লইতে একার অনিচ্ছক ছিলেন। এদেশের ধনী লোকেরা বংসরে একবার পশ্চিম প্রদেশে বায়পরিবর্ত্তনার্থ গিয়া থাকেন, তাঁহাকে কখন এইরূপ ৰেড়াইতে বাইতে দেখা যাইত না। তাঁহার প্রথমা পছীর স্বান্ধ্যকার্থ त्मध्यत्व वाक्की कित्रशांकित्वन, किन्न ठाँशत वाश्वरा श्रावरे घटे नारे। ্যে রাধাগোবিন্দ ঠাকুরের প্রতিষ্ঠার পুর্বেষ ও পরে পুজনীয় পিতা, মাতা এবং প্রিয়তমা পত্নীর লোকান্তর-প্রাপ্তি ঘটে, সেই রাধা-গোৰিন্দ ঠাকুরই তাঁহারজীবনের একমাত্র ভারোধ্য ছিলেন। বড়ই আন্দর্য্য र्वामग्रा भरत रहेरव रय, यिनि हेव्ह। कतिरम श्रथम ट्यंगी विकार्ज कतिश বেলপথে এবং সকলপ্রকার যানবাহনাদির বন্দোবস্থ করিয়া ভারতবর্ষের সকল তার্থ দর্শন করিয়া আসিতে পারিতেন, তিনি স্থচরের ঠাকুরবাড়ী প্ৰমন ব্যতীত অন্ত কোনখানেই যান নাই। তিনি বলিতেন, এই সকতীর্থমধা গঙ্গাদেখা, তাঁহার তারে এই সর্কাদেবময় প্রীপ্রীরাধালোনি-एन दिव सन्मित्र । आसि एवं अथारन आसात कान एवत थन नर्वर शोना वास्त्र সর্কমাধর্ষাময় শ্রীশ্রীরাধাগোবিন্দবিগ্রহমৃত্তি দর্শনলাভ করিংছে, ইহা ছাড়িয়া আমি কোন তীর্থে যাইব ? ইহা যে তাঁহার ঐকান্তিক ভক্তির লক্ষণ ভাগতে আর ভুল নাই। কর্মকঠোর জীবনের মধ্যেও প্রভাগ রাত্রে গুরুদেবের নিকট ভাগবত খাবণ, অবকাশ পাইলে স্থপচরে শ্রীরাধাগোবিন্দদেবের মন্দিরে গমন ও অবস্থান করিয়া তিনি সকল ভীর্থদর্শনের সাধ মিটাইয়া ছিলেন। 'ভবসিন্ধতরণী' নামক একধানি প্রবৃহৎ ভক্তিগ্রন্থ অরুদেবের নিদেশমত প্রকাশিত করিয়াছিলেন এবং ভক্তিমান লোককে বিভরণও করিয়াছিলেন। নিজ বাটীভে ভক্তিগ্রন্থের পাঠাগার ছিল। তাঁহার জীবন ভক্তিময় ছিল। অবকাশ পাইলেই ভুগবানের নাম লইয়া থাকিতেন। তাঁহার রাধাগোবিন্দের পূজার **জভ**  ঠাকুরবাড়ীর উন্থানে সকল রকম পুলোর বৃক্ষ ছিল। গাছে বে সকল কুল হইত দেবোদেশেই ব্যবহৃত হইত। পুঞার শান্তনির্দিষ্ট ফুলে পূজা হইত এবং অক্স হৃদর বিদেশীয় পুলো দেবমন্দির সাজান হইত। তাঁহার অনেক বন্ধুবাল্পব ও বালক-বালিকারা দেবালয়ে আসিত, কিন্তু কেহই নিজ বিলাসের বা হুগন্ধ আণের নিমিত্ত, এ পুলোর একটাও ষাহাতে ব্যবহার না করেন তজ্জ্য তাঁহার নিষেধ ছিল। "আমার প্রভূ বনমালী, বাগানের যত ফুল আছে দিয়া রাধাগোবিন্দকে সাজাও"; পূজারীদিপকে একথা বলিতে প্রায় শোনা যাইত।


বিহারীলাল সামান্ত ১৬ টাকা বেতনের চাকুরী হইতে যে এরপ ধনী হইয়াছিলেন, সে বিষয়ের কারণ আলোচনা করিলে দেখিতে পাওয়া যায়, তাঁহার শ্রমশীলতা, অধ্যবসায়, সততা ও স্পষ্টবাদিতা। ধনী বন্ধু-বান্ধবের সম্পুথে তিনি তাঁহার পূর্বের অবস্থা প্রকাশ করিতে কথন সক্ষোচবোধ করিতেন না। তাঁহার উন্নতির পথপ্রদর্শক বলিয়া প্রকাশে সকলকার সামনে বলিতেন, "কানাইদাদা আমার গুক্ত।" ধনী হইলে পূর্বে কথা অনেকে প্রকাশ করিতে চান না, কিন্তু বিহারীলাল সেরপ ভিলেন না।

ধনী হইলে মনেকে আসিয়া জোটে। তাঁহার নিকটেও যে এরপ লোকের সমাগম হয় নাই তাহা নহে। তবে তিনি কিছু কুর্মৃষ্ ছিলেন, সামান্ত অক্তায় দেখিলে দশ কথা না বলিয়া থাকিতে পারিতেন না। সেকারণ এরপ ধরণের লোক বেশী দিন তাঁহার নিকট থাকিতে পারিত না। আবার এই সকল প্রকৃতির লোক ধনী ব্লুনের মনোরঞ্জনার্থ লোকের নামে লাগালাগি করিতে ভাস্বাসে, বিহারী বাবুও তাঁহার একটু কাণ্ণাতলা দোষ ধাকায়, তাহাদের কথায় কথন কথন কর্ণশাত করিতেন। ইহার ফলে ছুইএক জনের প্রতি তিনি বিরক্ত হুইয়া

ठाक्त वाड़ीत वारिद्रतत क्था।

পড়িচাছিলেন। পরে বৃঝিতে পারিয়া নিজের ভ্রম সংশোধন করিয়া লইয়াছিলেন।

পূর্ব্বে বলিয়াছি, তিনি আত্মীয়ন্ত্রনে পরিবেষ্টিত চইয়া থাকিতে ভালবাদিতেন। বাড়ীতে রাধিয়া অনেককে প্রতিপালন করিয়াছেন, এবং মৃত্যুর পরভ মাহাতে প্রতিপালিত হইতে পারে, দেরূপ ব্যবস্থা করিয়া গিয়াছেন। তাঁহার তুই ভাগিনী ও ভাগিনেয়ের বৃত্তির বন্দোবস্ত করিয়া দিয়া ১০২১ সালের ২১শে কার্ত্তিক ৭৪ চ্যাত্তর বংসর বয়সে নাবালক একাদশ বংসরের পুত্র, পত্না ও সাত্রায়ায়স্বস্থনকে শোকদাগরে নিমপ্প কবিয়া ইহধাম ত্যাগ কয়েন।



মথুরামোহনের চারিপুত্র, তক্মধ্যে হরিনারায়ণ তৃতীয়। রামমোহনের তিন ও মধুস্দনের তৃই পুত্র, তাঁগাদের বংশ চলিতেছে। এখানে কেবল হরিনারায়ণের বংশ দেখান গেল।

## বৈষ্ণবাচাৰ্য্য

## শ্রীমণ রদিকমোহন বিভাভূষণ।

বৈক্ষবাচার্য শ্রীমং রুসিকমোহন বিভাভ্রণ ১২৫৬ সালে বীরভূম একচক্রণ প্রামে জন্মগ্রহণ করেন। ইহার পুর্বপুরুষ পাটলীর চট্টোঁ-পাধ্যায় বংশ-সস্তৃত। ইংহাদের কৌলিক্সের পরিচয় সর্ব্বানন্দীমেল,---কুঞ্চের मुखान। देवकवधार्यात महिक हैशत भूत्रभूकवशासत 🕮 মং কৃষ্ণ চৈত্ত মহাপ্রভুর আংবির্ভাবের বৃহপূর্ব হইতেই ছিল। দাকিশাতা বৈক্ষবস্থাের প্রভাব ষধন বঙ্গদেশে প্রথমতঃ পরিলক্ষিত হুইতেছিল, দেই সময় হুইতে সাত্ত, ভাগবত বা পাঞ্চরাত্ত বৈষ্ণব সম্প্রকাষের সন্ধানারে ও বিষ্ণুণাসনায় ইংগর পুরিপুরুষগণ বৈষ্ণবাচারা-ৰিত হইয়া বিবিধ শাস্ত্র অধ্যয়ন ও অধ্যাপনা-করিতেন এবং জগদ্গুল-পদ লাভ করিয়া রাক্ষণিবির দীক্ষাগুরুরপে সমাজে পুজনীয় হইতেন। শ্রীকৃষ্টেডত মহাপ্রভূব অংবডার হওয়ার পরে শ্রীনিবাদ আনচাধ্যপ্রভূ ষ্ধন বৃদ্দেশে মহাপ্রভুর প্রেম-মন্তার্ত্রপে ভক্তস্মাজে পরিচিত ও কীৰ্ত্তিত হুইতেছিলেন, সেই সম্যে ইংগ হুইতে নবম পুরুষ উদ্ধৃতন পর্ম স্দাচারীব্তল শাস্ত্রেজ জান্দ্∌কাৰ আচুচিব্নাজের স্মাজপতি প্রম-ভক্ত পণ্ডিত শ্রীমং কুমুদ চট্টোরাজের বিঅ'-ভক্তিও দৌনদর্য্য-বৈভবাদি-দর্শনে শ্রীপাদ শ্রীনিবাসাচাধ্য প্রভুনিরতিশন্ন আরুই হইনা এই সং-



পণ্ডিত শ্রীযুক্ত রসিকমোহন বিত্তাভূষণ।

কুলোদ্ভব স্থযোগ্য পাত্তে তাঁহার কন্তা শ্রীমতী কৃষ্ণ প্রয়া দেবীকে বিবাহ-স্থতে সমর্পণ করেন।

শ্রীমং রদিকমোহন বিভাভ্ষণ ই হা হইতে ১ম পুক্ষ অধ্যান। এই বংশে অনেক শাস্ত্রজ্ঞ প**ি**ড় ও সাধৃভক্তগণ ভন্মগ্রহণ করিয়া জগতের হিত সাধন করিয়া-গিয়াছেন। বি**ভাভ্**ষণ মহাশদ্বের বৃদ্ধ প্রণিতামহ অনস্থরাম চট্টোরাজ চক্রবর্তী সমাজপতি ছিলেন। তাঁহার ভুসম্পত্তি যথেষ্ট ছিদ। সমাজস্ব ব্যক্তিপণ তাঁহাকে িনিরতিশয় সম্মান করিতেন এবং রাজচক্রবর্ত্তী বলিয়া অভিহিত করিতেন। তাঁহার একমাত্র পুত্র লক্ষ্মীনারায়ণ চট্টোরাজ চক্রবর্তী বাল্যকালে পাণিনীর ব্যাকরণের সূত্রাবলী ও অমরকোষ অভিগান কণ্ঠত্ব করেন। উপনয়নের সময়ে ষ্থারীতি ব্রহ্মচ্বা গ্রহণ করিয়া বেলাধায়নের জ্ঞ বারাণসীধামে প্রেরিত হন। বারাণসীর বিভাপীঠে ব্রহ্মচর্যাবন্দ্রন বছদিন বেদবেদাস্ত অধায়ন করেন। পরে তথা ইইতে শ্রীবুন্দাবনে গমন করিয়া ভক্তিশাস্ত্র অধ্যয়ন ও ভজন-দাধনে প্রবৃত্ত হন। তাঁহার পিতৃদেব বছ ভূপম্পত্তির অধিপতি ছিলেন। তাঁহার একমাত্র পুত্র লক্ষ্মী-নারায়ণ। যৌবনে জাঁহার তীত্র বৈরাপোর কথা শুনিয়া ভিনি প্রতকে আনমনের জন্ম স্বয়ং শ্রীবৃদ্ধাবনে গমন করেন এবং পুত্রকে গ্রহে প্রভা-বর্ত্তনের জন্ম অনেক অমুরোধ করেন। কিছু শ্রীভগবানের প্রিয় সন্তান গার্হয়া স্থপ অপেক্ষা ভগৰম্ভজনেই অধিকতর স্থপ বলিয়া মনে করিলেন। পিতার চরণে পডিয়া কাঁদিয়া বলিলেন, "আপনি জনক, পরম জেহমঃ, আমার জননী প্রম স্থেহম্মী, এ দেহ আপনাদের। আমি ঘরে ব'স্যা অাপনাদের সেবা করিতে পারিলে পরম স্থী হইতাম, কিন্ধ শ্রীপোবিন্দ আমার জন্ম গাইছা স্থাপর ব্যবস্থা করেন নাই। আমাকে উদাসীন ্বেশে দেশদেশান্তবে ভ্রমণ করিয়া তাঁহারই কথা প্রচার করিতে হইবে। ্জামি প্রবাচার্যাদের পদাক অমুসরণ করিয়া শ্রীগোবিন্দের দাস্তে নিষক্ত ্হইবার ইচ্ছা করিয়াছি। আপনি স্লেহময় জনক এবং সাবিতীশীক্ষাগুল ও মন্ত্রদীকাওক। আপনার অন্তথতি ভিন্ন আমার বাঞ্াপুরণের আর ছিতীয় উপায় নাই। কুপা করিয়া অভুমতি প্রদান করুন।" এই বলিয়া পিতার চরণে প্রণত চইয়া পড়িলেন। স্পেন্ময় পিতার অঞানিক পুলের মন্তকে মণিমক্তার মোহনমালার লায় গডাইয়া পড়িতে লাগিল। পিত্ পুত্রকে স্বীয় বক্ষে জড়াইয়া ধরিলেন এবং অশ্রুসিক্রমের মুচুলভাবে নি:খাস্বহকারে বলিলেন, "গ্রীগোবিন্দের চৈছাই পূর্ব হউক। আলি যাহা ব্যাবার ব্যাবাম, কিছ ভোমার স্নেহ্ম্য্রী জননীকে কি ব্যাব্যা বঝাইৰ ভাহাই ভাবিতেছি। কিছ আমার একটা অহুরোধ এই রাখিও যে, সন্মানগ্রহণ করিও না। জ্রীগোবিন্দের ইচ্ছাত্ব এই বংশের প্রবাহক অবশ্রুই রক্ষা পাইবে, এই আমার বিশ্বাস। তুমি ব্রহ্মচারীবেশে বিচরণ করিও। অতঃপর এগৈ।বিন্দের কুপায় যদি কথনও গৃহস্ব হও, শুনিলে সুখী হইব।" কিন্তু অনস্তরামের ভাগ্যে দে স্থাধর দিন আর আসিল না। তিনি শৃক্তহাদয়ে গৃহে প্রত্যাবর্ত্তন করিলেন, প্রাণাধিক পুত্র আর অধিক দিন বুন্দাবনে রহিলেন না। তিনি তাঁহার উপাস্থ বিপ্রত শ্রীবাধাপোবিন্দুগল বক্ষে লইয়া ভাগিশ্রমণে বহিপত হইলেন।

দিনের পর দিন যাইতে লাগিল, ধনগান্ ভূম্যধিকারী অন্তরাম ঋষির ক্রায় শিউড়ির বাস-ভবনে দিন যাশন করিতে লাগিলেন। পূজ্র-বিরহে অনস্তরামের সহধার্মণী দিন দিন ক্ষীণ হইতে লাগিলেন। এক দিন পতির চরণে মন্তক রাখিয়া হা লক্ষীনালাগণ। বলিয়া মহাপ্রস্থাকরিলেন। ইহার কাতিশয় বংসর পরে ভক্ত মহর্ষি কক্ষীনালায়ণ সম্পত্যাদি দান করিয়া শেষ দিনের জন্ম প্রস্তুত হইলা রাহ্লেন। শাক্র শ্রুবণ, ভগবংশ্বংশ, মনন, ধ্যান, নিদিধ্যাসন প্রভৃতিতে তাঁহার অনেক

সময় আবিষ্টভাবে অভিবাইত হইত। সাহ্ন দশাগ্র ভগবন্ধাম জণ ক্রিতেন। এইরূপে ৮৫ বংসর ৭ মাস বহুসে অন্তরাম অনয়ে বিলীন হইয়া যান। ভৌভিক দেহে পিতাপুত্রের সাক্ষাংকার হয় নাই।

লক্ষ্মনারায়ণ মুক্তনক বাক্তারী ভিলেন ৷ তিনি ভারতের প্রত্যেক প্রধান প্রধান ভীর্যন্তান পরিভ্রমণ করিয়াভিলেন। তিনি খুপাকী ছিলেন। জ্রনাগত ৪:৫ দিবদ নিরম্ব উপবাদেও মুদার্ঘ পথ অভিবাহিত করিতে পারিতেন। তাঁচার সুবার্ঘ সমূত্র সমূজ্রণ তেরপুর চলেবর দেখিবামাত্রেই লোকের মনে ভক্তির উদয় হইত। তিনি কোন সাম্প্রদায়িক ভাবের গোঁড়ামী জানিতেন ন।। হিন্দুদ্দ্রমান সকলেই তাঁহাকে ভক্তি করিভেন। ভারতব্যীয় বছবিধ তীর্থস্থান পরিভ্রমণ করিতে ক্রিতে কোনও স্ময়ে তিনি কামান্যা-দেবার দেশনে গ্রন ক্রিয়া-ছিলেন: তথা হইতে প্রত্যাবর্ত্তন-কালে বর্ত্তমান মন্ত্রমন্সিংহ ক্ষেলার কোনও একটি প্রদিদ্ধ গ্রানের এক মুদলমান জ্মীবারের বাড়ীর নিকট হ মাঠে অশ্বপতলে ব্দিয়। এবিগ্রহ সেবা করিতেছিলেন, এই সময়ে তহত্য মুদ্রমান ভুমাধিকারী প্রাণ-সন্ধট রোগে আক্রান্ত ছিলেন। চিকিংদকগণ তাঁহার মৃত্রে সময় নিকটবর্তী বলিয়া প্রকাশ করেন। ভাহার পতিপ্রাণা পত্নী প্রাপাদের উপরে উন্মাদিনীর ক্রায় ভ্রমণ করিতে ক্রিতে অথখানুলয় সাধুর নিকট গৃহ-চিকিৎসক বৈস্তকে প্রেরণ করেন। देवछ माधुव निकृष्टे ममञ्ज व्यवश ज्वालन कवितन माधु मोन डारव विनिनन, "আমামি এই শ্রীগোবিন্দ-ভঙ্গন ভিন্ন আরে কিছুই জানি না। আমাকে े এজ ज असूरतां सकता तथा " देवच दिवाम मारहतरक अहे कथा नुवाहेशा विकास कि के जिल्ला कि माधिकाती-भाषी तम कथा आक कांत्रतमन না। তিনি ব্যাকুলভাবে বলিলেন, "খোলা আমায় বলিয়াছেন, 🕸 / সাধু আমার পতির প্রাণ দিতে পারিবেন। যদি তিনি কুণা ন।

করেন, তবে আমি নিজে মাঠে গিয়া সাধুর চরণে মাধা কৃটিব।" বৈশ্ব আবার সাধুর নিকটে আসিলেন এবং যথায়পভাবে বেগমের অবস্থা বর্ণন করিলেন। তখন সাধু দীর্ঘনি:খাসসইকারে বলিলেন, "হা গোবিনা। তোমার একি মায়া।" বৈভকে বলিলেন, "আমি তো কিছ ন্ধানি না, তবে কেবল ইহাই জানি যে, আমার শ্রীপোবিন্দের শ্রীচরণামত অকালমৃত্যুহরণং সর্বব্যাধিবিনাশনং। তৃমি এই চরণামৃত নব মৃৎপাত্তে লইয়া নিয়া ওঁহোর ব্রহ্মরন্ধে, নয়নমুগলে এবং মুধে শ্রীগোবিন্দ নাম উচ্চারণ করিয়। স্পর্শ করাইবে। যদি চেতনা হয় এবং নাড়ী মলিবছে প্রত্যাবর্ত্তন করে এবং রোগী কিছু আহার করিতে চাহেন, তবে হয় ভিন্ন আব কিছু দিও না। জীগোবিদের কুপার জীবন পাইলে বেন কোন প্রকার জীব-মাংস আহারার্থ ব্যবহার ন। করেন।" এই বলিয়া সাধু জ্বপে প্রবৃত্ত হইলেন। শ্রীগোবিন্দের মহিমা প্রকাশ পাইতে আর বিলম্ব হইল না। ৫ দও সময়ের মধ্যে মুমুর্লেহে প্রাণ স্মাসিল, মৃতপ্রায় ভূমাধিকারী নিজোন্থিতের ন্যায় যেন জাগিয়া উঠিলেন। তিনি বলিলেন, "যে সাধু আমার মন্তকের পার্থে বসিয়া নিজ হাতে আমার প্রাণ দিয়া গেলেন, তাহাকে দেখিতে পাইতেছি না কেন? তাঁহার খুৰ স্থদীর্ঘ চেহারা, ত্রাহ্মণ, দীর্ঘ শ্বঞ্চ, মাধায় জটা, দোণার-বৰ তাঁহাকে খুঁজিয়া আন। আমি আর একবার তাঁহাকে দেখিব।" नकरनहे जाकशाबिङ इहेरलन। द्याप जानस्य मुर्क्टिङ हहेबा পড়িলেন। সাধুর নিকট দশন্ধন লোক প্রেরিত হইলেন। সাধু প্রত্যুত্তরে বলিলেন, "ধনীলোকের আঞ্চিনার ঘাইতে জ্রীগোবিন্দ আমাকে কোনও অধিকার দেন নাই। আমি ঘাইতে পারিব না, কমা করিবেন।" त्मांत्कता विभागत. "बाशिन ना शिल इयु द्वाप खेबालिनी इर्त्रा चात्रिया चार्यनात हत्रत्व পড़िरबन।" नाथु विन्तिनन, "नावधान ! कथनहे নর, স্ত্রীজাতি আমার মাতৃর্কণিণী, আমি ব্রহ্মচারী, তাঁহাদের সহিত কথোপকথন আমার একবারেই হর্জনীয়। শ্রীগোনিন্দ তাঁহার প্রতি কুপা করিলেন, ইহাই আমার সৌভাগ্য। আমার সেবার কার্য্য এখনও শেষ হয় নাই, আপনারা গৃহে যান, আমি সেবার কার্য্য শেষ করিয়া সত্ত্রেই এখান হইতে চলিয়া যাইতেছি, শ্রীগোবিন্দ আপনাদের মৃদ্ধক করিবেন।

সাধু চলিয়া যাইবেন, এই কথা প্রকাশ পাওয়ায় ভূমাধিকারীর আত্মীরগণ আসিয়া সাধুকে অন্ততঃ ও দিন এখানে রাখার জন্ম নানা প্রকার অহুরোধ করিলেন। বৃক্ষমূলে নববল্লের চক্রাতপ করিয়া দিলেন। নিকটবর্তী গ্রামন্থ ব্রাহ্মণ সজ্জনগণ শ্রীবিগ্রহের সেবার জন্ম ভূম ও কলাদি উপস্থিত করাইলেন। রন্ধনীযোগে ভক্তগণ হরিকীর্ভন আরম্ভ করিলেন। সাধু হরিকীর্ভনে যোগ দিয়া নিজেও আনন্দ লাভ করিলেন এবং সকলকে আনন্দ দান করিলেন।

পরদিন প্রাতে শ্রীগোবিন্দের পূজার জন্ত বাহ্মণগণ ফুল তুলসা, কল ও ত্থাদি নানাপ্রকার দেবার বস্ত সহ উপস্থিত হইলেন। এই সমরে দ্ববর্তী গ্রাম হইতে একটি বাহ্মণ আসিয়া সাধুর সমক্ষে উপস্থিত হটবা বলিলেন, "আগনার সহিত নির্জ্জনে আমার তুইটা কথা আছে। আপনি রাচ্চদেশীয় জগদগুরুবংশীয় চট্টোপাধ্যায় কুলীন বাহ্মণ।"

সাধু। হা। আপনি কিরপে জানিলেন ?

বান্ধ। আপনি কামাখ্য। ইইতে প্রত্যাবর্তনের পথে বন্ধপুত্তের তটে আপনারই উপাক্তদেবের শ্রীমূখে কোন কথা ওনিয়া ব্যাকৃদ হইয়াছিলেন কি?

সাধু আক্রমান্তিত হইয়া আন্ধণের মুখের দিকে চাহিয়া রহিলেন এবং বলিলেন, 'ভারপর— ব্যক্ষণ। তারপর এই ধে, ১৫ দিনের মধ্যে আপনার পিতার উর্কদৈহিক কার্য্য সম্পন্ন করিয়া আমার কল্পাটাকে পত্নীরূপে গ্রহণ করিছে হইবে। ত্ইমাস 'হুইল' আপনার পিতৃপের মহাপ্রস্থান করিয়াছেন। আপনার এই জ্রীগেংবিন্দ স্বপ্রবাদে আমাকে ধাহা জ্ঞানাইয়াছেন তাহাই আমি নিবেদন করিলাম।

সাধু বজ্রাহতের ক্রায় ভূমিতে পড়িলেন। কিয়ৎক্ষণ পরে তাঁহার চেতনা হইল। তিনি বাকেলভাবে বলিলেন, "আমার कर्फात वक अवः ७क मिवारिक निकुक्ष विश्वा अन्त्रत्म-स्वाचानो औरतावि-**स्मित** श्रीिक हरेन ना, चालनात कलात दिनवार्यहर कतिएक काहात है छ। ছইয়াছে। উহার বাহা ইচ্ছা ভাহাই হউক, কিন্তু আপনার কলার গর্ভে একটি পূত্রনন্তান হওয়া মাত্রেই আমি শুরুহন্তে নি:সক্ষ পরিবাজক-Cat म आभनात शृह इटेट क जिया बाहेत। जब्ब म (कह आमारक नायी করিতে পারিবেন না। আমি নাথায় আবদ্ধ হইব না। এ:গাবিন্দ পিতদেবের বাসনা পুর্ণ করিলেন। তঃধ এই, তাঁহার চিরবাঞ্চিত গার্হয় ভাবে গিয়া আমি তাঁহার চরণ দর্শন করিতে পারিলাম না। মতোর মহাপ্রস্থান শ্রীগোবিন্দ আমাকে,জানাইঘাছিলেন। যথন আমার কোন বিষয়ে হাত নাই, আমি আর কি করিব ? অবশভাবে তাঁহারই বিধান भामिश्रा চलिए इंहेरव।" अहे विलिशा माधु नावव इहेरलन अवर नश्न মাজত করিয়া ধ্যা নম্ভ হইলেন। সমাগত আকাণ "প্রী বীরাবাগোবিন্দে জ্ব" বলিয়া উট্ডে: শ্বে ধ্বনি করা মাত্রই সমুপস্থিত ব্রাহ্মামণ্ডলা ও হিন্দু-পণ যম্ভালিতের স্থায় ভাহার প্রতিধ্বনি করিলেন। ত্রাহ্মণ যে কেন महम। এরপ আনন্ধ্রনি করিলেন, তাহার কারণ কেহ বুঝিতে পারিলেন না। কিছুক্ষণ পরে কেই কেই ইহাদের গুহু কথার মশ্ম জ্বিজ্ঞাসা করিলে ভ্রাহ্মণ সকলকেই তাঁহার স্বপ্নবুত্তান্ত এবং সাধুর স্বীকারোক্তি সংক্ষিপ্ত ү

ভাবে প্রকাশ করিলেন। তাহা শুনিয়া উপস্থিত ব্রাহ্মণমণ্ডলী পরমহং ই পুনশ্চ শ্রীরাধাগোবিন্দের নামে জ্বঃধ্বনি করিয়া উঠিলেন।

অতঃপর মুদলমান ভ্যাধিকারীর আগ্রীয়বর্ত্বান্ধবলন এই সংবাদ শুনিয়া অত্যন্ত আনন্দিত ইইলেন। প্রীমং হরিপ্রদাদ গঙ্গোপাধ্যায় মহাশয়ের পঞ্চলবর্ষায়া কল্পা মধুমালভীর (লক্ষ্মীপ্রিয়া) সহিত ব্রহ্মারারী লক্ষ্মীনারায়ণ চট্টোরান্ধ চক্রবর্তীর শুভবিবাহ অভি সমারোহে সম্পন্ন হইল। এই বিবাহের ষাবভীয় বায়ভার মুক্তমঞ্জাবিভ মুদলমান জমীদার বহন করিয়াভিলেন এবং বিবাহান্তে প্রীম্রীয়াধাগোবিক্রমুগলের স্বার জন্য বন্ধপরিমিত দেবত্র এবং ব্রহ্মত্র ভূমি দান করিয়াভিলেন। বিবাহের ছই বৎসর পরে প্রীমতী লক্ষ্মাপ্রিয়া সমন্তা হইলেন। যথা সময়ে জাঁহার স্বক্ষকণসম্পন্ন এইটা পুত্র হইল। যঠমানে পুত্রের অন্ধ্রাশনকাষ্য সম্পন্ন করিয়া প্রীরাধাগোবিক্রমের গৃহত্যাগ করিয়া চিরদিনের জ্বন্ত লক্ষ্মানারায়ণ অন্তহিত ছইলেন। তাঁহার স্বেহময় শশুর স্থামিকাল জীবিত ছিলেন। এই সময় মধ্যে তিনি প্রসিদ্ধ প্রসিদ্ধ তীর্থে বন্ধবার জামাতার অন্তর্যণ করিয়াছিলেন, কিন্তু নিজে তাঁহার সাক্ষাৎ দেখা পান নাই; ভবে সাধুদের নুধে সংবাদ পাইতেন যে, তিনি তীর্থে তীর্থে ল্বমণ করিতেছেন।

দৌহিত্তের প্রতিপালনের জন্ম ষ্টিও তাঁহার কোনও প্রকার অর্থচিকা রহিল না, কিন্তু গুরুতর দায়ির তাঁহার উপরে সংগ্রন্থ হইল। ব্রুতী কল্যাও দৌইত্তের লালনপালনভার স্বহস্তে গ্রহণ করিয়া তিনি একনিষ্ঠভাবে প্রীরাধান্যোবিস্ক-দেবায় নিষ্কু হইলেন। শিশু জীবনক্লক মাতানহ-মাতামহার সাদেরে যক্ষে লালিত-পালিত হইলেও শৈশব হইতে অতি স্থার ও গন্তারভাবে সময় যাপন করিতেন। স্মব্যুস্কদের সহিত মিশিতেন না,বেশাতেও প্রবৃত্তি ছিল না। মাতা ধাান

মগ্না তপশ্বিনীর ন্যায় শ্রীরাধাগোবিন্দের মন্দিরে বসিরা শ্রীবিগ্রহের চরণ চিন্তা করিতেন। শিশুটি শ্রীমন্দিরের বারান্দায় বসিয়া নীরবে মায়ের দিকে চাহিয়া থাকিতেন। ৫ বংসরে হাতে খড়ি হয়, কিন্তু তাহার বহুপুর্বে তিনি মাতামহ ও মাতামহীর ক্রোড়ে বসিয়া ঠাকুরদের শুবস্তুতি শ্রনেক প্রকার শিক্ষা করিয়াছিলেন। সংস্কৃত ব্যাকরণের বহু স্কুত্র মাতামহের মূপে শুনিয়া শুনিয়া মুপস্ক করিয়াছিলেন।

অতঃপর রামেশ্বর তর্কপঞ্চানন মহাশয়ের চতুস্পাঠীতে কলাপ ব্যাক-রণ, অমরকোষ অভিধান, ভাষা পরিচ্ছেদ ও উহার মুক্তাবলী টীকা, স্টীক ব্যাপ্তিপঞ্চক, সিদ্ধান্তলক্ষণা, পক্ষতা, হেছাভাষ প্রভৃতি তায়শাস্ত্রের কঠিন কঠিন গ্রন্থগুলি চতুর্দ্ধশ বংসর বয়সে অধ্যয়ন করিয়া কাব্যপ্রকাশ ও সাহিত্য-দর্পণাদি গ্রন্থ, প্রীমস্কাগবত এবং অক্সান্য গোবামিক্সত বট্ সন্দর্ভাদি ভক্তিগ্রন্থপাঠ সমাপন করেন: তথনও তাঁহার মাতামহ মাতামহী জীবিত ছিলেন। একবিংশ বর্ষ বয়সে পিতার উদ্দেশে ব্যাকুলভাবে গৃহ হইতে বহিৰ্গত হন৷ প্ৰথমত: পিতার জনামান বীর্ভ্ম সিউড়িতে উপস্থিত হইয়া স্থানীয় প্রাচীন লোকগণের নিকট জিজ্ঞাসা করিয়া পিতামহের বাটীর উদ্দেশ প্রাপ্ত হন। সেধানে জনৈক বাদ্ধণ পণ্ডিত অনস্তরাম চতুম্পাঠী নাম দিয়া এক চতুম্পাঠী সংস্থাপক পূর্ব্বৰ তাঁহার পিতামহ-প্রদন্ত ভূসম্পত্তি ও গৃহাদি ভোগ করিতেছিলেন। তাঁহাদের নিকট ইনি ই হার পিতার কথা জিজ্ঞাসা করিলে প্রথমত উাহারা দক্ষীনারায়ণের কথা তুলিয়া অনেক তুঃও প্রকাশ করেন পরে ষধন ইনি লক্ষ্মীনারায়ণের যথাঞ্চত পুর্বারভাত বর্ণনপুর্বাক ইনিই তাঁহার একমাত্র পুত্র বলিয়া পরিচয় প্রদান করিলেন, তখন টোলের পণ্ডিত একবারেই স্থর বদলাইয়া ফেলিলেন। তিনি মনে মনে সন্দেহ করিলেন, পৌত্রটী সম্ভবতঃ পিডামহের সম্পত্তি অধিকার করিতে \

আদিয়াছে। স্থচতুর গম্ভীরচরিত্র জীবনক্বফ বিনীতভাবে বলিলেন, ''আমি এখানে পিতামহের সম্পত্তির জন্ম আসি নাই, পিতার জন্ম আসিয়াছি। তিনি এখন কোন তীর্থে আছেন, আপনারা বলিতে পারেন কি ?" তিনি বলিলেন, "আমরা তাহার কিছুই আনি না। লাভপরের নিকট থিবা গ্রামে এবং একচক্র গ্রামে ভোমাদের জ্ঞাতিবর্গ আছেন, ভাহাদের নিকটে যাইতে পার। এই বাড়ী ভোমার পিভামহ আমাকে দান করিয়া গিয়াছেন। তাঁহার অক্তাক্ত ভূদপত্তিও স্থানীয় অনেক আহ্মণকে মৃত্যুর পুকে দান করিয়া গিয়াছেন। লক্ষানারায়ণের সংবাদ না পাইয়া স্বচাগ্র ভূমিও তিনি অদ্ভভাবে রাথিয়া যান নাই। স্থতরাং তোমার এখানে কিছুই নাই।" জীবনক্ষ বলিলেন, "আমি পূর্বেই বলিয়াছি, আমি সে উদ্দেশ্যে এখানে আসি নাই।" এই বলিয়া ভিনি একচক্রা ও থিবা গ্রামের জ্ঞাতিদের সহিত দেখা করিলেন। তাঁহাদের পরিচয় পাইলেন। কিন্তু পিভার কোন সন্ধান পাইলেন না। তথা হইতে শীবুন্দাবনে যাত্রা করিলেন এবং প্রভ্যাগ্মনকালে প্রয়াগ, কাণী প্রভৃতি স্থান দর্শন করিয়া প্রায় দেড়বংসর পরে গৃহে ফিরিলেন। মাতা, মাতামহী ও মাতামহ এই দেড়বৎসরকাল তাঁহার। বিরহে অভ্যস্ত ছুশ্চস্তার কাল্যাপন করিতেছিলেন। কেবল জীরাধা-, গোবিন্দচরপই তাঁহাদের একমাত্র ভরদা ছিল। জাগ্রভদেব শ্রীগোবিন্দ মধ্যে মধ্যে তাঁহাদিগকে স্বপ্নে জানাইতেন, জীবনকৃষ্ণ ভাল আছে, সৃষ্ শরীরে বাড়ী ফিরিবে, কোন চিস্তার কারণ নাই। প্রকৃতই স্বস্থ শরীরে कोयनकृष्ण वाफ़ीए कितिरागन। देशत हुई वर्ष भरत जिनि निक्रवाणीए हरुणाठी कतिया अक्षाणनाकादा आदस कतित्वन । **डाँ**हात महाहात, বিস্থা-বৈভব ও ভজননিষ্ঠা দেবিয়া দুরস্থ লোকেরা তাঁহার শিল্প হইতে লাগিলেন। মুদলমান জমীদারের উত্তরাধিকারিগণ তাঁহাকে অভিশর»

শ্রমা করিতেন। স্বতরাং তাঁহার অবস্থা অতীব স্বচ্ছল ছিল। মাতামছ শাতামহী কিছুদিন পুর্বি হইতেহ তাঁহার বিবাহের জন্ম **অত্যন্ত উৎকন্ঠিত** হইয়াছিলেন কিন্তু জীবনকৃষ্ণ কিছতেই সম্মত্তন নাই। তিনিও বা পাছে পিডার পথ অনুসরণ করেন, ইহাই ভাবিয়া তাঁহাদের মনে ভয়ের সঞ্চার হইয়াছিল। কিন্তু তিনি বলিতেন, "শ্রীগোবিনের যখন আদেশ হইবে তথন বিবাহ করিব।" ৩২ বংসর বয়ুসে তিনি সে আদেশ প্রা**থ** হন। জৈমনি দেবী নামা একটী ক্যার সহিত তাহার শুভবিবাহ সম্প**র** হয়। তাঁহার বিবাহের ৪ বংসর পরে প্রথমত: মাতামহীর মৃত্যু হয়। ভাহরে পর বংদরে মাতামহও মানবলীলা দম্বণ করেন। সম্ভবত: ৭ বংশর বয়দে জীবনকফের প্রথম পুত্র রুফ্মোহনের জন্ম হয়। ইহার ·ক্তিপয় বর্ষ পরে অতি শুভক্ষণে স্থলগ্নে তাঁহার ধিতীয় পুত্র গৌর**মো**হন চট্টোরাজ চক্রহত্তী ক্ষমগ্রহণ করেন। ইহার ওবংগর পরে তাঁহার -মাতৃদেবী **শ্রীগোবিন্দের চরণ চিন্তা করিতে** করিতে ধরাধাম হইতে অন্তর্হিতা হইয়াছিলেন। গৌরমোখনের জন্মের কয়েক বংগর পরে জাবনক্ষের তুইটা ক্যাদন্তান ক্রমশঃ জ্রিয়াছিল। গৌরমোহন ্টাহার পিতামহের ক্রায় স্থদীর্ঘ স্থঠাম সমুজ্জন গৌরকান্তিবিশিষ্ট স্থপুরুষ ছিলেন। তিনিও সংস্কৃতশাল্পে এবং জ্মীদারী কার্য্যে অত্যন্ত স্থপতিত ছিলেন। তিনি বিবিধণাপ্ত অধান্তন করিয়াছিলেন। স্থানীয় ভূমাধি-কারিগণ সর্বাদাই জাঁহার পরামর্শ গ্রহণ করিতেন।

পিতৃপৈতামহ-বৈভবে সংসাবে কোন প্রকার অবচ্ছলতা ছিল ।
না। অতিরিক্ত ধনোপার্জনের বাসনাও তাঁগের ছিল না। শৈশর্ব
হইতেই তাঁগের চরিত্র গন্তীর, স্থশীল, সভ্যনিষ্ঠ ও ধর্মপরাধণ ছিল।
শ্রীরাধাগোবিন্দের দেবা, দোল তৃর্গোংসর পর্ব প্রভৃতিতে অকাতরে
অর্থবার এবং সর্ব্রনাধারণের প্রীতিজনক ব্যবহারে তিনি সর্ব্রসাধারণের

ভজির আম্পদ ছিলেন। উক্ত অঞ্চলে তিনি ষেমন অভিথিসেবার জন্ম প্রাণিক ছিলেন, আর কাহারও নাম তেমন শুনা যার না। ধনে মানে, রূপে গুণে, বিছা-বৃদ্ধিতে, দেহের শক্তি-সামথ্যে তিনি মহাপুরুষ-রূপে জনসমাজে ভক্তিভাজন হইয়াছিলেন। সর্বানাই তাঁহার নেকটে স্থা সজ্জনগণ সমুপস্থিত থাকিতেন। সরকারী ধর্মাধিকরণ হইতে শালিসী-বিচারের ভার সততই তাঁহার উপরে ক্রন্থ হইত। তাঁহারই প্রভাবে উক্ত অঞ্চলের অধিবাসিগণ স্থ্য শান্ধিতে বাস করিত। তিনি রাজা মহারাজা না হইলেও জনসাধারণের নিকট তিনি সেইরূপ সম্মানভাজন ছিলেন। তাঁহার ক্রায় বিশ্বাবৃদ্ধি প্রতিভা সত্যানিষ্ঠা লোকাম্বাগ-সম্পন্ধ ও ভগবস্তক্তিপরায়ণ প্রভৃতি গুণশীল ব্যক্তি উক্ত অঞ্চলে অতি বিরল ছিল। তিনি সক্রদাই উক্ত অঞ্চলের স্বান্থ্যান্তি, বিজ্যান্তি ও ধর্মান্তির জন্ম বছলকার্ম্যে নিরত থাকিতেন।

উক্ত অঞ্চলে তাঁহার সমকক্ষ ব্যক্তি অতি বিরল ছিল। তাঁহার
অগ্রজ রক্ষমোহনও প্রচুত্ত ক্ষমতাশালী ছিলেন। এই তুই সংহাদরের
প্রভাবে জনসাধারণের যেরপ উন্নতি ও স্থাশান্তি হইরাছিল, এখনও
তাহার অনেক নিদর্শন আছে। তুই ভ্রাতা একান্তভুক্ত ছিলেন।
রক্ষমোহনের তিন পুত্র স্থার্ম জীবন প্রাপ্ত ইইয়া সম্পত্তি ও পূর্বাচরিত
দেবপিতৃকার্যকলাপ বজায় বাবিয়া মনেবলীলা সম্বরণ করিয়াছেন।
বিষ্ণবাচার্য্য বিভাবৃদ্ধি প্রভাবসম্পন্ন ঠাকুর গৌরমোহন তিন পুত্র
রাধিয়া প্রলোক সমন করেন। তাঁহার মধ্যসপুত্র ঘৌবনে পদার্পণ
করিয়া কলেকবলে পত্তিত হন। এখন জৈটি ও কনিষ্ঠ পুত্র বর্ত্তথান।

জ্যেন্ত শ্রীমং ব্যাক্ষান বিশ্বাভূষণ বাল্য হইতেই নানাদেশ পর্যাটন করিয়া জ্ঞানাদেষণে প্রবৃত্ত হন। বাল্যে পিতৃদেবের নিকটেই সংস্কৃত ব্যাকরণ পাঠ করেন। অভ্যপর ঢাকা ও কলিকাভায় থাকিয়া ইংরাজা

ও সম্বতশাস্ত্রে পারদর্শিতা লাভ করেন। কলিকাতা মেডিকেল কলেকেও তিনি Casual studentকৰে ৎ বংসর চিকিৎসা-বিদ্যা অধায়ন করেন। তৎকালীয় সার্জ্জন Dr. Ray তাঁহার আকারপ্রকার, বিজ্ঞাবৃদ্ধি, বিনীত ভাব ও চিকিৎসা-প্রতিভা-দেখিয়া তাঁহাকে ৰড়ই ভাৰৰাশিতেন এবং ইংলভে নিজব্যয়ে বাধিয়া শিক্ষা দিবেন বলিয়া মনত করিয়াছিলেন। অবশেষে उँगाम्बर প্রতিবাদী বাঞ্চালী দিবিল দার্জ্জন 'বি গুপ্তের পরামর্শে সামাজিক মর্যাদা সংরক্ষণের প্রতি দৃষ্টি রাথিয়া সে প্রভাব হইতে বিবত হন। ইনি কলিকাতা সংস্কৃত কলেজেও ঐ সময়ে ৭ বংসর কাল প্রধান প্রধান পণ্ডিতগণের সাহাযো নানাবিধ শাস্ত পাঠ ক্রিয়াছিলেন। মেডিকেল কলেকে অধ্যয়নের সময় হইতেই সুবিধ্যাত ডা: মহেন্দ্রলাল সরকার তাঁচাকে দেখিয়া স্নেহবশে তদীর Science Association বা বিজ্ঞান-স্মিতিতে বৈজ্ঞানিক শিকার ও নিজের নিকট বাধিয়া হোমিওপ্যাথিক শিক্ষার বন্দোবস্ত করিয়াছিলেন। অধায়ন-সমাপনের পর ইনি কলিকাতাতেই কিছুদিন চিকিৎসা-ব্যবসারে প্রবন্ত হন। জ্ঞানতৃষ্ণা অত্যন্ত বলবতী হওয়ায় কলিকাতার প্রধান প্রধান শিক্ষিত লোকদিগের নিকট যাতায়াত করেন। ডাফ কলেজের দর্শনের অধ্যাপক ষ্টিফেন সাহেবের নিকট ষাতাগ্রাত করিগ্রা পাশ্চত্য দর্শনশাস্ত্রে প্রবেশ লাভ করেন। মেডিকেল কলেজে ফিজিওলজী অতীৰ মনোযোগের সহিত পড়িয়াছিলেন। ইহাতে ষ্টিফেন সাহেব বড প্রীতিকাত করিয়া ই হাকে সাইকোলজী,মেটাফিজিফস ও ফিজিওলজি ×ছল্কে উত্তম উত্তম পাশ্চাতা গ্রন্থপাঠে সাহায্য করিয়াভিলেন। বালা ভইতেই জ্ঞানার্জনের ইঁহার বলবতী তৃষ্ণাছিল। কলিকাতা, কাশী e नवहीर िकिश्म। वावमा छेननक वाम कराह (महे वामना खानक

পরিমাণে সাফল্যলাভ করে। ইনি স্থবর্ণথালি, সিরাজ্গঞ্জ, নবছীপ, রক্ষপুর প্রভৃতি বছদ্বানে থাকিয়া খ্যাভি-প্রভিপত্তির সহিত চিকিৎসা ব্যবসায় করেন। অর্থ উপার্জ্জনের তৃষ্ণানা থাকায় সেবিষয়ে তিনি বিশেষ উন্নতিলাভ করিতে পারেন নাই। যথনই যেখানে থাকিতেন, সেইখানেই খানায় লোকের নৈতিক উন্নতি, বিভান্নতি ও ধর্ম্মোন্নতির জন্ম সভাস্মিতি ও বিভান্নয়াদি খাপন কারতেন এবং সাময়িক প্রকাদি প্রকাশ ও প্রচারে সবিশেষ উল্লোগী ইইডেন।

ধৌবনের প্রারম্ভ হইতে মাতভাষার উন্নতিসাধনে ইহার স্বিশেষ যত্র ছিল। বছবিধ সাম্মিক পত্রিকাতে ইনি অনেক প্রকার প্রবন্ধ লিখিতেন। রক্পুর দিকপ্রকাশ নামক সাপ্তাহিক পত্রে ধারাবাহিক-রূপে বিজ্ঞান, দর্শন, ধর্মনীতি ও রাজনীতি সম্বন্ধে প্রবন্ধ লিখিতে -প্রবুত্ত হন। তাহাতে তৃপ্ত না হট্যানিজেই সর্বতী নামে এক্থানি মাসিক পতা প্রকাশ করেন। সেই পত্তের নিজেই সম্পাদক চিলেন। রকপুরের স্থপ্রসিদ্ধ স্থপতিত জমীলার নীলকমল লাহিড়ী মহোদয় ও তংপুত্র স্থাপ্তিত ভবানীপ্রদল্প লাহিড়ী মহোদয়, মহামহোপাধ্যায় ষাদবেশ্বর তর্করত্ব, ডেপুটি ম্যাজিট্রেট হৃবিখ্যাত সাহিত্যিক হোগেন্দ্রনাথ বিভাভ্যণ প্রবন্ধ প্রদান করিতেন, কিছু সরম্বতী প্রিকার মৃত্রণাদি স্কাক ন। হওয়ায় রক্পুর ধর্মসভার বায়ে স্থানীয় স্থাপকিত ব্যক্তিগণের পরামর্শ ও প্রয়ম্ভে পারিজাত নামক একখানি ছাতি উত্তম মাসিকপত্ত কলিকাতা হইতেই মুদ্রিত করিয়া প্রকাশিত করাহয়। এই পত্রও ইঁহা ৰারা সম্পাদিত হইত। ইনি গল্পতে অনেক প্রবন্ধ লিখিতেন, ইহাতে অনেক স্থাবিখ্যাত সাহিত্যিক প্রবন্ধ লিখিতেন, কলিকাভার সাহিত্যিকগণও পারিজাতের ভূষদী প্রশংসা করিতেন।

প্रमहकत जुकाष्म तक्रभूत यथन विश्व छ इत्र वावः श्रीकिमिनेहे यथन

কল্পন অহত্ত হয় সেই সময়ে বিষ্ঠাভূষণ মহাশয়ের চিকিৎ সা ব্যবসায়ের উষধ ও আলমারী প্রভৃতি বাসগৃহের সঙ্গে বিধ্বস্ত হইয়া যায়। তিনি একরপ রিজহন্তে রক্ষপুর হইতে আৰার কলিকাতার আসিয়া চিকিৎসা আহন্ত করেন। এই সময়ে কলিকাতা হাটপোলার তাঁহোর ডিল্পেন্সারী চিল। হাটপোলার ষ্বক্সণ 'বিকাশ' নামক একথানি অতি স্থলর মাসিক পত্রিকা প্রকাশ করিতে আরম্ভ করেন এবং বিচ্চাভূষণ মহাশয়ই উহার সম্পাদক ছিলেন। আহিরীটোলার কভিপয় যুবক "শিল্পসথা" নাম দিয়া শিল্পবিজ্ঞানবিষ্যক আর একথানি পত্র প্রকাশ করিতে আরম্ভ করেন। তাঁহাদের অহ্বরোধে তাহার সম্পাদনভারও ইনিই গ্রহণ করেন। ইনি কথনও পরিশ্রমে ভয় করিতেন না। ই হার অনব-চিছ্র অধ্যবসায়ে, অক্লান্ত পরিশ্রমে ও অদম্য উৎসাহে নানা প্রকার সভা সমিতি এবং বিভারতির প্রচার দেবিয়া অমৃতবাজার পত্রিকার স্ববিধ্যাত সম্পাদক মহাত্মা শিশিরকুমার ঘোষ ইহাকে হাটপোলা হইতে বাগবাজারে আনম্বন করিয়া আনন্দবাজার বিফুপ্রিয়া পত্রিকার সম্পাদন-ভার প্রদান করেন।

অতঃপর কর্মবীর ও ভক্তবীর মহাত্রা দিশিবকুমার বৈক্ষবধর্ম প্রচারের জক্ত যে গৌরাল-সমাজ সংগাপিত করিয়াচিলেন তাহার সম্পাদকতা-ভারও ইহার উপরে অপিত হয়। এই তুই কার্যোব্যাপৃত থাকায় চিকিৎসা ব্যবসায়ের প্রতি ই হার আর তাদৃশ মনোয়োগ থাকে না। কিছু কলিকাভায় যথন ভীষণ প্লেগ রোগ আরম্ভ হয়, তপন বৃদ্ধিমান অধিকাংশ ভাক্তারই প্লেগরোগী দেখিতেন না, কিছু ডাক্তার বসিক্ষোহন প্রতিমেটি কর্ত্ব নিযুক্ত প্লেগরোগের ভিভিলেট কমিটির মেম্বর হইয়াভিলেন। তিনি নির্ভীকভাবে প্লেগরোগের ক্ষীত গ্রন্থতে অস্থোপচার কভিত্নে, কিছু অর্থ গ্রহণ করিতেন না। আনন্দ্রাহার বিষ্ণুপ্রিয়া প্রতিহা সম্পাদন ও গৌরাক

मबाज मुल्लाह्न बादा देवकातातां द्रिक त्याहन देवकातालत त्य कार्या করিয়াছেন তাহা কাহারও অবিদিত নহে। এই সময় হইতে তিনি श्कल नारवान्त्रनाम शाश्चामा. जानन्त्रीमाःमाः त्राप्त त्रामानन्तः श्रष्टीताष्ट এতি গার্মান, এতি গার্মিকুপ্রিয়া, নীলাচলে ব্রজমাধুরী, এচরণতুলদী, শ্ৰীক্ষমাধুৱা এবং শ্ৰীপাদ শ্ৰীবাৰ-ক্বত অতি কঠিন সংস্কৃত দাৰ্শনিক গ্ৰন্থ সর্বসম্বাদনী গ্রম্বের সম্পাদনায়, সংস্কৃত চূর্ণিকা-বিরচনে এবং উহার সচীক বন্ধামুবাদে যে শ্রম, যতু ও পাণ্ডিত্যের পরিচয় দিয়াছেন, শিক্ষিত লোক মাত্রেই তাহা স্থবিদিত। উক্ত গ্রন্থানি বন্ধীয় সাহিত্য পরিষদের ব্যায়ে এবং তাঁহাদের প্রেরণায় ইনি অতীব বিপদের সময় এই কার্য্য সম্পাদনে প্রবৃত্ত হইয়াছিলেন। ইহার একমাত্র পুত্র শ্রীমান সচিদানন্দ একবিংশবর্ষ বয়সে যথন বি-এ পরীক্ষার জন্ম প্রস্তুত হইয়াছিল, সেই সময়ে জীবনসম্কট রোগে আক্রান্ত হইয়া শ্রাগত হয়। ইহার পূব্দ হইতেই বঞ্চার সাহিত্য পরিষৎ এই গুরু কার্য্যভার তাঁহার উপর গুন্ত করেন। ক্তব্যনিষ্ঠ সম্পাদক তু:সহ পুত্র বিবহের পর্বদিন হইতে গ্রহের বার কর্ম করিয়া সাহিত্য পরিষদের সংগ্রন্ত কর্ত্তব্যকর্ষে প্রবৃত্ত হন। পাছে বা এই গুরুতর শোকে তাঁহার দেহ ও মন্তিক্ষের অবস্থা বিষ্ণুত হয় এবং এই গুরুতর কার্ব্যে বাধা পড়ে. এই ভরে ভীউ হইরা এই ঘোর বিপদের সময়েও খীয় কর্ত্তব্যত্রত কোন প্রকারে উদ্যাপন করিয়াছিলেন, কিছ তথাপি ঐ গ্ৰন্থে তাঁহার যে শ্রম, শাস্ত্রামুসন্ধান-নিপুণতা ও অংশ্র পা গ্রিভার পারচয় পাওয়া যায় উহা প্রকৃতই বিস্ময়জনক। আনন্দ-বাবার বিষ্ণুপ্রিয়া পত্তিকা সম্পাদনের সময়ে ইনি প্রাচ্যবিভামহার্ণব শ্ৰীমৎ নগেজনাথ বস্তু মহোদয়ের ছারা অফুক্ত হটরা বিশ্বকোষ বেদাৰ প্ৰভৃতি বহুল গবেষণাপূৰ্ণ প্ৰবন্ধ व्याणिया 'विश्वरकारव' श्रवान करवन धवः छथन बाद शक्षणिक

বস্থ মহাশংগর ঘারা তাঁহার ভাক্তারখানার বেসিভেণ্ট ক্ষিকিসিয়ান ও সাজ্জনরপে নিযুক্ত হইয়া চিকিৎস। ছারা বছলোকের উপকার সাধন करतन । इहा उर्जाशत देवका वर्ष- अहारतत अक्षत्र भि निर्मिष्ठ हहेगाहिन । এই সময়ে নানাবিধ কার্যা সম্পন্ন করিয়া প্রতিদিন সন্ধ্যাকালে বাকা ক্ষাদাস লাহা মতোদয়ের অনুরোধে তাঁহাকে শ্রীমন্তাগবত, মহাভারত প্রভৃতির বাধ্যা শুনাইতেন এবং কলিকাতা ও ভবানীপুরের বছম্বানে শাস্ত ব্যাখ্যা ও বক্ততা করিতেন। স্থানীয় রাজা-মহারাজগণ সকলেই তাঁহাকে অতিশয় শ্রদ্ধা করিতেন। এই সমরে ২৫ নং বাগবাজার খ্রীটের মালিক তাঁহার বাটী বিক্রয় করার প্রভাবে ইনি খোণাৰ্জ্জিত অর্থে এই বাড়ী ক্রয় করেন এবং ক্রমশঃ ইছার উন্নতিগাধন করেন। একমাত্র পুত্তের মৃত্যুর পর উপার্জনের সমস্ত উপায় পরিত্যাগ করেন। পুত্রের মৃত্যুর পূর্বেই জাঁহার জ্যেষ্ঠা কন্যা শ্রীমতী বিষ্ণপ্রিয়া দেবীকে স্থপাত্তে সমর্পণ করেন। তিনি কলিকাতা মেডিকেল কলেজের একজন Assistant Surgeon এবং ভবানীপুরের স্বপ্রদিদ্ধ চিকিৎসক ডাক্তার-নাম নুপেন্সনাধ মুখোপাধ্যায় এম-বি। জামাতাটীও বৈফ্বধর্মাবলমা, অভীব চরিত্রবান স্থচিকিৎসক। পুত্রের মৃত্যুর কভিপয় বৎসর পরে কলিকাডা বিশ্ব-বিদ্যালয়ের একটা স্থাসিদ্ধ গ্রাজুয়েটের সহিত কনিষ্ঠা কন্যার বিবাহ इया कनिष्ठ कामाजात नाम (इरमखनातायन कहोताका वम-व. বি-এল। পঠদশার কলেকে ইংার অত্যন্ত প্রতিপত্তি ছিল। প্রজ্যেক পরীক্ষায় অভীব যোগ্যভার সহিত উত্তার্ণ হন এবং প্রথম শ্রেণীর বৃত্তি প্রাপ্ত হন। ইনি কিছুদিন কলেজের অধ্যাপকতা করিয়া এখন হাইকোর্টে ওকালতি করিতেছেন। ইনিও অতি চরিত্রবান ও বিষ্ণুদ্বমে দীক্ষিত।

विमाक्ष्य महासब मध्ये वि बात এक्शनि ब्रमाकात श्रह

তুই খণ্ডে শেষ করিয়াছেন। প্রস্থের নাম প্রীমৎ রূপদনাতন শিক্ষা মৃত। ইহা বারা বৈফ্রসমাজের প্রভুত কল্যাণ সাধন; হইবে আশা क्त्री यशि। এই दुक्तकारले ज्ञान-गांधरनेत व्यवकार रलाक-শিক্ষার জ্ঞা তাঁহার অন্যা উদাম; অনবচ্ছির অধাবসায়, অক্লাক্ত প্রিশ্রমক্ষ্মত। এবং জনাহত্যাধনামুরাগ দৃষ্ট হয়। বৃদ্ধদেশে यथन चर्मणी व्यान्मानरनत्र जतक्रुमान उठिग्राहिन, उथन श्राप्त अपन मिन हिन ना, योमिन जिनि अधान अधान माडाय अधान अधान उद्या-দের সহিত বক্তভামঞ্চে বক্তভা করিতে দ্রায়মান ন। হইতেন। নানাবিধ কার্য্যে তাঁহার কর্মাঠত। এখনও বিদ্যাদান, কিন্তু প্রীক্লফটেডজ মহাপ্রভুর প্রবর্ত্তিত বিশুদ্ধ প্রেমভক্তির ধর্মায়ুষ্ঠানই তাঁহার জীবন-ত্রত । তাঁহার কৰ্মময় জীবনবৃত্ত লিখিবার সময় এখনও উপস্থিত হয় নাই। তাঁহার ক্ষমিষ্ঠ প্রতি প্রতি শ্রীমৎ মথুরামোহন ভক্তিরত্ব আটীয়ার অন্তর্গত বন্দাকাওয়ালথানি প্রামে তদীয় প্রপিতামহ লক্ষ্মীনারায়ণ চট্টোরাজ ठळवर्जी मरशानरत्रत्र अनरत्रत थन अत्राधारशावित्सत्र निष्ठावान रत्रवक । जिनि जनकालत लोकिनिरशत गर्धा देवखवधर्यत महभराम श्रीहात कतिरज-চেন এবং শ্রীরাধাগোবিন্দের নিষ্ঠাময়ী আনন্দময়ী সেবায় দিনাতিপাত করিতেছেন। কতিপর বৎসর হইল, তিনি জ্রীরাধাগোবিন্দ-মন্দিরে শ্রীশ্রীবৌরবিষ্ণুপ্রিয়া যুগলবিগ্রহ স্থাপনা করিয়া ভক্তপণের চিত্তে স্থানন্দ क्षमान कतियाहिन। हैशाता माकारमध्य महाश्रक्त भाशासर्गं हित ভক্তিৰিলাস-স্বলনকারী শ্রীমং গোপাল ভট্ট পরিবার এবং শ্রীবাস আচার্ব্য প্রভাষ কলা-জাত শাখা-বংশোদ্ধব। ই হাদের বংশ भोत्नीय महोठात-शानन, ভक्तिभात-त्रशायन-वशाशन ७ स्निर्धन-চরিত্রতার জন্ত প্রসিদ্ধ। ইঁহাদের পুর্বাচার্যাপণ জগদ্ওক বলিয়া অবভিহিত হইতেন। এখনও বীরভূম লাভপুর অঞ্চল এই চটোরাজের

বংশের জ্ঞাতিগণ বর্তমান আছেন, কিন্ত বিভাভ্ষণ মহাশয়ই এখন এই বংশের প্রাচীনতথ পণ্ডিত। ইহাও জীবন বছ স্পষ্ঠান ও স্তুতম্ম ।

## বাগবাজারের মিত্রবংশ

কান্তকুক হইতে আদিশূর কর্ত্ক গক্ষে আনীত পঞ্চলন ব্রান্ধণের সহিত যে পঞ্চলন কায়ন্ত বহুদেশে আদিয়াছিলেন কালী মিত্র তাঁহাদের মধ্যে অন্যতম। ইনিই বাঙ্গলার মিত্রবংশীয়গণের আদিপুস্থ।

কারুকুক্কের প্রেম মিত্রের তিন পুত্র—শক্তি, নাগভট্ট ও কালী। এই কালী মিত্রই রাজা আদিশুরের সহিত বঙ্গে আসিয়াছিলেন।

কালী মিত্রে
প্রীধর মিত্র
ভিক্তি মিত্র

সৌজেরি মিত্র

সৈরি মিত্র

বোম মিত্র

কেশব মিত্র

মৃত্যাঞ্চয় মিত্র

ষ্ত্যপ্তর মিজের পুত্র ধুঁই মিত্র গৌড ত্যাগ করিয়া বড়িশায় আদিয়া বসবাস এবং তথার একটি সভাজ ভাপন করেন। বড়িশার মিত্রগণই ইহার বংশধর।

৺ধুই মিত্র | নিশাপতি মিত্ত | লম্বোদর মিত্ত লম্বোদরের পুত্র পরমেশ্বর মিত্র বড়িশা ত্যাগ করিয়া বালাতে আদিয়া বাস করেন। কিন্তু তাঁহার বংশধরগণ বালীর মিত্র বলিয়া কথিত হইলেন না, বড়িশার মিত্র পরিচয়েই পরিচিত রহিলেন।

পরমেশ্বর মির

া

দানপতি মিত্র

জয়দেব মিত্র

ইচ্চীবর মিত্র

শীবরাম মিত্র

শিবরাম মিত্র

শিবরাম মিত্র

শীভারাম মিত্র

শীভারাম মিত্র

শীভারাম মিত্র

শার্ধ সোকুল মিত্র

শাধু গোকুল মিত্র

সীতারামের পৌজ সাধু গোকুল মিত্র ১৭৪২ খুটান্ধে কলিকাতায় আসিয়া বন কাটিয়া বাস করেন। এই জন্ত এখনও বাগবাজার অঞ্চল ইহারা "বনকাটা বাস মিত্র" নামে কথিত হইয়া আসিতেছেন। সাধু গোকুল মিত্র লবণের ব্যবসা করিয়া এরপ বিপুল অর্থ অর্জ্জন করিয়াছিলেন বে, তাহাতে তাঁহার পিতামহের নাম ঢাকা পড়িয়া বায় কেবল অর্থে নহে, সদম্ভানের বারাও গোকুল মিত্রের খ্যাতি-প্রতিপজি তাহার প্রাপ্রম্ফগণের নাম-যশকে অতিক্রম করিয়াছিল। কেন না, লোকে বাগবাজারের মিত্র-বংশকে সীভারামের বংশধর বলে না, গোকুল মিত্রের বংশধরই বলিয়া থাকে।

েগাকুল মিত্রের বুদ্ধিং।বসায় অতাব প্রথম ছিল। তিনি লবণের ব্যবসাকে একচেটিলা ক্রিয়া কেলিয়ান্তিলেন কলে অগাধ অর্থের অধীশার হইয়াছিলেন। এই বিপুল অর্থের সন্ধায় তিনি এমনভাবে করিয়া গিমাছেন যে, আজ পর্যাক্ত প্রাক্তংশারণীয় হইয়া রহিয়াছেন। কেহ কেহ বলেন, এক হিসাবে বংশে উপযুক্ত পুত্র জ্পিলে মহাপাপ হয়। কেন না, ভাহার প্রভাব-প্রতিভিত্তিত প্রপ্রক্ষাণণের অক্তিত্ব লোপ পায়; তাঁহাদের যশোভাতি ক্লিপ্রভাহ হয়। কিন্তু ইহা নিশ্চিত বে, সেই বংশের উদ্ধিতন সাত পুরুষ এবং অধন্তম সাত পুরুষ উদ্ধার হয়।

শ্বংশে যত মুটে জনায় ততই পূর্ম প্রকৃতির ভাল-পালা বাহির ইইয়া পূর্ব প্রকৃতিটা কল্পতক হয়; আর সাফ করা মুটে জনিলে পূর্ব প্রকৃতিটিকে প্রয়ন্ত কার্যা স্বেল। প্রকৃতির ইচ্ছা যে পুজের যারা আমার নাম গাকে এবং অন্যাব নাম না কোন প্রকারে লোপ পায়।

"বংশধরদিগের ভিত্র তৃইপ্রকার মুটে জন্মগ্রহণ করে, ইহা যেন বরাবর মনে থাকে। একপ্রকার মুটে জাল-পালা দিয়া পূর্বাপ্রকৃতিটিকে বাজাইয়া কল্পতক করে, অপর আর একপ্রকার মুটে গুড়ি পর্যান্ত দাক করিয়া দেয়, কিন্তু স্থনাম পুল্ল পূর্বাপ্রকৃতিটিকে বাড়াইবে না বা কমাইবে না, কেন না উপযুক্ত পুল্ল স্বয়ং সিদ্ধপুক্র হয়।

"সাধু গোকুল মিত্র স্বয়ং সিদ্ধপুরুষ—যদিও জগং প্রাকৃতি এবং গোকুল বিরুক্তি; তথাপি বিরুতি গোকুল প্রক্ষকারের মারা প্রাকৃতি বিনিল। সাধু গোকুল লবণের ব্যবসাটিকে একচেটে করিয়া ফেলিল—
মাহাতে গোকুল প্রচুর অর্থ উপার্জন করিয়া বাগবাজারকে গোকুল
মানাইল।" •

<sup>\*</sup> প্রকৃতিরহ্সা, ৮৪৪-৪৫ পৃঠা

সভাই সাধু গোকুল মিত্র বাগবাজারকে গোকুলে—সদস্থানের পুণ্য~ ভাবে—কক্ষণার নৈনিধারণ্যে—ভক্তির বুদাবনে পরিণ্ড করিয়াছিলেন।

বর্ধমান জেলার বৈশাভার এক ব্রাহ্মণ সাধু গোকুল মিত্রের গুরু
ছিলেন। তাঁহার বংশধরগণ একণে গোস্থামী বলিরা খ্যাত। গোকুল
মিত্র মহাশয়ের গুরুর প্রতি অবিচলিত ভক্তি ছিল। সেই জন্ম তিনি
ভক্তকে যে ঠাকুর-বাটা ভৈয়ারী কার্য়া দিয়া গিয়াছেন এবং সেই কার্ত্তিরক্ষা ও গুরুর ভরণ-পোষণের জন্ম যে বিপুল ভূসম্পত্তি দান কবিয়া
গিয়াছেন তাহা বঙ্গে অতুলনীয়। এপর্যান্ত কোনও বাঙ্গালী গুরুবংশের
ভরণ-পোষণের জন্ম এরূপ বিরাট দান কবিতে পারেন নাই। তাঁহার
গুরুর বংশধরগণ এক্ষণে চল্লিশ অংশীদার হইলেও পায়ের উপর পা দিয়া
সেই সম্পত্তি উপভোগ করিতেছেন।

গোকুল মিত্র মহাশ্ব তিন লক্ষ টাকা দিয়া বিষ্ণুপুরের মহারাজ।
গোপাল সিংহের নিকট ইইতে ৺মদনমোহন বিগ্রহকে লইয়াছিলেন এবং
বছ অর্থ্যর করিয়া মদনমোহন জীউর জ্ঞা ঠাকুর-বাটী তৈয়ারী করিয়া
বান। কলিকাভায় এরূপ স্থব্যং ঠাকুরবাটী নাই বলিলেই হয়
কলিকাভা সহরে ৺মদনমোহনের ঠাকুরবাটী গোকুল মিত্রের কীর্ত্তিস্ত ।
ঠাকুরবাটী নির্মাণে ও ঠাকুরের পূজা-ভোগাদির ব্যবস্থার জ্ঞা সাধু
গোকুল বিপুল মর্থবার করিয়াছিলেন।

ঠাকুরের পূজারী, সেবাইত, স্থাকরে মালাকর ও পাঠকগণের ভরণ-পোষণের বাবস্থা সংধু গোকুল গজাপ ভাবে করিয়া বিষাছেন যে, আজ পর্যান্ত তাহাদের বংশধরগণ নির্দিষ্ট কার্যা করিতেছে। তবে সংধু গোকুলের বাাগারটি উঠিয়া পিয়াছে—হাজার এক তৃলদীর মালা রোজ জপ করিতে হইত, যে বাজি ইকা করিত দে প্রত্যাহ প্রদাদ ও মাদে পাঁচটি করিয়া টাকা পাইত। এই কর্মটী এখন আর হয় না—লোক

নাই। গানহারীদের ভদ্ধন, নহবং এবং অতিথিসেবাও লোপ পাইয়াছে। বর্দ্ধনান জ্বোর জৌগ্রান—কুশীনগ্রানে এবং কাশী ও বৃন্ধাবনে সাধু গোকুলের কীর্ত্তি বিরাজমান।

সাধু গোকুল আপনার বানির ভত্রান পুরোছিত ঠাকুরকে দিয়া গিয়াছেন। টালনীর বাজার হইতে প্রতাহ যে তোলা উঠিত, তাহাও পুরোহিত গাইতেন। ইন বাতীত আরও একটি করিয়া টাকা পুরো-হিতের নিতা প্রাপ্য ছিল। পুরোলিতকে প্রতাহ বালী হইতে বাগ-বাজারে আসিতে হইত। বলীর বাগান্টী আছ পর্যাক্ষ মিত্রভাকা বলিয়া ক্ষিত আছে।

সাধ্ গোকুল ঠাঁহার মধ্যমপুত্রের বিবাহ জোড়াসাঁকো-নিবাসা শাস্তিরাম সিংহের কন্তা স্থাম্থীর সহিত দিয়াভিলেন। এই বিবাহে মিত্র মহাশহ দশ লক্ষ টাকা বাহ করিয়াভিলেন। সেকালের কবির ছড়ায় ইহার উল্লেখ আছে।—

> "ওরে গোকুল করনি কি ! নবগুণকে উড়িয়ে দিয়ে সিদ্ধি হলি গোড়াতে।"

কলিকাভায় প্রথম ভাগবত পাঠের প্রবর্ত্তক সাধু গোকুল। তিনি হৈ এক্ত শিরোমণি দাব। প্রথম ভাগবত পাঠ করাইয়াছিলেন। শিরোমণি মহাশয়ের বংশধরগণ অভ্যাপি ভাদনমোহন জাউর বাড়াতে ভাগবত গাঠ কবিষা থাকেন।

শেশীয় সমাজে গোকুল মিছট প্রথম Law of Primogeniture অর্থাৎ জ্যোষ্ঠির উত্তরাধিকার প্রাপ্তির বিধি ব্যবহাট যে উত্তম ভাহা, বৃথিয়াছিলেন। ইহার প্রমাণ তাঁহার উইল: এই উইল স্থপ্রিম কোর্টের রেকর্ডে আছে। Nobokissen Mitra vs. Haris

Chander Mitra's নথি দেখিজেই ইছা দেখিতে পাইবেন ১৮:>
ভাষ্ঠাকে এই উইল খানি রূল হট্যা গিলাতে

গৈ কুল মিজ | জগন্মোহন মিজ | রাসক মিজ | বিচারী মিড | শনিক্দ মিজ

## রায় বিহারী মিত্র বাহাত্রর

ইন ১৮১৯ খুটান্দে জন্মগ্রহণ করেন। অতি অল্ল বয়স হইতেই ইহার সাহিত্যান্থরাগ ফুটিয়। উঠে। সাহিত্য-চর্চায় ইনি পরম তৃথি লাভ করিয়া থাকেন। ইনি স্থলেপক। মাতৃভাষায় ইনি বছ পুত্তক রচনা করিয়াছেন। তাঁহার রচিত বাঙ্গালা পুত্তক গুলির নামঃ—— "চিক্তা-রহস্ত," "এম রহস্ত," "কংথাশকখন-রহস্ত," "সংসার রহস্ত," "নিয়ম-রহস্ত," "অফা-রহস্ত," "বিদেশী-রহস্ত," "প্রকৃতি-রহস্ত," "শান্তি-রহস্ত," "সংজ্ঞা-রহস্ত," "নৃত্তন জন্ম-রহস্ত," "এবং ভাবুক-রহস্ত," "ইনি খোগবাশিষ্ঠ রামায়ণের ইংরাজী অন্থবাদ করিয়াছেন। এত্থাতীত "Sedition or Progress," "Obstruction or Progress" এবং "How to protect the Young Men of Bengal" নামক তিনধানি ইংরাজী গ্রন্থ তিনি রচনা করিয়াছেন। এই সকল পুত্তকে তাঁহার বিপুল অভিজ্ঞতা, মৌলিক চিন্তালীলতা ও অপুর্ব লিগন-ভঙ্গীর পরিচয় পাওয়া যায়। তাঁহার ভাষাসরল এবং ক্ষমতাশালা। ইহা একেবারে পাঠকের মধ্যম্বানে গিয়া পৌছায়। তাঁহার পুত্তকগুলি মোটেই গতান্থগতিক নহে। বিহারাবাবু খোড়-বড়ি-খাড়া, খাড়া বড়ি-খোড় লিখেন না। যাহা



রায় ঐাযুক্ত বিহারীলাল মিত বংহাছর

কিছু লিখিয়াছেন তাহাই নুড়ন। তাঁহাব গবেষণার পদ্ধতি এবং আলোচনার প্রকৃতিও নুডনত্বে মণ্ডিত এবং উহা তাঁহার সম্পূর্ণ নিজ্ম ও মৌলিক।

বিহারী বাবু তেজন্মী, নি লীক ও স্পাষ্টবাদী। উপবোধে অন্থরোধে, ভরে ভক্তিতে, তিনি বিবেককে কগনও বিদক্ষন দেন না। একবার বাঙ্গালা দেশের ত্ইজন মহারাজা ভোটের জন্ম তাঁহার নিকটে গিয়া বলেন,—আপনি অমুককে ভোট দিন। বিহারী বাবু বলেন,—কাহারও অনুরোধে অমি ভোট দিই না। আমি ধাহাকে যোগা মনে করিব তাহাকেই ভোট দিব। তাঁহার মুধে এই কথা শুনিয়া মহারাজা তুইজন চলিয়া যান।

ইনি কাছারও অস্থায় অনুবোধ রক্ষা করেন না। অভায় ও অসতোর উপর ইনি বড়ই বীতপ্রদ্ধা

প্রকৃত সদম্ভানের উপর আন্তরিক অমুরাগ ও সহামূভূতি আছে। কলিকাতা বছবাজারে "The Refuge" বা অনাথ আশ্রন ই হার একটি প্রমাণ। ইহা যে বাটাতে অবস্থিত সেই বাটা কলমের এক আঁচড়ে বহারী মিজ মহাশয় অনাথ আশ্রমকে দান করিয়াছেন। কেবল ভাহাই নহে, আশ্রম পরিচালনা ও পরিরক্ষণের জন্তও ভিনি বিপুল অর্থ প্রদান করিয়াছেন।

আমরা জানি,—তাঁহার এমন অনেক দান আছে বেগুলি প্রায় কেহ জানিতে পারে না। চাক বাজাইয়া দান করা অথবা কোনও কার্যা করিবার প্রকৃতি বা অভ্যাস তাঁহার একেবারেই নাই।

জনসাধারণের কল্যাণের জন্ত রাম বিহারী লাল মিত্র বাহাত্র বিপুল অর্থদান করিয়াছেন। নিম্নলিখিত তালিকাম উহার অনেকটা পরিচয় পাওয়া বাম:—

>•,•••
> • • • \
>•,•••
>,8%8_
₹€,•••
e · · ·
2
>
٠٤,٠٠٠
> • • • -
e
>
٠٥٠٠
24,010
3,000



<u>ই</u>ীমান অনিক্**দ** লিব

বাগবাঞ্চারের মিত্রবংশ	৩৪৯
<b>ডান্ডার এস-কে ম</b> ল্লিকের মারফতে কিংস	
হাসপাভালে	3000
. 26.866	
ভাকার এদ-কে মলিকের মারফতে কিংদ	
হাদপাতালের গৃহনিশংণ্ডাভারে	>0
3976-76	
পটুলাখালির ভেপুটি মাাজিট্রেটের মারফতে	
তুর্ভিক্ষ-পীড়িতগণের সাহায্যাথে	80-
7 2 : 4-5 9	
শভুনাথ পণ্ডিভ হাসপাতাল	3000
33,6-4,66	
কিং জ্বৰ্জ হাদপাতাল	> 0/
গভর্ণরস্ দিলভার ওয়েডিং ফণ্ড	2001
প্রেসিডেন্সি বিভাগের কমিশনরের মারফতে	
ভক্রিণ হাস্পাতাল ফণ্ড	3000
.5352-4•	
শান্তি উৎপব (ব্যাক্ষ অফ বেদলের মারফতে)	4.
লর্ড সিংহের সম্বর্জনা-উপলক্ষে	
>345>	
মি: কামিংয়ের মার <b>ফ</b> তে লম্বর স্থৃতিভাগ্যার	5
ৰাণৱগৰ কৃষি প্ৰদৰ্শনী	
2355-50	•
যুবরাঞ্চের স্থর্জনা-ভাগ্তার	>000
	•

\$ 20- <b>28</b>	
লৈতি রেডিংস্ <b>উইমেন অ</b> ফ ইণ্ডিয়া <b>কণ্ড</b>	
5>48-4€	
বড়লাটের মারফতে জাপানের প্রাকৃতিক বিপ্লবে	
বিপন্ন নরনারীর সাহায্যার্থ	>0000
3954	`
' দি বি <b>ফিউজ'</b>	4.
সালতেশন আর্থি	54.
7950	
সালভেশন আর্থি	>4~
মাধিপুর মহকুমায় সিকেশ্বর মেলায়	
১•।১२ व <b>९</b> मत हान	>>.
ভাগারিয়া ( বরিশালে ) ভাক্তরের বাটী নির্মাণ	
কলিকাতা সহরে এবং বরিশাল, ভাগলপুর, সিংহভূমে	
विहानी नाम मिराबन विखन समितानी आहि। सम्बन्ध उ	
াবহার। লাল । নজের । বভর অধানার। আছে। সেইজক্ত ও বংসর গ্রহ্মিটকে নিম্নরণ রাজ্য দিতে হয়—	गराष्य व्याज
• • •	
)। विश्वभारम	28,000
২। ভাগলপুরে	28,2010.
৩। তৌৰা নং ৫০২৮	110.
on Court Arms	05, 238100
ক্লিকাতা	
в। টাদনীচকের জন্ম মিউনিসিপাল ট্যাক্স ৮৪২৮৮/•	
<ul><li>। खे ् वे नाहेरमच &gt;••-</li></ul>	
৬। বাড়ীর জন্ম টাাস্ম ২২৬৭।•	
৭। গাড়ী ঘোড়ার জন্ত টাক্স ১৯৮৪-	
৮। মোটর গাড়ীর ঐ ঐ	>>,0>>>
১। ইনকাম ট্যাক্স— ৬১৮৪।•	
<ul> <li>ইপার ট্যাক্স—১৯৭৮/-</li> </ul>	4245/0

(मांडे ६७,१३७/•



স্বর্গার নন্দ লাল মিত্র

অর্থাৎ রাজস্ব, মিউনিসিপাল ট্যাক্স ও লাইসেন্স এবং ইনক্ম ট্যাক্স ও স্থপার ট্যাক্স লইয়া রায় বাহাত্বর বিহারীলালকে সর্বসমেত ছাঞ্চার হাজার সাত শত বোল টাকা এক আনা দিতে হয়।

বরিশাল জেলার ভাগুরিয়া গ্রামে একটি উচ্চ ইংরাজী ছুল এবং ভাগলপুর জামদারীর এলেকাভুক্ত বিহারীগঞ্জে একটি পাঠশালা রাম বাহাছর বিহারী মিত্র মহাশয় প্রধানতঃ খীয় অর্থে পরিচালনা করিতে-ছেন। এই দুইটী ফুলে সরকারী সাহায়াও আছে। অন্নকটের সময়ে তিনি রায়তগণকে প্রভূত অর্থসাহায়্য করিয়াছেন এবং এখনও করিয়া খাকেন।

বাগবাঞ্চারের আই মদনমোহনের তিনি একজন প্রধান সেবায়েত।
এই বিগ্রহের পূজা ও ভোগের জন্ম তদীয় প্রপিতামহ পরম বৈক্ষব
সাধু গোকুল মিত্র বাৎসরিক ৫০।৬০ হাজার টাকা আয়ের জমিদারী দান
করিয়া গিয়াছেন। এই টাকার সমস্তই বিগ্রহের সেবায় ও দরিপ্রগণের
ছঃখমোচনে বায়িত হইয়া থাকে।

রায় বিহারীলাল মিত্র বাহাত্র অপণ্ডিত ও স্থলেখক, ইহা পূর্বেই বলা হইয়াছে। বর্তমান ব্রিটিশ শাসনপদ্ধতির প্রতি দেশবাসীর যাহাতে অনুরাপ হয় এই উদ্দেশ্যে তিনি অনেকগুলি পুত্তক রচনা করিয়াছেন।

ইনি ইউরোপ পরিভ্রমণ করিয়া আসিরাছেন। চক্ষণে ইঁহার বয়স ১৮ বংসর। এখনও ইনি জ্ঞানাফুশীলনে ও লোক-হিতসাধনে এতী রহিরাছেন।

রায় বাহাত্র বিধারী মিজেরা পাঁচ ভাই। কোট কানাইলাল; মধ্যম গোপাললাল; তৃতীয় নন্দলাল; চতুর্থ আনন্দলাল এবং ক্নিট্ট

বিহারীলালের তৃতীয় অগ্রজ নন্দলাল পরম ধর্মপরারণ ছিলেন। বর্জমান জেলায় তাঁহাদের জমিদারীর এলেকা মধ্যে বাম্পো গ্রাম ষ্মতীব প্রাচীন প্রীশ্রীবাণেশ্বর বিগ্রহের জন্ম তিনি একটি মন্দির নির্মাণ করিয়া দেন। শুনা যার, এই বিগ্রহ বিক্রমাদিত্যের সময়েও বিশ্বমান ছিলেন। বছকাল হইতে তৈক্র মাসে এই শ্রীশ্রীবাণেশ্বর দেবের গান্তন হইয়া আংসিতেছে। নন্দলাল মিত্র মহাশয় এই গান্তন উৎসবকে বিস্তৃত ও বিপুল করিয়া তুলেন। তিনি বিগ্রহের পূজা ও ভোগরাগের জন্ম খানীয় ব্রাহ্মণগণকে ভূমি দান হরেন। বামসোগ্রামে তিনি একটি স্বতিথিশালা তৈয়ারী করাইয়া দেন।

নন্দাল মিত্র মহাশয় পূর্ব-পুরুষের কীর্ত্তিকলাপ অক্ষুণ্ণ রাখিয়াধ ছিলেন। তিনি কলিকাতায় কতিপয় বাংল্বাণ ও গোত্থামী পরিবারকে ভূমিও অর্থসাহায়্য করিয়াছিলেন। তাঁহার গুপ্তদানও অনেক ছিলঃ বছ বিধবা ও দরিত্র ব্যক্তি তাঁহার নিকট মাসিক বৃত্তি পাইত।

সাধারণ হিতকর কার্য্যে তাঁহার যথেষ্ট অফুরাগ ছিল। তিনি বর্দ্ধমান জেলায় পুছরিণী খনন করিয়া দিয়াছিলেন। তিনি সদালাপী, মিষ্টভাবী, বিভোৎসাহী এবং নিরভিমান ছিলেন। তাঁহার সহিত সাক্ষাৎকারে কোনও বাধা-বিপত্তি ছিল না। সকলেই সর্বদা তাঁহার সহিত সাক্ষাৎ করিতে পারিতেন। তিনিও শ্রীশ্রীমদনমোহন জীউর অক্তবম সেবায়েত: তিনিও বংশের ধারা অফ্বায়ী পরম বৈষ্ণবপ্তর এবং শাস্তিপ্রিয় ছিলেন। তিনি পারিবারিক বিবাদ-বিসংবাদের মীমাংসা করিয়া এই বৃহৎ পরিবারে শান্তি-ম্বাপন করিয়া গিয়াছেন। তাঁহারই উজ্যোগে সাধু গোকুল মিতের প্রাচান স্বর্হৎ বাটী নব-দংস্কৃত ইইয়ছিল। ত্থের বিষয়, এই পৃতস্কভাব ধ্যা-প্রবণ ব্যাক্ত অকালে মত্তে ৪৭ বৎসর বয়সে ইহলোক পরিত্যাগ করেন।

নন্দলাল মিত্র মহাশয়ের একমাত পুত্রের নাম শ্রীষ্ঠ স্থীক্রলাল মিত্র। ইনিও পিতৃ-পদাক্ষের অন্তসরণ করিয় বংশের ধারা অক্র রাথিতেছেন।



শীন্ত্ৰীকু লাল মিৰ।

## মহিয়াড়ী সাধারণ পুস্তকালয়

## নিষ্কারিত দিনের পরিচয় পর

	1-14(11-10-110-	101 1101001 7101	
বৰ্গ সংখ্যা	পরিব	গ্ৰহণ সংখ্যা ••••	
এই পুর	क्रिशानि निस्न नि	দ্ধারিত দিনে অথ	বা ভাহার পূর্বেব
গ্রন্থাগারে অবং	য় ফেরত দিতে হই	ব। নতুবামাসিক	১ টাকা হিসাবে
জরিমানা দিয়ে	হইবে।		
নির্দ্ধারিত দিন	নিৰ্দ্ধারিত দিন	নিৰ্দ্ধারিত দিন	নির্দ্ধারিত দি

নির্দ্ধারিত দিন	নিৰ্দ্ধারিত দিন	নিৰ্দ্ধারিত দিন	নিৰ্দ্ধারিত দিন
and the same of th			The second secon
			q.